(৬) কোন রায়তের নিকট বা ভূমি, চরাণী জমি, বনকর, জলকর প্রভৃতিতে যে ব্যক্তির কোন স্বার্থ থাকে, ঐ স্বার্থ হস্তান্তরযোগ্য হউক বা না হউক, সেই ব্যক্তির নিকট বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে কোন বাকী রাজস্ব বা খাজানা পাওনা হয়, তাহা।

(৭) প্রচলিত আইনের বিধানমতে সামান্য কোন ব্যক্তির পক্ষে কোর্ট অব ওয়ার্ডস বা রাজস্ব বিষয়ক কর্তৃপক্ষের যে কোন সম্পত্তির ভার গ্রহণ বা কার্য্য নির্ব্বাহ করেন, সেই সম্পত্তির যেনা বাকী খাজানা বা খাজানার ন্যায় আদায়ের জন্য কোন প্রাপ্য, উহা উক্ত কোর্টের বা কর্তৃপক্ষের প্রতি কার্য্যাধ্যক্ষতা ভার অর্পিত হইবার পূর্ব্বে দেনা হইয়া থাকুক বা পরেই হইয়া থাকুক;

(৮) গবর্ণমেণ্টের রাজকীয় কার্য্যকারকের পাওনা যে টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই টাকা এই আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে সেই ব্যক্তি নিয়মিতরূপে রেজিষ্টরী করা নিদর্শনপত্রদ্বারা এই বিষয়ে সম্মতি দিলে, ঐ টাকা;

(৯) ইহার পর প্রণীত কোন আইনে যে কোন ফী বা মাসুল বা টাক্স বা অন্য প্রাপ্য এই আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে বলিয়া নির্দ্দেশ থাকিবে তাহা;

জিলার কালেক্টর সাহেব, এই আইনের দ্বিতীয় তফসীলের ২ নম্বর পাঠে, তদ্রূপ যে বাকী টাকা দেওয়া না যায় স্বীয় স্বাক্ষরযুক্ত তাহার সর্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাথাইয়া রাখিতে পারিবেন; কিন্তু যৎকালে মিয়াদ বিষয়ক যে আইন চলিত থাকে, তদ্দ্বারা যাহা আদায় করিবার বাধা হয়, তদ্রূপ কোন প্রাপ্য সম্বন্ধে তদ্রূপ কোন সর্টিফিকেট লেখা যাইবে না।

জিলার কালেক্টর সাহেবের অদত্ত প্রাপ্য টাকার সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।

৮ ধারা। (ক) এই আইনের বিধানের নিয়মাধীনে ৭ ধারার বিধানমতে প্রদত্ত প্রত্যেক সর্টিফিকেট, উহা প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে যতদূর হইতে পারে ততদূর পর্য্যন্ত, দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে। উক্ত ৭ ধারার ৭ প্রকরণের উল্লিখিত স্থল ভিন্ন অন্য স্থলে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব, এবং উক্ত ৭ প্রকরণের লিখিত স্থলে তল্লিখিত সামান্য ব্যক্তি, অথবা ঐ ব্যক্তি অপ্রাপ্ত বয়স্ক বা ক্ষিপ্ত বা কোর্টের অনুপালিত হইলে, উক্ত অপ্রাপ্ত বয়স্ক বা ক্ষিপ্ত বা কোর্টের অনুপালিত ব্যক্তি আপন

সর্টিফিকেট প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে উহা দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় ফলবৎ হইবার কথা।

friend, shall be deemed to be the decree-holder, and in all the cases mentioned the person therein named as debtor shall be deemed to be the judgment-debtor.

Judgment-debtor may bring a suit in the Civil Court to contest the Certificate. If no such suit within one year, or if brought and decided against the judgment-debtor, Certificate to become absolute.

(*b*) *Such judgment-debtor may at any time* within one year after the service upon him of such notice as is mentioned in Section 10 bring a suit in the Civil Court to contest his liability to pay the amount stated in the said Certificate, and to have such Certificate cancelled. If no such suit is instituted within the said period of one year, or if any such suit having been instituted is decided against such judgment-debtor, such Certificate shall become absolute, and shall have to all intents and purposes the same force and effect as a final decree of a Civil Court.

In case of arrears of public demand payable to Officer other than Collector, such Officer may give notice to Collector.

9. (*a*) When any arrears of any of the public demands specified in Section 7 is unpaid by any person liable to pay such public demand to a Public Officer other than a Collector, *or when any such demand as is specified in the seventh clause of the said section is unpaid by any person liable to pay the same to a Manager appointed by the Court of Wards*, such Officer *or such Manager may* give to the Collector of the district, in which such person resides, *or in which such demand is payable*, a notice in writing in form No. 3 in the second Schedule annexed to this Act: *provided that no such notice may be given in respect of any such demand, the recovery of which is barred by any law of Limitation for the time being in force.*

Such notice given by a Manager to be verified and stamped as a plaint.

(*b*) *Every such notice given by a Manager shall be verified by such Manager in accordance with the provisions of the Code of Civil Procedure as to the verification of plaints, and there shall be payable in respect thereof a Court-fee of the same amount as is payable under the Court-fee Act for the time being in force in respect of a plaint for the recovery of a sum of money equal to that stated in such notice.*

Collector may on receipt of such notice make a Certificate.

(*c*) On receipt of such notice, such Collector, *if* satisfied that such demand is justly recoverable, may make under his hand, and in the form No. 2 in the second Schedule annexed to this Act, a Certificate of

বন্ধুর সহযোগে, ডিক্রীদার বলিয়া গণ্য হইবেন, এবং উল্লিখিত সকল স্থলে সর্টিফিকেটে ধণী বলিয়া যে ব্যক্তির নাম লেখা যায় তিনিই ডিক্রীমত খাতক বলিয়া গণ্য হইবেন।

সর্টিফিকেটের প্রতিবাদ করণার্থে ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার ও এক বৎসর মধ্যে তদ্রূপ মোকদ্দমা করা না গেলে অথবা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট চূড়ান্ত হইবার কথা।

(খ) উক্ত ডিক্রীমত খাতকের উপর ১০ ধারার উল্লিখিত নোটিস জারী করা গেলে পর এক বৎসরের মধ্যে তিনি উক্ত সর্টিফিকেটের লিখিত টাকা দিবার দায়ের প্রতিবাদ করণার্থ ও উক্ত সর্টিফিকেট রহিত করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। উক্ত এক বৎসর মিয়াদের মধ্যে তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা না গেলে, অথবা তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, ঐ সর্টিফিকেট চূড়ান্ত হইবে, এবং সর্ব্ব প্রকারে দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে।

কালেক্টর সাহেব ভিন্ন অন্য কার্য্যকারকের নিকট দেয় রাজকীয় প্রাপ্য বাকী থাকিলে উক্ত কার্য্যকারকের কালেক্টর সাহেবকে নোটিস দিতে পারিবার কথা।

৯ ধারা। (ক) ৭ ধারার নির্দ্দিষ্ট কোন রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী, তিনি তাহা কালেক্টর সাহেব ভিন্ন অন্য কোন রাজকীয় কার্য্যকারককে না দিলে, অথবা উক্ত ধারার ৭ প্রকরণের নির্দ্দিষ্ট কোন প্রাপ্য দিতে যে ব্যক্তি দায়ী তিনি তাহা কোর্ট অব ওয়ার্ডসের নিযুক্ত কার্য্যাধ্যক্ষকে না দিলে, উক্ত কার্য্যকারক বা কার্য্যাধ্যক্ষ যে জিলায় উক্ত ব্যক্তি বাস করেন বা উক্ত প্রাপ্য টাকা দেয় হয়, সেই জিলার কালেক্টর সাহেবকে এই আইনের দ্বিতীয় তফসীলের ৩ নম্বর পাঠে লিখিত নোটিস দিতে পারিবেন। কিন্তু যৎকালে মিয়াদ বিষয়ক যে আইন চলিত থাকে, তদ্দ্বারা যাহার বাধ হয়, এরূপ কোন প্রাপ্য সম্বন্ধে উক্তরূপ কোন নোটিস দেওয়া যাইবে না।

কোন কার্য্যাধ্যক্ষ ঐ নোটিস দিলে তাহাতে আবেদনপত্রের ন্যায় সত্য পাঠ ও ইষ্টাম্প সংযোগ করিবার কথা।

(খ) কোন কার্য্যাধ্যক্ষ তদ্রূপ নোটিস দিলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের আবেদনপত্রের সত্যপাঠ লিখন সম্বন্ধীয় বিধানমতে ঐ নোটিসে সত্য পাঠ লিখিবেন, এবং উক্ত নোটিসে যত টাকা লেখা থাকে তত্তুল্য টাকা আদায় করণার্থ আবেদনপত্র সম্বন্ধে আদালত ডর ষ্ট্যাম্প বিষয়ক প্রচলিত আইনমতে যত টাকার কোর্ট ফী দিতে হয় তত টাকার কোর্ট ফী দিতে হইবে।

ঐ নোটিস পাইলে কালেক্টর সাহেবের সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।

(গ) উক্তরূপ নোটিস পাইলে, উক্ত প্রাপ্য যথার্থই আদায় করণযোগ্য কালেক্টর সাহেবের এরূপ বোধ জন্মিলে, তিনি এই আইনের দ্বিতীয় তফসীলের ২ নম্বর পাঠে, যে বাকী টাকা দেওয়া যায় নাই, তাহা স্বাক্ষর

the amount of such arrears, so remaining unpaid, and shall cause the same to be filed in this office.

(*d*) The provisions of Section 8 shall apply to every such Certificate.

যুক্ত টাকার সর্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাঁথিয়া রাখিতে পারিবেন।

(ঘ) তদ্রূপ প্রত্যেক সর্টিফিকেটের প্রতি ৮ ধারার বিধান খাটিবে।

When Certificate filed, notice to be given to judgment-debtor. Upon service of notice, Certificate to bind immovable property of judgment-debtor.

10. When a Certificate has been filed in the Office of a Collector under the provisions of Section 5, or Section 7, or Section 9, such Collector shall issue to the judgment-debtor *a copy of such Certificate and* a notice in form No. 4 in the second Schedule annexed to this Act. From and after the service of such notice, such Certificate shall bind all immovable property of such judgment-debtor situate within the jurisdiction of such Collector in the same manner and with like effect as if such immovable property had been attached under the provisions of Section 274 of the Code of Civil Procedure. A copy of such Certificate *may be transmitted by post to any other Collector* for the purpose of being filed in his Office, and as soon as it is so filed, such Certificate shall, if the aforesaid notice has been served, bind in like manner all immovable property of such judgment-debtor situate within the jurisdiction of such last-mentioned Collector.

Copy of Certificate may be sent to Collector of another district to be filed in his office, and upon its being filed, Certificate shall bind immovable property situate in such district.

সর্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে, ডিক্রীদার খাতককে নোটিস দিবার ও নোটিস জারী করা গেলে সর্টিফিকেটক্রমে ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

১০ ধারা। ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে কোন কালেক্টর সাহেবের আফিসে কোন সর্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে উক্ত কালেক্টর সাহেব ডিক্রীমত খাতককে ঐ সর্টিফিকেটের একখণ্ড প্রতিলিপি ও এই আইনের দ্বিতীয় তফসীলের ৪ নম্বর পাঠে একখান নোটিস দিবেন। ঐ নোটিস জারী করা গেলে, উক্ত কালেক্টর সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত ডিক্রীমত খাতকের যে সকল স্থাবর সম্পত্তি থাকে তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২৭৪ ধারার বিধানমতে ক্রোক করা গেলে যে প্রকারে ও যাদৃশ ফল সহ ঐ সমস্ত সম্পত্তি আবদ্ধ হইত, ঐ সর্টিফিকেটের বলেও সেই প্রকারে ও তাদৃশ ফলসহ আবদ্ধ হইবে। ঐ সর্টিফিকেটের এক খণ্ড প্রতিলিপি অন্য কোন কালেক্টরের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত তাঁহার নিকট ডাকযোগে পাঠান যাইতে পারিবে, এবং তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে ঐ সর্টিফিকেটক্রমে, পূর্ব্বোক্তরূপ নোটিস জারী করা গেলে পর, শেষোক্ত কালেক্টরের বিচারাধীন স্থানের অন্তর্গত উক্ত ডিক্রীমত খাতকের সমুদয় সম্পত্তিও উক্তরূপে আবদ্ধ হইবে।

অন্য জিলার কালেক্টর সাহেবের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত তাঁহার নিকট সর্টিফিকেটের প্রতিলিপি পাঠাইবার ও তাহা গাঁথিয়া রাখা গেলে সর্টিফিকেটক্রমে ঐ জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

Movable property of person, against whom Certificate has been made, may be attached at any time if Collector satisfied that such person is likely to conceal, remove, or dispose of such property.

11 If *in any case other than the case mentioned in clause 7 of Section* 7, the Collector is satisfied that any person against whom a Certificate has been filed under the provisions of Section 5, or Section 7, or Section 9, is likely to conceal, or remove, or dispose of the whole or any part of his movable property, and that the realization of the amount of such Certificate will in consequence be delayed or obstructed, he may at any time after making such Certificate direct an attachment of the whole or any part of the movable property of such person. Such attachment shall be made in the manner provided in the Code of Civil Procedure for attaching movable property, *and subject to the provisions of Section* 266 *of the same Code*. Such property may be sold for the purpose of satisfying such Certificate, if no petition of objection is filed under Section 12,

যে ব্যক্তির বিরুদ্ধে সর্টিফিকেট লেখা যায়, সেই ব্যক্তি স্বীয় অস্থাবর সম্পত্তি লুকাইবে বা স্থানান্তর করিবে বা বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে বলিয়া কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মিলে কোন সময়ে ঐ সম্পত্তি ক্রোক করিতে পারিবার কথা।

১১ ধারা। ৭ ধারার ৭ প্রকরণের উল্লিখিত স্থল ভিন্ন অন্য কোন স্থলে, যদি কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মে যে ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে যে ব্যক্তির বিরুদ্ধে সর্টিফিকেট গাঁথিয়া রাখা গিয়াছে, সেই ব্যক্তি আপনার সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ লুকাইবে কি স্থানান্তর করিবে কি বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে এবং তন্নিবন্ধন উক্ত সর্টিফিকেটের লিখিত টাকা আদায় করিতে বিলম্ব কি বাধা হইবে, তাহা হইলে তিনি সর্টিফিকেট লিখিবার পর যে কোন সময়ে উক্ত ব্যক্তির সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ ক্রোক করিবার আদেশ দিতে পারিবেন। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার যে প্রকার বিধান আছে তদনুসারে ও উক্ত আইনের ২৬৬ ধারার বিধানের নিয়মাধীনে ঐ ক্রোক করণ কার্য্য করিতে হইবে। ১২ ধারামতে আপত্তির দরখাস্ত দেওয়া না গেলে, অথবা তদ্রূপ দরখাস্ত দেওয়া গেলেও

or if any such petition is filed, then as soon as it has been heard and determined.

তাহার শুনানি হইয়া নিষ্পত্তি হইলে, ঐ সর্টিফিকেটের টাকা পরিশোধার্থ উক্ত সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে।

Any person served with notice under Section 10 may file a petition of objection.

12. If any person, who has been served with a notice under Section 10, denies his liability to pay the whole or any part of the amount for which such Certificate has been made and filed against him, he may at any time within thirty days after service of such notice file a petition, denying his liability as aforesaid, before the Collector by whom such Certificate has been made. Such petition shall be in, or as nearly as possible in, the form No. 5 in the second Schedule annexed to this Act.

যে ব্যক্তির উপর ১০ ধারামত নোটিস জারী করা যায়, তাঁহার আপত্তির দরখাস্ত দিতে পারিবার কথা।

১২ ধারা। যে কোন ব্যক্তির উপর ১০ ধারামত নোটিস জারী করা যায়, তিনি তাঁহার বিরুদ্ধে যে সর্টিফিকেট লিখিয়া গাঁথিয়া রাখা যায় তাহার সমস্ত কি কিয়দংশ টাকা দিতে আপনার দায় অস্বীকার করিলে, ঐ নোটিস জারী হইবার পর ত্রিশদিনের মধ্যে যে কোন সময়ে যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকেট লিখেন তাঁহার সম্মুখে পূর্ব্বোক্ত দায় অস্বীকার করণসূচক দরখাস্ত দিতে পারিবেন। ঐ দরখাস্ত এই আইনের দ্বিতীয় তফসীলের ৫ নম্বর পাঠে বা যত দূর সম্ভব তদ্রূপ পাঠে লিখিতে হইবে।

Day to be fixed for hearing such petition. Collector to determine the liability of the petitioner. Certain provisions of the Code of Civil Procedure to apply to the inquiry.

13. Such Collector shall fix a day for hearing any such petition so filed, and upon such day, or any subsequent day to which such hearing may be adjourned, shall determine whether such petitioner is liable for the whole or any part of the amount for which such Certificate was made, and may set aside or modify or vary the Certificate accordingly. Every such Collector shall, for the purpose of hearing any such petition and determining as aforesaid, exercise all *or any of the powers of a Civil Court in respect of summoning, causing the attendance of, and examining witnesses, and in respect of causing the production of documents; and the provisions of the Code of Civil Procedure applicable to these matters shall apply to a Collector exercising these powers.*

দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবার ও কালেক্টর সাহেবের দরখাস্ত কারির দায় নিরূপণ করিবার ও তদন্তের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোনং বিধান বর্ত্তিবার কথা।

১৩ ধারা। উক্ত কালেক্টর সাহেব ঐ দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবেন, এবং ঐ দিনে অথবা তাহা শুনিবার জন্য পরবর্ত্তি অন্য যে দিন স্থির করা যায় সেই দিনে, ঐ সর্টিফিকেটে যত টাকা লেখা থাকে তৎ সমুদয়ের বা তাহার কোন অংশের নিমিত্ত দরখাস্তকারী দায়ী কি না ইহা নিরূপণ করিবেন ও তদনুসারে উক্ত সর্টিফিকেট রহিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত করিতে পারিবেন। উক্তরূপ কোন দরখাস্ত শুনিয়া নিষ্পত্তি করণার্থে তদ্রূপ প্রত্যেক কালেক্টর সাহেব সাক্ষিগণকে সমন দিবার ও উপস্থিত করাইবার ও পরীক্ষা করিবার ও দলীল আনাইবার সম্বন্ধে দেওয়ানী আদালতের সমুদয় বা কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এবং এই সকল বিষয় সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে২ বিধান আছে, এই সকল ক্ষমতাক্রমে কার্য্যকারি কালেক্টর সাহেবের প্রতি সেই২ বিধান বর্ত্তিবে।

Collector may direct costs of such petition to be paid by the petitioner. Such costs how realized.

14. The Collector shall have full power to direct that the costs of such petition and of the hearing thereof shall be paid by the petitioner, and in any case in which a Collector directs the payment of such costs by any such petitioner, the amount thereof shall, if such petitioner be the judgment-debtor, be added to the amount entered in the Certificate, and shall be recoverable as if the same had been originally entered therein.

দরখাস্তকারী দরখাস্তের খরচা দিবেন কালেক্টর সাহেবের এরূপ আদেশ করিতে পারিবার কথা। কিরূপে খরচা আদায় করা যাইবে, তাহার কথা।

১৪ ধারা। দরখাস্তকারী উক্ত দরখাস্তের ও তাহার শুনানির খরচা দিবেন, কালেক্টর সাহেবের এরূপ আদেশ করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে, এবং তদ্রূপ কোন দরখাস্তকারী ঐ খরচা দিবেন কালেক্টর সাহেব কোন স্থলে এরূপ আদেশ করিলে, দরখাস্তকারী যদি ডিক্রীমত খাতক হন, ঐ খরচার টাকা সর্টিফিকেটের লিখিত টাকায় যোগ করা যাইবে, এবং তাহা তথায় প্রথমে লেখা থাকিলে যেরূপে আদায় করা যাইত সেইরূপে আদায় করা যাইতে পারিবে।

[*Government Gazette, 27th April* 1880.]

15. The Collector of a district may refer to any Deputy Collector or Assistant Commissioner, or Extra Assistant Commissioner subordinate to him any such petition as is mentioned in Section 12, and such Deputy Collector or Assistant Commissioner or Extra Assistant Commissioner shall hear and determine such petition accordingly. The provisions of Sections 13 and 14 shall be applicable to any such Deputy Collector *or Assistant Commissioner or Extra Assistant Commissioner* to whom any such petition has been so referred.

Collector may refer petition for hearing to Deputy Collector, Assistant Commission, &c., who shall have the same powers to hear it as the Collector.

16. An appeal from any order of a Deputy Collector *or Assistant Commissioner or Extra Assistant Commissioner* may be preferred to the Collector within fifteen days, and an appeal from any original order of a Collector may be preferred to the Commissioner within thirty days after the making of such order respectively. *Pending the decision of such appeal, execution may be stayed, if the Appellate Authority so direct, but not otherwise.*

Appeal from Deputy Collector, Assistant Commissioner, &c., to Collector, and from Collector to Commissioner. Stay of execution.

17. There shall no appeal, as of right, lie from any order of a Collector passed on appeal from an order of a Deputy Collector, *or Assistant Commissioner or Extra Assistant Commissioner.* The Commissioner may in any case, in which he thinks fit, revise any order passed by a Collector or Deputy Collector, *or Assistant Commissioner, or Extra Assistant Commissioner.*

Power of revision.

18. Every Certificate made under the provisions of Section 5, or Section 7, or Section 9, may be enforced and executed, *upon the expiry of one month after service of the notice mentioned in Section* 10, *or when any such petition as is mentioned in Section* 12 *has been filed, then as soon as such petition has been heard and determined.*

Certificate may be enforced after one month from notice, or when petition of objection disposed of.

19. Such certificate may be so enforced and executed by all or any of the ways and means mentioned and provided in and by *The Code of Civil Procedure* for the enforcement and execution of decrees for money, and all the practice and procedure provided by the said *Code of Civil Procedure*

Certificate may be enforced under the provisions of the Code of Civil Procedure as a decree for money.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

১৫ ধারা। জিলার কালেক্টর সাহেব আপনার অধীন কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের হস্তে ১২ ধারার উল্লিখিত দরখাস্ত সমর্পণ করিতে পারিবেন, এবং তদনুসারে উক্ত ডেপুটী কালেক্টর বা আসিষ্টাণ্ট কমিশ্যনর বা অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ঐ দরখাস্ত শুনিয়া নিষ্পত্তি করিবেন। উক্ত দরখাস্ত যে কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের হস্তে সমর্পণ করা যায়, তৎপ্রতি ১৩ ও ১৪ ধারার বিধান বর্ত্তিবে।

ডেপুটী কালেক্টর আসিষ্টাণ্ট কমিশ্যনর প্রভৃতির কালেক্টর সাহেবের দরখাস্ত শুনিবার নিমিত্ত সমর্পণ করিতে পারিবার ও তাঁহাদের কালেক্টর সাহেবের মত ক্ষমতাক্রমে তাহা শুনিবার কথা।

১৬ ধারা। ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞার উপর আপীল আজ্ঞা করিবার পর পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে, এবং কালেক্টর সাহেবের মূল আজ্ঞার উপর আপীল আজ্ঞা করিবার পর এক মাসের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে। আপীলী কর্ত্তৃপক্ষ আদেশ দিলে, (স্থলান্তরে নহে) যাবৎ উক্ত আপীলের নিষ্পত্তি না হয় আজ্ঞা জারী স্থগিত রাখা যাইতে পারিবে।

ডেপুটী কালেক্টর আসিষ্টাণ্ট কমিশ্যনর প্রভৃতির নিকট হইতে কালেক্টর সাহেবের নিকটে, ও কালেক্টর সাহেবের নিকট হইতে কমিশ্যনর সাহেবের নিকটে আপীল হইবার ও জারী কার্য্য স্থগিত রাখিবার কথা।

১৭ ধারা। কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞার উপর আপীল হইলে, কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর আপীল করিবার অধিকার থাকিবে না। কমিশ্যনর সাহেব কোন স্থলে উচিত বোধ করিলে কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞা সংশোধন করিতে পারিবেন।

সংশোধনের কথা।

১৮ ধারা। ১০ ধারার উল্লিখিত নোটিস জারী করিবার পর এক মাস গত হইলে, অথবা যদি ১২ ধারার উল্লিখিত দরখাস্ত দেওয়া যায়, তবে ঐ দরখাস্ত শুনা গিয়া নিষ্পত্তি হইলে, ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে লিখিত সর্টিফিকেট প্রবল ও জারী করা যাইতে পারিবে।

নোটিস দিবার একমাস পরে অথবা আপত্তির দরখাস্তের নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

১৯ ধারা। টাকার ডিক্রী প্রবল ও জারী করণার্থে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনে যে সকল বা যে কোন পন্থা ও উপায় উল্লিখিত ও নির্দ্দিষ্ট আছে সেই সকল বা তাহার কোন পন্থা ও উপায় অবলম্বন করিয়া উক্ত সর্টিফিকেট প্রবল ও জারী করা যাইতে পারিবে, এবং উক্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনে

টাকার ডিক্রীর ন্যায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানমতে সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

in respect of sales in execution of decrees; *in respect of raising the amount of a decree otherwise than by sale of immovable property under the provisions of Sections 305, 320, 322, 323 and 324 of the said Code;* in respect of arrests in execution of decrees for money; in respect of the execution of decrees by imprisonment; *in respect of insolvent judgment-debtors;* in respect of claims to attached property; in respect of resistance to execution; and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed,

shall apply to every execution issued to enforce such Certificate and realise the amount recoverable thereunder, save that all the duties, powers and authorities by the said Code imposed or conferred on the Court shall be exercised by the Collector in whose office any such Certificate, or any copy thereof transmitted for execution under the provisions of Section 223 of the said Code, has been filed. *Subject to the control of the Collector and save and except in respect of the provisions relating to insolvent judgment-debtors, any of the said duties, powers, and authorities may be exercised by any Deputy Collector subordinate to such Collector.*

Sale of immovable property may be set aside, if certificate is set aside by a competent Court. Proviso.

20. *If any immovable property is sold in execution of a Certificate under the provisions of Section 18, and if such certificate is subsequently set aside by a competent Court, such Court may set aside such sale of such immovable property, and in any case in which such sale is so set aside, such Court shall direct that the amount of the purchase-money be refunded to the purchaser with or without interest, as such Court thinks fit: provided that no such sale shall be so set aside unless such purchaser has been made or added as a party to the suit brought to set aside such Certificate.*

Register of Certificates to be kept in Collector's office and to be open to inspection on payment of fee of eight annas.

21. Every Collector shall cause to be kept in his office a Register in such form as may from time to time be prescribed by *Board of Revenue*, and shall cause to be entered in such Register the particulars of every certificate made under this Act, which, or a copy of which, has been filed in his office. Such Register shall be open during office hours to the inspection of

ডিক্রীজারীক্রমে বিক্রয় সম্বন্ধে; ও উক্ত আইনের ৩০৫, ৩২০, ৩২২, ৩২৩ ও ৩২৪ ধারার বিধানমতে স্থাবর সম্পত্তি বিক্রয় ভিন্ন অন্য প্রকারে ডিক্রীর টাকা তুলিবার সম্বন্ধে; ও টাকার ডিক্রীজারীক্রমে ধৃতকরণ সম্বন্ধে; ও কারাদণ্ড দ্বারা ডিক্রীজারী করণ সম্বন্ধে; ও দেউলীয় ডিক্রীমত খাতকদের সম্বন্ধে, ও ক্রোককৃত সম্পত্তি সংক্রান্ত দাওয়ার সম্বন্ধে, ও ডিক্রী জারীকরণের বাধা দিবার সম্বন্ধে, ও যে আদালত ডিক্রী দিলেন সেই আদালতের এলাকার বাহিরে ডিক্রীজারী করণ সম্বন্ধে যে সকল রীতির ও কার্য্যপ্রণালীর বিধান আছে, উক্ত সর্টিফিকেট প্রবল করণার্থ ও তৎক্রমে প্রাপ্য টাকা আদায় করণার্থ যে জারী করণের পরওয়ানা দেওয়া যায়, তাহার প্রতি সেই সকল রীতি ও কার্য্যপ্রণালী বর্ত্তিবে। প্রভেদ এই যে, ঐ আইনে যে২ কর্ম্ম ও ক্ষমতা ও শক্তি আদালতের প্রতি অর্পিত বা প্রদত্ত হইয়াছে, যে কালেক্টর সাহেবের আফিসে ঐ সর্টিফিকেট, অথবা উক্ত আইনের ২২৩ ধারার বিধানমতে জারীকরণার্থে প্রেরিত ঐ সর্টিফিকেটের প্রতিলিপি গাঁথিয়া রাখা যায়, তিনি সেই২ ক্ষমতা ও শক্তিক্রমে সেই২ কর্ম্ম করিবেন। কালেক্টর সাহেবের কর্তৃত্বাধীনে, যে দেউলীয় ডিক্রীমত খাতকদের সম্বন্ধীয় বিধান সম্পর্কে না হইলে কালেক্টর সাহেবের অধীন কোন ডেপুটী কালেক্টর উক্তরূপ কোন ক্ষমতা ও শক্তিক্রমে তদ্রূপ কোন কর্ম্ম করিতে পারিবেন।

উপযুক্ত আদালতে সর্টিফিকেট অসিদ্ধ করা গেলে, স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ হইতে পারিবারকথা।

উপবিধান।

২০ ধারা। ১৮ ধারার বিধানমতে কোন সর্টিফিকেট জারীকরণক্রমে কোন স্থাবর সম্পত্তি বিক্রয় করা গেলে, যদি উপযুক্ত আদালতে পরে ঐ সর্টিফিকেট অসিদ্ধ করা যায়, তবে উক্ত আদালত উক্ত স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন, এবং যে স্থলে তদ্রূপ বিক্রয় অসিদ্ধ করা যায়, সেই স্থলে উক্ত আদালত যেরূপ উচিত বোধ করেন, সুদ সহিত বা সুদ বিনা ক্রয়ের টাকা ক্রেতাকে ফিরাইয়া দিবার আদেশ করিবেন; কিন্তু উক্ত সর্টিফিকেট অসিদ্ধ করিবার নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে ক্রেতাকে একপক্ষ করা বা একপক্ষস্বরূপ যোগ করা না গেলে, ঐ বিক্রয় উক্তরূপে অসিদ্ধ করা যাইবে না।

সর্টিফিকেটের রেজিষ্টর কালেক্টর সাহেবের আফিসে রাখিবার ও আট আনা ফী দিলে তাহা দেখিতে পাইবার কথা।

২১ ধারা। রেবিনিউ বোর্ড সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে কালেক্টর সাহেব আপন আফিসে এক খান রেজিষ্টর রাখাইবেন, এবং এই আইনমতে লিখিত যে প্রত্যেক সর্টিফিকেট বা তাহার প্রতিলিপি তাঁহার আফিসে গাঁথিয়া রাখা যায়, তাহার বিশেষ বিবরণ ঐ রেজিষ্টরে লিখাইবেন। যে কএক ঘণ্টা আফিস খোলা থাকে সেই সময়ে ঐ রেজিষ্টর কেহ২ দেখিতে চাহিলে দেখিতে পাইবেন, এবং দেখিবার নিমিত্ত আট আনা

any one desiring to inspect the same, and a fee of eight annas, *or such fee not exceeding eight annas as the Board of Revenue may prescribe*, shall be chargeable for such inspection.

ফী অথবা আট আনার অনধিক যে ফী বোর্ড নির্দিষ্ট করেন সেই ফী দিতে হইবে।

22. (*a*) ***Payment of the amount due under a Certificate may be made by instalments, if the Collector who made such Certificate so direct. The payment of any instalment shall be entered in the Register mentioned in Section 21.***

Payment of sum due under a Certificate may be made by instalments. Payment of instalments to be entered in Register.

২২ ধারা। (ক) যে কালেক্টর সাহেব সর্টিফিকেট লিখেন তিনি আদেশ করিলে সর্টিফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে। কোন কিস্তির টাকা দেওয়া গেলে, সেই কথা ২১ ধারার উল্লিখিত রেজিষ্টরে লিখিতে হইবে।

সর্টিফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দিতে পারিবার ও কিস্তির টাকা প্রদান রেজিষ্টরে লিখিবার কথা।

(*b*) When the total amount due under a Certificate has been paid and satisfied, the Collector in whose office such Certificate was originally filed shall enter satisfaction upon such certificate under his hand and signature; and shall cause the same to be entered in the Register mentioned in Section 21.

When total amount satisfied, Collector to enter satisfaction on certificate and in Register,

(খ) সর্টিফিকেটমত সমুদয় দেনা টাকা দেওয়া ও পরিশোধ করা গেলে, যে কালেক্টর সাহেবের আফিসে ঐ সর্টিফিকেট প্রথমে গাঁথিয়া রাখা যায় তিনি সর্টিফিকেটের উপর টাকা পরিশোধ হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন; এবং ২১ ধারার উল্লিখিত রেজিষ্টরেও ঐ কথা লিখাইবেন।

সমুদয় টাকা পরিশোধ হইলে, পরিশোধের কথা সর্টিফিকেটের উপর ও রেজিষ্টরে কালেক্টর সাহেবের লিখিবার কথা।

(*c*) When a copy of such Certificate has been transmitted to another Collector, or when such Certificate has been made under the provisions of Section 9 upon notice from a Public Officer other than a Collector *or from a Manager appointed by the Court of Wards*, such satisfaction shall be communicated to such other Collector or to such Officer, or to such Manager.

and to communicate it to other Collector in whose office a copy of such Certificate has been filed.

(গ) ঐ সর্টিফিকেটের প্রতিলিপি অন্য কোন কালেক্টর সাহেবের নিকট প্রেরিত হইয়া থাকিলে, অথবা কালেক্টর সাহেব ভিন্ন অন্য কোন রাজকীয় কার্য্যকারকের স্থানে কিম্বা কোর্ট অব ওয়ার্ডসের নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষের স্থানে নোটিস পাইয়া ৯ ধারার বিধানমতে ঐ সর্টিফিকেট লিখিত হইয়া থাকিলে, ঐ পরিশোধের কথা সেই অন্য কালেক্টর সাহেবকে বা সেই কার্য্যকারককে বা কার্য্যাধ্যক্ষকে জানাইতে হইবে।

অন্য যে কালেক্টর সাহেবের আফিসে সর্টিফিকেটের প্রতিলিপি গাঁথিয়া রাখা গিয়াছে, তাঁহাকে পরিশোধের বিবরণ জানাইবার কথা।

(*d*) When a sum has been levied or received by a Collector in respect of a Certificate, a copy of which has been transmitted to him and filed in his office, such Collector shall send such sum to the office in which such Certificate was originally made.

Sum levied by Collector to whom copy of Certificate sent to be transmitted to Collector who made Certificate.

(ঘ) যে সর্টিফিকেটের প্রতিলিপি কোন কালেক্টর সাহেবের নিকট প্রেরিত হইয়া গাঁথিয়া রাখা যায় সেই সর্টিফিকেট সম্পর্কীয় কোন টাকা আদায় করিলে বা পাইলে, তিনি যে আফিসে ঐ সর্টিফিকেট প্রথমে লিখিত হয় সেই আফিসে ঐ টাকা পাঠাইবেন।

সর্টিফিকেটের প্রতিলিপি যে কালেক্টরের নিকটে পাঠান যায় তিনি যে টাকা আদায় করেন তাহা সর্টিফিকেট লেখক কালেক্টরের নিকট পাঠাইবার কথা।

23. Every Collector, *Deputy Collector, Assistant Commissioner and Extra Assistant Commissioner and every such Public Officer* as is mentioned in Section 9 *shall, in the discharge of his functions under this Act, be deemed to be a person acting judicially within the meaning of Act XVIII of* 1850, *passed by the Governor-General in Council.*

Collector, Deputy Collector, Assistant Commissioner, Extra Assistant Commissioner and Public Officer to be deemed to be acting judicially in the discharge of his duties under this Act.

২৩ ধারা। প্রত্যেক কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টর ও আসিষ্টাণ্ট কমিশ্যনর ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও ৯ ধারার উল্লিখিত প্রত্যেক রাজকীয় কার্য্যকারক, এই আইনমতে কর্ম্ম করিবার সময়ে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫০ সালের ১৮ আইনের অভিপ্রায়মত বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া জ্ঞান হইবে।

এই আইনমতে কর্ম্ম করিবার সময়ে কালেক্টর, ডেপুটী কালেক্টর, আসিষ্টাণ্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও রাজকীয় কার্য্যকারক বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া জ্ঞান হইবার কথা।

24. *All Collectors, Deputy Collectors, Assistant Commissioners, and Extra Assistant Commissioners shall, in the performance of their duties under this Act, be subject to the general supervision and control of the Commissioners and the Board of Revenue.*

Collectors, &c., to be subject to the supervision and control of Commissioners and Board in discharge of their duties under this Act.

FIRST SCHEDULE—*See* Section 3.

Number and year.	Subject of Act.	Extent of repeal.
	Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council.	
VII of 1868 ...	An Act to make further provision for the Recovery of Arrears of Land Revenue and Public Demands recoverable as Arrears of Land Revenue.	In section 1 from and including the words "The word 'Demand' means" to the end of the section. In section 2 the words "not being a sale made under, and by virtue of, any execution issued upon a certificate made as hereinafter is provided."
		In section 6 the words "or persons liable to any demands," "or persons," "or any demands," "or persons," "or to any demands," "or persons," and "or of such demands."
		Sections 15, 16, 17, 18, 19, 20, 21, 22, 23, 24, 25, 26, 27, and 28.
VI of 1873 .	An Act to amend the law relating to Embankments and Water-courses.	Section 50, from and including the words "under the provisions" to the end of the section.
I of 1875 ...	An Act for the Realisation of Arrears in Government Estates.	The whole Act.
IV of 1875 ...	An Act to provide for the summary realisation of sums due on account of loans made by the Government during the late famine operations.	Section 1, from and including the words "within the meaning" to the end of the section.
V of 1875 ...	An Act to provide for the Survey and Demarcation of Land.	In section 57, from and including the words "under section 2" to the end of the section. In section 62, from and including the words "under the provisions" to the end of the section.

২৪ ধারা। সমুদয় কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টর ও আসিষ্টান্ট কমিশ্যনর ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর, এই আইন মতে আপন২ কর্ম্ম করিবার সময়ে, কমিশ্যনরদের ও রেবিনিউ বোর্ডের সাধারণ তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবেন।

এই আইনমতে আপন২ কর্ম্মকরিবার সময়ে কালেক্টর প্রভৃতি কমিশ্যনরদের ও বোর্ডের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবার কথা।

প্রথম তফসীল।—৩ ধারা দেখ।

সাল ও নম্বর।	বিষয়।	যে পরিমাণ রহিত হইল
	মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত আইন।	
১৮৬৮ সা. ৭ আ	ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় যে প্রাপ্য ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই প্রাপ্য আদায় করিবার অধিক বিধান করণার্থ আইন।	১ ধারায় "রাজকীয় প্রাপ্য যে বাকী" এই কথা হইতে আরম্ভ করিয়া ধারার শেষ পর্য্যন্ত। ২ ধারায় "পশ্চাৎলিখিত বিধানমতে সর্টিফিকেট অনুযায়ি কার্য্য সাধনের বল ও শক্তিক্রমে যে বিক্রয় হইতে পারে, তদ্ভিন্ন" এই২ কথা।
		৬ ধারায় "কি ব্যক্তিদের" "কি কোন দাওয়ার টাকা" "কিম্বা উক্ত দাবি ব্যক্তিদিগকে" "কি ব্যক্তিদের" "কি অন্য টাকা" "কি অন্য টাকার" এই২ কথা।
		১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০। ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ও ২৮ ধারা।
১৮৭৩ সা. ৬ আ	বাঁধের ও পয়নালার বিধান বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।	৫০ ধারায় "১৮৬৮ সালের" এই কথা হইতে আরম্ভ করিয়া "বিধানমতে" এই কথা পর্য্যন্ত।
১৮৭৫ সা. ১ আ	গবর্ণমেণ্টের মহালের বাকী আদায় করিবার নিমিত্ত আইন।	সমুদয় আইন।
১৮৭৫ সা. ৪ আ	বিগত দুর্ভিক্ষজন্য কার্য্য করণ কালে গবর্ণমেণ্ট যাহা ধার দিলেন তাহার পাওনা টাকা সরাসরীমতে আদায় করণার্থ আইন।	১ ধারায় "বঙ্গদেশীয় ১৮৬৮ সালের" এই কথা অবধি "মর্ম্মানুযায়ি" এই কথা পর্য্যন্ত এবং "ও ঐ আইনে" এই কথা অবধি ধারার শেষ পর্য্যন্ত।
১৮৭৫ সা. ৫ আ	ভূমি জরীপ করিবার ও সীমার চিহ্ন দিবার বিধান করণার্থ আইন।	৫৭ ধারায় "১৮৬৮ সালের" এই কথা অবধি "২ ধারামত" এই কথা পর্য্যন্ত এবং "ও উক্তে" এই কথা অবধি ধারার শেষ পর্য্যন্ত।

Number and year.	Subject of Act.	Extent of repeal.	সন নম্বর।	বিষয়।	যে পরিমাণ রহিত হইল।
III of 1876 ...	An Act to provide for Irrigation in the Provinces subject to the Lieutenant-Governor of Bengal.	In section 75, from and including the words "under the provisions" to the end of the section. In section 85, from and including the words "under the provisions" to the end of the section.	১৮৭৬ সা. ৩ আ	বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন প্রদেশে জলসেচনের বিধান করণার্থ আইন।	৭২ ধারায় "ভূমির বাকী রাজস্ব" অবধি "১ ধারার বিধানমত" এই কথা পর্য্যন্ত। ৭৩ ধারায় "১৮৬৬ সালের" এই কথা অবধি "তাহার বিধানমত" এই কথা পর্য্যন্ত। ৮৫ ধারায় "১৮৬৮ সালের" এই কথা অবধি "বিধানমতে" এই কথা পর্য্যন্ত।
VII of 1876...	An Act to provide for the Registration of Revenue-paying and Revenue-free lands, and of the proprietors and managers thereof.	In section 82, from and including the words "under section" to the end of the section.	১৮৭৬ সা. ৭ আ	রাজস্বদায়ী ও নিষ্কর ভূমি ও ভূম্যাধিকারিদের ও কার্য্যাধ্যক্ষদের নাম রেজিষ্টরী করিবার বিধান করণার্থ আইন।	৮২ ধারায় "১৮৬৬ সালের" এই কথা অবধি "১ ধারামত" এই কথা পর্য্যন্ত এবং "ও তদনুসারে" অবধি ধারার শেষ পর্য্যন্ত।
VIII of 1876	An Act to make better provision for the Partition of Estates.	In section 138, from and including the words "under section" to the end of the section.	১৮৭৬ সা. ৮ আ	মহাল বণ্টন করিবার সুবিধান করণার্থ আইন।	১৩৮ ধারায় "১৮৬৮ সালের" এই কথা অবধি "১ ধারামত" এই কথা পর্য্যন্ত এবং "ও তদনুসারে" এই কথা অবধি ধারার শেষ পর্য্যন্ত।
VII of 1878..	An Act to consolidate and amend the law relating to the Excise Revenue in the Presidency of Fort William in Bengal.	In section 36, from and including the words "or by the process" to the end of the section.	১৮৭৮ সা ৭ আ	বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর অধীন দেশে আবকারী রাজস্ব বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।	৩৬ ধারায় 'কিম্বা ১৮৬৮- এই কথা অবধি "কার্য্যপ্রণালীমতে" এই কথা পর্য্যন্ত।
	Regulations of the Bengal Code.			বঙ্গদেশীয় ব্যবস্থা।	
III of 1794 ...	A Regulation for exempting proprietors of land (with certain exceptions) from being confined for arrears of Revenue; and for prescribing the process by which tehsildars are to demand payment of arrears; and for enabling the Collectors to recover from Native officers employed under them public money or papers which they may embezzle or retain, &c.	Section 12. Sections 16, 17, 18, 19, and 20, so far as they relate to the recovery of money belonging to Government.	১৭৯৪ সা. ৩ আ	কোন২ বিশেষ ভূম্যধিকারি ছাড়া অন্য ভূম্যধিকারিদিগকে মালগুজারীর বাকীর কারণ কয়েদ না করণের এবং সেই বাকী যে প্রকারে তহসীলদারেরা তলব করিবেন তাহার বিবরণের এবং কালেক্টর সাহেবদিগের তরফ এতদ্দেশীয় আমলারা সরকারের মালগুজারীর টাকা যাহা তসরূপ করে ও যে২ কাগজপত্র তাহারদিগের স্থানে রহে তাহা বুঝিয়া লওনের নিমিত্তে কালেক্টর সাহেবদিগের শক্তি অর্পণাদির আইন।	১২ ধারা। ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ ধারা, যতদূর গবর্ণমেণ্টের টাকা আদায় করণের সহিত সম্পর্ক রাখে, তত দূর।

SECOND SCHEDULE.

FORM No. 1 (*See* Section 5.)

rtificate of Arrears of Revenue filed in the Office of the Collector of the District of (name of District.)

No. of certificate	Name of Debtor.	Address of Debtor.	Amount of Arrears of Revenue for which this Certificate is made, and period for which such Arrears are due.	Estate or tenure for which Arrears of Revenue due.

I hereby certify that the above-mentioned sum of Rs. is due to the Secretary of State for India in Council from the above-named

Dated this day of 18 . A. B.
Collector of .

FORM No. 2 (*See* Sections 7 and 9.)

Certificate of Arrears of Public Demands filed in the Office of the Collector of the District of (name of District)

No. of certificate.	Name of Debtor.	Address of Debtor.	Amount of the Public Demand for which this Certificate is made.	Particulars of Public Demand for which this Certificate is made; and Public Officer [*or* Manager, *and* of what estate] to whom due.

I hereby certify that the above-mentioned sum of Rs. is due to the Secretary of State for India in Council [*or* to A. B. Manager of the estate of C. D. a Ward of Court *or* a Lunatic, *or* as it may be] from the above-named

Dated this day of 18 . A. B.
Collector of

FORM No. 3 (*See* Section 9).

NOTICE OF DEMAND.

To the Collector of the District of

Name of Debtor.	Address of Debtor.	Amount of Public Demand for which this Notice is given.	Nature of the Public Demand for which this Notice is given.

The above sum of Rs. is due from the said in respect of

Certified this day of

A. B.

[*Government Gazette, 27th April* 1880.]

দ্বিতীয় তফসীল।

১ নম্বর পাঠ (৫ ধারা দেখ)

অমুকজিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্বের যে সর্টিফিকেট গাঁথিয়া রাখা যায়।

সর্টিফিকেটের নম্বর।	খাতকের নাম।	খাতকের ঠিকানা।	যত বাকী রাজস্বের নিমিত্ত সর্টিফিকেট লেখা গেল, এবং যতকালের বাকী।	যে মহাল বা ভূসম্পর্কের নিমিত্ত রাজস্ব বাকী পড়ে।

আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে উক্ত অমুকের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের উপরি লিখিত এত টাকা পাওনা আছে।

১৮ সাল তাং ক, খ,
অমুক জিলার কালেক্টর

২ নম্বর পাঠ (৭ ও ৯ ধারা দেখ।)।

অমুক জিলার কালেক্টর সাহেবের আফিসে রাজকীয় প্রাপ্যের বাকী টাকার যে সর্টিফিকেট গাঁথিয়া রাখা যায়।

সর্টিফিকেটের নম্বর।	খাতকের নাম।	খাতকের ঠিকানা।	রাজকীয় যত প্রাপ্যের নিমিত্ত সর্টিফিকেট লেখা গেল।	যে রাজকীয় প্রাপ্যের নিমিত্ত এই সর্টিফিকেট লেখা গেল তাহার বিবরণ; এবং যে কর্মকারকের (বা কার্যাধ্যক্ষের) নিকট (বা যে মহালের নিমিত্ত) পাওনা।

আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে উক্ত অমুকের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের (অথবা কোর্ট অব ওয়ার্ডসের অনুপালিত বা ক্ষিপ্ত বা অন্য যেরূপ হউক অমুকের মহালের কার্যাধ্যক্ষ অমুকের) উপরি লিখিত এত টাকা পাওনা আছে।

ক খ।

১৮ সাল তাং
অমুক জিলার কালেক্টর।

৩ নম্বর পাঠ (৯ ধারা দেখ।)।

প্রাপ্যের নোটিস।

অমুক জিলার কালেক্টর সাহেব বরাবরেষু।

খাতকের নাম।	খাতকের ঠিকানা।	রাজকীয় যত প্রাপ্য নিমিত্ত এই নোটিস দেওয়া গেল।	যে প্রকারের রাজকীয় প্রাপ্য নিমিত্ত এই নোটিস দেওয়া গেল।

উক্ত শ্রী অমুকের স্থানে এই বিষয় উপলক্ষে উপরি লিখিত এত টাকা পাওনা আছে অদ্য অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এই সর্টিফিকেট দেওয়া গেল।

ক খ

FORM No. 4 (*See* Section 10).

NOTICE.

To (*Insert name of judgment-debtor.*)

You are hereby informed that a Certificate for Rs. due from you on account of has been this day made by me against you under the provisions of Section of Act of 1880 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and that such certificate has been filed in this office. If you deny your liability to pay the said sum of Rs. , you may within thirty days show cause why such Certificate should not be executed. If you fail to show cause within thirty days, or do not show sufficient cause, such Certificate will be executed in the same manner as if it were a decree of a Civil Court for the said sum of Rs. unless you pay the amount into this Office. Until such amount is paid, you are hereby prohibited from alienating your immovable property or any part of it by sale, gift, mortgage, or otherwise.

A copy of the Certificate above-mentioned is hereto annexed.

Dated this *day of* 18 . A. B
Collector of

FORM No. 5 (*See* Section 10.)

To

THE COLLECTOR OF THE DISTRICT OF

The humble petition of (*name of petitioner*) of (*address*).

SHEWETH—

That a Certificate No. for the sum of Rs. has been filed against your petitioner in your Office under the provisions of section of Act of 1880 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

That your petitioner respectfully denies his liability to pay the said sum of Rs. (*or, where the liability to pay part is admitted,* denies his liability to pay more than Rs.), and this for the following reasons :—

That the facts above stated are true to the best of your petitioner's knowledge and belief.

Your petitioner. therefore respectfully prays that the said Certificate may be set aside (*or* modified *or* varied).

W. E. H. FORSYTH,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

৪ নম্বর পাঠ (১০ ধারা দেখ।)

নোটিস।

শ্রীঅমুক (এই স্থানে ডিক্রীযুক্ত খাতকের নাম দিবে)
সমীপেষু।

তোমাকে এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৮০ সালের অমুক আইনের অমুক ধারার বিধানমতে অদ্য আমি তোমার বিরুদ্ধে অমুক হিসাবে তোমার স্থানে পাওনা এত টাকার সর্টিফিকেট লিখিয়াছি, এবং ঐ সর্টিফিকেট এই আফিসে গাঁথাইয়া রাখা গিয়াছে। যদি তুমি উক্ত টাকা দিতে তোমার দায়িত্ব অস্বীকার কর, উক্ত সর্টিফিকেট কেন জারী করা যাইবে না ত্রিশদিনের মধ্যে ইহার কারণ দেখাইতে পার। ত্রিশদিনের মধ্যে তুমি কারণ দেখাইতে ত্রুটি করিলে, অথবা যথোপযুক্ত কারণ না দেখাইলে, যদি ঐ টাকা এই আফিসে না দেও, তবে উক্ত টাকার দেওয়ানী আদালতের ডিক্রী হইলে যেরূপে হইত সেইরূপে ঐ সর্টিফেকট জারী করা যাইবে। তোমাকে এতদ্দ্বারা নিষেধ করা যাইতেছে যে, যাবৎ উক্ত টাকা দেওয়া না যায়, তাবৎ তোমার স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ বিক্রয় বা দান বা বন্ধকবাধা বা প্রকারান্তরে হস্তান্তর করিতে পারিবে না।

উল্লিখিত সর্টিফিকেটের এক খণ্ড প্রতিলিপি এতৎসঙ্গে দেওয়া গেল।

ক, খ,

১৮ সাল তাং

অমুক জিলার কালেক্টর।

৫ নম্বর পাঠ (১০ ধারা দেখ।)

শ্রীযুত অমুক

অমুক জিলার কালেক্টর সাহেব বরাবরেষু।

লিখিতং শ্রীঅমুক সাং অমুক দরখাস্ত পত্রমিদং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৮০ সালের অমুক আইনের অমুক ধারার বিধানমতে দরখাস্তকারির বিরুদ্ধে আপনার আফিসে এত টাকার এত নম্বরের সর্টিফিকেট গাঁথিয়া রাখা গিয়াছে।

সসম্ভ্রমে দরখাস্তকারির বক্তব্য এই যে, সে উক্ত টাকা দিতে দায়ী নহে (অথবা, কিয়ৎ পরিমাণ দায় স্বীকার করা গেলে, সে এত টাকার অধিক টাকা দিতে দায়ী নহে;)। দায়ী নহে কেন তাহার হেতু নিম্নে দেওয়া যাইতেছে।—

উপরিলিখিত বৃত্তান্ত দরখাস্তকারির জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

এজন্য সসম্ভ্রমে দরখাস্তকারির প্রার্থনা এই যে উক্ত সর্টিফিকেট অসিদ্ধ (বা পারবর্জিত বা রূপান্তরিত) করিতে আজ্ঞা হয়।

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 27, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৭ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইশ্তাহার।

জিলা ঢাকা।

বাকি খাজার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ১২ জানুয়ারি তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ১০ মে তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৮০। ২৩ মার্চ।

নম্বর তৌজি।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	বাকির পরিমাণ।	মন্তব্য।
১৯৭	পং রাজনগর চাকলে ভুল পাড়িয়া দেবীপ্রসাদ।	দুর্গাশঙ্কর, হরিদাস গুরুনাথ সেন, হরিহরচন্দ্র রায়, উমাকান্ত সেন, কালিদাস রায়, বিষ্ণু দাস, রামকানাই ও অলিয়হাকেজে গঙ্গাধর ও বসন্তকুমার রায়, কৈলাসচন্দ্র কালীপ্রসন্ন বিশ্বেশ্বর, গুরুদাস, তারাপ্রসন্ন, মহেশচন্দ্র রায়, হরনাথ, তারকচন্দ্র রায়, চন্দ্রকুমার, প্রসন্নকুমার, জয়হরি সেন, গোবিন্দচন্দ্র সেন, অলিয়হাকেজে গোপালচন্দ্র সেন, ও দুর্গাচরণ সেন, ঈশ্বরচন্দ্র রায়, ও অলিয়হাকেজে অভয়াচরণ রায়।	৬৩২॥৶৪॥	সাং কিং ডিসেম্বর ১৮৭৯ সন ২৯৲১০॥	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
৫০৫	তাং সেক রোকনদ্দীন	আহমদ বিবি, হুলিমননেছা আলতাফননেছা মাণিকচন্দ্র দাস, মুনশী মহাম্মদ নুর বকশ, আনন্দমোহন দাস, রজ্জব নেছা, আলতাফদ্দীন আহম্মদনেছা।	৩৭৩৷৴২॥	১১৮৴॥	হিসাব পৃথক হওয়া অংশ বাদে এজমালী মহাল নিলাম হইবে।
ঐ	হিসাব পৃথক তাং তথা কিং ।০॥৴১০ ক্রান্ত।	লোতফআলী ওয়ারিশআলী মিঞা ছৈয়দমহাম্মদ আবদুলআজিজ আমতে জহরা আমতে কতেমা থানম আহমদ বিবি হুলিমননেছা আলতাফননেছা।	২২৮৭৴১০	০	
ঐ	তাং তথা কিং ৶।২০ তিল।	কেশবচন্দ্র, গোবিন্দচন্দ্র জয়চন্দ্র, লক্ষ্মীচন্দ্র চক্রবর্ত্তী।	১১৪।৶১১	০	
ঐ	তাং তথা কিং ৶।২০ তিল।	কৃষ্ণপ্রসাদ সাহিত্ত …	১১৪।৶১১	০	
ঐ	তাং তথা কিং ৴৭৴১০ ক্রান্ত।	মুনশী মহাম্মদনুরবকশ ছৈয়দ হাসনালী চৌধুরী।	৭৭৴ ৯০৮।৴১০॥	০	
৯১০১	চর মুক্তাপুরের মধ্যগত চর তিন্নি।	ঈশ্বরলোচন, রায়, রাজীবলোচন, রামজয় ব্রজমোহন রায়, কোকিলপ্যারী, রাজলক্ষ্মী, দুর্গাসুন্দরী প্রাণকিশোরী চৌধুরাণী মাহরে মহাকেজে বসন্তকুমার ও হেমন্তকুমার রায়, ও কালীকুমার, চন্দ্রকুমার, শারদাকুমার রায় উমাসুন্দরী, শিবসুন্দরী চৌধুরাণী পার্ব্বতীনাথ, হরিশ্চন্দ্র রায়, ও বৃন্দারাণী, কৃপাময়ী ও জগদম্বা, চৌধুরাণী, দেবনাথ, তেজচন্দ্র রায়, আনন্দসুন্দরী ও হরিশ্চন্দ্র রায়, মনমোহিনী, বিশ্বেশ্বরী দাস্যা, রমণীমোহন রায় উমাসুন্দরী চৌধুরাণী গুরুদাস বসু, হরিকুমার বসু, গঙ্গানারায়ণ রায়, গোবিন্দনাথ রায় ও চন্দ্রাবলী চৌধুরাণী।	৮৮৪।৶ রোতফত ৮৮৶	৩১৬৲	সম্পূর্ণ মহাল ইহার মালিকী ও বন্দোবস্ত স্বত্ব নিলাম হইবে।
৯৬৭৫	পং উত্তর সাহাপুর চর দিঘলদী।	গোবিন্দচন্দ্র রায়, চৌধুরি কালীকুমার পাল, ললিতকুমার পাল, হরিমোহন রায়, সোণামণী চৌধুরাণী এম, ডেবিড সাহেব, চন্দ্রকলা চৌধুরাণী, রামকুমার রায়, নবদুর্গা চৌধুরাণী, নবসুন্দরী চৌধুরাণী, দয়াময়ী, রাসমণী চৌধুরাণী ও আনন্দমোহন দে জয়তারা, রাজমণী চৌধুরাণী, চন্দ্রনাথ মুখোপাধ্যায় ও কালিদাস মুখোপাধ্যায়।	১১২১৲	২০০৸৶	ঐ
৯৭৬২	পং বরমাধাত চর দেলওয়ারপুর।	দেওয়ান রেয়াজদ্দীন মহম্মদ স্বয়ং ও অলী মহাকেজে জহরদ্দীন মহম্মদ ও আকরদ্দীন ও মাহাম্মদনেছার, মুনশী গোলামমৌলা মৌলবি রেজায়আলী, আকিকননেছা, নুরনেছা আজিমদ্দীন খাঁ রহিমনেছা, ও রেজায় করিম।	৪১৯৮৲	৫১২৶৯	ঐ

T. E. COXHEAD, *Offg. Collector*.

[*Government Gazette, 27th April* 1880.]

জিলা পাবনা।

বাকী খাজানার ইস্তাহারপত্রের পাঠ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারা অনুসারে জেলা পাবনার মধ্যবর্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৯ সালের কিস্তি ডিসেম্বর তলবের বাকী রাজস্ব বাবত ১৮৮০ ১২ জানুয়ারির তারিখে দেনা ছিল ঐ প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য পাওনা চলিত আইন ও আকটানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৬ মে মোং সন ১২৮৭। ১৪ জ্যৈষ্ঠ তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে সন ১৮৮০। ৬ মার্চ।

তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা।	বাকী খাজানা।	মন্তব্য।
৩	ডিহী ফতেপুর পং ইসফসাহী	শ্রীনাথ ভাদুড়ি গোবিন্দনাথ সান্যাল দিগর	২৭২৮।/ পোলীস ৩৩।০	৪২৬৶০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে শ্রীনাথ ভাদুড়ি গোবিন্দনাথ সান্যাল বৈকুণ্ঠনাথ সান্যাল স্বয়ং ও অলিপকে মহিমাচন্দ্র সান্যাল নাবালগ শ্রীকণ্ঠ গুরুচরণ শিবনাথ সান্যাল স্বয়ং ও অলিপকে শশীধর ধরনীধর সান্যাল নাবালগ ও ত্রিপুরাসুন্দরী দেব্যা মাদরে অলিপকে জব মীমোহন ব্রজলাল বেহারিলাল উমেশচন্দ্র সান্যালের এজমালী সদর জমার অংশে এই বাকী পড়ায় কেবল প্রথমত তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১২৪	কিং পং বাজুচর্প	আনন্দমোহন ভট্টাচার্য্য দিগর	২৮৯৯।।৶ পোলীস ৬।৶	২৩০।৶ ৮৶	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে আনন্দচন্দ্র ভট্টাচার্য্যের এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৩	কিং পং বাজুচর্প	শিবেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য দিগর	২৮৯৯।।৶ পোলীস ৬।৶	২৬৩৲ ৮৶	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে শিবেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য দিগরের এজমালি সদর জমার অংশে কেবল এই বাকী পড়ায় প্রথমত তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৪ নং	কিং পরগনে বাজুচর্প	গুরুগোবিন্দ চৌধুরি দিগর	৯৬৬।/ পোলীস ২৶	১৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে গুরুগোবিন্দ চৌধুরির এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৫ নং	ঐ	শম্ভুনাথ চৌধুরি দিগর	৯৬৩।/ পোলীস ২৶	৯৯৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে শম্ভুনাথ চৌধুরির এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
২৮৫ নং	কিং পং আসত কোল পরগনে সোনাবাজু	বিজয়গোবিন্দ চৌধুরি দিগর	৭৯৪৬৲ পোলীস ৮০।৶	৫৮৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে বিজয়গোবিন্দ চৌধুরি, চন্দ্রমণি দেব্যা মাদরে সুখদাগোবিন্দ চৌধুরি গৌড়কর্ত্তা প্রমথনাথ জোওয়ারদার ঈশ্বরচন্দ্র, হরিশ্চন্দ্র ও ভোলানাথ জোওয়ারদার ও চন্দ্রনাথ জোওয়ারদার ও নাবালগ বৈকুণ্ঠনাথ জোওয়ারদার ও নৃত্যকালী দেব্যার এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।

W. M. CLAY, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

NOTICE.

It is hereby notified that at the next half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c., commencing on Monday, the 10th of May 1880, four local examination committees will be convened in this division, viz. (1) at No. 18, Alipore Lane, for officers stationed at the Presidency or employed in the 24-Pergunnahs; (1) at Kishnaghur, for officers employed in the Nuddea district; (1) at Jessore Sudder Station, for officers employed in that district; and (1) at Berhampore, for officers employed in the Moorshedabad district.

J. MONRO, *Offg. Commr.*

INSOLVENCY NOTICE.

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ARCHIBALD WALKER, an Insolvent.

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে রেজিষ্টরী করণ কার্য্যের এক সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিলেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের এলাকা চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজার মহকুমার চকরিয়া থানার সামিল কুতবদিয়া ফাঁড়ির এলাকার সহিত মিলিবে। কুতবদিয়া দ্বীপের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত সব-ডেপুটী কালেক্টর সব-রেজিষ্ট্রার হইবেন। ১৮৮০ সালের মে মাসের ১ তারিখ অবধি এই বিজ্ঞাপন ফলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭২ সালের ১০ আইনের ২২৫ ধারামতে মালদহ জিলার অন্তর্গত চঞ্চলের মাজিষ্ট্রেটদের বেঞ্চের প্রতি উক্ত ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

NOTIFICATION.

The 27th April 1880.—It is hereby notified that the Lieutenant-Governor of Bengal extends the provisions of Section 84 of Act V of 1861 to the Kandi Municipality and the town of Pachthupi, with its two suburban villages of Muniadihi, otherwise called Manuti, and Hurrish Chundrapore, bounded respectively as follows:—

Kandi Municipality.—Bounded on the north by villages Telepara, Bottole, Rayabati, Bagbati, Monohurpore, and Mahadia; on the south by villages Par, Rasara, Bhatera, Gunanundobati, and Dohalia; on the east by villages Saspora, Audulia, and Mandalpura; on the west by river Mourukhi.

Pachthupi.—Bounded on the north by villages Ballabpore, Kamdebbati, Singarda, and Balut; on the south by Godda, Unliandi, Puley, and Singari and the river Mourukhi; on the east by villages Muniadihi *alias* Manuti, Hurrish Chandrapore, and Chandpore; on the west by villages Togra and Phunphura.

Muniadihi, otherwise called Manuti.—North by villages Singarda and Palikpara; south by villages Godda, Pachthupi, and the river Mourukhi; east by Hurrish Chundrapore; west by Pachthupi.

Hurrish Chandrapore.—North by Palikpara and Sardanga; south by the river Mourukhi and Bil Pachthupi; east by Brindarpoor; west by Muniadihi and Pachthupi.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 16th April 1880.

No. 76.—*Notifications.*—Mr. A. Wilson, Deputy Examiner, Second Grade, made over charge of the Third Calcutta Division, and rejoined the Central Office of Accounts, Bengal, on the forenoon of the 5th April 1880.

The 23rd April 1880.

No. 77.—Mr. F. Moore, Deputy Examiner, First Grade, availed himself of the three months' privilege leave granted* to him, from the forenoon of the 7th January 1880, and rejoined the Central Office of Accounts, Bengal, on the afternoon of the 6th April 1880.

* Bengal Government (Public Works Department) Notification No. 5 of the 12th January 1880.

No. 78.—*Posting.*—Baboo Sarat Chunder Rai, Apprentice Engineer, who has been transferred from the Punjab,* is posted to the Bhagulpore Division of the Western Circle, which he joined on the forenoon of the 12th April 1880.

* Bengal Government (Public Works Department) Notification No. 52 of the 2[illegible]th March 1880.

LOCAL COMMUNICATIONS.

The 26th April 1880.

No. 79.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of a road cess inspection bungalow, Overseer's quarters, and godown, in the village of Bihta, pergunnah Muniarr, zillah Patna, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, three beeghas of standard measurement, bounded on the west and south by a village road, and on the north and east by fields of the Bihta village, is required within the aforesaid village of Bihta.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

T. H. WICKES,
Asst. Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept.

[*Government Gazette, 4th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীরামপুর মুনিসিপালিটীর অন্তর্গত রিসড়ায় যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীরামপুর মুনিসিপালিটীর অন্তর্গত কোন্নগরে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাবনা জিলার অন্তর্গত ইসলামপুর পরগনার বার্থাপুর (নাজিরগঞ্জ) গ্রামে খেতুপাড়ার ডাক ঘর করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট-কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বার্থাপুর (নাজিরগঞ্জ) গ্রামে কমিমতে ন্যূনাধিক ।।০। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির দক্ষিণ সীমা পথ ও পদ্মানদী, পূর্ব্ব সীমা ইঁট খোলা, উত্তর সীমা চন্দ্র কুমারী দাসীর ভূমি, এবং পশ্চিম সীমা স্থানীয় পোলীস থানার নিকট সরকারী পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৫৬৬ A নম্বর।

১৮৮০ সাল ১৫ আপ্রিল।—শ্রীযুত বাবু তারকচন্দ্র সিংহ কমিল্লা বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগকরণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মৃত এ· কৌর্জন সাহেবের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত জি, আর, ক্লার্ক সাহেব।

চাকলা রোশানাবাদের দেওয়ান শ্রীযুত বাবু রাজমোহন মিত্র।

নবাব খাজা আশানুল্লার ত্রিপুরার ইষ্টেটের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু মন্মোহন রায়।

১৮৮০ সাল ১৬ আপ্রিল।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২১ আপ্রিল।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্রের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটীপ্রাপ্ত রঙ্গপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাস, বি, এল, ২৪ পরগনা জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

ঢাকার অন্তর্গত কালীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী ২৪ পরগনা জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ বারাসতে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

Baboo Raj Chunder Ghose is appointed to be an Honorary Magistrate for the Bongong Bench in the district of Nuddea, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 23rd April 1880.—Baboo Probhat Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Kurigram, Rungpore, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 24th April 1880.—Baboo Ram Persad, Subordinate Judge, Shahabad, having resumed charge of his duties on the 20th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 15th instant, is cancelled.

Baboo Troyluckonath Mitter, Subordinate Judge, is posted temporarily to Hooghly as Second Subordinate Judge of that district. This cancels the orders of the 13th instant appointing him to act temporarily as Subordinate Judge of Shahabad.

The 26th April 1880.—In supersession of the orders of the 2nd instant, Baboo Shumbhu Chunder Dey, Moonsif of Moonsheegunge, Dacca, is transferred to Fattickcherry, in the district of Chittagong.

Baboo Chunder Coomar Roy, Moonsif of Fattickcherry, is transferred to Hathazaree, in the district of Chittagong.

The 27th April 1880.—Baboo Mohendro Nath Mitter is appointed to be a Moonsif in the 24-Pergunnahs, and will be ordinarily stationed at Satkhira, with effect from the date on which he may be relieved of his present appointment as an Acting Subordinate Judge in the district of Hooghly.

The Sub-divisional Officer of Govindpore, in the district of Manbhoom, for the time being is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

Baboo Gopal Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

Baboo Okhoy Coomar Bose, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 16th April* 1880 —Baboo Mohendronath Ghose L L , Second Moonsif of Patuakhally, in the district of Backergunge, has been allowed leave, of absence for one month, under Section 4, Supplement F to the Civil Leave Code, in extension of that already granted to him on the 19th January 1880.

The 20th April 1880.—Baboo Ashootosh Addy, B.L., Second Moonsif of Rungpore, has, under Sections 4 and 16, Supplement F to the Civil Leave Code, been allowed leave of absence for three months on medical certificate in extension of the leave already granted to him on the 13th January 1880.

The 22nd April 1880 —Baboo Ramanath Sil, L L., a Moonsif of Satkhira, in the district of the 24-Pergunnahs, has been allowed leave of absence for one week, under Section 10, Supplement F to the Civil Leave Code, with effect from the 19th April 1880.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th April 1880 —Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the formation of a registration sub-district, conterminous with the outposts of Kutubdya, attached to thana Chakaria in the sub-division of Cox's Bazar in Chittagong. The Sub-Deputy Collector in charge of the Island of Kutubdya will be Sub-Registrar. This Notification will take effect on and from 1st May 1880.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th April 1880.—Under Section 225 of Act X of 1872 (the Code of Criminal Procedure), the Lieutenant-Governor vests the Bench of Magistrates at Chanchal, in the district of Maldah, with the power to try summarily any of the offences mentioned in that section.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান, কান্দি মুনিসিপালিটীতে ও মণিয়াডিহি নামান্তরে মথুতি ও হরিশ্চন্দ্রপুর এই দুই শাখানগরীর গ্রাম যুক্ত পাঁচথুপি নগরে প্রচলিত করিলেন। তাহার সীমা এই২,—

কান্দি মুনিসিপালিটী।—উত্তর সীমা তেলিপাড়া ও বোতোল ও রায়বাটী ও বাগবাটী ও মনোহরপুর ও মহদিয়া গ্রাম, দক্ষিণ সীমা পার, ও রাসরা ও ভাতেরা ও গুনানন্দবাটী ও দোহালিয়া গ্রাম, পূর্ব্ব সীমা সাসপোরা ও ঔদুলিয়া ও মাঙ্গলপুরা গ্রাম, পশ্চিম সীমা ময়ূরক্ষি নদী।

পাঁচ থুপি।—উত্তর সীমা বল্লভপুর, ও কামদেববাটী ও সিঙ্গারদা ও বমুত গ্রাম, দক্ষিণ সীমা গন্দা ও উমলিয়ান্দি ও পুলে ও সিঙ্গারি গ্রাম ও ময়ূরক্ষি নদী, পূর্ব্ব সীমা মনিয়াডিহি বা মাথুতি ও হরিশ্চন্দ্রপুর ও চাঁদপুর গ্রাম, পশ্চিম সীমা তোগ্রা ও ফুলফুরা গ্রাম।

মনিয়াডিহি নামান্তরে মথুতি।—উত্তর সীমা সিঙ্গারদা ও পালিকপাড়া গ্রাম, দক্ষিণ সীমা গন্দা ও পাঁচথুপি গ্রাম ও ময়ূরক্ষি নদী, পূর্ব্বসীমা হরিচন্দ্রপুর, পশ্চিম সীমা পাঁচথুপি।

হরিশ্চন্দ্রপুর।—উত্তর সীমা পালিকপাড়া ও শরডাঙ্গা, দক্ষিণ সীমা ময়ূরক্ষি নদী ও বিল পাঁচথুপি, পূর্ব্ব সীমা ত্রিন্দারপুর। পশ্চিম সীমা মনিয়াডিহি ও পাঁচথুপি।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।

৭৬ নম্বর। বিজ্ঞাপন—দ্বিতীয় শ্রেণীর ডেপুটী হিসাব পরীক্ষক শ্রীযুত এ, উইলসন সাহেব, ১৮৮০ সালের ৫ আপ্রিলের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডের কার্য্যের ভার অর্পণ করিয়া বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসের কার্য্যের ভার পুনর্গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।

৭৭নম্বর।—প্রথম শ্রেণীর ডেপুটী হিসাব পরীক্ষক শ্রীযুত এফ, মুর সাহেব অনুগ্রহের যে ছুটী পান* তাহা ১৮৮০ সালের ৭ জানুয়ারির পূর্ব্বাহ্ণ অবধি গ্রহণ করিয়া ১৮৮০ সালের ৬ আপ্রিলের অপরাহ্ণে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে কর্ম্মেরভার পুনর্গ্রহণ করিলেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ১২ জানুয়ারির ৫ নং বিজ্ঞাপন।

৭৭ নম্বর।—অবস্থিতির কথা।—পঞ্জাব* হইতে প্রেরিত আপ্রেন্টিস ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু শরচ্চন্দ্র রায় পশ্চিম চক্রের ভাগলপুর খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ১২ আপ্রিলের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ২০ মার্চের ৫২ নং বিজ্ঞাপন।

স্থানীয় বন্দোবস্তাদি বিষয়ক।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।

৭৯ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত ম নরাব পরগনার বিহতা গ্রামে পথকরের ইনস্পেক্টরের বাঙ্গা ঘর ও ওবরসিয়রের থাকবার স্থান ও গুদাম প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, উক্ত বিহতা গ্রামে কমিনে ন্যূনাধিক ১/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পশ্চিম ও দক্ষিণ সীমা গ্রাম, পথ, উত্তর ও পূর্ব্ব সীমা বিহতা গ্রামের ক্ষেত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইল,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

IRRIGATION.

—

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 26th April 1880.

No 57.—*Notifications.*—With reference to the notification marginally noted, Mr. O C. Lees, Assistant Engineer, Second Grade, joined the Northern Drainage and Embankment Division on the forenoon of the 3rd April 1880.

No 41, dated 5th April 1880.

No. 59.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the construction of a towpath along the northern bank of the Tolly's nullah extending from Shamookpotta Toll-house up to the site of the village Nowabad, pergunnah Calcutta, zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 25,494 feet in length and 60 in breadth, and containing about 106 beeghas 5 cottahs 6 chittacks, more or less, is required in the aforesaid place.

2. The plan of the land can be seen in the 24-Pergunnahs Collectorate during office hours on any day, Sundays and holidays excepted.

3. This declaration is made, under the provision of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

The 27th April 1880.

No. 60—*Notification.*—With reference to the notification marginally noted, Mr. C W Odling, Executive Engineer, Second Grade, made over, and Mr. E. W. P. Foster, Executive Engineer, Fourth Grade, took over charge of the Arrah division, on the afternoon of the 20th April 1880.

No 2? dated 21st February 1880.

C. TAYLOR,
Offg. Asst. Secretary,
for Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।

৫৭ নম্বর।—বিজ্ঞাপন।—পাশ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ও, সি, লীস সাহেব ১৮৮০ সালের ৩ আপ্রিলের পূর্ব্বাহ্নে, উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ৫ আপ্রিলের ৪০ নং।

৫৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার নোয়াবাদ গ্রামে, সামুকপোতার কুতঘর অবধি নোয়াবাদ গ্রাম পর্য্যন্ত টালির নালার উত্তর তীরের ধারে ২ গুণ টানিবার পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত স্থানে প্রায় ২৫,৪৯৪ ফুট দীর্ঘ ও ৬০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১০৬।০।৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির নক্‌শা রবিবার ও বন্দের দিন ভিন্ন প্রতিদিন কার্য্যচলনের কোন সময়ে ২৪ পরগনার কালেক্টরী কাছারীতে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।

৬০ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, অডলিং সাহেব ১৮৮০ সালের ২০ আপ্রিলের অপরাহ্নে, আরা খণ্ডের কর্ম্মের ভার অর্পণ এবং চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডবলিউ, পি, ফস্টর সাহেব উক্ত খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ২১ ফেব্রুয়ারির ২০নং।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে।

সি, টেলর,
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৮০ সাল ৪ মে।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ৩০ জানুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৩ আইন।

অর্থাৎ

সেনানিবেশ বিষয়ক ১৮৮০ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

হেতুবাদ।

১ অধ্যায়।

উপক্রমণিক।

ধারা।

১। সংক্ষেপ নাম।
স্থানীয় ব্যাপ্তি।
মান্দ্রাজ ও বোম্বাইয়ের সেনানিবেশ স্থানে এই আইনের সহিত অসঙ্গত আইনের কথা।

২। ১৮৬৪ সালের ২২ আইন রহিত হইবার কথা।
১৮৬৪ সালের ২২ আইনের উল্লেখের কথা।

ধারা।

২ অধ্যায়।

ফৌজদারী বিচারাধিপত্যের কথা।

৩। কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা।

৪। আসিস্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা।

---

৩ অধ্যায়।

দেওয়ানী বিচারাধিপত্যের কথা।

৫। কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

৬। আসিস্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

৭। সেনানিবেশের সমুদয় ছোট আদালতের প্রতি ১৮৬৫ সালের ১১ আইন বর্ত্তিবার কথা।

৮। সৈনিক রিক্রুট কোর্টের কথা।

---

৪ অধ্যায়।

পোলীসের কথা।

৯। সেনানিবেশে নিযুক্ত পোলীসের প্রতি ১৮ ৬ সালের ৫ আইন বর্ত্তিবার কথা।
সেনানিবেশের মধ্যে পোলীসের কর্ম্মের বিধান করিবার কথা।

১০। সেনানিবেশে ১৮৬১ সালের ৫ আইনের ১৮ ধারা খাটাইবার কথা।

১১। সেনানিবেশের কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের প্রেরিত রওয়ানা জারী করিবার কথা।

১২। সেনানিবেশে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করিতে পারিবার কথা।

১৩। সেনানিবেশস্থান প্রভৃতি বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধনার্থ আইন।

হেতুবাদ। সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "সেনানিবেশবিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা ও ২ ধারা ও ২৪ ধারা ব্রিটিশ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। এই আইনের অবশিষ্টাংশ মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের ও মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন দেশ ছাড়া ব্রিটিশ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে। মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেব বা মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, তাঁহার শাসনাধীন কোন স্থানে তদ্রূপ কোন অংশ চালাইতে পারিবেন; এবং যে তারিখে কোন স্থানে তদ্রূপ কোন অংশ উক্তরূপে চালান যায়, ঐ স্থানে উক্ত অংশের সহিত অসঙ্গত বা উহার বিরুদ্ধ যে কোন আইন তৎকালে প্রবল থাকে তাহা সেই তারিখ অবধি সেই স্থানে আর ফলবৎ থাকিবে না।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের সেনানিবেশ স্থানে এই আইনের সহিত অসঙ্গত আইনের কথা।

১৮৬৪ সালের ২২ আইন রহিত হইবার কথা। ২ ধারা। সৈনিক ছাউনি স্থানের কার্য্যনির্ব্বাহের বিধান করণের ১৮৬৪ সালের ২২ আইন এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু উক্ত আইনমতে যে সকল আজ্ঞা, বিজ্ঞাপন, বিধি ও বিধান কৃত, ক্ষমতা প্রদত্ত ও আদালত স্থাপিত হইয়াছে, তৎ সমুদয় যথাক্রমে এই আইনমতে কৃত, প্রদত্ত ও স্থাপিত বলিয়া জ্ঞান হইবে।

১৮৬৪ সালের ২২ আইনের উল্লেখের কথা। পশ্চাৎ বিধিবদ্ধ আইনে ১৮৬৪ সালের উক্ত ২২ আইনের উল্লেখ থাকিলে, ঐ উল্লেখ এই আইনের উল্লেখের ন্যায় পাঠ করিতে হইবে।

২ অধ্যায়।

ফৌজদারী বিচারাধিপত্যের কথা।

কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা। ৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রত্যেক ব্যক্তিকে কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেন, সেই ব্যক্তি কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট নামে খ্যাত হইবে, এবং উক্ত আইনের অর্থমত ও কার্য্যপক্ষে তাঁহাকে মহকুমার অধ্যক্ষতাভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট বলিয়া জ্ঞান করা যাইবে।

৪ ধারা । উক্ত আইনের বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রত্যেক ব্যক্তিকে কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেন, সেই ব্যক্তিকে আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট বলা যাইবে ।

আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা ।

---

৩ অধ্যায় ।

দেওয়ানী বিচারাধিপত্যের কথা ।

কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা ।

৫ ধারা । ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালতবিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ ১৮৬৫ সালের ১১ আইনমতে স্থানীয় গবর্ণমেণ্ট কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে ক্ষুদ্র মোকদ্দমার বা ছোট আদালত সংস্থাপন করিলে, যদি তথায় কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট থাকেন, তিনি উক্ত প্রকারে সংস্থাপিত আদালতের জজ অর্থাৎ বিচারপতি হইবেন ।

তদ্রূপ প্রত্যেক আদালতে যত টাকার মোকদ্দমার বিচার হইতে পারিবে তাহা স্থানীয় গবর্ণমেণ্ট নির্দ্দেশ করিবেন ও সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন, কিন্তু কোন স্থলে তাহা পাঁচশত টাকার অধিক হইবে না ।

আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা ।

৬ ধারা । ৫ ধারার উল্লিখিত কোন আদালতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার বিচারার্থে স্থানীয় গবর্ণমেণ্ট কোন আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটকে ছোট আদালতের জজের ক্ষমতা দিতে পারিবেন । কিন্তু কোন আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট পঞ্চাশদধিক টাকার মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হইবেন না ।

সেনানিবেশের সমুদয় ছোট আদালতের প্রতি ১৮৬৫ সালের ১১ আইন বর্ত্তিবার কথা ।

৭ ধারা । যে স্থলে এই আইনে প্রকারান্তরের বিধান আছে, সেই স্থল ছাড়া উক্ত, আইনের সমুদয় বিধান তদ্রূপ প্রত্যেক আদালতের প্রতি ও তদ্রূপ কোন আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তৎ প্রতি বর্ত্তিবে ।

সৈনিক রিকেষ্ট কোর্টের কথা ।

৮ ধারা । কোন সেনানিবেশ স্থানে ছোট আদালত সংস্থাপিত হইলে, সৈন্যদের ছাউনি স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে কোন২ স্থলে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ১৮৫৯ সালের ৩ আইনমতে কোন সৈন্যাধ্যক্ষ সেনানিবেশ স্থানে যে ক্ষমতামতে কার্য্য করিতেন তাহা রহিত হইবে, এবং মোকামের বা সেনানিবেশের কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবেরা কোন আইনের যে কথাদ্বারা ঋণের দাওয়ার ও অন্য অস্থাবর বিষয়ের দাওয়ার বিচারার্থে সৈনিক রিকেষ্ট কোর্ট করিবার ক্ষমতাপন্ন হন, সেই কথা ঐ সেনানিবেশের সীমান্তর্গত স্থানে বলবৎ থাকিবে না ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ৪ মে ।]

৪ অধ্যায় ।

পোলীসের কথা ।

সেনানিবেশে নিযুক্ত পোলীসের প্রতি ১৮৬১ সালের ৫ আইন বর্ত্তিবার কথা ।

৯ ধারা । যে সেনানিবেশ যে স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত সেই সেনানিবেশে পোলীসের যে কর্ম্মকারকেরা নিযুক্ত থাকেন তাঁহারা পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ২ ধারার অর্থমতে সেই স্থানীয় গবর্ণমেণ্টের পোলীসের সাধারণ দলের অংশ বলিয়া গণ্য হইবেন, এবং উক্ত আইনের সমুদয় বিধান সেই কর্ম্মকারকদের প্রতি বর্ত্তিবে ।

সেনানিবেশের মধ্যে পোলীসের কর্ম্মের বিধান করিবার কথা ।

যে সেনানিবেশে কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট থাকেন, সেই সেনানিবেশের অন্তর্গত পোলীসের কর্ম্মের বিধান করিবার ভার তথাকার কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব ও আজ্ঞাধীনে ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি বর্ত্তিবে ।

সেনানিবেশে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা খাটাইবার কথা ।

১০ ধারা । স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন সেনানিবেশ স্থানে উক্ত ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা প্রচলিত করিতে পারিবেন ।

সেনানিবেশের সেনানী সাহেবের প্রেরিত পরওয়ানা জারী করিবার কথা ।

১১ ধারা । কোন পরওয়ানা জারী কি প্রবল করিবার প্রয়োজন হইলে যদি সেনানিবেশের কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের সেই কার্য্য অব্যবহিতরূপে করিবার উপায় না থাকে, তবে সেনানিবেশের পোলীসের দ্বারা তাহা জারী কি প্রবল করিবার নিমিত্ত, তিনি সেই পরওয়ানা সেনানিবেশস্থ পোলীসের প্রধান কর্ম্মকারক সাহেবের নিকট পাঠাইতে পারিবেন ; এবং কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট সেই পরওয়ানা দিলে, পোলীসের উক্ত প্রধান কর্ম্মকারক যে প্রকারে ও যে বিধিমতে তাহা জারী কি প্রবল করিতেন, সেই প্রকারে ও সেই বিধিমতে সেই পরওয়ানা জারী বা প্রবল করিবেন ।

সেনানিবেশে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করিতে পারিবার কথা ।

১২ ধারা । যে কোন সেনানিবেশ স্থানে কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট নিযুক্ত করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া সেই স্থানে ১৮৫৬ সালের ২০ আইনের (অর্থাৎ বঙ্গদেশেস্থ ফোর্ট উইলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত শহরে ও নগরে ও মোকামে ও গঞ্জতলীতে ও বাজারে পোলীসের চৌকিদারদিগকে নিযুক্ত ও প্রতিপালনাদি করিবার সুবিধান করণের আইনের) বিধান প্রচলিত করিতে পারিবেন । উক্ত আইন কোন সেনানিবেশ স্থানে তদ্রূপে প্রচলিত করা গেলে, সেই স্থানের কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট সেই আইনের দ্বারা মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন । তদ্বিষয়ে তাঁহার উপর কেবল জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্ব থাকিবে ।

তদ্রূপ কোন কান্টনমেন্ট ম্যাজিষ্ট্রেট অনুপস্থিত থাকিলে, অথবা কিয়ৎকালের নিমিত্ত তাঁহার পদ শূন্য থাকিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত অনুপস্থিতি কালে অথবা যত কাল স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত পদে কাহাকেও নিযুক্ত না করেন তত কাল পূর্ব্বোক্তমতে বিস্তৃত উক্ত আইনের বিধান ফলবৎ করিবেন।

সেনানিবেশস্থান প্রভৃতি বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

১৩ ধারা। ১৮৫৬ সালের উক্ত ১০ আইনের বিধান যে সেনানিবেশস্থানে প্রচলিত করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সেনানিবেশস্থান কএক অংশে বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবেন, ও তদ্রূপ প্রত্যেক অংশে উক্ত আইনের ১০ ধারামতে যে প্রকারের টাক্স আদায় করা যাইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

---

৫ অধ্যায়।

উগ্র শরাবের কথা।

অনুমতি বিনা উগ্র শরাব বিক্রয়ের কথা।

১৪ ধারা। যে ব্যক্তি যুদ্ধ সম্পর্কীয় আইনক্রমে দণ্ডনীয় নহে, কিম্বা যে ব্যক্তি সৈনিকদের নিকটে ভক্ষ্যাদি বিক্রয় করে, এরূপ কোন ব্যক্তি অথবা কোন সেনাচর যদি কোন সেনানিবেশ স্থানের মধ্যে, কিম্বা ঐ সেনানিবেশ স্থানের চতুর্দ্দিগে স্থানীয় গবর্ণমেণ্টের নিরূপিত কোন সীমার মধ্যে, কর্তৃত্বকারি সেনানী সাহেবের লিখিত অনুমতিপত্র কিম্বা তদ্রূপ অনুমতিপত্র দান করিতে যে ব্যক্তি সেই সেনানী সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার লিখিত অনুমতিপত্র না পাইয়া, কোন ইউরোপীয় সৈনিকের নিকটে বা তাহার ব্যবহারার্থে, কিম্বা ইউরোপীয় বা ইউরেশীয় কোন সেনাচরের বা সৈনিকপত্নীর নিকটে বা তাহার ব্যবহারার্থে, কিছু উগ্রশরাব বা মদিরা বা মাদক দ্রব্য জানিয়া শুনিয়া বিনিময় বা বিক্রয় করে বা যোগায়, কিম্বা বিনিময় বা বিক্রয় করিতে বা যোগাইতে প্রস্তাব বা উদ্যোগ করে, তবে যে ব্যক্তি সেই উগ্র শরাব বা মদিরা বা মাদক দ্রব্য পূর্ব্বোক্তমতে বিনিময় বা বিক্রয় করে বা যোগায় কিম্বা বিনিময় বা বিক্রয় করিবার বা যোগাইবার প্রস্তাব বা উদ্যোগ করে, সেই ব্যক্তির ঐ দোষ প্রমাণ হইলে একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে, অথবা, ঐ অর্থদণ্ডের বা কারাদণ্ডের পরিবর্ত্তে, (কোন২ স্থলে কশাঘাত করণের ক্ষমতা দানার্থ) ১৮৬৪ সালের ৬ আইনের ২ ধারার লিখিত অপরাধের নিমিত্ত যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ আইনের সমুদয় বিধানের নিয়মানুসারে, সেই রূপ কশাঘাত দণ্ড হইতে পারিবে।

দ্বিতীয় বার অপরাধ প্রমাণ হইলে অনুমানের কথা।

১৫ ধারা। ১৪ ধারামতে যে ব্যক্তির অপরাধ সপ্রমাণ হইয়াছে, যদি সেই ব্যক্তির উক্ত ধারার লিখিত অপরাধের পুনশ্চ প্রমাণ হয় তবে সেই দ্বিতীয়বার ঐ অপরাধ করণ কালে ঐ সেনানিবেশের বা সীমার মধ্যে তাহারই বা তাহার নিকটে যে কিছু উগ্র শরাব বা মদিরা বা মাদকদ্রব্য থাকে, তাহা অন্য প্রমাণ বিনা ঐ ব্যক্তির নিকটে এই আইনের বিধানের বিরুদ্ধে ইউরোপীয় সৈনিকদিগকে যোগাইবার নিমিত্ত আছে বলিয়া জ্ঞান হইবে।

অনুমতিপত্র বিনা সেনানিবেশের মধ্যে কোন২ ব্যক্তির নিকট কিয়ৎপরিমাণের অধিক উগ্র শরাবাদি থাকিলে, তাঁহাদের দণ্ডের কথা।

১৬ ধারা। যদি কোন সেনাচর বা সৈনিক বৃত্তিভোগী বা কোন সৈনিকের বা সেনাচরের বা সৈনিক বৃত্তিভোগির স্ত্রী বা বিধবা পত্নী, কর্তৃত্বকারি সেনানী সাহেবের অনুমতিপত্র, কিম্বা তিনি এই আইনমতে অনুমতিপত্র দানার্থে অন্য যে সৈন্যাধ্যক্ষকে নিযুক্ত করেন তাঁহার অনুমতি পত্র না পাইয়া, উক্ত সেনানিবেশের বা সীমার মধ্যে এক সেরের বা কুয়ার্টের অধিক উগ্রশরাব বা মদিরা স্থানান্তর বা চালান করে বা নিকটে রাখে, তবে ঐ ব্যক্তির অপরাধ প্রমাণ হইলে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ও তৎপরে আবার সেই অপরাধ হইলে এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, অথবা তিনমাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু সনদপ্রাপ্ত কোন সৈন্যাধ্যক্ষের স্বীয় ব্যবহারার্থে যে শরাব সেনানিবেশস্থানে আনা যায়, তৎপ্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

১৪ বা ১৬ ধারামতে অপরাধিদিগকে ধরিবার ও উগ্র শরাবাদি ধৃত করিবার কথা।

১৭ ধারা। এই আইনের বিধানমতে বিচার্য্য কোন ব্যক্তি ১৪ বা ১৬ ধারা লঙ্ঘন করিয়া কোন অপরাধ করিতেছে দৃষ্ট হইলে, পোলাসের কোন কর্ম্মকারক পরওয়ানা না পাইয়াও তাহাকে তৎক্ষণাৎ ধরিতে পারিবেন, ও তাহার নিকটে যে কিছু উগ্রশরাব বা মদিরা বা মাদক দ্রব্য পাওয়া যায়, ও তাহা যে কোন পাত্রে থাকে ও তাহা স্থানান্তর বা চালান করিবার বা গোপনে রাখিবার জন্য যে কোন দ্রব্যের ব্যবহার হয়, তৎসমুদয় ধৃত করিয়া, উক্ত ব্যক্তিকে ঐ২ ধৃত দ্রব্য সহ কান্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কিম্বা ঐ অপরাধির দণ্ড করিবার ক্ষমতাপন্ন অন্য সৈন্যাধ্যক্ষের নিকটে অবিলম্বে লইয়া যাইবেন।

উক্ত শরাবাদি জব্দ করিবার কথা।

১৮ ধারা। ১৪ বা ১৬ ধারামত কোন অপরাধ সপ্রমাণ হইলে, যে শরাবের বা মদিরার বা মাদকদ্রব্যের সম্পর্কে অপরাধির অপরাধ প্রমাণ হইল ও সেই অপরাধ করণ কালে অন্য যে কিছু উগ্র শরাব বা মদিরা বা মাদকদ্রব্য তাহার নিকটে পাওয়া যায়, ও তাহা যে কোন পাত্রে থাকে, ও তাহা কি তাহার কোন অংশ চালান বা স্থানান্তর করিবার বা গোপনে রাখিবার নিমিত্ত যে কোন দ্রব্যের ব্যবহার হয়, তৎসমুদয় কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট বা অন্য সৈন্যাধ্যক্ষ জব্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন; এবং এই আইনমতে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা আদায় হইলেই, যাহার স্থানে সংবাদ প্রাপ্ত হইয়া ঐ অপরাধের প্রমাণ হইল তাঁহাকে অথবা ঐ অপরাধিকে কিম্বা যে দ্রব্য জব্দ হইবার আজ্ঞা হইল সেই দ্রব্য যে কর্ম্মকারক ধৃত করে তাহাকে ঐ অর্থদণ্ডের সমুদয় কিম্বা কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

১৯ ধারা। ১৭ ধারামতে ধৃত যে কোন দ্রব্য সম্পর্কে এই আইনমতে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হয় সেই দ্রব্য যাহার নিকটে ধৃত হয়, যাবৎ সেই ব্যক্তির অপরাধ সপ্রমাণ বা নির্দ্দোষিতা প্রকাশ না হয়, সেই দ্রব্য আটক রাখিবার আজ্ঞা হইতে পারিবে।

ধৃত সম্পত্তি আটক করিবা রাখিবার কথা।

উক্ত ব্যক্তিকে যদি নির্দ্দোষী করা যায়, তবে তদ্রূপ ধৃত দ্রব্য তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে। যদি তাঁহার অপরাধ সপ্রমাণ হয়, তবে কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট বা অন্য সৈনাধ্যক্ষ তন্মধ্যে যে কোন দ্রব্য জব্দ হইবার যোগ্য নয় বলিয়া প্রকাশ করেন সেই দ্রব্য ফিরাইয়া দেওয়া যাইবে। অবশিষ্ট দ্রব্য জব্দ বলিয়া তৎসম্বন্ধে কার্য্য হইবে।

ধৃত সম্পত্তি লইয়া কার্য্য করিবার কথা।

২০ ধারা। কোন স্বীকৃত চিকিৎসক বা রসায়নবিৎ বা ঔষধীয় দ্রব্য ব্যবসায়ী যে কোন দ্রব্য ঔষধ স্বরূপ বিক্রয় করেন বা যোগান, তৎপ্রতি পূর্ব্বোক্ত ধারা সমূহের বিধান খাটিবে না।

ঔষধ স্বরূপ যে দ্রব্য বিক্রয় করা বা যোগান হয়, তাহার সংরক্ষণের কথা।

৬ অধ্যায়।

মুনিসিপাল টাক্সের কথা।

২১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, উক্ত বিজ্ঞাপনের তারিখে প্রচলিত আইনক্রমে উক্ত গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন মুনিসিপালিটিতে যে টাক্স ধার্য্য করা যায়, কোন সেনানিবেশ স্থানে সেই টাক্স ধার্য্য করিতে পারিবেন, এবং তদ্রূপ অনুমতি লইয়া ও তদ্রূপ বিজ্ঞাপন দিয়া তদ্রূপে ধার্য্যকৃত কোন টাক্স উঠাইয়া দিতে পারিবেন।

টাক্স লইবার সাধারণ ক্ষমতার কথা।

২২ ধারা। ২১ ধারামতে কোন সেনানিবেশস্থানে কোন টাক্স আদায় করা যাইতে পারে বলে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া উক্ত গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন মুনিসিপালিটিতে কোন টাক্স ধার্য্য ও আদায় করণার্থে ঐ বিজ্ঞাপনের তারিখে প্রচলিত কোন আইনের বা বিধির বিধান ঐ সেনানিবেশ স্থানে বর্ত্তাইতে বা তাহার যোগ্য করিয়া লইতে পারিবেন।

টাক্স ধার্য্য ও আদায় করিবার বিধান করিতে পারিবার কথা।

২৩ ধারা। ২১ ধারামতে কোন সেনানিবেশ স্থানে যে সকল টাক্স আদায় করা যায় তদুৎপন্ন টাকা, তাহা ধার্য্য ও আদায় করিবার খরচ বাদে, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশমতে ঐ সেনানিবেশ স্থানের পোলীস দল রক্ষণার্থে এবং ২৭ ধারাক্রমে প্রণীত বিধিমতে কার্য্যসাধনার্থে প্রয়োজিত হইবে।

টাক্সের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৪ মে।]

২৪ ধারা। যৎকালে যে কোন আইন প্রচলিত থাকে তাহাতে প্রকারান্তরের কথা থাকিলেও, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব লিখিত আজ্ঞা দিয়া কোন সেনানিবেশ স্থানে কোন টাক্সের সমুদয় বা কোন অংশ আদায় করা নিষেধ করিতে পারিবেন, অথবা কোন ব্যক্তিকে নামোল্লেখে বা আপন পদোপলক্ষে অথবা কোন শ্রেণীর লোকদিগকে তদ্রূপ কোন টাক্সের দায়িত্ব হইতে মুক্ত করিতে পারিবেন এবং তদ্রূপ আজ্ঞা দিয়া উক্তরূপ কোন নিষেধ বা মুক্তিপত্র রহিত করিতে পারিবেন।

সেনানিবেশ স্থানে টাক্স নিষেধ করিতে পারিবার কথা।

৭ অধ্যায়।

আনুষঙ্গিক বিধি।

২৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন সেনানিবেশ স্থানের সীমার মধ্যে পশ্চাল্লিখিত বিষয়ের বিধান করণার্থ সময়ে২ এই আইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

সেনানিবেশ সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

এই ধারামতে যে বিধি প্রণয়ন করা যায়, তাহা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে সাধারণরূপে তৎপ্রণয়নকারি স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন সমুদয় সেনানিবেশ স্থানে কিম্বা বিশেষরূপে তদ্রূপ এক বা একাধিক সেনানিবেশস্থানে বর্ত্তিতে পারিবে।

ঐ বিধি সাধারণ বা বিশেষরূপ হইতে পারিবার কথা।

২৬ ধারা। ২৫ ধারামতে প্রণীত কোন বিধি যত কাল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব দ্বারা দৃঢ় করা না যায় তত কাল ফলবৎ হইবে না। ঐ বিধি উক্তপ্রকারে দৃঢ় করা গেলে, ইংরাজী ভাষায় ও সেনানিবেশস্থানে এদেশীয় যে ভাষা অধিক চলিত সেই ভাষায় ঐ বিধির এক প্রস্থ কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ের কোন প্রকাশ্য স্থানে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বকারি সেনানী সাহেব অন্য যে স্থান নিরূপণ করেন সেই স্থানে লটকান থাকিবে।

বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব দ্বারা দৃঢ় হইবার কথা।

২৭ ধারা। ২৫ ধারামতে প্রণীত বিধিতে পশ্চাল্লিখিত সকল বা কোন বিষয়ের বিধান হইতে পারিবে।

বিধিতে যে বিষয়ের বিধান হইতে পারিবে, তাহার কথা।

প্রথম।—যদি সেনানিবেশ স্থানের সীমান্তর্গত ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি হয়, ও সামান্য ব্যক্তিদের দ্বারা তাহা যে ভোগ ও ব্যবহার হইতেছে তাহা কেবল অনুমতিক্রমে হয়, তবে যে নিয়মমতে সেই ভূমি ভোগ কি ব্যবহার করিবার অনুমতি হইতে পারে, ও গবর্ণমেণ্ট যে নিয়মমতে সেই ভূমির অধিকার পুনশ্চ লইতে পারেন, ও তদ্রূপ গৃহীত ভূমি যে ব্যক্তিরা ভোগ কি ব্যবহার করিতেন তাঁহাদের ক্ষতিপূরণ যে নিয়মমতে হইবে, তদ্বিষয়ের বিধান।

দ্বিতীয়।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে যে স্থাবর সম্পত্তি থাকে তাহার উপযুক্ত রেজিষ্টর রাখিবার ও সেই সম্পত্তি হস্তান্তর হইলে তাহার রেজিষ্টরী করিবার বিধান।

তৃতীয়।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে যে বাটী থাকে তাহা সৈন্যাধ্যক্ষ সাহেবদের বাসাদির জন্য লইবার প্রয়োজন হইলে, যে নিয়মমতে তাহা ক্রয় করা কি ভাড়া করিয়া লওয়া যাইতে পারিবে তাহার বিধান।

চতুর্থ।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে সাধারণের উপকারার্থ কার্য্য করিবার কিম্বা ২৫ ধারামতে প্রণীত কোন বিধি ফলবৎ করিবার জন্যে আইনক্রমে কি গবর্ণমেন্টের দ্বারা যে টাকা নিরূপণ হয়, তৎসম্পর্কীয় কার্য্য করিবার ও সেই টাকা ব্যয় করিবার ও প্রয়োজনমত চাকর ও আমলাগণকে নিযুক্ত করিবার বিধান।

পঞ্চম।—সাধারণের অনিষ্টজনক বিষয় নিরূপণ ও নিবারণ করিবার বিধান।

ষষ্ঠ।—সেনানিবেশস্থান সাধারণতঃ উপযুক্ত স্বাস্থ্যাবস্থায় রাখিবার এবং রোগ নিবারণ ও প্রশমন করিবার এবং রাজকীয় পথের ও নগর পারিপাট্য ও জলপ্রণালী প্রভৃতির কার্য্য হইবার ও স্থানান্তর করিবার, এবং সর্ব্ব সাধারণের কি ব্যক্তি বিশেষের পাইখানা ও মূত্রকুণ্ড ও মলাধার ও নর্দ্দমাপ্রভৃতি যে সকল স্থানে জঞ্জাল কি আবর্জ্জনা ফেলা যায় তাহার ও কশাইখানার ও হাটের ও কবরস্থানের ও শ্মশানের এবং দুর্গন্ধ কি আশঙ্কাজনক সমুদয় ব্যবসায় ও কারবারের সুনিয়ম ও তত্ত্বাবধান করিবার বিধান।

সপ্তম।—বেশ্যালয়ের পরিদর্শন ও তত্ত্বাবধান করিবার ও উপদংশ রোগ নিবারণ করিবার বিধান।

অষ্টম।—কূপ ও পুষ্করিণী ও উৎস প্রভৃতি যে সকল স্থান হইতে সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য জল পাওয়া যায় কি যাইতে পারে, তাহার তত্ত্বাবধারণের ও সুনিয়মের বিধান।

নবম।—সাধারণের হিতকর ও সুবিধাজনক কার্য্য সম্পাদনের ও সম্বর্দ্ধনের বিধান।

দশম।—মৃত্যু রেজিষ্টরী করিবার ও সাধারণের স্বাস্থ্য ও স্বার্থ সংক্রান্ত প্রয়োজনীয় মন্তব্য কথা ও বৃত্তান্ত লিখিবার বিধান।

একাদশ।—কোন ব্যক্তির ২৫ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘনদোষ প্রমাণ হইলে, তাহার দণ্ড ধার্য্য করিবার, এবং উক্ত বিধির লঙ্ঘন হইলে তাহার প্রথমস্থলীয় অনুসন্ধান কি বিচার কে করিবে ও সেই অনুসন্ধান কিরূপে করা যাইবে ইহার বিধান। কিন্তু উক্তরূপে যে দণ্ড ধার্য্য করা যায় তাহা পঞ্চাশ টাকা অর্থদণ্ডের কি আটদিনের কারাদণ্ডের অধিক হইবে না।

২৮ ধারা। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট থাকিলে, তিনি ২৫ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘনের বিচার করিবেন; কিন্তু স্থানীয় গবর্নমেন্ট কোন আসিষ্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটকে কিম্বা অন্য কোন ব্যক্তিকে তদ্রূপ লঙ্ঘনাপরাধের বিচার করিবার ক্ষমতা প্রদান করিয়া কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের অনধীনভাবে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তিপ্রদান করিতে পারিবেন।

বিধিলঙ্ঘনের বিচার হইবার কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

এই ধারামতে কোন মোকদ্দমার বিচার হইলে তাহার উপর আপীল হইবে না; কিন্তু তদ্রূপ কোন মোকদ্দমার বিচারকারি প্রত্যেক ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২ অধ্যায়ের কার্য্যপক্ষে, হাইকোর্টের ও সেশন আদালতের ও জিলার মাজিষ্ট্রেটের অধীন বলিয়া জ্ঞান হইবে।

২৯ ধারা। ২৫ ধারামতে প্রণীত কোন বিধিলঙ্ঘন করণাপরাধির অর্থদণ্ডের আজ্ঞা হইলে, যদি সেই দণ্ডের টাকা না দেওয়া যায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে সেনানিবেশ স্থানেরসীমার মধ্যে অপরাধির অস্থাবর যে কিছু সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ দণ্ডের টাকা আদায় করা যাইতে পারিবে।

অর্থদণ্ড যেরূপে আদায় করিতে হইবে তাহার কথা।

যদি উক্ত অর্থদণ্ড আদায়ের উপযুক্ত তদ্রূপ সম্পত্তি না পাওয়া যায়, তবে অপরাধির এক মাস পর্য্যন্ত সামান্য কারাদণ্ড হইতে পারিবে।

অর্থদণ্ড আদায় করা না গেলে কারাদণ্ডের কথা।

৩০ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ করিলে, যদি অন্য কোন আইনক্রমে তাহার নামে অভিযোগ হইতে পারে, কিম্বা সেই অপরাধের যে দণ্ড এই আইনে নির্দ্ধারিত হইয়াছে, তদ্ভিন্ন বা ততোধিক দণ্ড যদি অন্য কোন আইনক্রমে হইতে পারে, তবে এই আইনের কিম্বা ২৫ ধারামতে প্রণীত কোন বিধির কোন কথা দ্বারা সেই অভিযোগের কি দণ্ডের বাধা হইবে না। কিন্তু একই অপরাধে কোন ব্যক্তির দুইবার দণ্ড হইবে না।

অন্যান্য আইনমত অভিযোগাদির কথা।

৩১ ধারা। কোন সেনানিবেশ স্থানে বেশ্যালয়ের পরিদর্শন ও সুবিধান করণার্থ ও উপদংশ রোগের সঞ্চার নিবারণার্থ যে বিধি প্রণয়ন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই সেনানিবেশ স্থানের সৈনিকদের স্বাস্থ্য রক্ষার্থে আবশ্যক জ্ঞান করিলে, সেই সমুদয় বা তন্মধ্যে কোন ২ বিধি সেই সেনানিবেশ স্থানের সীমার বহির্ভূত ও তন্নিকটস্থ কোনস্থানে প্রচলিত করিতে ও সেই বিষয়ের বিধানার্থ এই আইনসঙ্গত অতিরিক্ত বিধি প্রণয়ন করিতে এবং সেই বিধি কি অতিরিক্ত বিধি ঐ সেনানিবেশ স্থানের চতুর্দ্দিগে যত দূর পর্য্যন্ত প্রবল হইবে তদ্রূপ সীমা নিরূপণ করিতে পারিবেন।

বেশ্যালয় ও উপদংশ রোগসংক্রান্ত বিধি বর্ত্তাইবার কথা।

৩২ ধারা। ঐ বিধি ও পূর্ব্বোক্তমতে প্রণীত অতিরিক্ত বিধি উক্ত সেনানিবেশ স্থানের বহির্ভূত কোন স্থানে ৩১ ধারা ক্রমে প্রচলিত করা গেলে সেই বিধির লঙ্ঘন হইলে যে দণ্ড হইবে ও সেই বিধি লঙ্ঘনাপরাধের অনুসন্ধান ও বিচার যেরূপে ও যে ব্যক্তিদের দ্বারা হইবে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ২৭ ধারার ১১ প্রকরণের নির্দ্দিষ্টমতে নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

যে স্থানে বিধি বর্ত্তান যায় তথায় বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

৩৩ ধারা। কোন সেনানিবেশ স্থানে ২৫ ধারামত বিধি প্রণয়ন করা গেলে, কোন আইনের যে সকল কথাক্রমে কর্তৃত্বকারি সেনানী সাহেবকে স্থানবিশেষে সৈন্য সম্পর্কীয় বিষয় ভিন্ন অন্য বিষয়ের বিধান করিবার ক্ষমতাপন্ন বলিয়া বোধ হয়, সেই সকল কথা উক্ত সেনানিবেশ স্থানে বলবৎ থাকিবে না; এবং কোন সেনানিবেশ স্থানের নিমিত্ত ২৫ ধারামতে প্রণীত বিধি প্রচলিত হইবার পূর্ব্বে তথায় যে সকল স্থানীয় বিধান করা যায়, তৎসমুদয়ও বলবৎ থাকিবে না।

পূর্ব্বপ্রচলিত আইনের উপর সেনানিবেশ সংক্রান্ত বিধির ফলের কথা।

৩৪ ধারা। যুদ্ধ বিষয়ক বিধিমতে কোর্ট মার্শ্যালের অথবা সেনানিবেশ স্থানের কি সৈন্যদলের কি তাহার ন্যূনাধিক অংশের কর্তৃত্বকারি সেনানীদের যে বিচারাধিপত্য কি সেনাসংক্রান্ত ক্ষমতা আছে, অথবা ভারতবর্ষে শ্রীশ্রীমতীর সৈন্যদলভুক্ত জুমাদারেরা ও সিপাহিরা বিদ্রোহী কি পলাতক হইলে তাহাদের দণ্ড করিবার যে কোন রাজব্যবস্থা আছে, পূর্ব্ববর্ত্তি ধারাগুলির কোন কথায় তাহার ব্যতিক্রম হইবে না। উক্ত অপরাধ সম্পর্কে কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের কোন রূপ বিচার করিবার ক্ষমতা থাকিবে না।

কোর্ট মার্শ্যাল প্রভৃতির বিচারাধিপত্য সংরক্ষণের কথা।

কিন্তু যদি স্থানীয় গবর্ণমেন্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটকে কিম্বা কর্তৃত্বকারি সেনানী ভিন্ন অন্য কোন সৈন্যাধ্যক্ষকে সেনানিবেশ স্থানের মধ্যে ২৫ ধারাক্রমে প্রণীত কোন বিধিমত মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করেন, তবে ঐ সেনানিবেশ স্থানের নিমিত্ত ২৫ ধারামতে ঐ বিধি প্রণীত হইলে, ও সেই বিধিলঙ্ঘনের দণ্ড নির্দ্ধারিত হইলে পর কর্তৃত্বকারি সেনানী সাহেব উক্ত বিধিক্রমে উল্লিখিত কোন মোকদ্দমা সম্পর্কে ভারতবর্ষীয় যুদ্ধ বিষয়ক বিধির তৃতীয় খণ্ডের (গ) প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না।

উক্ত বিধি শেষোক্ত প্রকরণের উল্লিখিত বিধি বলিয়া জ্ঞান হইবে, এবং উক্ত প্রকরণের যে অংশে সেনানিবেশ সংক্রান্ত ব্যবস্থা লঙ্ঘন করিবার দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে সেই অংশ সেই সময় অবধি উক্ত সেনানিবেশ স্থানে বলবৎ থাকিবে না।

৩৫ ধারা। উক্ত ১৮৫৬ সালের ২০ আইনমতে যে কোন তহবীলের টাকা তোলা যায় এই আইনের সাধারণ কার্য্যোপলক্ষে তাহার ব্যয় বিধানার্থে স্থানীয় গবর্ণমেন্টে সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১৮৫৬ সালের ২০ আইনমতে যে টাকা তোলা যায়, তাহার ব্যয় সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

উক্ত ১৮৫৬ সালের ২০ আইনের ৩৬ ধারার নির্দ্দিষ্ট কার্য্যের অতিরিক্ত বা তৎপরিবর্ত্তে, এই আইনের ২৫ কি ৩১ ধারামতে প্রণীত কোন বিধিমত কার্য্য সাধনোদ্দেশে ঐ টাকা ব্যয় করা যাইতে পারিবে।

ডি ফিট্‌জ্‌ প্যাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 4, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৪ মে।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮০ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের পূর্ব্ব

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর	জিলা	গম। এই সপ্তাহের নিরিখ	গম। ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গম। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	যব। এই সপ্তাহের নিরিখ	যব। ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	যব। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	ভাল চাউল। এই সপ্তাহের নিরিখ	ভাল চাউল। ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	ভাল চাউল। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	সামান্য চাউল। এই সপ্তাহের নিরিখ	সামান্য চাউল। ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	সামান্য চাউল। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	কনু ও বাজরা। এই সপ্তাহের নিরিখ	কনু ও বাজরা। ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	কনু ও বাজরা। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বঙ্গদেশ।															
	পশ্চিমদিকস্থ জিলা।	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান	[ক] ।৩	।১৮	।৫।	।।২	।৮	।৫	।৬	।৫৮	।৩।	।৬।	।৬।।	।৩৮	..	.	...
২	বাঁকুড়া ...	[খ] ।৫	।৩	।১৬	।৮	।৮	।৫	।৫।।	।৫।।	।২।।	।।১	।।০।।	।৭৮	...	...	...
৩	বীরভূম .	[গ] ।১।।	।৩।	।১	...	...	...	।৬	।৫	।১	।৯	।৮	।৪	...	..	...
৪	মেদিনীপুর ...	[ঘ] ।১	।১	।১	...	...	...	।৫	।৫	।৩	।৮	।৮	।৬	...	..	..
৫	হুগলী ...	[ঙ] ৪	।২	।১	...	.	...	/৮	/৮	/৮	।৪	।৪	।২	..	..	...
	ঐ বর্দ্ধ .	।৩।।	।৩।	।০	...	...	...	।১।	।১।।	।০	।৪।।	।৫	।২।।	..	..	...
	মধ্যাঞ্চলের জিলা															
	কলিকাতা ...	।৩	।১।।/	/৯।।	।।০	।৮	।৪	/৬।।৶	/৬।।৹	/৫-।।৶	।১।।	।৩।/	।১	...	..	...
১০	২৪ পরগণা	[চ] ...	..	...	...	..	...	/৮	/৮	/৬।	।৩।/	।৩।/	।১	...	...	...
৭	নদীয়া ...	[ছ] ।৫।	।৩৮৶	।১।৶	।।৬।।৶১৫	।৬-।।৶১৫	।৭।	।৩।/৫	।১।/৫	।০ ।।	।৪।।	।৫।	।১।৶	..	...	...
৮	যশোহর .	[জ] ।১	।০	।০	...	...	...	।৪	।৩	।০।।	।৮।	।৮	।২।	..	...	..
৯	মুরশিদাবাদ ...	[ঝ] ।৭	।৬	।২।।	..	.	...	।৬	।৩৮	।৩৮	।৮	।৮	।৩	...	...	...
১০	দিনাজপুর ..	[ঞ] /৯	/৮।	/৮৵৶	।৩।/	।৩।/	।৭	।৫।।	।৯	।৩৮১০	।৮	।।১	।৫।/	...	...	...
১১	রাজশাহী ...	[ট] ।।২।।	।৭।	।২	৮০	৮০	।।৫	।৮৮	।৮৭	।০।।-।২	।৯৮	।৯৮	।৩৮৶	..	...	...
১২	রঙ্গপুর ...	[ঠ] ।১।	।১।	/৯	...	...	...	।২৮০	।২৮৶	।১।	।৮	।৮	।২৮	...	...	...
১৩	বগুড়া ..	।।৪	।।৪	।০৶	..	...	...	।৭।	।৬।।	/৯৮	।।৫।।	।।৪	।৪।	..	.	...
১৪	পাবনা ..	[ড] ।০	।।১	।৫	.	...	..	।৭	।০	/০	।৮	।৮৮	।২।।	..	...	...
১৫	দার্জ্জিলিঙ ...	[ঢ] /৮	/৮	/৮	/৮	/৮	/৮	/৪।।	/৪।।	/৪	।১	।১	/৯	..	..	...
১৬	জলপাইগুড়ি ...	[ণ] /৮	/৮	।০।/	..	...	...	৬	।৬	।১	।।০	।।০	।৩৶	...	...	..

ক। মফঃসলের দর এই২।—গম ।৩।। সের অবধি ।৬ সের পর্য্যন্ত, যব ।।৬।। সের অবধি ।।৬৶ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৫ সের অবধি ।৬৮ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৬।। সের অবধি ।।০৮ সের পর্য্যন্ত, ও ছোলা ।৬।। সের অবধি ।।০ সের পর্য্যন্ত।

খ। ঐ ঐ ।—গম /৯।। সের অবধি ।৫ সের পর্য্যন্ত, যব ।৭ সের অবধি ১/৫ সের পর্য্যন্ত ভাল চাউল ।৪ সের অবধি ৬ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৫ সের অবধি ।৮।। সের পর্য্যন্ত, জনেরা ।।০ সের অবধি ৮২ সের পর্য্যন্ত, ও ছোলা /৯ সের অবধি ।৪ সের পর্য্যন্ত।

গ। ঐ ঐ ।—গম ।০ সের অবধি ।।০ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৪ সের অবধি ।।২।। সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৮ সের অবধি ।।৫ সের পর্য্যন্ত, ও ছোলা ।১ সের অবধি ।।৩ সের পর্য্যন্ত

ঘ। ঘাটাল মহকুমায় দর এই২।—গম ।১ সের অবধি ।৪ সের পর্য্যন্ত, যব ।৩ সের অবধি ।।১ সের পর্য্যন্ত, ভাল চাউল ।২ সের অবধি ।৪ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৭ সের অবধি ।৭।। সের পর্য্যন্ত, এবং ছোলা ।২ সের অবধি ।।৬ সের পর্য্যন্ত।

ঙ। মফঃসলের দর এই২।—গম ।১ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, যব ।৬ সের অবধি ।।৩ সের পর্য্যন্ত, ভাল চাউল /৭ সের অবধি ।৫ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৩ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, ও ছোলা ।০ সের অবধি ।৬ সের পর্য্যন্ত।

চ। ঐ ঐ ।—গম (খিদিরপুরে) ।২। সের, যব (খিদিরপুরে) ।।০ সের, ভাল চাউল /৮ সের, সামান্য চাউল ।৩ সের অবধি ।৭।। সের পর্য্যন্ত, জনেরা (খিদিরপুরে) ।৬ সের ও ছোলা ।৩।/ সের অবধি ।৪।। পর্য্যন্ত।

[*Government Gazette, 4th May* 1880.]

বঙ্গদেশের নিম্নলিখিত সকল গঞ্জে ১৮৮০ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের পূর্ব্ব

৪০ সেরের

নম্বর।	বন্দর।	গম।			যব।			ভাল চাউল।			সাধারণ চাউল।			কঙ্গু ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
১	কলিকাতা ...	৫৵	৩৸৶৬	৪৫৯	২৲	২০'	২৸৵৯	৬৲	৬৲	৬৸৶৫	৩।৵	৩৲	৩৷৶৬	...	...	...
২	গোয়ালন্দ ...	২৷০	২৷৶	৩৷৹	...	...	...	৪৷০	৪৲	৫৷৹	১৸৶	২৷০	৩৷০	...	..	..
৩	ঢাকা ...	৩৵	৩৶	৩৷৶	৸৵	৸৵	১৷৶	২৷০	২৶	৩৷৶	১৸৶	১৸	৫৶	২৷০	২৷০	২৷৶
৪	নারায়ণগঞ্জ...	...	...	...	...	...	...	২৷০	২৲	৩৷৶	২৷০	১৸৵	৩৷০	...	..	...
৫	চট্টগ্রাম ..	...	..	...	...	...	...	২৷৵	২৷০	৩৷৹	২৲	২৲	২৸০	...	...	...
৬	পাটনা ...	২৵৯	২৵৯	২৸৶	১৷৵৫	১৷৵৩	১৸০৩	২৸৶৬	২৸৶৬	৪৷৶	২৶৬	২৵৯	২৷০	...	..	...
৭	বালেশ্বর ..	৩৸০	৩৷৶	৪৲	...	...	...	২৷০	২৷০	২৸০	১৸৶	২৲	২৷৵৬	...	..	...
৮	পুরী ...	...	...	...	...	...	...	...	...	..	২৵০	২৶০	২৷৵০	...	...	...
৯	কটক ...	২৸৶	৩৷০	৪৶	...	...	...	২৸৶	২৸৶	৫৷০	২৵০	২৵০	২৶	..	...	...

কলিকাতা,
১৮৮০ সাল ২৭ আপ্রিল।

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্য দ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ থোকে বিক্রয়ের বাজার দর।

মণের দর

চোলম ও জোয়ার।			রাগী বা মাড়ুওয়া ও চীমা।			অড়হরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			বন্দর।
এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	
টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	
২৲	২৲	২৷৷০		.		২৷০	২৷৷০	২৲	২৷৷০	২৷৷০	৩৷৷৬	৷৶৩	৷৶৩	৷৷	৪৲	৪৲	৪৷৷০	কলিকাতা।
				.		.			২৷০	৩৸০	৪৲				৪৷৶	৪৷৶	৪৷৶	সেরাজগঞ্জ।
				..	.				২৸৵	৩৲	২৸৶	৷৶	৷৶	৷৶	৪৶	৪৶	৪৶	ঢাকা।
	.				.	.			৩৲	৩৵০	৪৵০	৷৷০	৷৷০	৷৷৶	৪৶	৪৶	৪৷০	নারায়ণগঞ্জ।
							..		..	.	.	.	.	.	.			চট্টগ্রাম।
						১৸৵	১৸৵	১৷৶৩	১৷৷৶৬	১৷৶৩	২৷৷০	৷৯	৷৯	৷৬	৫৲	৫৲	৫৲	পাটনা।
		.		.		..	.		৪৷৷৬	৪৷৶৭	৫৲	৷৵০	৷৫	৷৬	৪৷৶	৪৷৶	৬৸৵	বালেশ্বর।
						.	.	..		.					.			পুরী।
...			৪৸০	২৸৶	২৲	.	.		২৷০	২৷০	২৶	৷০	৷০	৶০	৩৷৶০	৩৷৵০	৩৶	কটক।

সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল,

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

নিলামের ইস্তার।

জিলে ত্রিপুরা ইস্তাহার নামা কালেক্টরি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালের গবর্ণমেন্টের জমীদারী স্বত্ব ইংরেজি ১৮৮০ সনের ২৮ জুন মোতাবেক ১২৮৭ বাং ১৫ আষাঢ় সোমবার ত্রিপুরা জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম অনুসারে বাধ্য হইবেক।

বিক্রয়ের নিয়ম।

১। মহালের নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহার নিকট বিক্রয় করা যাইবেক ক্রেতাকে মহালের ভূম্যধিকারী বলিয়া গণ্য করা যাইবেক এবং চিরস্থায়ী নির্দ্দিষ্ট রাজস্ব দিবার নিয়মে ঐ মহালে গবর্ণমেণ্টের যে জমিদারী স্বত্ব আছে তাহা সমুদয় হস্তান্তর হইয়া ক্রেতাকে সম্পূর্ণরূপে বর্ত্তিবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য বিধি প্রচলিত আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বাহাল থাকিবে, রাজস্বের কার্য্যকারক দিগের কৃত জমাবন্দীতে যেং বসতি রাখত স্বাক্ষর করিয়াছে ক্রেতাকে তাহাদিগের স্বত্ব মানিতে হইবেক।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দাখীল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপর প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে ঐ মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে ইতি ১৮৮০ ইং ৫ আপ্রিল।

সেটেলমেণ্টের নম্বর	জিলার বহিতে নম্বর	মাহাল ও পরগনার নাম	ন্যূনাধিক যত একর পরিমাণ একর, রুড পোল, গজ	ধার্য্যকরা রাজস্ব	নিলামের প্রথমডাক	মন্তব্য
২৩৭	১০২৬	তং ফৎকাবাদ তালুক মনোওর হোষণ	২ । ১ । ৯ । ১২	২১৸৯	৮৪৷৷৴	সন ১২৮৭ সনের ১ বৈশাখ হইতে নিলাম গণ্য হইবেক।

F. JONES, *Collector.*

LAND ADVERTISEMENT.　　ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা ঢাকা।

বাকি খাজার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮২৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মাহাল সকল ১৮৮০ সালের ১২ জানুয়ারি তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং

অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ১০ মে তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৮০। ২৩ মার্চ।

নম্বর তৌজি।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	বাকির পরিমাণ।	মন্তব্য।
১৯৭	পং রাজনগর চাকলে কুল পারিয়া দেবীপ্রসাদ।	দুর্গাশঙ্কর, হরিদাস গুরুনাথ সেন, হরিহরচন্দ্র রায়, উমাকান্ত সেন কালিদাস রায়, বিষ্ণু দাস, রামকানাই ও অলিমহাকেজে গঙ্গাধর ও বসন্তকুমার রায়, কৈলাসচন্দ্র কালীপ্রসন্ন বিশ্বেশ্বর, গুরুদাস, তারাপ্রসন্ন মহেশচন্দ্র রায়, হরনাথ, তারকচন্দ্র রায়, চন্দ্রকুমার, প্রসন্নকুমার জয়হরি সেন গোবিন্দচন্দ্র সেন, অলিমহাকেজে গোপালচন্দ্র সেন, ও দুর্গাচরণ সেন ঈশ্বরচন্দ্র রায় ও অলিমহাকেজে অভয়াচরণ রায়।	৬৩২॥৶৫॥	সাং কিং ডিসেম্বর ১৮৭৯ সন ২৯৲১০॥	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
৫০৫	তাং সেক রোকনদ্দীন	আছমত বিবি, ছলিমননেছা আলতাফন নেছা মাণিকচন্দ্র দাস মুনশী মহাম্মদ নুর বকশ, আনন্দমোহন দাস, রজব নেছা, আলতাফদ্দীন আছমতনেছা।	৩৭৩॥/২॥	১১৮/॥	হিসাব পৃথক হওয়া অংশ বাদে এজমালী মহাল নিলাম হইবে।
ঐ	হিসাব পৃথক তাং তথা হিং ১০॥/০ ক্রান্ত।	লোতকআলী ওয়ারশআলী মিঞা ছৈয়দমহাম্মদ আবদুলআজিজ আমতে জহর, আমতে ফতেমা খানম আছমত বিবি ছলিমননেছা আলতাফননেছা।	২২৮৮/১০	০	
ঐ	তাং তথা হিং ৶।২০ তিল।	কেশবচন্দ্র গোবিন্দচন্দ্র জয়চন্দ্র, লক্ষ্মীচন্দ্র চক্রবর্ত্তী।	১১৪৶১১	০	
ঐ	তাং তথা হিং ৶।১০ তিল।	কৃষ্ণপ্রসাদ লাহিড়ি	১১৪।৶১১	০	
ঐ	তাং তথা হিং /৭/ ০ ক্রান্ত।	মুনশী মহাম্মদনুরবকশ ছৈয়দ হাসনালী চৌধুরী।	৭৭/ ৯০৮।/১০॥	০	
১১০১	চর মুজাপুরের মধ্যগত চাতিলি।	ঈশ্বরলোচন রায়, রাজীবলোচন, রামজয় ব্রজমোহন রায় কোকিলপ্যারী, রাজলক্ষ্মী দুর্গাসুন্দরী প্রাণকিশোরী চৌধুরাণী মাদরে মহাকেজে বসন্তকুমার ও হেমন্তকুমার রায় ও কালীকুমার, চন্দ্রকুমার শারদাকুমার রায় উমাসুন্দরী, শিবসুন্দরী চৌধুরাণী পার্ব্বতীনাথ হরিশ্চন্দ্র রায় ও বৃন্দারাণী, কৃপাময়ী ও জগদম্বা, চৌধুরাণী দেবনাথ, ভেঙ্কবচন্দ্র রায়, আনন্দসুন্দরী ও হরিশ্চন্দ্র রায়, মনমোহিনী বিশ্বেশ্বরী দাস্যা রমণীমোহন রায় উমাসুন্দরী চৌধুরাণী গুরুদাস বসু হরিকুমার বসু, গঙ্গানারায়ণ রায় গোবিন্দনাথ রায় ও চন্দ্রাবলী চৌধুরাণী।	৮৮৪।৶ রোডকও ৮৸৯	৩১৮৲	সম্পূর্ণ মহাল ইহার মালিকী ও বন্দোবস্ত স্বত্ব নিলাম হইবে।
শ্রেণীর নম্বর।	মহালের প্রকরণ।	তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	মালিকের নাম।	সদর জমা।	তায়দাদ জমীদারী যাহা নিলাম হইবে।
১ নং ...	প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	২৬৫	মৌজে চাপতা ওগয়রহ চাকলে কার্জিহাট প্রভৃতি।	মতিউল্লা স্বয়ং ও অধ্যপক্ষে বাহাউল্লা নাবলগ ও রহিমউল্লা স্বয়ং ও অলিউছি পক্ষে হবিবুল্লা নাবালগ ও অছিমনেছা বিবি নাবালগা ও অধ্যক্ষ পক্ষে ফকিরউল্লা নাবালগ ও কেশবচন্দ্র সরকার ও দুর্গাকান্ত শর্ম্মা ও ব্রজকান্ত শর্ম্মা ও সাধো দেব্যা ও জয়কালী দেবী ও কেতু বিবি উছিপক্ষে ধরমচাঁদ রাখেচা নাবালগ ও ভুবনেশ্বরী দেব্যা ও মহাম্মদ মজহরউল্লা ও মহম্মদ করমাতুল্লা ও মহম্মদ এনাযেতুল্লা ও ঈশানচন্দ্র রায়চৌধুরী উছিপক্ষে শরৎচন্দ্র মুখোপাধ্যায় নাবালগ ও গবর্ণমেণ্ট মেনেজর পক্ষে ষ্টেট মৃত ঈশানচন্দ্র রায় ও গোবিন্দলাল রায় ও রবিলোচন সোম ও ধনেশ্বরী দাস্যা ও ৺ রাধাবল্লভ বিগ্রহের সেবাইত রাধারমণ মজুমদার নাবালগের পক্ষে উছি নিকুঞ্জবিহারী মজুমদার ও ৺ গোপীনাথ বিগ্রহের সেবাইত গোবিন্দপ্রসাদ দাস নাবালগের পক্ষে দয়মন্তী ও কমলেশ্বরী দাস্যা ও গোপীমোহন দাস উছিযান ও ভুবনমোহন দাস ও দেওয়ান কালীকাপ্রসাদ দাস উছিপক্ষে সতীশচন্দ্র ও সুরেশচন্দ্র মুস্তফী নাবালগান ও করিমনেছা বিবি স্বয়ং উছিপক্ষে আমামউল্লা নবালগ।	৮৯৩৬।১০	এই মহালের মালিক মধ্যে দুর্গাকান্ত শর্ম্মা ও ব্রজকান্ত শর্ম্মার অংশ সেওয়ায় অন্যান্য মালিকানের একযালী ও ১৮৫৯।১১ আইনের ১০ ১১ ধারামতে স্বতন্ত্র হওয়া অংশ যাহার সদরজমা ৮৬০১৻৯ পাই তাহার সমুদয় রাজস্ব আদায় হওয়ায় তাহা বাদে কেবল দুর্গাকান্ত শর্ম্মা ব্রজকান্ত শর্ম্মার হক হিস্যা তাহদের অন্তর্গত তালুক ছিনাই রকম ॥০ আনা যাহার সদরজমা ৩৩৫॥১ পাই ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাবে লিখিত আছে তাহাই নিলাম হইবেক। বাকী রাজস্ব ২১৮।/৯

J. J. LIVESAY, *Collector.*

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৫ ফেব্রুয়ারি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২১ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৮০ ইং ২৮ এপ্রেল।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

তৌজির নম্বর	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
৫৪	তরফ আনন্দীরাম কাং	ব্রজমোহন গয়রহ ...	৮৪১।৶৯	১৫।৷০	১৮৫৯ সালের ১১ আং মতে হিসাব পৃথক আছে তন্মধ্যে অবশিষ্ট ব্রজমোহন প্রভৃতির ৩৫।৵১০ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৫২২	কিং বিশ্বেশ্বরী বাং তং গৌরীশঙ্কর কাং	মৃত্যুঞ্জয় গং ...	১২২৮৸/৪	৩৶	১৮৫৯ সাং ১১ আং মতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ৭ নং রামগতি চক্রবর্ত্তীর নং ১২৮৩ পাই জমার অংশে বাকি পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৮০৫৫	তং দুল্লভরাম কত্তেয়াবাদ।	নিমাইচরণ নন্দী গং	৮১৯	১৯২৷৶	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৮৮৭	তং মাহাং রাজামির	উমাচরণ গং ...	৫৪০।৶৬	৩৭৯৸৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
২৪১১	কিং প্রভাবতী বাং তং ব্রজকিশোর।	আবুল খএর মাহাং মহতছমবিলা গং।	৬০৭৷৶১০	১১৷১০	১৮৫৯ সাং ১১ আংমতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ৩ নং আবুল খএর মাহাং মহতছমবিলার গং ১৩৸/৩ পাই জমার ও অবশিষ্ট বৈষ্ণবচরণ দত্ত গং ১৬১৶৪ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৩১২৫	তং শ্রীমন্তরামাং ও	আবদুল্লা খাঁ গং ...	১৭৩৭৸০	১৭৶৩	১৮৫৯ সালের ১১ আং মতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ১ নং আবদুল্লা খাঁ গং ৭৮৯৸/১ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।

A. Manson, *Offg. Collector.*

জিলা বীরভূম।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহাদ্বারা সকলকে যানান যাইতেছে যে জিলা বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকি রাজস্ব এবং যে সকল দাবি ১৮৮০ সালের ২৯ মার্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ১২ জুন দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৮০ সাল তারিখ আপ্রিল।

তপসিল।

মহালের শ্রেণী	ইষ্টেটের নম্বর।	তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	রাজস্ব বাকী।	মন্তব্য।
১ম শ্রেণী ...	৭০	৬২	পরগনে স্বরূপ সিংহ লাট হুরখি।	উমদা বিবি অলিমাতা তরফ নাবালগ রাজা বাবু খাঁ উমদা বিবি অলিমাতা নাবালগ ইসকন্দালি খাঁ সখিদাদ খাঁ।	৮০৭৷/	৩৩৭	সমুদয় লাট নিলাম হইবেক।

A. A. Wace, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

NOTICE.

It is hereby notified that at the next half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c., commencing on Monday, the 10th of May 1880, four local examination committees will be convened in this division, viz. (1) at No. 13, Alipore Lane, for officers stationed at the Presidency or employed in the 24-Pergunnahs; (1) at Kishnaghur, for officers employed in the Nuddea district; (1) at Jessore Sudder Station, for officers employed in that district; and (1) at Berhampore, for officers employed in the Moorshedabad district.

J. MONRO, *Offg. Commr.*

ইস্তাহার।

জেলা ২৪ পরগনার ১৮৮০। ৮১ সনের নিমিত্ত জমীদারি ডাক সেসের নিরেখ প্রত্যেক মহালের সদর জমার উপর শতকরা ॥৯ আট আনা নয় পাই হিসাবে ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠমাসিক কিস্তীর দেনা ১৮৮০ সনের ১লা জুন মঙ্গলবার মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২০ জ্যৈষ্ঠ তারিখে এবং দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তীর দেনা ১৮৮০ সনের ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২ পৌষ তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জিলার ট্রেজুরিতে দাখিল করিতে হইবে ইতি।

COLMAN MACAULAY,
Officiating Magistrate, 24-Pergunnahs.

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor

F. Max Müller, M. A., in two Volumes. *Price Rs. 24; packing and postage, Rs. 1-12.*

**The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8, Hastings Street, Calcutta.

গবর্ণমেণ্টদ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।০ টাকা ৮ আউন্স টীন ১০।০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়।

উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশানের মেম্বর ইনর টেম্পালের শ্রীযুক্ত সি, ডি, ফিলড, এম, এ. ও এল.এল,ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

[*Government Gazette, 11th May* 1880.]

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage...	...	...	... Rs.	10	0 0
Ditto, with postage	...	...	... „	12	8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	... ...	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	... ...	১২৷৷০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst. Secy. to the Govt. of Bengal.

The 19*th February* 1878.

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐং গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা „ „	১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 827—750—11-5-80.

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 18, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৮ মে ।

CONTENTS.

নির্ঘণ্ট ।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড ।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Simla, the 4th May 1880.

No. 179.—Mr. J. M. Lowis is permitted to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 17th April 1880.

The 7th May 1880.

No. 191.—Mr. G. S. Park is permitted to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 31st December 1879.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE AND AGRICULTURE.

NOTIFICATIONS.

Simla, the 8th May 1880.

No. 444.—In exercise of the powers conferred by Section 8 of "The Indian Stamp Act, 1879," the Governor-General in Council has remitted the duty payable under the said Act on all instruments in the nature of a Memorandum or Agreement furnished to, or made or entered into with, Executive Commissariat Officers by Contractors; and also on all Declarations or Agreements by which a tender made to an Executive Commissariat Officer is accepted as a contract, when the deposit of such Contractor as security for his contract is made in Government of India Loan Notes or in Cash.

This Notification will have effect from the first day of April 1879, and will extend to the whole of British India.

No. 479.—In exercise of the powers conferred by Section 9 of "The Indian Stamp Act, 1879," the Governor-General in Council is pleased to direct the use of adhesive stamps for bills of exchange payable otherwise than on demand, and drawn in sets, when the amount of stamp duty does not exceed one anna.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE AND COMMERCE.

NOTIFICATIONS.

Fort William, the 20th February 1880.

No. 909.—Read again—

Resolution No. 2037, dated 20th December 1879, publishing the Rules for District and Presidency Savings Banks.

Resolution No. 385, dated 24th January 1880, providing that the above Resolution does not apply to Military Savings Banks.

Resolution No. 561, dated 5th February 1880, permitting the Comptroller-General to receive and hold in trust Government Paper for any depositor.

RESOLUTION.—Sundry additions having been made to the Savings Banks Rules published on the 20th December 1879, the Governor-General in Council considers it expedient to issue the following revised Rules for District and Presidency Savings Banks, revoking all previous Rules:—

I.—In these Rules—

"Depositor," "Deposit," and "Secretary" bear the meaning which they bear in *The Government Savings Bank Act*, 1873.

"Account" means the account of a Depositor in a Government Savings Bank.

"Balance" means the balance at credit of an account.

[*Government Gazette*, 18*th May* 1880.]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিবিলসৰ্ব্বিস বিষয়ক—বিজ্ঞাপন।
সিমলা ১৮৮০ সাল ৪ মে।

১৭৯।—শ্রীযুত জে, এম, লুইস সাহেব ১৮৮০ সালের ১৭ আপ্রিল অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইলেন।

১৮৮০ সাল ৭ মে।

১৯১ নম্বর।—শ্রীযুত জি, এস, পার্ক সাহেব ১৮৭৯ সালের ৩১ ডিসেম্বর অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।
সিমলা, ১৮৮০ সাল ৮ মে।

৪৪৪ নম্বর।—কন্ট্রাকটরেরা এক্সেকিটিব কমিসরিয়েট কর্ত্তৃপক্ষদের নিকট স্মারক লিপির বা এগ্রীমেণ্টের ভাবাপন্ন যে সকল দলীল দাখিল করেন, বা করিয়া বা লিখিয়া দেন তাহার উপর, এবং সেই কন্ট্রাকটরের কন্ট্রাকটের জামিনস্বরূপ কোম্পানির কাগজ বা নগদ টাকা ডিপজিট করাতে যে সকল প্রতিজ্ঞাপত্র বা এগ্রীমেণ্টপত্রক্রমে করা টেণ্ডর কন্ট্রাকটস্বরূপে গ্রাহ্য হয় তাহার উপর যে ইষ্টাম্প মাসুল লাগে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্পবিষয়ক ১৮৭৯ সালের আইনের ৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি তাহা না দিবার আজ্ঞা করিলেন।

এই বিজ্ঞাপন ১৮৭৯ সালের আপ্রিল মাসের প্রথম দিনাবধি ফলবৎ হইয়া ব্রিটিষভারত বর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে।

৪৭৯ নম্বর।—যে বিল অফ এক্সচেঞ্জের টাকা দাওয়ামাত্র দেয় না হয় ও সেট২ করিয়া লেখা যায় তাহার উপর /০ এক আনার অধিক ইষ্টাম্প মাসুল না লাগিলে, ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৯ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি তাহাতে আটাল ইষ্টাম্প ব্যবহার করিবার আজ্ঞা করিলেন।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।
ফোর্ট-উইলিয়ম, ১৮৮০ সাল ২০ ফেব্রুয়ারি।

৯০৯ নম্বর।—পুনর্ব্বার পাঠ করা গেল।

জিলার ও রাজধানীর সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় বিধি প্রকাশক ১৮৭৯ সালের ২০ ডিসেম্বরের ২০৩৭ নম্বর নির্দ্ধারণ,

পূর্ব্বোক্ত নির্দ্ধারণ সৈনিক সেবিংব্যাঙ্কের প্রতি না বর্ত্তিবার বিধান করণার্থ ১৮৮০ সালের ২৪ জানুয়ারির ৩৮৫ নম্বর নির্দ্ধারণ, ও

কোন জমাদাতার পক্ষে ন্যস্ত সম্পত্তিস্বরূপ কোম্পানির কাগজ লইয়া রাখিবার ক্ষমতা কন্ট্রোলর জেনরল সাহেবকে প্রদানার্থ ১৮৮০ সালের ৫ ফেব্রুয়ারির ৫৬১ নম্বর নির্দ্ধারণ।

নির্দ্ধারণ।—১৮৭৯ সালের ২০ ডিসেম্বর তারিখে প্রকাশিত সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় বিধিতে অনেক কথা সংযোগ করা গিয়াছে বলিয়া, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, পূর্ব্বকার সমুদয় বিধি রহিত করিয়া, জিলার ও রাজধানীর সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় পশ্চাল্লিখিত সংশোধিত বিধি প্রচার করা বিহিত বোধ করিলেন।

১। এই বিধিতে

"জমাদাতা" "জমা" ও "সেক্রেটরী" শব্দে গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্ক বিষয়ক ১৮৭৩ সালের আইনে যে অর্থ বোধ হয় সেই অর্থবোধ হইবে।

"হিসাব" শব্দে কোন গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্কে জমাদাতার হিসাব বুঝাইবে।

"বাকী" শব্দে হিসাবে জমার ঘরে বাকী বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট।১৮৮০। ১৮ মে।]

II.—Any person may become a Depositor on his own behalf, or on behalf of any other named person dependent upon him. Deposits may also be made by the managers of benevolent or other public Associations, or by public officers, of money deposited with them *ex-officio* as security for the discharge of any public duty, or for the fidelity of any public officer, or for the accomplishment of any public object.

III.—Subject to the provisions of these Rules, the Government of India guarantees the repayment of every deposit with interest.

IV.—Without the sanction of the Comptroller-General, no account will be opened for less than One Rupee; and no person may deposit more than Five Thousand Rupees, in all, between any 1st of April and the 31st March next, following.

V.—Interest will not be allowed upon a smaller balance than 1½ Rupee, or upon the excess in any balance over the highest multiple of 1½ Rupee.

VI.—Interest will be allowed for each calendar month upon the minimum balance of the account between the close of the fourth day and the end of the month.

VII.—From the 1st January 1880, till further notice, interest will be allowed upon deposits at the rate of one pie a month for every 1½ Rupee, which is equal to one anna for every Rs. 18, or one Rupee for every Rs. 288, being at the rate of Rs. 4⅙ per centum per annum. Without the sanction of the Comptroller-General, no higher monthly interest will be allowed upon any balance than Rs. 17½.

VIII.—On the written request of any Depositor, his balance, or any part of it, will be invested by the Comptroller-General in his own name in trust for, and at the risk of, the Depositor at current market rates, in stock of any Loan which he may specify; if no particular loan is specified, then stock of one of the Four Per Cent. Loans will be bought. And stock or notes of any Government Loan, to a moderate amount, may be received by the Comptroller-General from or on behalf of any Depositer and converted into stock. The stock thus bought will be held by the Comptroller-General on the Depositor's account, the interest thereon, less a commission of one-quarter per cent., being added to his deposit, on advice from the Comptroller-General, and entered in his Deposit Book, the first time that it is subsequently presented. Stock held on account of a Depositor will, on his written request, be sold, and the proceeds added to his Deposit, or, if he desires it, will be converted into notes and delivered to him. A commission of ¼ per cent., besides the Bank's fees, will be charged upon such purchases, sales, and deliveries.

IX.—Every account will be made up on the 31st March, and the interest then due, calculated under these Rules, added to the balance upon which future interest will accrue. If an account is closed on any other date, interest due to the end of the preceding calendar month will be paid to the Depositor: but a Depositor who closes an account should not, ordinarily, be permitted immediately to re-open it, except on payment of a fine varying at the discretion of the Secretary from One to Ten Rupees.

X.—An account may be transferred free of charge to any other Government Savings Bank.

XI.—A Deposit Book will be supplied to each Depositor in which the Secretary, or, if the Savings Bank is at a public treasury, the Treasury Officer, will acknowledge every deposit. The personal attendance of a Depositor is not required; but no deposit will be received or payment made without the Depositor's Deposit Book, and the Government will not be responsible for any deposit the receipt of which is not acknowledged in a Deposit Book. The interest due to date will be entered in each Deposit Book the first time that it is produced after the 31st March. The first Deposit Book will be supplied free of charge; but if a Deposit Book is lost, or injured, or if a closed account is re-opened, One Rupee will be charged for a new book.

XII.—A Depositor may not operate frequently upon his account as if it were an ordinary banking account, or open more than one account in his own name, or in the name of any member of his family, or for his own benefit or the benefit of any member of his family. The Comptroller-General must take precautions to prevent any transgression of this Rule, and, in particular, any employment of an account as an ordinary drawing account. This Rule is not meant to prevent any one from opening more than one *ex-officio* or public account.

[*Government Gazette*, 18*th May* 1880.]

২। কোন ব্যক্তি আপনার নিমিত্ত অথবা তদধীন কোন ব্যক্তির নাম করিয়া সেই ব্যক্তির নিমিত্ত জমাদাতা হইতে পারিবেন। হিতকরী বা অন্য সাধারণ সভার কার্য্যাধ্যক্ষগণ কর্ত্তৃক, অথবা রাজকীয় কোন কার্য্য সম্পাদনের বা রাজকীয় কোন কার্য্যকারকের বিশ্বস্ততার প্রতিভূস্বরূপ অথবা সাধারণ কোন উদ্দেশ্য সাধনার্থে রাজকীয় কার্য্যকারকদের নিকট স্বঃ পদোপলক্ষে টাকা আমানত করা গেলে তাঁহাদের কর্ত্তৃকও, জমা দেওয়া যাইতে পারিবে।

৩। এই বিধির বিধানের নিয়মাধীনে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যে টাকা জমা দেওয়া যায় সুদসহ তাহা পরিশোধ করিবার প্রতিভূ রহিলেন।

৪। কণ্ট্রোলর জেনরল সাহেবের অনুমতি বিনা, একটাকার কম হিসাব খোলা যাইবে না; এবং কেহই আপ্রিল মাসের প্রথম তারিখ অবধি পরবর্ত্তি ৩১ মার্চ পর্য্যন্ত সময়ের মধ্যে সর্ব্বযুক্ত পাঁচ হাজার টাকার অধিক জমা দিতে পারিবেন না।

৫। দেড় টাকার কম বাকী থাকিলে তাহার সুদ দেওয়া যাইবে না, এবং বাকী টাকা দেড় টাকা দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকে তাহারও সুদ দেওয়া যাইবে না।

৬। চারি তারিখের শেষ ও মাসের অন্ত এই সময়ের মধ্যে হিসাবে যত কম বাকী থাকে ইংরাজী পঞ্জিকামত প্রত্যেক মাসে তন্নিমিত্ত সুদ দেওয়া যাইবে।

৭। ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি, যাবৎ অন্য নোটিস না দেওয়া যায়, জমা দেওয়া টাকার সুদ মাসে দেড় টাকায় একপাই হিসাবে, অর্থাৎ ১৮ টাকায় একআনা হিসাবে বা ২৮৮ টাকায় একটাকা হিসাবে, অথবা বৎসর শতকরা ৪⅙ টাকা হিসাবে, দেওয়া যাইবে। কণ্ট্রোলর জেনরল সাহেবের অনুমতি বিনা, কোন বাকী টাকার নিমিত্ত মাসে ১৭½ টাকার ঊর্দ্ধ সুদ দেওয়া যাইবে না।

৮। কোন জমাদাতা লিখিয়া প্রার্থনা করিলে, তিনি কোম্পানির কাগজের যে কোন লোন নির্দ্দেশ করেন তাঁহার বাকী টাকা বা তাহার কোন অংশ দিয়া কণ্ট্রোলর জেনরল সাহেব আপন নামে জমাদাতার ন্যস্তসম্পত্তিস্বরূপ ও তাঁহারই ঝুঁকিতে চলিত বাজার দরে সেই লোনের কাগজ ক্রয় করিবেন; যদি কোন বিশেষ লোন নির্দ্দেশ করা না থাকে, চারি টাকা সুদের কোন লোনের কাগজ ক্রয় করা যাইবে। কণ্ট্রোলর জেনরল সাহেব কোন জমাদাতার স্থানে বা তাঁহার পক্ষে অল্প পরিমাণে গবর্ণমেণ্টের কোন লোনের কাগজ বা নোট লইয়া তদ্দ্বারা অন্য কাগজ ক্রয় করিতে পারিবেন। এই রূপে যে কাগজ ক্রয় করা যায় তাহা জমাদাতার হিসাবে কণ্ট্রোলর জেনরল সাহেবের নিকটে থাকিবে। কণ্ট্রোলর জেনরল সাহেবের আদেশমতে শতকরা চারি আনা বাদে তাহার সুদ তাঁহার জমায় যোগ করা যাইবে, এবং জমার বহী পরে যখন প্রথমবার উপস্থিত করা যায় তাহাতেও লেখা যাইবে। কোন জমাদাতার হিসাবে যে কোম্পানির কাগজ রাখা যায়, তাহা তাঁহার লিখিত প্রার্থনামতে বিক্রয় করা যাইবে, এবং বিক্রয়োৎপন্ন টাকা তাঁহার জমায় যোগ করা যাইবে, অথবা তাঁহার ইচ্ছামতে নোট করিয়া তাঁহার হস্তে অর্পণ করা যাইবে। ব্যাঙ্কের ফী ছাড়া, উক্তরূপ ক্রয়, বিক্রয় ও অর্পণ কার্য্য নিমিত্ত শত করা চারি আনা কমিশ্যন লওয়া যাইবে।

৯। ৩১ মার্চ তারিখে প্রত্যেক হিসাব নিকাশ করা যাইবে, এবং এই বিধিমতে গণনা করিয়া তখন যে সুদ পাওনা হয় তাহা বাকীতে যোগ করা যাইবে ও মোটের উপর ভবিষ্যতে সুদ চলিবে। অন্য কোন তারিখে হিসাব মিটান গেলে, ইংরাজী পঞ্জিকামত পূর্ব্বমাসের শেষ পর্য্যন্ত যত সুদ পাওনা হয় তাহা জমাদাতাকে দেওয়া যাইবে; কিন্তু যে জমাদাতা হিসাব মিটাইয়া ফেলেন, সেক্রেটরীর বিবেচনা-মতে এক অবধি দশটাকা পর্য্যন্ত জরিমানা না দিলে, তাঁহাকে সামান্যতঃ অবিলম্বে পুনর্ব্বার হিসাব খুলিবার অনুমতি দেওয়া যাইবে না।

১০। কোন হিসাব বিনাখরচে এক গবর্ণমেণ্ট সেবিংব্যাঙ্ক হইতে খারিজ করিয়া অন্য গবর্ণমেণ্ট সেবিংব্যাঙ্কে লেখা যাইতে পারিবে।

১১। প্রত্যেক জমাদাতাকে একখান জমার বহী দেওয়া যাইবে। ঐ বহীতে সেক্রেটরী অথবা রাজকীয় খাজানাখানায় সেবিংব্যাঙ্ক থাকিলে খাজাঞ্চিখানার কর্ত্তৃপক্ষ প্রত্যেক জমার টাকার প্রাপ্তি স্বীকার করিবেন। জমাদাতার স্বয়ং উপস্থিত হইবার প্রয়োজন নাই; কিন্তু জমাদাতার জমার বহী-বিনা কোন জমা লওয়া বা টাকা দেওয়া যাইবে না এবং জমার বহীতে যে টাকার প্রাপ্তি স্বীকার নাই গবর্ণমেণ্ট এরূপ জমার টাকার নিমিত্ত দায়ী হইবেন না। ৩১ মার্চের পর যে তারিখে কোন জমার বহী প্রথম বার উপস্থিত করা যায় ঐ বহীতে সেই তারিখ পর্য্যন্ত পাওনা সুদ লেখা যাইবে। প্রথম জমার বহী বিনাখরচে দেওয়া যাইবে; কিন্তু কোন জমার বহী হারান বা নষ্ট করা গেলে, অথবা যে হিসাব মিটাইয়া ফেলা গিয়াছে তাহা পুনর্ব্বার খুলিতে গেলে, নূতন বহীর নিমিত্ত এক টাকা খরচ দিতে হইবে।

১২। কোন জমাদাতা সামান্য ব্যাঙ্কের হিসাবের ন্যায় বারম্বার আপন হিসাব লইয়া কার্য্য করিতে কিম্বা আপনার নামে বা আপন পরিবারস্থ কোন ব্যক্তির নামে, কিম্বা আপনার উপকারার্থে বা আপন পরিবারস্থ কোন ব্যক্তির উপকারার্থে একাধিক হিসাব খুলিতে পারিবেন না। যাহাতে এই বিধির লঙ্ঘন না হয় ও কোন হিসাব টাকা লইবার সামান্য হিসাব হইয়া না দাঁড়ায়, কণ্ট্রোলর জেনরল সাহেব তদ্বিষয়ে সাবধান হইবেন। কেহ আপন পদোপলক্ষে বা সাধারণের হিতার্থে একাধিক হিসাব খুলিতে পারিবেন না, এই বিধির এরূপ অর্থ নহে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

XIII.—The Secretary may refuse to open any account or may close any account, for any sufficient reason, as, for example, because he thinks that the account is likely to be used or is being used contrary to the object with which Government Savings Banks are established, namely, the encouragement of saving. But every such refusal or closure, and the reasons for it, should be reported to the Comptroller-General.

XIV.—When the Secretary thinks it proper to close any account, he shall give notice, in writing, to the Depositor of such closure. After the date of such notice, no deposit shall be accepted on the account so closed, and no interest shall be allowed upon the balance of the closed account after the end of the calendar month then current.

XV.—The Comptroller-General should report to the Governor-General in Council any refusal to sanction an application under Rule IV or VII with his reasons for such refusal.

XVI.—These Rules apply as well to accounts opened before as after their publication.

XVII.—The Governor-General in Council reserves the right to alter or add to these Rules at any time.

XVIII.—A copy of the Government Savings Banks Act, 1873, and of these Rules, shall be printed in each Deposit Book, and the signature, or, if he cannot write, mark, of the Depositor obtained to the annexed declaration before any deposit is accepted from him.

Declaration to be recorded in accordance with Rule XVIII.

I acknowledge that I have read these rules (or, if he cannot read, that these rules have been read to me).

Dated

Table of Monthly Interest.

Principal	Monthly interest.	Principal	Monthly interest.	Principal.	Monthly interest.
Rs.		Rs.		Rs.	
1½	Pie 1	15	Pie 10	144	Annas 8
3	2	16½	11	162	9
4½	3	18	Anna 1	180	10
6	4	36	2	198	11
7½	5	54	3	216	12
9	6	72	4	234	13
10½	7	90	5	252	14
12	8	108	6	270	15
13½	9	126	7	288	One Rupee.

ORDERED, that this Resolution be communicated to the Comptroller-General, who will issue any needful supplementary instructions.

Ordered, also, that this Resolution be published for general information in the *Gazette of India.*

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.—GENERAL.

Simla, the 4th May 1880.

No. 140.—Mr. E. G. J. McCudden, Assistant Engineer, First Grade, Railway Branch, is, on return from furlough, posted to the Establishment under the Government of Bengal for service on State Railways.

J. S. TREVOR, *Major-Genl.*, R.E.,
Offg. Secy. to the Govt. of India.

[*Government Gazette,* 18*th May* 1880.]

১৩। উপযুক্ত কারণ থাকিলে, সেক্রেটরী কোন হিসাব খুলিতে অস্বীকার করিতে অথবা কোন হিসাব মিটাইয়া ফেলিতে পারিবেন। উদাহরণ, যে অভিপ্রায়ে অর্থাৎ যে অর্থসঞ্চয়ের উৎসাহদান অভিপ্রায়ে গবর্ণমেন্ট সেবিংব্যাঙ্কগুলি সংস্থাপিত হইয়াছে ঐ হিসাব দ্বারা সেই অভিপ্রায়ের বিরুদ্ধ কার্য্য হইবার সম্ভাবনা বা হইতেছে, তিনি এরূপ বিবেচনা করিলে ঐ প্রকার করিতে পারিবেন। কিন্তু উক্তরূপে অস্বীকার করা বা হিসাব মিঠাইয়া ফেলা গেলে, তাহার হেতু সহ তাহা কন্ট্রোলর জেনরল সাহেবকে জানাইতে হইবে।

১৪। সেক্রেটরী কোন হিসাব মিটাইয়া ফেলা উচিত বোধ করিলে, উক্তরূপ মিটাইয়া ফেলিবার নোটিস লিখিয়া জমাদাতাকে দিবেন। ঐ নোটিসের তারিখের পর, উক্তরূপে যে হিসাব মিটাইয়া ফেলা যায় সেই হিসাবে কোন টাকা জমা দিতে গেলে তাহা গ্রহণ করা যাইবে না, এবং সেই সময়ে ইংরাজী পঞ্জিকামত যে মাস চলিতে থাকে সেই মাস শেষ হইলে পর মিটান হিসাবে যে টাকা বাকী থাকে তাহার সুদ দেওয়া যাইবে না।

১৫। এই বিধির ৪ বা ৭ ধারামতে কোন প্রার্থনাপত্র অনুমোদন করিতে অস্বীকার করা গেলে কন্ট্রোলের জেনরল সাহেব অস্বীকার করিবার হেতুসহ ঐ অস্বীকারের কথা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবকে জানাইবেন।

১৬। এই বিধি প্রকাশিত হইবার পূর্ব্বে যে হিসাব খোলা গিয়াছে বা পরে যাহা খোলা যাইবে, তদুভয়েরই প্রতি এই বিধি বর্ত্তিবে।

১৭। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন সময়ে এই বিধি পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত করিবার ক্ষমতা রাখিলেন।

১৮। গবর্ণমেন্ট সেবিং ব্যাঙ্ক বিষয়ক ১৮৭৩ সালের আইনের ও এই বিধির এক খণ্ড প্রত্যেক জমার বহীতে মুদ্রিত থাকিবে এবং জমাদাতার স্থানে কোন টাকা জমা লইবার পূর্ব্বে নিম্নলিখিত প্রতিজ্ঞাপত্রে তাঁহার স্বাক্ষর, অথবা তিনি লিখিতে না পারিলে তাঁহার চেরা সহী লইতে হইবে।

১৮ ধারামতে লিখিত প্রতিজ্ঞাপত্র।

আমি শ্রীঅমুক স্বীকার করিতেছি যে আমি এই বিধি পাঠ করিয়াছি (অথবা তিনি পড়িতে না পারিলে, এই বিধি আমার নিকট পাঠ করা গিয়াছে)।

তাং

মাসিক সুদের তালিকা।

আসল	সুদ	আসল	সুদ	আসল	সুদ।
১।। ০	১ পাই	১৫৲	১০ পাই	১৪৪৲	।।০
৩৲	২ ,,	১৬ ।।০	১১ ,,	১৬২৲	।।/০
৪।।০	৩ ,,	১৮৲	/০	১৮০৲	।।৵০
৬৲	৪ ,,	৩৬৲	৵০	১৯৮৲	।।৶০
৭।।০	৫ ,,	৫৪৲	৶০	২১৬৲	৸০
৯৲	৬ ,,	৭২৲	।০	২৩৪৲	৸/০
১০।।০	৭ ,,	৯০৲	।/০	২৫২	৸৵০
১২৲	৮ ,,	১০৮৲	।৵০	২৭০৲	৸৶০
১৩।।০	৯ ,,	১২৬৲	।৶০	২৮৮৲	১৲

আজ্ঞা হইল যে, এই নির্দ্ধারণ কন্ট্রোলর জেনরল সাহেবের নিকট পাঠান যায়, তিনি প্রয়োজনীয় অতিরিক্ত আদেশ দিবেন।

আরো আজ্ঞা হইল যে, এই নির্দ্ধারণ সাধারণের অবগতি নিমিত্ত ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা ১৮৮০ সাল ৪ মে।

১৪০ নম্বর।—রেলওয়ে শাখার প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জি, জে, মাকৃকভেন সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া ষ্টেট রেলওয়ের কার্য্যার্থে বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন সিরিশ্‌তায় অবস্থাপিত হইলেন।

জে, এস, ট্রেবর মেজর-জেনরল, আর, ই;
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 18, 1880.

মঙ্গলবার ১৮৮০ সা ১৮ মে।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2763A.

GENERAL.—*The 3rd May* 1880.—Moulvi Imdad Ali, Sub-Deputy Collector, Second Grade, Jamooi, Monghyr, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Debi Prosad, appointed an Assessor under the Bengal License Act, 1880.

Baboo Aghore Nath Mookerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Moulvi Imdad Ali, promoted, and is posted to Begoo Serai, in Monghyr.

Moulvi Gollam Lillahi is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in Purneah, *vice* Moulvi Abdul Majid, appointed an Assessor under the Bengal License Act, 1880.

The 4th May 1880.—Baboo Dino Nath Addy, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring the land required for public purposes in that district.

Baboo Dwarka Nath Sen, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring the land required for public purposes in that district.

Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector, Second Grade, is promoted to the First Grade of the Subordinate Executive Service, with effect from the 1st January 1880.

The 7th May 1880.—Baboo Hem Chunder Mitter, Sub-Deputy Collector, Bongong, in the district of Nuddea, is allowed leave for one week, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Dwarka Nath Mukerjee, Sub-Deputy Collector of Jungypore, in the district of Moorshedabad, is allowed leave for six weeks, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Juggo Mohun Lall, Sub-Deputy Collector, Cuttack, is allowed leave for fifteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 15th instant, or from any subsequent date on which he may avail himself of it.

The 10th May 1880.—Baboo Kali Sanker Sen, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

Baboo Juggo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector in charge of the Khoorda division of the Pooree district, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The 11th May 1880.—Mr. S. N. Banerjea is appointed to act as a Sub-Deputy Collector in Dinagepore during the absence, on deputation, of Baboo Sita Nath Mookerjea, or until further orders.

POLICE.—*The 30th April* 1880.—Mr. H. V. H. Roberts, Assistant Superintendent of Police, in charge of the District Police, Pooree, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the afternoon of the 4th instant.

The 8th May 1880.—Mr. W. M. Galbraith is appointed to act, until further orders, as an Assistant Superintendent of Police.

The 11th May 1880.—Baboo Nobo Kristo Ghose, Officiating Assistant Superintendent of Police, is transferred from Dacca to Palamow, in the district of Lohardugga.

Mr. R. H. G. Irvine, District Superintendent of Police, is posted temporarily to the district of Rajshahye, with effect from the date on which he took over charge of his duties in that district.

REGISTRATION.—*The 27th April* 1880.—Baboo Ruttun Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, is also appointed to be Sudder Sub-Registrar of Rungpore, *vice* Baboo Abinash Chunder Mittra, transferred, with effect from the date on which he assumed charge of the office.

[*Government Gazette*, 18*th May* 1880.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

২৭৬৩ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ৩ মে।—শ্রীযুত দেবীপ্রসাদ বাবু বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে মুঙ্গেরের অন্তর্গত জমুইয়ের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ইমদাদ আলি কিয়ৎ কালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলি উচ্চপদভুক্ত হওয়াতে শ্রীযুত বাবু অঘোরনাথ মুখোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া মুঙ্গেরের অন্তর্গত বেগুসরাইয়ে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত মৌলবী আবদুল মজিদ বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত মৌলবী গোলাম মিল্লাহি পুর্ণিয়ায় কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ৪ মে।—বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য উক্ত জিলায় রাজকার্য্যার্থে ভূমি গ্রহণের নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন, উক্ত জিলায় রাজকার্য্যার্থে ভূমি গ্রহণের নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

দ্বিতীয় শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, সি, টেলর সাহেব, ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি সবর্ডিনেট একুসেকিটিব সর্ব্বিসের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

১৮৮০ সাল ৭ মে।—নদীয়া জিলার অন্তর্গত বনগাঁয়ের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র মিত্র, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক সপ্তাহের ছুটী পাইলেন।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুরের সব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

কটকের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন লাল এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে পনের দিনের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ১০ মে।—চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীশঙ্কর সেন, ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

পুরী জিলার অন্তর্গত খুর্দা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায় ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১১ মে।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু সীতানাথ মুখোপাধ্যায়ের অনুপস্থিতি কাল অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত এস, এন, বন্দ্যোপাধ্যায় দিনাজপুরে সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮০ সাল ৩০ আপ্রিল।—পুরীর ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, বি, এচ, রবর্টস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ৪ তারিখের অপরাহ্ন অবধি তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৮ মে।—শ্রীযুত ডবলিউ, এস, গলব্রেথ সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১১ মে।—পোলীসের এক্টিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু নবকৃষ্ণ ঘোষ, ঢাকা হইতে লোহারডগা জিলার অন্তর্গত পালামৌয়ে প্রেরিত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এচ, জি, অর্ব্বিন সাহেব, রাজশাহী জিলায় যে তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন তদবধি কিয়ৎকালের নিমিত্তে সেই জিলায় অবস্থাপিত হইলেন।

রেজিষ্টরী করণবিষয়ক।—১৮৮০ সাল ২৭ আপ্রিল।—শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র স্থানান্তরে প্রেরিত হওয়াতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ যে তারিখে রঙ্গপুরের সদর সব-রেজিষ্ট্রারের কার্য্যের ভার গ্রহণ করেন তদবধি সেই পদেও নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

The 10*th May* 1880.—Mr. J. F. Harrison, Officiating First Inspector of Registration Offices, is allowed leave for 14 days, under the rules in Chapter VII of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 8th ultimo.

The 11*th May* 1880.—Baboo Bhoirub Chunder Chatterjee, Special Sub-Registrar of Commillah, in Tipperah, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 29th instant, or from any subsequent date on which he may avail himself of it.

Moonshee Zulfaquar Hyder is appointed to act as Special Sub-Registrar of Commillah, in Tipperah, during the absence, on leave, of Baboo Bhoirub Chunder Chatterjee, or until further orders.

MEDICAL.—*The* 6*th May* 1880.—Dr. V. B. Stork reported his departure from India on furlough on the 1st April 1880.

The 8*th May* 1880.—Surgeon-Major W. J. Palmer, M.D., has been granted an extension of leave for nine months on private affairs by the Right Hon'ble the Secretary of State for India.

MARINE.—*The* 6*th May* 1880.—Mr. H. W. W. Ellis, Deputy Shipping Master, Calcutta, is allowed leave for twelve months under Section 4, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 13th ultimo.

MUNICIPAL.—*The* 27*th April* 1880.—Baboo Nobin Chunder Chatterjea, Talookdar and Merchant, is appointed to be a Commissioner of the Bankoora Municipality.

The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the Bankoora Municipality :—

Baboo Hurryhur Mookerjea, L.L., Pleader.
Munshi Ali Jamir, Talookdar and Merchant.

The 28*th April* 1880.—The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Mudhubani Municipality, of Mr. P. T. Rebello, Sub-Deputy Collector, to be their Vice-Chairman for the year 1880-81.

The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Takee Municipality, of Baboo Gyanendra Kumar Rai Chowdhry to be their Vice-Chairman for the year 1880-81.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Commillah, in the district of Tipperah .—

Baboo Koylash Chandra Datta, M.A., B.L., Pleader.
,, Raj Mohun Mitra, Dewan of the Maharajah of Hill Tipperah.

The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Baduria Municipality, of Baboo Nanda Kumar Bosu to be their Vice-Chairman for the year 1880-81.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Hajeepore, in the district of Mozufferpore :—

Baboo Akhoy Coomar, *vice* Baboo Hurdwar Chowbey.
,, Ramjibun Sahoo, *vice* Shaikh Saliyet Hossein.

The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the South Suburban Municipality, of Rai Jadub Chunder Ghose, Bahadoor, to be their Vice-Chairman for the year 1880-81.

The Lieutenant-Governors approves the re-election, by the Commissioners of the Goberdanga Municipality, of Baboo Bani Madhub Chatterjea to be their Vice-Chairman for the year 1880-81.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Kandi, in the district of Moorshedabad :—

Baboo Chunder Coomar Gupta, Assistant Surgeon.
,, Gobindo Soonder Tribedi, Zemindar.
,, Jogendro Narain Roy Chowdhery, Zemindar.
,, Norendro Narain Roy Chowdhery, Zemindar.

Baboo Pran Nath Mullick, Naib of the Paikpara Estate, is re-appointed to be a Commissioner of the Kandi Municipality.

The Lieutenant-Governor approves the re-election of Baboo Hori Mohun Singha by the Commissioners of the Kandi Municipality to be their Vice-Chairman for the year 1880-81.

[*Government Gazette*, 18*th May* 1880.]

১৮৮০ সাল ১০ মে।—রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যালয় সম্বন্ধে একটিং প্রথম ইনস্পেক্টর শ্রীযুক্ত জে, এফ, হ্যারিসন সাহেব, গত মাসের ৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে চৌদ্দ দিনের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ১১ মে।—ত্রিপুরার অন্তর্গত কমিল্লার বিশেষ সব—রেজিষ্ট্রার শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র চট্টোপাধ্যায়, এই মাসের ২৯ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত মুনশী জলফকর হসন ত্রিপুরার অন্তর্গত কমিল্লা বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ৬ মে।—ডাক্তর শ্রীযুত বি, বি, ষ্টর্ক সাহেব, নিয়মিত ছুটী লইয়া ১৮৮০ সালের ১ আপ্রিলে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৮০ সাল ৮ মে।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সর্জন-মেজর শ্রীযুত ডবলিউ, জে, পার্টার, এম ডি, সাহেবের নিজ প্রয়োজনের নিমিত্তে তাঁহাকে আর নয় মাসের ছুটী দিয়াছেন।

সমুদ্র সম্পর্কীয়।—১৮৮০ সাল ৬ মে।—কলিকাতার ডেপুটী শিপিং মাষ্টর শ্রীযুত এচ, ডবলিউ, ডবলিউ, এলিস সাহেব গত মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে আর বার মাসের ছুটী পাইলেন।

মুনিসিপাল বিষয়ক।—১৮৮০ সাল ২৭ আপ্রিল।—তালুকদার ও সওদাগর শ্রীযুত বাবু নবীনচন্দ্র চট্টোপাধ্যায় বাঁকুড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা বাঁকুড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

উকীল শ্রীযুত বাবু হরিহর মুখোপাধ্যায়, এল, এ।

তালুকদার ও সওদাগর শ্রীযুত মুনশী আলি অমির।

১৮৮০ সাল ২৮ আপ্রিল।—মধুবনি মুনিসিপালিটীর কমিশ্যনরেরা সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত পি, টি, রেবেলো সাহেবকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

টাকী মুনিসিপলটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু জ্ঞানেন্দ্রকুমার রায় চৌধুরীকে ১৮৮০। ৮১ সালের নিমিত্তে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

উকীল শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত, এম, এ, ও বি, এল।

ত্রিপুরা পর্ব্বতের মহারাজার দেওয়ান শ্রীযুত বাবু রাজমোহন মিত্র।

বাদুরিয়া মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু নন্দকুমার বসুকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মজফরপুর জিলার অন্তর্গত হাজিপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত হরদ্বার চৌবের পরিবর্ত্তে শ্রীযুত অক্ষয়কুমার বাবু।

„ শেখ সালিমেৎ হুসেনের পরিবর্ত্তে শ্রীযুত বাবু রামজীবন সাহু।

দক্ষিণ শাখনগর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত রায় যাদবচন্দ্র ঘোষ বাহাদুরকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

গোবরডাঙ্গা মুনিসিপালটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায়কে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার গুপ্ত।

জমীদার শ্রীযুত বাবু গোবিন্দসুন্দর ত্রিবেদী।

„ „ বাবু যোগেন্দ্রনারায়ণ রায় চৌধুরী।

„ „ বাবু নরেন্দ্রনারায়ণ রায় চৌধুরী।

পাইকপাড়া ইষ্টেটের নাএব শ্রীযুত বাবু প্রাণনাথ মল্লিক কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

কান্দি মুনিসিপালটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু হরিমোহন সিংহকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

ROAD CESS.—*The* 10*th May* 1880.—The undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Jehanabad, in the district of Gya:—

The Executive Engineer, Patna Division, *ex-officio*.
Baboo Gokul Chunder Prohit, Zemindar.
Moulvi Kabiruddin, Ditto.
Baboo Thakoor Pershad Singh, Ditto.
„ Tiruthraj Singh, Ditto.

Moulvi Fazlulla, Zemindar, is re-appointed to be a member of the Branch Road Cess Committee of Jehanabad, in the district of Gya.

Mr. C. W. Marshall, Manager of the Silk Filature of Messrs. Lyall & Co., is appointed to be a member of the District Road Cess Committee, Moorshedabad, *vice* Mr. J. W. Stacks.

Baboo Abinash Chandra Mookerjee, Moonsif of Palamow, is appointed to be a member of the Branch Road Cess Committee of that place, *vice* Baboo Karunamoy Bauerjee.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 6*th May* 1880.—In the exercise of the powers conferred upon him by Section 314 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor confirms the following bye-law, which was made by the Commissioners of the Bhagulpore Municipality at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given; and in the exercise of the powers conferred by Section 315 of the same Act, the Lieutenant-Governor sanctions the penalties which have been declared by the said Commissioners for the breach of the said bye-law:—

BYE-LAW.

Whenever it shall come to the notice of the Commissioners that any piece of land, unattached to any house, is habitually used as a place for the deposit of filth and excrement, the Commissioners shall issue a notice on the owner of the land, or, in the case of an absent proprietor, on his agent, calling upon him to take such order with respect to such land as shall prevent the continuance or repetition of the nuisance. The owner of such land, or his agent, as the case may be, failing to comply with such requisition, shall, on conviction, be liable to a penalty not exceeding Rs. 20, and, in case of failing to comply with the order of the court, shall, on re-conviction, be liable to a fine not exceeding Rs. 2 a day for each day's disobedience in addition to the original penalty.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7*th May* 1880.—It is hereby notified that, under the powers vested in him by Section 32, Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor excludes from the operation of the Act the following roads within the limits of the Maldah Municipality, and authorizes their transfer to the charge of the Road Cess Committee of the district:—

1. Portion of the Rajmehal and Dinagepore road from Ferry Ghat of old Maldah to Gobindaspara, 18½ chains.
2. Post Office road from Ferry Ghat to Post Office, 2¾ chains.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 10*th May* 1880.—It is hereby notified for general information, in accordance with Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Suburban Municipality, the Charitable Dispensary at Alipore situated within the Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 18*th May* 1880.]

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ১০ মে।—নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলার অন্তর্গত জাহানাবাদের শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাটনা খণ্ডের ইঞ্জিনিয়র সাহেব, স্বীয় পদোপলক্ষে।
জমীদার শ্রীযুত বাবু গোকুল চন্দ্র পুরোহিত।
" " মৌলবী কবিরুদ্দীন।
" " বাবু ঠাকুর প্রসাদ সিংহ।
" " বাবু তীর্থরাজ সিংহ।

জমীদার শ্রীযুত মৌলবী- ফজলুল্লা গয়া জিলার অন্তর্গত জাহানাবাদের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, ডবলিউ, ষ্টোকস সাহেবের পরিবর্ত্তে মেসর্স লায়ন কোম্পানির রেশমকুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত সি, ডবলিউ, মার্শল সাহেব, মুরশিদাবাদ জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে পালামৌয়ের মুনসেফ শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় উক্ত স্থানের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০সাল ৬ মে।—ভাগলপুর মুনিসিপালিটীর কমিশনরেরা উপযুক্তমত নোটিস দিয়া সভা করিয়া নিম্নলিখিত যে উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনসিপল-বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যেং দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেইং দণ্ড অনুমোদন করিলেন।

উপবিধি।

৭৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক জিলার অন্তর্গত কোকা খণ্ড পরগনার চৌদ্বার গ্রামে প্রস্তরের খনির নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চৌদ্বার গ্রামে ন্যূনাধিক ৯ একর ১৩ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ভগবান সিংহের ও শেখ মান্নার কর্ষিত ভূমি, পূর্ব্ব সীমা মাচৌদ্বারের পতিত ভূমি, দক্ষিণ সীমা মাচৌদ্বারের কর্ষিত ও পতিত ভূমি পশ্চিম সীমা মাচৌদ্বারের লাগাও পতিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৭৪ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পানমারী জল বিতরণের নালা হইতে জল যাইবার নালা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত নানোর পরগনার পানমারী ও নাগার ও তেতারিয়া মৌজার মধ্য দিয়া দুই মাইল দৈর্ঘ ও ৫০ অবধি ১৪০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১৪ একর ১ রুড ৩৮ পোল পরিমিত এক খণ্ড ভূমি গ্রহণের আজ্ঞা করা গেল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,

সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 8, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৮ জুন ।

PART V.

Acts of the Bengal Council.

পঞ্চম খণ্ড ।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 7th April 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 6th May 1880, is hereby promulgated for general information :—

ACT No. III OF 1880.

An Act to amend the Howrah Bridge Act, 1871.

Preamble.

Whereas under the sanction of the Lieutenant-Governor of Bengal the Commissioners for making improvements in the Port of Calcutta, being the Commissioners appointed under Bengal Act IX of 1871, have for some time past been running steamers from Calcutta to Howrah and back, and carrying passengers and goods therein, and employing tugs and other boats in towing vessels

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৮০ সালের ৭ আপ্রিল তারিখে অনুমোদন করাতে তাহা ১৮৮০ সালের ৬ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল ।

১৮৮০ সালের ৩ আইন ।

হাবড়ার সেতুবিষয়ক ১৮৭১ সালের আইন সংশোধনার্থ আইন ।

হেতুবাদ ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনমতে নিযুক্ত কমিশ্যনর-স্বরূপ কলিকাতা হইতে হাবড়া পর্য্যন্ত ও হাবড়া হইতে কলিকাতা পর্য্যন্ত কিয়ৎকালাবধি বাষ্পীয় পোত চালাইতেছেন, ও তাহাতে আরোহী ও মাল লইয়া যাইতেছেন, ও সেতুর নীচে দিয়া জাহাজাদি টানিয়া লইয়া যাইবার নিমিত্ত ও সাধারণতঃ সেতুর কর্ম্মে টগ ও অন্য-

through the Howrah bridge and generally in the service of the said bridge, and it is expedient that they should continue to own and work such steamers, tugs, and boats for the purposes aforesaid and also that the said Commissioners should have power to build, purchase, provide, or procure steam-vessels and tugs and other craft and employ the same for any of the purposes aforesaid: It is hereby enacted as follows:—

To be part of Bengal Act IX, 1871.

1.—This Act shall be, and shall be deemed to have always been, a part of Bengal Act IX of 1871.

Commissioners may procure or build and run steam vessels, &c., in the service of the bridge;

2.—It shall be lawful for the Commissioners, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to build or acquire in any manner whatsoever such steam or other vessels as they may think fit, and to employ the same or any of them in towing vessels through the bridge and generally in the service of the bridge, and also in carrying goods, merchandize, and passengers to and from such places in Calcutta and Howrah as may from time to time be fixed by the Lieutenant-Governor, and to book and receive goods, merchandize, and passengers at any such places, and to make and levy such fees and charges as may from time to time be prescribed by the Lieutenant-Governor for the aforesaid duties and services.

and may book goods and passengers.

W. E. H. FORSYTH,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 16th March 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 10th May 1880, is hereby promulgated for general information:—

ACT No. IV OF 1880.

An Act for amending the Calcutta Port Improvement Act, 1870.

Preamble.

Whereas upon the appointment of the Commissioners for making Improvements in the Port of Calcutta to be Conservators of the said Port under the provisions of section 95 of Bengal Act V of 1870, the sum of Rs. 17,65,000 was amongst others due from the said Commissioners to the Secretary of State for India in Council,

Government Gazette, 8th June 1880.]

রূপ নৌকা নিয়োজিত রাখিয়াছেন; এবং তাঁহারা পূর্ব্বোক্ত ঐ২ কার্য্য নিমিত্ত উক্তরূপ বাষ্পীয় পোত ও টগ ও নৌকার স্বামী থাকিয়া তাহা চালাইতে থাকেন, এবং বাষ্পীয় পোত ও টগ ও অন্য নৌকা নির্ম্মাণ করিতে বা ক্রয় করিতে বা যোগাইতে বা পাইতে পারেন ও তাহা পূর্ব্বোক্ত কোন কার্য্যে নিয়োজিত করিতে পারেন, ইহা বাঞ্ছনীয়। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের একাংশস্বরূপ হইবার কথা।

১ ধারা। এই আইন ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের একাংশস্বরূপ হইবে ও নিয়ত ঐ আইনের একাংশস্বরূপ ছিল বলিয়া জ্ঞান হইবে।

সেতুর কর্ম্মে কমিশনরদের বাষ্পীয় পোতাদি পাইতে বা নির্ম্মাণ করিতে ও চালাইতে পারিবার কথা;

২ ধারা। কমিশনরগণ, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে, যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপ বাষ্পীয় বা অন্য পোত নির্ম্মাণ করিতে অথবা যে কোন প্রকারে প্রাপ্ত হইতে পারিবেন, এবং তৎসমুদয় বা তন্মধ্যে কোন খান সেতুর নীচে দিয়া জাহাজাদি টানিয়া লইয়া যাইবার নিমিত্ত ও সাধারণতঃ সেতুর কর্ম্মে ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতার ও হাবড়ার যে২ স্থান নির্দ্ধারিত করেন সেই২ স্থান হইতে বা পর্য্যন্ত মাল ও বাণিজ্য দ্রব্য ও আরোহী লইয়া যাইবার নিমিত্ত নিয়োজিত রাখিতে পারিবেন

মাল ও আরোহী লিখিয়া লইতে পারিবার কথা।

এবং ঐ২ স্থানে মাল ও বাণিজ্য দ্রব্য ও আরোহী বহীতে লিখিয়া গ্রহণ করিতে পারিবেন ও পূর্ব্বোক্ত কার্য্য ও কর্ম্মনিমিত্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে ফী ও খরচ নির্দ্দিস্ট করেন সেই ফী ও খরচ ধার্য্য ও আদায় করিতে পারিবেন।

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৮০ সালের ১৬ মার্চ তারিখে অনুমোদন করাতে তাহা ১৮৮০ সালের ১০ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৪ আইন।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ ১৮৭০ সালের আইন সংশোধন করিবার নিমিত্ত আইন।

হেতুবাদ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশনরেরা যৎকালে ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৯৫ ধারার বিধানমতে উক্ত বন্দরের রক্ষকের পদে নিযুক্ত হন, উক্ত কমিশনরদের অন্য ঋণের সহিত ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকটে ১৭,৬৫,০০০, টাকা ঋণ ছিল, এবং পরে উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সহিত উক্ত কমিশনরদের এই

and it was subsequently agreed between the said Commissioners and the said Secretary of State that the former should be held liable for interest on the said Rs. 17,65,000, and should not be called upon to repay the principal, and it is expedient to provide for payment of interest on the said sum; and whereas the said Commissioners have purchased Government securities of the par value of 5½ lakhs of rupees, hereinafter called the reserve fund, to meet sudden and urgent disbursements connected with the said Port, and it is expedient to exempt the same from liability for certain debts of the said Commissioners; and whereas it is expedient to empower the said Commissioners to borrow money for the estimated costs of any works hereafter to be undertaken by them, and to borrow from the said Secretary of State the sum of Rs. 53,40,349-3 in respect of works hitherto undertaken by them, and to provide for the repayment of the same, and to further amend Bengal Act V of 1870: It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Calcutta Port Improvement Act Amendment Act;"

Commencement.

It shall be read with, and taken as part of, Bengal Act V of 1870, as amended by Bengal Act VII of 1871 and Bengal Act III of 1872, and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Repeal of sections of Bengal Act V of 1870.

2. Sections 6, 7, 8, 9, 10, 41, 42, 43, 44, 45, 46, 47, 82, 83, 84 and 90 of Bengal Act V of 1870, and Schedules A, B and C annexed thereto, are hereby repealed.

This repeal shall not affect the validity of anything done or suffered, or any right, title, obligation or liability accrued before the commencement of this Act.

Property of Commissioners to be held for purposes of this Act, &c.

3. All property vested in, or acquired or held by, and all moneys paid or payable to, the Commissioners shall be held upon trust for the purposes of this Act and not otherwise.

Commissioners may borrow from Government.

4. It shall be lawful for the Commissioners to borrow from the Secretary of State for India in Council the sum of Rs. 53,40,349-3 upon the terms hereinafter mentioned.

চুক্তি হয় যে কমিশ্যনরেরা উক্ত ১৭,৬৫,০০০, টাকার সুদের জন্য দায়ী থাকিবেন, এবং আসল টাকা পরিশোধ করিবার নিমিত্ত তাঁহাদের প্রতি আদেশ করা যাইবে না, এক্ষণে ঐ টাকার সুদ দিবার বিধান করা আবশ্যক। আর উক্ত বন্দর সংক্রান্ত আকস্মিক ও অত্যাবশ্যক খরচ যোগাইবার নিমিত্ত উক্ত কমিশ্যনরেরা পুরা ৫॥ লক্ষ টাকা মূল্যের গবর্ণমেণ্ট সিকুরিটী ক্রয় করিয়াছেন, এই তহবীল পরে রিজার্ব ফণ্ড অর্থাৎ উত্তর কাল জন্য রক্ষিত তহবীল নামে অভিহিত হইবে, এবং ইহা উক্ত কমিশ্যনর দের কোনং ঋণ দায় হইতে মুক্ত রাখা আবশ্যক। আবার উক্ত কমিশ্যনরেরা ভবিষ্যতে যে কোন কার্য্যে প্রবৃত্ত হন, তাহার অনুমানমত ব্যয় নির্ব্বাহার্থে ঋণ গ্রহণ করিবার নিমিত্ত ও এপর্য্যন্ত তাঁহারা যে সকল কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন তজ্জন্য উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে ৫৩,৪০,৩৪৯৵০ টাকা ঋণ গ্রহণ করিবার ও তৎ পরিশোধের বিধান করিবার নিমিত্ত উক্ত কমিশ্যনর দিগকে ক্ষমতা দেওয়া ও ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইন আরো সংশোধন করা আবশ্যক। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন বিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ।

এই আইন ১৮৭১ সালের বঙ্গীয় ৭ আইন দ্বারা ও ১৮৭২ সালের বঙ্গীয় ৩ আইন দ্বারা সংশোধিত ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের সহিত পঠিত ও তাহারই অংশ বলিয়া গৃহীত হইবে, এবং ইহা যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি বলবৎ হইবে।

১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের কএক ধারা রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৬, ৭, ৮, ৯, ১০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৮২, ৮৩, ৮৪, ও ৯০ ধারা এবং উক্ত আইন সংযুক্ত A, B, ও C তফসীল এতদ্দ্বারা রহিত করা গেল।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যাহা কিছু করা বা করিতে দেওয়া যায়, অথবা যে কোন স্বত্ব বা অধিকার বা কর্ত্তব্য বা দায় উৎপন্ন হয়, এই রহিত দ্বারা তাহার সিদ্ধতা সম্বন্ধে কোন বিঘ্ন হইবে না।

কমিশ্যনরদের সম্পত্তি প্রভৃতি এই আইনের কার্য্য পক্ষে অধিকারে রাখিবার কথা।

৩ ধারা। যে সকল সম্পত্তি কমিশ্যনরদের প্রতি বর্ত্তে বা তাঁহারা প্রাপ্ত হন বা অধিকারে রাখেন, এবং যে সকল টাকা তাঁহাদিগকে দত্ত বা দেয় হয় তৎসমুদয় এই আইনমত কার্য্যপক্ষে ন্যস্তধন স্বরূপ তাঁহাদের অধিকারে থাকিবে, অন্যরূপে নহে।

গবর্ণমেণ্টের স্থানে কমিশ্যনরদের ঋণ গ্রহণ করিতে পারিবার কথা।

৪ ধারা। নিম্নলিখিত নিয়মে কমিশ্যনরগণ ভারত-বর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে ৫৩,৪০,৩৪৯৵০ টাকা ঋণ গ্রহণ করিতে পারিবেন।

Payment of interest.

5. Interest at the rate of 4½ per cent. per annum upon the said sum of Rs. 53,40,349-3 and upon the said sum of Rs. 17,65,000 shall be paid by the Commissioners to the said Secretary of State half-yearly; the first of such payments to be made on the 30th day of June 1880.

Re-payment of principal.

6. The said sum of Rs. 53,40,349-3, together with the interest thereon, shall be repaid by the Commissioners to the said Secretary of State by equal half-yearly instalments of such amount that the whole shall be repaid within thirty years from the commencement of this Act; provided that the Lieutenant-Governor of Bengal may, upon the representation of the Commissioners, and with the sanction of the Governor-General in Council, postpone the period of re-payment.

In case of default Government how to proceed.

7. In case of default of payment of any such instalment or interest, the Lieutenant-Governor of Bengal may proceed to realize the same on behalf of the said Secretary of State in the manner prescribed by sections 17 and 18 of this Act; but nothing in this Act shall be deemed to confer upon the said Secretary of State any greater or prior right in respect of realization than that conferred upon other creditors of the Commissioners under this Act.

Power to repay before due date.

8. It shall be lawful for the Commissioners, if they think fit, out of any moneys which may come into their ands under the provisions of this Act, to repay to the said Secretary of State any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed for the repayment of the same shall not have arrived: provided that no such repayment shall be made of any sum less than ten thousand rupees; and that if any such re-payment is made, the amount of interest in each succeeding half-yearly instalment shall be adjusted so as to represent exactly the interest due on the outstanding principal.

Money to be raised for works, &c.

9. If the Lieutenant-Governor of Bengal shall by an order published in the *Calcutta Gazette* so direct, it shall be lawful for the Commissioners from time to time to raise money for the estimated cost of any works or arrangements sanctioned by him to such extent as he may from time to time direct.

[*Government Gazette, 8th June* 1880.]

সুদ দিবার কথা।

৫ ধারা। কমিশ্যনরগণ উক্ত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ছয় ছয় মাসান্তে উক্ত ৫৩, ৪০, ৩৪৯৵০ টাকার উপর ও পূর্ব্বোক্ত ১৭, ৬৫,০০০ টাকার উপর বৎসর শতকরা ৪৷৷০ টাকা হিসাবে সুদ দিবেন। ১৮৮০ সালের ৩০ জুন তারিখে প্রথমে উক্তরূপ সুদের টাকা দেওয়া যাইবে।

আসল টাকা দিবার কথা।

৬ ধারা। কমিশ্যনরগণ উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ছয় ছয় মাসের সমান কিস্তি করিয়া সুদ সমেত উক্ত ৫৩, ৪০, ৩৪৯ ৵০ টাকা এরূপে দিবেন যে এই আইনের প্রচলনারম্ভ অবধি ত্রিশ বৎসরের মধ্যে সমুদয় পরিশোধ হইবে। কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কমিশ্যনরদের অনুরোধক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক টাকা পরিশোধ করিবার মিয়াদ বাড়াইয়া দিতে পারিবেন।

দিতে ক্রটি হইলে গবর্ণমেণ্টের ইতিকর্ত্তব্যতার কথা।

৭ ধারা। উক্তরূপ কোন কিস্তির বা সুদের টাকা দিতে ক্রটি হইলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের পক্ষে এই আইনের ১৭ ও ১৮ ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে তাহা আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন; কিন্তু এই আইনমতে কমিশ্যনরদের অন্য মহাজনদের প্রতি টাকা আদায় করিবার যে স্বত্ব অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথায় তদধিক কি তদগ্রগণ্য স্বত্ব শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি অর্পিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

নিয়মিত তারিখের পূর্ব্বে টাকা দিতে পারিবার কথা।

৮ ধারা। এই আইনের বিধানমতে উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের যৎকালে আসল যত টাকা পাওনা থাকে সেই টাকা দিবার সময় না হইলেও এই আইনের বিধানমতে কমিশ্যনরদের হাতে যে টাকা আইসে বিহিত বোধ করিলে তাঁহারা তাহাহইতে ঐ টাকা দিতে পারিবেন। কিন্তু উক্ত প্রকারে একই কালে দশ সহস্রের কম টাকা দেওয়া যাইবে না। তদ্রূপে টাকা দেওয়া গেলে পর প্রত্যেক ষাণ্মাসিক কিস্তিতে সুদের টাকা এরূপ হিসাবে দিতে হইবে যে তাহা ঠিক বাকি আসল টাকার পাওনা সুদ বলিয়া ধরা যায়।

কার্য্যাদির নিমিত্ত টাকা তুলিবার কথা।

৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আজ্ঞা দিলে, তিনি সময়ে২ যে কার্য্য ও নিয়ম অনুমোদন করেন, কমিশ্যনরেরা সময়ে২ তাহার আনুমানিক ব্যয়ের উপযুক্ত টাকা তুলিতে পারিবেন।

10. In such case it shall be lawful for the Commissioners to raise a loan or loans on the security of all, or, with the sanction of the Lieutenant-Governor of Bengal, of any portion of the property, vested in or acquired by them under this Act, other than the said reserve fund, or the sinking fund provided for by section 11 of this Act, or on the security of the total aggregate amount of the proceeds of all or any of the tolls, duties, rates and charges leviable under this Act.

Security for loans.

11. Unless the Lieutenant-Governor of Bengal with the previous sanction of the Governor-General in Council shall by an order published in the *Calcutta Gazette* otherwise direct, such loans shall be contracted in India and in the Indian currency, and the Commissioners shall accumulate by half-yearly instalments in the case of each of such loans a sinking fund of such an amount as will suffice to liquidate such loan within a period not exceeding thirty years from the date of the contracting of the same.

Loans to be contracted in India.

Such sinking fund shall be invested in the names of two trustees, one to be appointed by the Lieutenant-Governor of Bengal, and one by the Commissioners, in the promissory notes, debentures, stock and other securities of the Government of India, or in the debentures issued by the Commissioners under this Act.

12. Such loans and the interest thereon shall be a first charge on the property or on the tolls, duties, rates, and charges on the security of which such loans shall have been raised as provided by section 10 of this Act.

Loans to be a first charge on property.

13. All the moneys so to be raised shall be applied by the Commissioners to the following purposes:—

Application of funds raised.

(*a*) the construction and repair of works and erections necessary or expedient for the carrying out of the purposes of this Act;

(*b*) the acquisition of immovable and movable property requisite for such construction or repair as aforesaid;

(*c*) the payment of such salaries, fees and expenses, and such principal and interest as may be due by the Commissioners.

14. Whenever the half-yearly accounts to be laid before the Lieutenant-Governor of Bengal under the provisions of this Act show a surplus for the half-year of receipts

Application of surplus receipts.

১০ ধারা। এরূপ স্থলে উক্ত রিসার্ব ফণ্ড ও এই আইনের ১১ ধারার নির্দ্দিষ্ট সিঙ্কিং ফণ্ড ছাড়া যে সম্পত্তি এই আইনমতে কমিশ্যনরদের প্রতি বর্ত্তে বা তাঁহারা প্রাপ্ত হন, তাঁহারা সেই সমুদয় সম্পত্তি অথবা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরসাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তাহার কোন অংশ জামিন রাখিয়া, অথবা এই আইনমতে আদেয় সমুদয় বা কোন টোলের, মাসুলের, করের ও খরচের উৎপন্ন মোট টাকা জামিন রাখিয়া, ঋণগ্রহণ করিতে পারিবেন।

ঋণগ্রহণের জামিনের কথা।

১১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া প্রকারান্তরের আদেশ না দিলে, ভারতবর্ষে ও ভারতবর্ষের প্রচলিত মুদ্রায় উক্ত ঋণগ্রহণ করা যাইবে; এবং উক্তরূপ প্রত্যেক ঋণ গ্রহণ স্থলে কমিশ্যনরগণ যাণ্মাষিক কিস্তি করিয়া ঈদৃশ পরিমাণের সিঙ্কিং ফণ্ড অর্থাৎ ঋণপরিশোধার্থ তহবীল জমাইতে থাকিবেন যাহাতে ঋণগ্রহণের তারিখ অবধি ত্রিশ বৎসরের অনধিক কাল মধ্যে উক্ত ঋণ পরিশোধ হইতে পারে।

ভারতবর্ষে ঋণগ্রহণ করিতে হইবার কথা।

উক্ত সিঙ্কিং ফণ্ডের টাকা দিয়া দুই জন ট্রষ্টির নামে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রামিসরী নোট, ডিবেঞ্চর, ষ্টাক ও অন্য সিকুরিটী, অথবা এই আইনমতে প্রদত্ত কমিশ্যনরদের ডিবেঞ্চর ক্রয় করা যাইবে। ট্রষ্টিদের এক জনকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ও এক জনকে কমিশ্যনরেরা নিযুক্ত করিবেন।

১২ ধারা। এই আইনের ১০ ধারার বিধানমতে যে সম্পত্তি বা যে সকল টোল ও মাসুল ও কর ও খরচ জামিন রাখিয়া ঋণের টাকা তোলা যায়, উক্ত ঋণের টাকা ও তাহার সুদ তৎসমুদয়ের উপর প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে।

ঋণের টাকা সম্পত্তির উপর প্রথম দায়মধ্যে গণ্য হইবার কথা।

১৩ ধারা। উক্ত প্রকারে যত টাকা তোলা যায় কমিশ্যনরেরা তাহা লইয়া নিম্নলিখিত কার্য্য করিবেন।

যত টাকা তোলা যায় তাহার প্রয়োগের কথা।

(ক) এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত আবশ্যক বা বাঞ্ছনীয় কার্য্য ও গাঁথনী নির্ম্মাণ ও মেরামত করিবেন, ও

(খ) পূর্ব্বোক্তরূপ নির্ম্মাণ ও মেরামত কার্য্যনিমিত্ত প্রয়োজনীয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় করিবেন এবং

(গ) কমিশ্যনরদের যে বেতন ও ফী ও খরচ ও যে আসল টাকা ও সুদ দেয় হয় তাহা দিবেন।

১৪ ধারা। এই আইনের বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে ছয়২ মাসের যে হিসাব অর্পণ করিতে হইবে তদ্দ্বারা যাণ্মাসিক ব্যয় বাদে আয়ের উদ্বর্ত্ত দেখা গেলে

অবশিষ্ট আয়ের প্রয়োগের কথা।

over expenditure, such surplus, or so much, thereof as the Commissioners shall think fit, may be invested by the Commissioners in the purchase in their corporate name of promissory notes, debentures, stock, and other securities of the Government of India, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the Commissioners at any time to dispose of any such securities, and to apply the proceeds and interest thereof, with the sanction of the Lieutenant-Governor of Bengal, in or towards any of the purposes of this Act.

Payment of debenture by fresh mortgage of rates.

15. The Commissioners may at any time according to the provisions aforesaid, and with the approval of the Lieutenant-Governor of Bengal, raise in any of the ways aforesaid any money that may be required to pay any amount for the time being due from the Commissioners under this Act.

Form of debentures.

16. All debentures which may be issued under the authority of this Act shall be in the form contained in the Schedule hereto annexed, or in such form as may from time to time be approved by the Commissioners and the Lieutenant-Governor of Bengal, and shall be transferable by endorsement; and the right to sue in respect of the moneys secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being without any preference by reason of some of such debentures being prior in date to others.

Remedy by attachment if interest not paid.

17. If the interest on any loan under this Act is not paid according to the conditions of the loan, the Lieutenant-Governor of Bengal may of his own motion, and shall upon the application of lenders holding not less than one-third in value of the total of the loan in respect of the payment of the interest on which default has been committed, attach the tolls, duties, rates, fund or property on the security of which the loan was made. After such attachment, no person except an officer appointed by the Lieutenant-Governor of Bengal shall in any way deal with the attached tolls, duties, rates, fund or property; but such officer may do all acts in respect thereof which the borrower might have done if such attachment had not taken place, and shall apply the proceeds in satisfaction of the interest on the loan and charges due in respect thereof and of all expenses involved by the attachment and subsequent proceedings; and on satisfaction of such interest,

কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত কিম্বা তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশ লইয়া আপনাদের সমবায়িত নামে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রমিসরী নোট, ডিবেঞ্চর, ষ্টাক ও অন্য সিক্যুরিটী ক্রয় করিতে পারিবেন ও তাহার সুদ জমা হইলে তাহাও সেই প্রকারে প্রয়োগ করিতে পারিবেন। এবং কমিশ্যনরদের এই ক্ষমতা থাকিবে যে, উক্ত কোন সিক্যুরিটী কোন সময়ে বিক্রয় করিয়া শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে এই আইনের উদ্দিষ্ট কোন কর্ম্মে সেই টাকা ও তাহার সুদ ব্যয় করিতে পারিবেন।

কর নূতন করিয়া বন্ধক রাখিয়া ঋণপত্রের টাকা শোধ করিবার কথা।

১৫ ধারা। এই আইনমতে কমিশানরদের যৎকালে যে দেনা থাকে তাহা শোধ করিবার নিমিত্ত যত টাকার প্রয়োজন হয়, কমিশনরেরা যে কোন সময়ে পূর্ব্বলিখিত বিধানমতে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক পূর্ব্বোক্তরূপ কোন প্রকারে তত টাকা তুলিতে পারিবেন।

ঋণগ্রহণপত্রের পাঠের কথা।

১৬ ধারা। এই আইনের বলে যে সকল ডিবেঞ্চর বা ঋণগ্রহণপত্র দেওয়া যায় তাহা এই আইনের তফসীলের পাঠে অথবা কমিশ্যনরেরা ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠের অনুমোদন করেন, সেই পাঠে লেখা যাইবে। তাহা পৃষ্ঠলিপি দ্বারা হস্তান্তর করা যাইতে পারিবে; এবং যৎকালে যিনি উক্ত কোন ঋণগ্রহণপত্রধারী হন, তৎকালে তাঁহার প্রতি ঐ পত্র নির্দ্দিষ্ট টাকা সম্পর্কে নালিশ করিবার অধিকার বর্ত্তিবে। এই বিষয়ে কোনং পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পুর্ব্ববর্ত্তী হইলেও তাহার অগ্রগণ্যতা হইবে না।

সুদ না দেওয়া গেলে, ক্রোক করিয়া প্রতিকার পাইবার কথা।

১৭ ধারা। এই আইনমতে ঋণের টাকার উপর যে সুদ পাওনা হয়, তাহা ঋণপত্রের নিয়মানুসারে না দেওয়া গেলে, যে টোল বা মাসুল বা কর বা তহবীল বা সম্পত্তি জামিনস্বরূপ রাখিয়া ঐ ঋণ লওয়া যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আপন ইচ্ছা ক্রমে তাহা ক্রোক করিতে পারিবেন এবং যে ঋণের টাকার সুদ দিতে ত্রুটি হয় তাহার অন্যূন তৃতীয়াংশ পাইবার অধিকারী মহাজনেরা প্রার্থনা করিলে অবশ্যং ক্রোক করিবেন। ক্রোক করিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত কার্য্যকারক ভিন্ন কোন ব্যক্তি ঐ ক্রোককৃত টোল বা মাসুল বা কর বা তহবীল বা সম্পত্তি লইয়া কোন কার্য্য করিতে পারিবেন না। কিন্তু ক্রোক না করা গেলে ঋণী তৎসম্বন্ধে যাহা করিতে পারিতেন, উক্ত কার্য্যকারকও তাহা করিতে পারিবেন ও উৎপন্ন টাকা লইয়া ঐ ঋণ সম্পর্কীয় সকল সুদ ও তাহার খরচ দিবেন ও ক্রোক করিবার ও তৎপরবর্ত্তি আনুষ্ঠানিক কার্য্যের সমস্ত খরচা দিবেন ॥ উক্ত সুদ ও খরচ খরচা দেওয়া

charges and expenses, the property so attached shall be at once released. No default in payment of interest shall render the loan repayable.

Remedy by attachment if loan not repaid.

18. If any loan made under this Act is not repaid according to the conditions of this loan, the Lieutenant-Governor of Bengal may of his own motion, and shall upon the application of lenders holding not less than one-third in value of the total of the loan on which default has been committed, attach the tolls, duties, rates, fund or property on the security of which the loan was made. After such attachment, no person except an officer appointed by the Lieutenant-Governor of Bengal shall in any way deal with the attached toll, duty, rate, fund or property; but such officer may do all acts in respect thereof which the borrower might have done if such attachment had not taken place, and shall apply the proceeds in satisfaction of the loan, and of all charges due in respect thereof, and of all expenses involved by the attachment and subsequent proceedings.

How attachment is to be made.

19. The attachment of any toll, duty, rate, fund or any property held as security for any loan under this Act shall be made by a notice addressed to the Commissioners prohibiting the collection of the proceeds of such toll, duty, rate, or fund, or suspending the management of such property by the Commissioners, and vesting the administration thereof in such officer as the Lieutenant-Governor of Bengal may appoint. This notice shall be published in the *Calcutta Gazette*, and otherwise as may be directed by the Lieutenant-Governor of Bengal within the local limits of the Commissioners. The moneys collected or received under such attachment shall be paid into the Government treasury, and the accounts of such moneys shall be prepared in such form as the Lieutenant-Governor of Bengal may, on the report of the Accountant-General, from time to time direct. A copy of such accounts shall be published in the *Calcutta Gazette*, and shall, if the Governor-General in Council so direct, be submitted to him.

Lieutenant-Governor empowered to make bye-laws.

20. The Lieutenant-Governor of Bengal may on the recommendation of the Commissioners, from time to time make such bye-laws consistent with this Act and with the Indian Ports Act, 1875, as he may think necessary for any of the following purposes (that is to say):—

(*a*) for regulating, declaring, and defining the wharves, quays, stages, jetties and piers on and

গেলে, ঐ ক্রোককৃত সম্পত্তি একেবারে মুক্ত করা যাইবে। সুদ দিতে ত্রুটি হইলে, ঋণের টাকা ফিরাইয়া দিতে হইবে না।

ঋণের টাকা না দেওয়া গেলে ক্রোক করিয়া প্রতিকার পাইবার কথা।

১৮ ধারা। এই আইনমতে যে ঋণের টাকা লওয়া যায়, তাহা ঋণপত্রের নিয়মানুসারে না দেওয়া গেলে, যে টোল বা মাসুল বা কর বা তহবীল বা সম্পত্তি জামিনস্বরূপ রাখিয়া ঐ ঋণ লওয়া যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আপন ইচ্ছাক্রমে তাহা ক্রোক করিতে পারিবেন, এবং যে ঋণের টাকা দিতে ত্রুটি হয় তাহার অন্যূন তৃতীয়াংশ পাইবার অধিকারী মহাজনেরা প্রার্থনা করিলে অবশ্য২ করিবেন। ক্রোক করিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত কার্য্যকারক ভিন্ন কোন ব্যক্তি ঐ ক্রোককৃত টোল বা মাসুল বা কর বা তহবীল বা সম্পত্তি লইয়া কোন কার্য্য করিতে পারিবেন না। কিন্তু ক্রোক না করা গেলে, ঋণী তৎসম্বন্ধে যাহা করিতে পারিতেন, উক্ত কার্য্যকারকও তাহা করিতে পারিবেন ও উৎপন্ন টাকা লইয়া ঐ ঋণের টাকা ও তৎসম্পর্কীয় সকল খরচ ও ক্রোক করিবার ও তৎপরবর্ত্তি আনুষ্ঠানিক কার্য্যের খরচা দিবেন।

যেপ্রকারে ক্রোক করিতে হইবে তাহার কথা।

১৯ ধারা। কোন টোল বা মাসুল বা কর বা তহবীল বা সম্পত্তি জামিনস্বরূপ রাখিয়া ঋণ করা গেলে, কমিশ্যনরদের নামে নোটিস দিয়া তাঁহাদিগকে উক্ত টোলের বা মাসুলের বা করের বা তহবীলের টাকা আদায় করিতে নিষেধ করিয়া কিম্বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কমিশ্যনরদের কার্য্যাধ্যক্ষতা স্থগিত করিয়া ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত কার্য্যকারকের প্রতি ঐ সম্পত্তির কার্য্যনির্ব্বাহের ভার দিয়া, উক্ত টোল প্রভৃতি ক্রোক করা যাইবে। ঐ নোটিস কলিকাতা গেজেটে ও কমিশ্যনরদের ক্ষমতাধীন স্থানের মধ্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অন্য যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে প্রকাশ করা যাইবে। উক্তরূপ ক্রোকমতে যত টাকা আদায় করা বা পাওয়া যায় তাহা গবর্ণমেণ্টের খাজানাখানায় দিতে হইবে; এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আকৌণ্টাণ্ট জেনরলের রিপোর্ট ক্রমে সময়ে২ যে পাঠের আদেশ করেন, সেই পাঠে উক্ত টাকার হিসাব প্রস্তুত করা যাইবে। ঐ হিসাবের এক খণ্ড প্রতিলিপি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আদেশ দিলে, উক্ত গবর্ণমেণ্টে পাঠান যাইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের উপবিধি করিতে পারিবার কথা।

২০ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিশ্যনরদের অনুরোধক্রমে পশ্চাল্লিখিত কার্য্য নিমিত্ত সময়ে২ এই আইন সঙ্গত ও ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইন সঙ্গত যে উপবিধি প্রণয়ন করা আবশ্যক বোধ করেন তাহা প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

(ক) মাল যে ওয়ার্ক ও পোস্ত, ও জেটী ও ষ্টেজ ও মঞ্চ হইতে জলযানে তোলা যাইবে ও তাহা হইতে

from which goods shall be landed from, and shipped in, vessels within the port;

(*b*) for the safe and convenient use of such wharves, quays, stages, jetties and piers, and of landing-places, tramways, warehouses, sheds and other works in and adjoining the same;

(*c*) for regulating the reception and removal of goods within and from the premises of the Commissioners, and for declaring the procedure to be followed for taking charge of goods which may have been damaged before landing, or may be alleged to be so damaged;

(*d*) for the mode of payment of tolls, charges, dues, and rates levied under this Act;

(*e*) for the removal of wrecks from the port or the river, and keeping clean the port, the river, the bank of the river, and the works of the Commissioners, and for preventing filth and rubbish being thrown therein or thereon;

(*f*) for otherwise carrying out the purposes of this Act;

and may from time to time, on the recommendation aforesaid, vary, alter, or revoke any such bye-law so made by him.

Previous to the making, alteration, or revocation of any such bye-law, the recommendation of the Commissioners in respect thereof shall be published for three weeks successively in the *Calcutta Gazette*.

Amendment of section 39 (2) of Bengal Act V of 1870.

21. To section 39 (2) of Bengal Act V of 1870, the following words shall be added, that is to say:—

"or carried; such tramways with the previous sanction of the Governor-General in Council, to be worked by locomotive engines or other motive power drawing or propelling carriages and wagons for the conveyance of goods therein;"

and the said section shall be read and construed as if the said words had been originally therein inserted.

(SCHEDULE *referred to in section* 16.)

FORM OF DEBENTURE.

The Commissioners for making Improvements in the Port of Calcutta.

The 18 .

No.

BY virtue of the Act No. IV of 1880 of The Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, entitled "the Calcutta Port Improvement Act Amendment

নামান যাইবে, ইহার বিধান ও নির্দ্দেশ ও নিরূপণ করিবার নিমিত্ত;

(খ) উক্ত ওয়ার্ফ ও পোস্তা ও ষ্টেজ ও জেটী ও মঞ্চ ও তন্মধ্যস্থ ও তৎপার্শ্ববর্ত্তী ঘাট ও ট্রামওয়ে ও গুদামঘর ও শেড ও অন্য বিষয় নির্ব্বিঘ্নে ও সুবিধাজনকরূপে ব্যবহার হইবার নিমিত্ত;

(গ) কমিশ্যনরদের ভূম্যাদির সীমার মধ্যে মাল গ্রহণ ও তথা হইতে তাহা স্থানান্তর করিবার নিমিত্ত ও জাহাজহইতে নামাইবার পূর্ব্বে যে মালের হানি হইয়াছে বা হইয়াছে বলিয়া কথিত হয়, সেই মাল জিম্মায় লইতে হইলে যে প্রণালীমতে কার্য্য করিতে হইবে তাহা নির্দ্দেশ করিবার নিমিত্ত;

(ঘ) এই আইনমতে যে প্রকারে টোল ও মাসুল ও দেনা টাকা ও কর দেওয়া যাইবে তন্নিমিত্ত;

(ঙ) বন্দর বা নদীহইতে ভগ্ন জলযান স্থানান্তর করিবার ও বন্দর ও নদী ও নদীর ধার ও কমিশ্যনরদের বিষয় পরিষ্কার রাখিবার এবং তন্মধ্যে বা তাহার উপর জঞ্জাল বা রাবিশ ফেলা নিবারণ করিবার নিমিত্ত;

(চ) প্রকারান্তরে এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত, উপবিধি প্রণয়ন করিতে পারিবেন;

এবং সময়ে২ তাঁহাদের প্রণীত উক্ত উপবিধি পূর্ব্বোক্তরূপ অনুরোধক্রমে পরিবর্ত্তন কি ভাবান্তর কি রহিত করিতে পারিবেন।

উক্তরূপ কোন উপবিধি প্রণয়ন, পরিবর্ত্তন বা রহিত করিবার পূর্ব্বে, কমিশ্যনরদের তৎসম্পর্কীয় অনুরোধ ক্রমিক তিন সপ্তাহের কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৯ ধারার ২ প্রকরণ সংশোধনের কথা।

২১ ধারা। ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৯ ধারার ২ প্রকরণে "তুলিতে হইবে" এই কথার পর "ও লইয়া যাইতে হইবে" এইং কথা দিতে হইবে; ও ঐ প্রকরণে এই কথাগুলি যোগ করিতে হইবে, যথা, "মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক মাল বহনার্থ আরোহিদের ও মালের গাড়ী টানিবার বা চালাইয়া লইয়া যাইবার কলের গাড়ী বা অন্য পরিচালিকা শক্তি দ্বারা ঐ ট্রামওয়ের কার্য্য সাধিত হইবে।"

এবং উক্ত ধারায় যেং কথা দিতে আদেশ হইল সেইং কথা প্রথমে থাকিলে যেরূপ হইত, তদ্রূপে ঐ ধারার পাঠ ও অর্থ করিতে হইবে।

(১৬ ধারার উল্লিখিত) তফসীল।

ঋণ গ্রহণ পত্রের পাঠ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ।

১৮ সাল তাং

নং।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রণীত "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন বিষয়ক আইন" নামে ১৮৮০ সালের ৪ আইনের বলে

"Parent." "Parent" includes the father and mother of a legitimate child, and the mother of an illegitimate child:

"Guardian." "Guardian" means any person to whom the care, nurture, or custody of any child falls by law, or by natural right or recognized usage, or who has accepted or assumed the care, nurture, or custody of any child, or to whom the care or custody of any child has been entrusted by any authority lawfully authorized in that behalf:

"Public vaccinator." "Public vaccinator" means any vaccinator appointed under this Act, or any person duly authorized to act for such public vaccinator:

"Medical practitioner." "Medical practitioner" means any person duly qualified by a diploma, degree, or license, to practise in medicine or surgery, or specially licensed by the Lieutenant-Governor to practise vaccination and grant certificates under the provisions of this Act:

"Unprotected child." "Unprotected child" means a child who has not been protected from small-Pox by having had that disease either naturally or by inoculation, or by having been successfully vaccinated, and who has not been certified under the provisions of this Act to be insusceptible of vaccination:

"Unprotected person." "Unprotected person" includes a child who has no parent or guardian, and means a person who has not been protected from small-pox by having had that disease either naturally or by inoculation, or by having been successfully vaccinated, and who has not been certified under the provisions of this Act to be insusceptible of vaccination:

"Section." "Section" means a section of this Act.

VACCINATION OF CHILDREN.

Parent or guardian of children born in compulsory limits,

3. The parent or guardian of every child born in any place to which this Act applies as above provided, or may hereafter be extended, shall within one year after the birth of such child; and

and of unprotected children brought to reside in such limits,

the parent or guardian of every unprotected child under the age of fourteen years brought to reside, whether temporarily or permanently, in such place aforesaid shall, within

"জনয়িতা।" "জনয়িতা" শব্দে ঔরস সন্তানের পিতা ও মাতা ও জারজ সন্তানের মাতা বুঝাইবে।

"অভিভাবক।" আইন বা স্বাভাবিক স্বত্ব বা প্রচলিত রীতিক্রমে যে ব্যক্তির উপর কোন শিশুর যত্ন বা পালন বা রক্ষা করিবার ভার পড়ে, অথবা যে ব্যক্তি কোন শিশুর যত্ন বা পালন বা রক্ষা করিবার ভার গ্রহণ করেন বা লন, কিম্বা আইনমতে এতদর্থে ক্ষমতাপন্ন কোন কর্ত্তৃপক্ষ যে ব্যক্তির প্রতি কোন শিশুর যত্ন বা রক্ষা করিবার ভার অর্পণ করেন, "অভিভাবক" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"গোবীজের সরকারী টিকাদার।" "গোবীজের সরকারী টিকাদার" শব্দে এই আইনমতে নিযুক্ত কোন টিকাদার বুঝাইবে, এবং যে কোন ব্যক্তি উক্ত সরকারী টিকাদারের কর্ম্ম করিতে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন হন তাঁহাকেও বুঝাইবে।

"চিকিৎসক।" "চিকিৎসক" শব্দে ডিপ্লোমা বা ডিগ্রী বা লাইসেন্স পাইয়া ঔষধ প্রয়োগ বা অস্ত্র চিকিৎসা করিতে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন ব্যক্তি অথবা এই আইনের বিধানমতে গোবীজের টিকা ও সর্টিফিকেট দিবার বিশেষ লাইসেন্স শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে ব্যক্তিকে দেন সেই ব্যক্তি বুঝাইবে।

"অরক্ষিত শিশু।" আপনা আপনি অথবা বসন্ত বীজের টিকাযোগে বসন্ত রোগ না হওয়াতে অথবা গোবীজের সফলরূপ টিকা না হওয়াতে যে শিশু বসন্তের আক্রমণ হইতে রক্ষিত নহে এবং যে গোবীজের টিকা গ্রহণাক্ষম বলিয়া এই আইনের বিধানমতে সর্টিফিকেট পায় নাই, তাহাকে "অরক্ষিত শিশু" বলা যায়।

"অরক্ষিত ব্যক্তি।" যে শিশুর জনয়িতা বা অভিভাবক নাই "অরক্ষিত ব্যক্তি" শব্দে সেই শিশু গণ্য, এবং আপনা আপনি অথবা বসন্ত বীজের টিকাযোগে বসন্তরোগ না হওয়াতে যে ব্যক্তি বসন্তের আক্রমণহইতে রক্ষিত নহে ও যে গোবীজের টিকা গ্রহণাক্ষম বলিয়া এই আইনের বিধানমতে সর্টিফিকেট পায় নাই, তাহাকে "অরক্ষিত ব্যক্তি" বলা যায়।

"ধারা।" "ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

গোবীজে শিশুদের টিকা দিবার বিধি।

নির্দ্দিষ্ট সীমার মধ্যে জাত শিশুদের,

৩ ধারা। যে কোন স্থানে এই আইন পূর্ব্বোক্ত বিধানমতে প্রচলিত হয় বা পরে চালান যায়, সেই স্থানজাত প্রত্যেক শিশুর জনয়িতা বা অভিভাবক উক্ত শিশুর জন্মের পর এক বৎসর মধ্যে; ও

উক্তসীমার মধ্যে বাস করিবার নিমিত্ত আনীত অরক্ষিত শিশুদের,

চতুর্দ্দশ বৎসরের ন্যূন বয়স্ক যে প্রত্যেক অরক্ষিত শিশু কিয়ৎকালের জন্য বা স্থায়িভাবে পূর্ব্বোক্ত স্থানে বাস করিবার নিমিত্ত আনীত হয়, তাহার জনয়িতা বা অভিভাবক উক্ত শিশুর ঐ স্থানে পঁহুছিবার পর ছয় মাস মধ্যে,

six months after such child's arrival in such place, or if the child be at the time of its arrival less than one year old, within one year and three months after its birth; and

or living in such limits at the date of this Act coming into force,

the parent or guardian of every unprotected child living in such place at the date of this Act coming into force therein, and whose age at such date exceeds one year, but does not exceed fourteen years, shall, within six months from the said date,

must procure their vaccination.

take it, or cause it to be taken, to a public vaccine station to be vaccinated, or shall within such period as aforesaid cause it to be vaccinated by some medical practitioner or public vaccinator,

Public vaccinator bound to vaccinate all children brought to him.

and any public vaccinator to whom such child, or to whom any child under the age of fourteen years, is brought for vaccination at such vaccine station, or who is requested to vaccinate such child elsewhere than at a public vaccine station, is hereby required, with all reasonable despatch, subject to the conditions hereinafter mentioned, to vaccinate such child.

Inspection.

4. At an appointed hour, upon the same day in the following week, after vaccination shall have been performed by a public vaccinator or a medical practitioner, or on an earlier day if the public vaccinator or medical practitioner so desires, the parent or guardian shall cause the child to be inspected by the public vaccinator or medical practitioner by whom the operation was performed, that the result of the operation may be ascertained; and it shall be the duty of any public vaccinator who has vaccinated a child elsewhere than at a public vaccine station to visit the child at the time and for the purpose abovementioned, whether he is requested to do so or not.

Repetition of vaccination.

In the event of the vaccination being unsuccessful, such parent or guardian shall, if the public vaccinator or medical practitioner so direct, cause the child to be forthwith again vaccinated, and subsequently inspected as on the previous occasion.

No fee shall be charged by a public vaccinator for anything done by him under this section.

[*Government Gazette*, 8*th June* 1880.]

অথবা পঁহুছিবার সময়ে শিশুর বয়স এক বৎসরের কম হইলে, উহার জন্মের পর এক বৎসর তিন মাস মধ্যে; ও

বা এই আইন প্রবল হইবার তারিখে উক্ত সীমার মধ্যে যে অরক্ষিত শিশুরা থাকে তাহাদের জনয়িতা ও অভিভাবক,

এই আইন যে তারিখে উক্ত স্থানে প্রবল হয়, সেই তারিখে তথায় যে প্রত্যেক অরক্ষিত শিশু থাকে ও যাহার বয়স ঐ তারিখে এক বৎসরের অধিক কিন্তু চতুর্দ্দশ বৎসরের অনধিক হয়, তাহার জনয়িতা বা অভিভাবক উক্ত তারিখ অবধি ছয় মাস মধ্যে,

গোবীজে তাহাদের টিকা দেওয়াইবেন, ইহার কথা।

ঐ শিশুকে গোবীজে টিকা দিবার নিমিত্ত গোবীজে টিকাদানের কোন সরকারী ষ্টেশনে লইয়া বা লওয়াইয়া যাইবেন, অথবা পূর্ব্বোক্ত কালমধ্যে কোন চিকিৎসক বা গোবীজের কোন সরকারী টিকাদার দ্বারা তাহার গোবীজের টিকা দেওয়াইবেন।

গোবীজের সরকারী টিকাদারের নিকট যে সকল শিশু আনীত হয়, তাঁহার তাহাদিগকে গোবীজে টিকা দিতে হইবার কথা।

ঐ প্রকার গোবীজে টিকাদানের ষ্টেশনে গোবীজের যে সরকারী টিকাদারের নিকট উক্তরূপ শিশু বা চতুর্দ্দশ বৎসরের ন্যূনবয়স্ক কোন শিশু গোবীজে টিকাদান নিমিত্ত আনীত হয়, অথবা গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্যত্র তদ্রূপ শিশুকে টিকা দিবার নিমিত্ত যাঁহার নিকট অনুরোধ হয়, তাঁহার প্রতি এতদ্দারা আদেশ করা যাইতেছে যে, নিম্নলিখিত নিয়মাধীনে যুক্তিমত যত শীঘ্র হইতে পারে গোবীজে ঐ শিশুর টিকা দিবেন।

দেখিবার কথা।

৪ ধারা। গোবীজের সরকারী কোন টিকাদার বা কোন চিকিৎসক গোবীজের টিকা দিলে, পরবর্ত্তি সপ্তাহের সেই বারে অথবা সরকারী টিকাদারের বা চিকিৎসকের ইচ্ছামত তৎপূর্ব্ব কোন বারে নির্দ্দিষ্ট সময়ে উক্ত জনয়িতা বা অভিভাবক, যে সরকারী টিকাদার বা চিকিৎসক টিকা দেন, তিনি যাহাতে উক্ত কার্য্যের ফল নির্ণয় করিতে পারেন তন্নিমিত্ত তাঁহার দ্বারা ঐ শিশুর পরীক্ষা করাইবেন। গোবীজের টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্যত্র গোবীজের কোন সরকারী টিকাদার গোবীজে কোন শিশুর টিকা দিলে তাঁহাকে অনুরোধ করা যাউক বা না যাউক, পূর্ব্বোক্ত সময়ে পূর্ব্বোক্ত কার্য্য নিমিত্ত তাঁহার ঐ শিশুকে দেখিতে হইবে।

গোবীজে পুনর্ব্বার টিকাদানের কথা।

গোবীজের টিকাদান ফলবৎ না হইয়া থাকিলে, যদি উক্ত সরকারী টিকাদার বা চিকিৎসক আদেশ করেন, উক্ত জনয়িতা বা অভিভাবক তৎক্ষণাৎ ঐ শিশুকে পুনর্ব্বার গোবীজের টিকা দেওয়াইবেন ও পূর্ব্ব বারের মত পরে দেখাইবেন।

এই ধারামতে গোবীজের কোন সরকারী টিকাদার যাহা কিছু করেন, তজ্জন্য কোন ফী লইবেন না।

Act," we, the Commissioners for making Improvements in the port of Calcutta, in consideration of the sum of rupees paid to us by *A B* of *, do hereby charge all the property vested in or acquired by us under the said Act (except as provided by section 10 of the same), and the tolls, duties, and rates leviable under the said Act, (*or if any portion of the property is to be charged state the portion charged*) with the payment to the said *A B*, his executors, administrators, and assigns of the sum of , and interest thereon at the rate of per cent. per annum, which sum of is to be paid and payable to the said *A B*, his executors administrators, and assigns at the on the day of , with interest on the same at the rate of per cent. per annum, payable half-yearly at said place on every day of ; and we hereby undertake to pay the said sum of and interest aforesaid as above-mentioned.

(Signatures of the Chairman or Vice-Chairman and two Commissioners.)

W. E. H. Forsyth,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশনরেরা আমরা অমুক স্থান নিবাসি শ্রীযুত অমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইলাম, এবং উক্ত আইনের ১০ ধারার বর্জ্জিত সম্পত্তি ভিন্ন যে সকল সম্পত্তি উক্ত আইনমতে আমাদের প্রতি বর্ত্তিয়াছে বা আমরা প্রাপ্ত হইয়াছি ও উক্ত আইনমতে যে২ টোল ও মাসুল ও কর আদায় করা যাইবে, (অথবা সম্পত্তির কোন অংশের প্রতি দায় বর্ত্তাইতে হইলে তাহার উল্লেখ করিতে হইবে), তাহা হইতে উক্ত শ্রীঅমুককে ও তাঁহার অছি ও ধনাধ্যক্ষ ও আসৈনীদিগকে উক্ত টাকা ও বৎসর শতকরা এত হিসাবে সুদ দিব। ঐ টাকা উক্ত শ্রীঅমুককে ও তাঁহার অছি ও ধনাধ্যক্ষ ও আসৈনীদিগকে অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে দিতে হইবে ও দেওয়া যাইবে। উহার সুদ বৎসর শতকরা এত হিসাবে অমুক২ মাসের অমুক তারিখে ছয়২ মাসান্তে উক্ত স্থানে দিতে হইবে। আমরা উপরিলিখিতমত উক্ত টাকা ও সুদ দিব এই প্রতিজ্ঞা করিয়া ঋণগ্রহণ-পত্র লিখিয়া দিলাম।

(সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির ও দুই জন কমিশনরের স্বাক্ষর)

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের

একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 12th April 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 17th May 1880, is hereby promulgated for general information:—

Act No. V of 1880.

An Act to make Vaccination compulsory.

Preamble.

Whereas it is expedient to make vaccination compulsory in the Town Port, and Suburbs of Calcutta, and in other towns and selected local areas in the territories administered by the Lieutenant-Governor of Bengal to which this Act may be hereafter extended: It is hereby enacted as follows:—

Preliminary.

Short title.

1. This Act may be called "The Bengal Vaccination Act, 1880;"

Extent.

It applies in the first instance only to the Town, Port, and Suburbs of Calcutta as hereinafter defined;

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৮০ সালের ১২ আপ্রিল তারিখে অনুমোদন করাতে তাহা ১৮৮০ সালের ১৭ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৫ আইন।

গোবীজে টিকাদান অনুল্লংঘনীয় করিবার আইন।

হেতুবাদ।

কলিকাতা নগরে ও বন্দরে ও কলিকাতার শাখানগরে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত অন্য যে নগরে ও নির্ব্বাচিত স্থানে এই আইন পরে চালান যায় তথায় গোবীজে টিকাদান অনুল্লংঘনীয় করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

এই আইন প্রথমতঃ কেবল পশ্চান্নির্দ্দিষ্ট কলিকাতা নগরে ও বন্দরে ও কলিকাতার শাখা নগরে প্রচলিত হইবে;

Power to extend Act to towns and local areas.

But the Lieutenant-Governor may, by notification, published in the *Calcutta Gazette,* declare his intention to extend this Act, or any of its provisions, to any town or selected local area in the territories administered by him.

Objection to such extension.

Any inhabitant of such town or area objecting to such extension may, within six weeks from the said publication, send his objection in writing to the Secretary to the Government of Bengal, and the Lieutenant-Governor shall take such objection into consideration.

Procedure thereon.

When six weeks from the said publication have expired, the Lieutenant-Governor, if no such objections have been sent as aforesaid, or (where such objections have been so sent in) if in his opinion they are insufficient, may by like notification effect the proposed extension.

The Lieutenant-Governor shall cause the substance of any notification mentioned in this section to be proclaimed and notified within the town or area affected by the same, in the vernacular of such town or area, by such means, and in such manner as he may direct.

Commencement.

This Act shall come into force from the day on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General; but its operation in any place may at any time be suspended by the Lieutenant-Governor by notification in the said *Gazette.*

Interpretation clause.

2. In this Act—unless there be something repugnant in the subject or context—

"Town of Calcutta."

"Town of Calcutta" includes all places within the local limits of the ordinary original jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal:

"Port of Calcutta."

"Port of Calcutta" means the Port of Calcutta subject to the jurisdiction of the Commissioners appointed under Bengal Act V of 1870:

"Suburbs of Calcutta."

"Suburbs of Calcutta" means the suburbs defined by the notification of the 10th September 1877, and published in the *Calcutta Gazette* of the 26th September 1877:

[*Government Gazette, 8th June* 1880.]

কোন নগরে বা স্থানে আইন চালাইতে পারিবার কথা।

কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাঁহার শাসনাধীন দেশের অন্তর্গত কোন নগরে বা নির্ব্বাচিত স্থানে এই আইন কিম্বা ইহার কোন বিধান চালাইবার অভিপ্রায় প্রকাশ করিতে পারিবেন।

আইন চালাইবার সম্বন্ধে আপত্তির কথা।

ঐ আইন চালাইবার সম্বন্ধে উক্ত নগর বা স্থানবাসী কাহারও আপত্তি থাকিলে, তিনি উক্ত কথা প্রকাশ হওনাবধি ছয় সপ্তাহ মধ্যে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট আপত্তি লিখিয়া পাঠাইতে পারিবেন, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন।

আপত্তি হইলে কার্য্যপ্রণালীর কথা।

উক্ত কথা প্রকাশ হওনাবধি ছয় সপ্তাহ গত হইলেও পূর্ব্বোক্তরূপ কোন আপত্তি পাঠান না গেলে, অথবা তদ্রূপ আপত্তি পাঠান গেলেও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মতে তাহা যথেষ্ট না হইলে, তিনি পূর্ব্বোক্তরূপ জ্ঞাপনপত্র দ্বারা আইন চালাইবার প্রস্তাব ফলবৎ করিতে পারিবেন।

এই ধারার উল্লিখিত কোন বিজ্ঞাপন যে নগর বা স্থান সম্পর্কীয় হয়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ বিজ্ঞাপনের মর্ম্ম সেই নগরের বা স্থানের চলিত ভাষায় তথায় যে উপায়ে ও যে প্রকারে ঘোষণা ও প্রচার করিবার আজ্ঞা করেন সেই উপায়ে ও সেই প্রকারে ঘোষণা ও প্রচার করাইবেন।

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়, সেই তারিখ অবধি প্রবল হইবে; কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কোন সময়ে কোন স্থানে ইহার কার্য্য স্থগিত করিতে পারিবেন।

অর্থকরণের ধারা।

২ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথা দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

"কলিকাতা নগর।"

"কলিকাতা নগর" শব্দে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদৌ নিরূপিত বিচারাধিপত্যের সীমান্তর্গত সমুদয় স্থান গণ্য।

"কলিকাতা বন্দর।"

"কলিকাতাবন্দর" শব্দে ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনমতে নিযুক্ত কমিশানরদের আধিপত্যাধীন কলিকাতা বন্দর বুঝাইবে।

"কলিকাতার শাখা-নগর।"

"কলিকাতার শাখানগর" শব্দে ১৮৭৭ সালের ১০ সেপ্টেম্বরের যে বিজ্ঞাপন ১৮৭৭ সালের ২ অক্টোবরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায়, সেই বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট শাখানগর বুঝাইবে।

5. If any public vaccinator or medical practitioner shall be of opinion that any child is not in a fit state to be vaccinated, he shall forthwith deliver to the parent or guardian of such child a certificate under his hand according to the form of schedule A hereto annexed, or to the like effect, that the child is then in a state unfit for vaccination.

If child be unfit for vaccination, certificate in form A to be given.

The said certificate shall remain in force for three months only, but shall be renewable for successive periods of three months until a public vaccinator or medical practitioner shall deem the child to be in a fit state for vaccination, when the child shall, with all reasonable despatch, be vaccinated and a certificate of successful vaccination given in the form of Schedule C hereto annexed, according to the provisions of section 7, if warranted by the result.

which shall remain in force for three months, but shall be renewable.

6. If any public vaccinator or medical practitioner shall find that a child whom he has three times unsuccessfully vaccinated is insusceptible of successful vaccination, or that the child brought to him for vaccination has already been successfully inoculated or had the small-pox, he shall deliver to the parent or guardian of such child a certificate under his hand, according to the form of Schedule B hereto annexed, or to the like effect, and if the Superintendent of Vaccination be satisfied that such child is insusceptible of successful vaccination, he shall endorse such certificate, and the parent or guardian shall thenceforth not be required to cause the child to be vaccinated.

Provision for giving certificates of insusceptibility of successful vaccination.

7. Every public vaccinator or medical practitioner who shall have performed the operation of vaccination upon any child, and shall have ascertained that the same has been successful, shall deliver to the parent or guardian of such child a certificate according to the form of Schedule C hereto annexed, or to the like effect, certifying that the said child has been successfully vaccinated.

Provision for giving certificates of successful vaccination.

8. No fee or remuneration shall be charged by any public vaccinator to the parent or guardian of any child for any such certificate as aforesaid, nor for any vaccination done by him in pursuance of this Act at a public vaccine station:

No fee to be charged for vaccination at a public vaccine station or for certificates.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

৫ ধারা। কোন শিশুর গোবীজের টিকা হইবার যোগ্য অবস্থা নয়, গোবীজের কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের এরূপ মত হইলে, তিনি উক্ত শিশুর গোবীজের টিকা হইবার যোগ্য অবস্থা নয়, এই আইনের A তফসীলের পাঠে বা সেই মর্ম্মে আপন স্বাক্ষরযুক্ত এরূপ সর্টিফিকেট লিখিয়া তৎক্ষণাৎ ঐ শিশুর জনয়িতাকে বা অভিভাবককে দিবেন।

শিশু গোবীজে টিকা দিবার যোগ্য না হইলে A পাঠে সর্টিফিকেট দিবার কথা।

উক্ত সর্টিফিকেট কেবল তিন মাস প্রবল থাকিবে, কিন্তু যত কাল গোবীজের কোন সরকারী টিকাদার বা কোন চিকিৎসক ঐ শিশুর গোবীজের টিকা দিবার যোগ্য অবস্থা হইয়াছে বলিয়া জ্ঞান না করেন, ততকাল ক্রমিক তিন২ মাসের নিমিত্ত ঐ সর্টিফিকেট নূতন করিয়া লওয়া যাইতে পারিবে। ঐ রূপ অবস্থা হইলে, ঐ শিশুর যুক্তিমত যত শীঘ্র হইতে পারে গোবীজে টিকা দেওয়া যাইবে, এবং ফল লাভ হইলে, ৭ ধারার বিধানমতে এই আইনের C তফসীলের পাঠে গোবীজের সফল টিকা হইবার সর্টিফিকেট দেওয়া যাইবে।

সর্টিফিকেট তিন মাস প্রবল থাকিবার, কিন্তু নূতন করিয়া লওয়া যাইতে পারিবার কথা।

৬ ধারা। যদি গোবীজের সরকারী টিকাদার বা চিকিৎসক কোন শিশুকে তিনবার গোবীজের টিকা দিয়া কোন ফল না পাইয়া নির্ণয় করেন যে ঐ শিশু সফলরূপ গোবীজের টিকা গ্রহণাক্ষম, অথবা যদি তিনি নির্ণয় করেন যে, তাঁহার নিকটে গোবীজের টিকা দিবার নিমিত্ত যে শিশুকে আনা গিয়াছে, তাহার বসন্ত বীজের সফলরূপ টিকা বা বসন্ত রোগ হইয়াছিল, তাহা হইলে তিনি উক্ত শিশুর জনয়িতাকে বা অভিভাবককে এই আইনের B তফসীলের পাঠে বা সেই মর্ম্মে আপন স্বাক্ষরযুক্ত সর্টিফিকেট দিবেন, এবং ঐ শিশু সফলরূপ গোবীজের টিকাগ্রহণাক্ষম, গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের এইরূপ হৃদ্বোধ জন্মিলে, তিনি ঐ সর্টিফিকেটের পৃষ্ঠ লপি লিখিবেন, এবং তদবধি উক্ত জনয়িতার বা অভিভাবকের প্রতি ঐ শিশুর গোবীজে টিকা দেওয়াইবার আজ্ঞা করা যাইবে না।

গোবীজের সফলরূপ টিকা গ্রহণাক্ষমতার সর্টিফিকেট দিবার কথা।

৭ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদার বা কোন চিকিৎসক কোন শিশুর গোবীজে টিকা দিয়া তাহা সফল হইয়াছে জানিলে, উক্ত শিশুর গোবীজে টিকাদান সফল হইয়াছে এইরূপ শংসিত কথা লিখিয়া এই আইনের C তফসীলের পাঠে বা সেই মর্ম্মে উক্ত শিশুর জনয়িতাকে বা অভিভাবককে সর্টিফিকেট দিবেন।

গোবীজে টিকাদান সফল হইবার সর্টিফিকেট দিবার কথা।

৮ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদার পূর্ব্বোক্ত সর্টিফিকেট নিমিত্ত অথবা এই আইনমতে গোবীজে টিকাদানের সরকারী কোন ষ্টেশনে ঐ টিকা দিবার নিমিত্ত কোন শিশুর জনয়িতার বা অভিভাবকের নিকট কোন ফী বা পারিশ্রমিক লইবেন না।

গোবীজের টিকা দানের সরকারী ষ্টেশনে টিকা দিবার নিমিত্ত বা সর্টিফিকেটের নিমিত্ত কোন ফী না লইতে হইবার কথা।

Proviso.

But when a public vaccinator attends at the request of the parent or guardian elsewhere than at a public vaccine station for the purpose of vaccinating a child, he shall be paid a fee not exceeding eight annas, such fee to be devoted to the purpose in the next succeeding section mentioned.

Fees how to be appropriated.

9. All such fees shall, in Calcutta, be paid in by the public vaccinator to the credit of the Corporation of the Town of Calcutta, and be by them appropriated for the purposes of this Act. In places outside Calcutta such fees shall be appropriated as the Lieutenant-Governor may from time to time direct.

Superintendent of Vaccination or his assistants may inspect vaccination of child.

10. The Superintendent of Vaccination as hereinafter appointed or any of his assistants may from time to time inspect the vaccination of any child, whether performed by a public vaccinator or medical practitioner, and may, if he think fit, direct that such child be forthwith again vaccinated.

VACCINATION OF UNPROTECTED PERSONS.

Unprotected persons to be vaccinated.

11. Every unprotected person may, whenever the said Superintendent of Vaccination shall deem it advisable, be served with a notice in the form in Schedule D hereto annexed, requiring him within fifteen days after the service of the same to submit himself to a public vaccinator or medical practitioner to be vaccinated, and every such person shall within the said period submit himself to a public vaccinator or medical practitioner for vaccination.

Former sections applicable.

12. The provisions of sections 3 to 10 (both inclusive) shall apply with the necessary alterations to the case of unprotected persons.

Health Officer of Port may cause vaccination of unprotected persons on their arrival.

13. The powers conferred by sections 11 and 30 upon the said Superintendent of Vaccination may in the case of unprotected persons arriving in the Port of Calcutta be exercised by the Health Officer of the said Port immediately upon their arrival.

[*Government Gazette, 8th June* 1880.]

কিন্তু গোবীজের কোন সরকারী টিকাদার গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্য কোন স্থানে জনয়িতার বা অভিভাবকের অনুরোধক্রমে কোন শিশুর গোবীজে টিকা দিতে গেলে, তাঁহাকে আট আনার অনধিক ফী দেওয়া যাইবে। ঐ ফী পশ্চাদ্বর্ত্তি ধারার লিখিত কার্য্যে ব্যয় করা যাইবে।

উপবিধান।

ফী কিরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

৯ ধারা। কলিকাতা নগরে উক্তরূপ সমুদয় ফী গোবীজের সরকারী টিকাদার কলিকাতা নগরের সমবায়িত সমাজের নামে জমা করিয়া দিবেন, এবং ঐ সমাজ তাহা এই আইনের কার্য্যসাধনার্থে প্রয়োগ করিবেন। কলিকাতার বাহিরে উক্ত ফী শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন তদনুসারে প্রয়োগ করা যাইবে।

গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বা তাঁহার সহকারী কর্ম্মকারকের শিশুর টিকাদান দেখিতে পারিবার কথা।

১০ ধারা। পশ্চাল্লিখিতমতে নিযুক্ত গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা তাঁহার সহকারী কোন কর্ম্মকারক সময়ে২ কোন শিশুর টিকাদান কার্য্য দেখিতে পারিবেন, ঐ কার্য্য গোবীজের কোন সরকারী টিকাদারই করুন বা কোন চিকিৎসকই করুন, এবং উচিত বোধ করিলে ঐ শিশুকে তৎক্ষণাৎ গোবীজে পুনর্ব্বার টিকা দিবার আদেশ করিতে পারিবেন।

অরক্ষিত ব্যক্তিদের গোবীজে টিকা দিবার বিধি।

অরক্ষিত ব্যক্তিদিগকে গোবীজের টিকা দিবার কথা।

১১ ধারা। গোবীজে টিকাদানের উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বিহিত বোধ করিলে, এই আইনের D তফসীলের পাঠে কোন অরক্ষিত ব্যক্তির উপর নোটিস জারী করিতে পারিবেন। তাহাতে তাঁহার প্রতি এই আদেশ থাকিবে যে ঐ নোটিস জারী হইবার পর ১৫ দিনের মধ্যে কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হন; এবং তদ্রূপ প্রত্যেক ব্যক্তি উক্ত সময়ের মধ্যে কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হইবেন।

পূর্ব্ব লিখিত ধারাগুলি খাটিবার কথা।

১২ ধারা। ৩ অবধি ১০ পর্য্যন্ত সমুদয় ধারার বিধান আবশ্যক পরিবর্ত্তনসহ অরক্ষিত ব্যক্তিদের সম্বন্ধেও খাটিবে।

অরক্ষিত ব্যক্তিরা আসিবামাত্র বন্দরের স্বাস্থ্যরক্ষক সাহেবের তাহাদিগকে গোবীজে টিকা দিতে পারিবার কথা।

১৩ ধারা। উক্ত গোবীজের টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি ১১ ও ৩০ ধারায় যে২ ক্ষমতা অর্পিত হইল, কলিকাতা বন্দরে যে অরক্ষিত ব্যক্তিরা আইসে আসিবামাত্র তাহাদের সম্বন্ধে উক্ত নগরের স্বাস্থ্যরক্ষক সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

Procedure applicable to the Town of Calcutta only.

Establishment.

Public vaccine stations.

14. For the purposes of this Act, the Corporation of the Town of Calcutta (hereinafter called the Corporation) shall, subject to the approval of the Lieutenant-Governor, appoint such stations for the performance of vaccination as they shall from time to time deem fit. Such stations shall be called "public vaccine stations."

Appointment of public vaccinators, &c.

The Corporation shall appoint such public vaccinators and vaccination establishments for carrying out the purpose of this Act as they shall from time to time deem fit.

Notification of stations and hours of attendance.

The positions of the public vaccine stations fixed under the provisions of this section, and the days and hours of the public vaccinator's attendance at each station, shall be published from time to time in such manner as the Corporation may direct.

Power of Corporation to make rules.

15. The Corporation may from time to time make such rules, consistent with this Act, as they may deem fit, for regulating the expenses of such vaccination establishments aforesaid, the payment of public vaccinators, and the realization and scale of fees under this Act.

Superintendent of Vaccination.

16. The Health Officer for the Town of Calcutta shall be *ex-officio* Superintendent of Vaccination for the said Town. Such officer, subject to the orders of the Lieutenant-Governor, shall have a general control over all the proceedings of public vaccinators, and shall perform such duties in connection with public vaccination, in addition to those prescribed by this Act, as shall be required by the Lieutenant-Governor.

Assistant Superintendents.

The Lieutenant-Governor may appoint, if necessary, one or more assistants to the Superintendent, and from time to time remove any such assistant.

Expenses of establishments to be a charge on the Corporation.

17. The expenses of all vaccination establishments under this Act, and of the supply of lymph in Calcutta, shall, unless the Lieutenant-Governor otherwise direct, be defrayed by the Corporation.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ৮ জুন ।]

কেবল কলিকাতা নগরের নিমিত্ত বিশেষ কার্য্যপ্রণালীর বিধি ।

সেরেস্তার কথা ।

গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশনের কথা ।

১৪ ধারা । এই আইনের কার্য্যপক্ষে (অতঃপর সমবায়িত সমাজ নামে অভিহিত) কলিকাতা নগরের সমবায়িত সমাজ, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষায়, গোবীজে টিকাদানের নিমিত্ত যেং ষ্টেশন সময়েং উপযুক্ত বোধ করেন সেইং ষ্টেশন নিরূপণ করিবেন । উক্তরূপ ষ্টেশনগুলি, "গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন" নামে খ্যাত হইবে ।

সরকারী টিকাদারাদির নিয়োগের কথা ।

সমবায়িত সমাজ সময়েং যেরূপ উচিত বোধ করেন, এই আইনের উদ্দেশ্য সফল করণার্থ তদ্রূপ গোবীজের সরকারী টিকাদারগণ ও গোবীজে টিকাদানের সেরেস্তা নিযুক্ত করিবেন ।

ষ্টেশনের ও উপস্থিত থাকিবার ঘণ্টার সম্বাদ দিবার কথা ।

এই ধারার বিধানমতে গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশনের যেং স্থান নির্দ্দেশ করা যায়, এবং প্রত্যেক ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদারের উপস্থিত থাকিবার যেং দিন ও ঘণ্টা নিরূপণ করা যায়, সমবায়িত সমাজ যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে তাহার সম্বাদ সময়েং প্রকাশ করা যাইবে ।

সমবায়িত সমাজের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা ।

১৫ ধারা । গোবীজে টিকাদানের পূর্ব্বোক্ত সেরেস্তার ব্যয়ের ও গোবীজের সরকারী টিকাদারদের প্রাপ্তির ও এই আইনমত ফী আদায় করণের ও তাহার হারের বিধান নিমিত্ত সমবায়িত সমাজ যেরূপ উচিত বোধ করেন, সময়েং এই আইন সঙ্গত তদ্রূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন ।

গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্টের কথা ।

১৬ ধারা । কলিকাতা নগরের স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে উক্ত নগরের গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন । শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাধীনে গোবীজে সরকারী টিকাদারদের সকল কার্য্যের উপর উক্ত কার্য্যকারকের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে, এবং এই আইনে যে সকল কর্ম্ম নির্দ্দিষ্ট হইল তদতিরিক্ত তিনি গোবীজের সরকারী টিকাদান সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশমত সমুদয় কর্ম্ম করিবেন ।

সহকারী সুপরিন্টেণ্ডেণ্টের কথা ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, আবশ্যক হইলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এক বা একাধিক সহকারী কর্ম্মকারক নিযুক্ত করিতে পারিবেন, ও সময়েং তদ্রূপ কোন সহকারী কর্ম্মকারককে অবসৃত করিতে পারিবেন ।

সেরেস্তার খরচ সমবায়িত সমাজের দিতে হইবার কথা ।

১৭ ধারা । শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রকারান্তরের আজ্ঞা না করিলে, এই আইনমত গোবীজে টিকাদানের সেরেস্তার ও কলিকাতায় বীজ যোগাইবার সমস্ত খরচ সমবায়িত সমাজ দিবেন ।

Registration.

Registrar of Births to give notice of the requirement of vaccination.

18. On the registration of the birth of any child under the provisions of Chapter X of "The Calcutta Municipal Consolidation Act, 1876," or of any other law for the time being in force, the Registrar shall deliver to the person giving information of such birth a printed notice in the form of Schedule E hereto annexed, or to the like effect, and such notice shall have attached thereto the several forms of certificates prescribed by this Act.

Duplicates of all certificates to be transmitted to the Registrar.

19. Every public vaccinator or medical practitioner, who gives to any parent or guardian a certificate in any of the forms of the said Schedules A, B, and C shall, within twenty-one days after giving the same, transmit a duplicate thereof to the Registrar of Births of the district where the birth of the child on whose account such certificate was given has been registered; or if that be not known to him, or if the child was born out of the Town of Calcutta, or his birth has not been registered in the said Town, to the Registrar of the district within which the child was vaccinated or presented for vaccination.

Registrar to keep a Vaccination Notice and Certificate Book.

20. The Registrar of Births shall keep a book in such form as may from time to time be prescribed by the rules made under section 33, in which he shall enter minutes of the notices of vaccination given by him as herein required, and shall also register the duplicates of certificates transmitted to him as herein provided.

and also a duplicate Register of Births, with entries concerning vaccination.

21. He shall also prepare and keep a duplicate of the Register of Births required to be kept by him under the provisions of "The Calcutta Municipal Consolidation Act, 1876," or of any other law for the time being in force, with such additional columns as shall from time to time be prescribed by the rules made under section 33, in which he shall record the date of every duplicate certificate in the form of the said Schedule B or Schedule C received by him concerning any child whose birth he has registered, and make an entry to the effect that the child has been vaccinated or is insusceptible of vaccination, as the case may be.

[*Government Gazette, 8th June* 1880.]

রেজিষ্টরীকরণের কথা।

গোবীজে টিকাদানের আবশ্যক নোটিস জন্মের রেজিষ্ট্রারের দিতে হইবার কথা।

১৮ ধারা। কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ১০ অধ্যায়ের বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহার বিধানমতে কোন শিশুর জন্ম রেজিষ্টরী করা গেলে, যে ব্যক্তি ঐ জন্মের সংবাদ দেন রেজিষ্ট্রার তাঁহাকে এই আইনের E তফসীলের পাঠে অথবা সেই মর্ম্মের নোটিস দিবেন, এবং এই আইনের নির্দ্দিষ্ট ভিন্নং সর্টিফিকেটের পাঠ ঐ নোটিসের সঙ্গে লাগান থাকিবে।

রেজিষ্ট্রারের নিকট সমুদয় সর্টিফিকেটের দোকর লিপি পাঠাইবার কথা।

১৯ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদার অথবা কোন চিকিৎসক পূর্ব্বোক্ত A বা B বা C তফসীলের পাঠে কোন জনয়িতাকে বা অভিভাবককে সর্টিফিকেট দিলে, তাহা দিবার পর একুশ দিনের মধ্যে তাহার দোকর লিপি, যে শিশুর নিমিত্ত সর্টিফিকেট দেওয়া যায় তাহার জন্ম যে পল্লীতে রেজিষ্টরী করা হইয়াছিল সেই পল্লীর জন্মের রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেন; কিম্বা ঐ কথা তাঁহার জানা না থাকিলে অথবা কলিকাতার বাহিরে শিশুর জন্ম হইয়া থাকিলে বা উক্ত নগরে তাহার জন্ম রেজিষ্টরী করা না হইয়া থাকিলে, যে পল্লীর মধ্যে ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া যায় বা ঐ টিকা দিবার নিমিত্ত উপস্থিত করা যায় সেই পল্লীর রেজিষ্ট্রারের নিকট পাঠাইবেন।

গোবীজে টিকাদানের নোটিসের ও সর্টিফিকেটের একখান বহী রেজিষ্ট্রারের রাখিবার কথা।

২০ ধারা। ৩৩ ধারামত বিধিতে সময়২ যে পাঠ নির্দ্দিষ্ট হয়, জন্মের রেজিষ্ট্রার সেই পাঠে একখান বহী রাখিবেন। এই আইনের আদেশমতে তিনি গোবীজে টিকাদানের যে নোটিস দেন, ঐ বহীতে তাহার চুম্বক কথা লিখিয়া রাখিবেন, এবং এই আইনের বিধানমতে সর্টিফিকেটের যে দোকর লিপি তাঁহার নিকট প্রেরিত হয় তাহাও ঐ বহীতে রেজিষ্টরী করিয়া রাখিবেন।

গোবীজের টিকাদানের কথাসহ জন্মের রেজিষ্টরের দোকরলিপি রাখিবার কথা।

২১ ধারা। কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ বিষয়ক ১৮৭৬ সালের আইনের বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহার বিধানমতে যে জন্মের রেজিষ্টর রাখিতে তাঁহার প্রতি আদেশ আছে, তিনি তাহার দোকর লিপি প্রস্তুত করিয়া রাখিবেন এবং ৩৩ ধারামতে প্রণীত বিধিতে সময়েং যেং অতিরিক্ত ঘর দিবার আদেশ থাকে, ঐ রেজিষ্টরে সেইং ঘর দিবেন। তাহাতে তিনি যে শিশুর জন্ম রেজিষ্টরী করেন তৎসম্বন্ধে উক্ত B কি C তফসীলের পাঠে যে সার্টিফিকেটের দোকর লিপি পান তাহার তারিখ লিখিবেন ও ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া গিয়াছে অথবা, স্থলবিশেষে, সে গোবীজের টিকাগ্রহণাক্ষম এই মর্ম্মের কথা লিখিবেন।

22. He shall also keep a Register of Postponed Vaccinations in the form of Schedule F hereto annexed, in which he shall record the name of every child concerning whom he receives a duplicate certificate in the form of the said Schedule A, together with the date of such duplicate certificate, and of each such successive duplicate certificate, if he receives more than one, and shall show the number and year of the entry, if any, in the Register of Births in which such child's birth has been registered.

and also a Register of Postponed Vaccinations.

23. Every Registrar shall transmit on or before the fifteenth of every month to the Superintendent of Vaccination a return, in such form as may from time to time be prescribed by the rules made under section 33, of all cases in which duplicate certificates have not been duly received by him in pursuance of the provisions of this Act during the last preceding month.

Transmission of returns to Superintendent.

24. The Lieutenant-Governor may direct that the duties imposed on the Registrar of Births under sections 19, 20, 21, 22, and 23, shall be performed by any other person appointed by the Lieutenant-Governor.

Lieutenant-Governor may direct any person to perform duties of Registrar.

Procedure applicable outside the Town of Calcutta.

25. In any municipality other than the Town of Calcutta, and in any local area to which this Act may hereafter be extended, the Magistrate of the District may exercise all or any of the powers by this Act conferred upon the Corporation;

Powers of Corporation may be exercised in mofussil by Magistrate of the district;

and the Civil Surgeon of the district or such other officer as the Lieutenant-Governor may from time to time appoint in that behalf shall exercise the powers and perform the duties by this Act assigned to the Superintendent of Vaccination.

and of Superintendent of Vaccination by Civil Surgeon.

Prosecutions and Offences.

26. If the Superintendent of Vaccination shall notify in writing to a Magistrate that he has reason to believe from the statement of an informant or otherwise that any child under the age of fourteen years is an unprotected child, and that he has given notice to the parent or guardian of such child

Magistrate may make an order for the vaccination of any unprotected child under 14 years.

২২ ধারা। গোবীজে টিকাদান স্থগিত রাখা গেলে, তিনি এই আইনের F তফসীলের পাঠে তাহারও রেজিষ্টর রাখিবেন। যে প্রত্যেক শিশু সম্বন্ধে তিনি উক্ত A তফসীলের পাঠে সর্টিফিকেটের দোকর লিপি পান তাহার নাম ও ঐ দোকরলিপির তারিখ ও একাধিক দোকর লিপি পাইলে পর যেং প্রত্যেক দোকর লিপি পান তাহার তারিখ ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং জন্মের রেজিষ্টরে উক্ত শিশুর জন্ম রেজিষ্টরী করা গিয়া থাকিলে তাহার নম্বর ও সালও লিখিতে হইবে।

গোবীজে টিকাদান স্থগিত রাখা গেলে তাহারও রেজিষ্টর রাখিবার কথা।

২৩ ধারা। পূর্ব্ব মাসে এই আইনের বিধানক্রমে যে সকল স্থলে সর্টিফিকেটের দোকর লিপি নিয়মিতরূপে পাওয়া যায় নাই, ৩৩ ধারামতে প্রণীত বিধিতে সময়েং যেরূপ পাঠের আদেশ থাকে তদ্রূপ পাঠে প্রত্যেক রেজিষ্ট্রার প্রত্যেক মাসের ১৫ তারিখে বা তাহার পূর্ব্বে গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট সেই সকল স্থলসম্বন্ধীয় রিটর্ণ পাঠাইবেন।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট রিটর্ণ পাঠাইবার কথা।

২৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, ১৯, ২০, ২১, ২২, ও ২৩ ধারামতে জন্মের রেজিষ্ট্রারের প্রতি যে সকল কর্ম্ম করিবার আদেশ হইল, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত অন্য কোন ব্যক্তি সেই সকল কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের যে কোন ব্যক্তিকে রেজিষ্ট্রারের কর্ম্ম করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

কলিকাতা নগরের বহির্ভূত স্থানের কার্য্য প্রণালীর বিধি।

২৫ ধারা। এই আইনে সমবায়িত সমাজের প্রতি যে সকল বা যে কোন ক্ষমতা অর্পিত হইল কলিকাতা নগর ভিন্ন কোন মুনিসিপালিটীতে ও যে কোন স্থানে ইহার পর এই আইন চালান যায় তথায় জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই সকল বা তদ্রূপ কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

সমবায়িত সমাজের ক্ষমতাক্রমে মফঃসলে জিলার মাজেষ্ট্রেট সাহেবের কার্য্য করিতে পারিবার কথা।

আর এই আইনে গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে২ ক্ষমতা ও কর্ত্তব্যতার অর্পিত হইল জিলার সিবিল সর্জন অথবা উক্ত কার্য্যপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং অন্য যেকার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই২ ক্ষমতামতে কার্য্য করিয়া সেই২ কর্ত্তব্য পালন করিবেন।

গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতাক্রমে সিবিল সর্জনের কার্য্য করিতে পারিবার কথা।

অভিযোগের ও অপরাধের কথা।

২৬ ধারা। গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যদি লিখিয়া কোন মাজিষ্ট্রেটকে এইরূপ সংবাদ দেন যে, চতুর্দ্দশ বৎসরের কমবয়স্ক কোন শিশু অরক্ষিত শিশু বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখিয়া তিনি ঐ শিশুর গোবীজে টিকা দেওয়াইবার নিমিত্ত তাহার

চতুর্দ্দশ বৎসরের কম বয়স্ক কোন অরক্ষিত শিশুকে গোবীজের টিকা দিবার আজ্ঞা মাজিষ্ট্রেটের করিতে পারিবার কথা।

to procure its being vaccinated, and that the said notice has been disregarded, such Magistrate may summon such parent or guardian to appear with the child before him; and if the Magistrate shall find, after such enquiry as he shall deem necessary, that the child is an unprotected child, he may, whether the child has been produced or not, make an order directing such child to be vaccinated within a certain time. If the child is at any time produced before him the Magistrate may, unless the child is certified under section 5 to be in a state unfit for vaccination, order it to be vaccinated forthwith in his presence, and in that case may punish such parent or guardian for any recusancy under this clause with fine which shall not exceed Rs. 5.

Penalty for disobedience of such order.

If at the expiration of the time appointed by the Magistrate the child shall not have been vaccinated, or shall not be shown to be then unfit to be vaccinated, or to be insusceptible of vaccination, the person upon whom such order shall have been made shall, unless he can show some reasonable ground for his omission to carry the order into effect, be punished with fine which may extend to fifty rupees;

Proviso for costs to person improperly summoned.

Provided that if the Magistrate shall be of opinion that the person is improperly brought before him, and shall refuse to make an order for the vaccination of the child, he may direct the said Superintendent to disclose the name of his informant, if any, and may order such informant to pay to such person such sum of money as the Magistrate shall consider a fair compensation for expenses and loss of time in attending before him;

Provided also that nothing in this section shall be held to compel the production before a Magistrate of any female child above the age of eight years.

Penalty for not producing a child.

27. If any parent or guardian intentionally omits to produce a child whom he has been summoned to produce under the last preceding section, he shall be liable to fine which may extend to Rs. 100, and to a further fine of Rs. 25 for every day during which the offence continues;

Provided that the aggregate amount of fine for such offence shall not exceed Rs. 1,000.

[*Government Gazette*, 8*th June* 1880.]

জনয়িতাকে বা অভিভাবককে নোটিস দিয়াছেন, কিন্তু উক্ত নোটিসের প্রতি অবহেলা করা গিয়াছে, তাহা হইলে উক্ত মাজিষ্ট্রেট ঐ শিশুর সহিত আপনার সম্মুখে উপস্থিত হইবার নিমিত্ত উক্ত জনয়িতাকে বা অভিভাবককে সমন দিতে পারিবেন, এবং উক্ত মাজিষ্ট্রেট যেরূপ তদন্ত আবশ্যক বোধ করেন সেইরূপ তদন্ত করিয়া উক্ত শিশুকে অরক্ষিত শিশু বলিয়া নির্ণয় করিলে, ঐ শিশুকে উপস্থিত করা যাউক বা না যাউক, তাহাকে নির্দ্দিষ্ট কোন সময়ের মধ্যে গোবীজের টিকা দিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন। যদি কোন সময়ে ঐ শিশুকে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা যায়, তবে ঐ শিশু গোবীজের টিকাদানের যোগ্য অবস্থায় নয় ৫ ধারামতে এই সর্টিফিকেট না থাকিলে, ঐ মাজিষ্ট্রেট আপনার সম্মুখে তৎক্ষণাৎ গোবীজে ঐ শিশুর টিকা দিবার আজ্ঞা করিতে পারিবেন, ও তাহা করিলে এই প্রকরণমতে আজ্ঞাবহেলন নিমিত্ত উক্ত জনয়িতার বা অভিভাবকের ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন।

উক্ত আজ্ঞা অমান্য করিলে দণ্ডের কথা।

উক্ত সময় গত হইলেও ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া না গেলে অথবা সে তৎকালে গোবীজের টিকা দানের অযোগ্য বা উক্ত টিকাগ্রহণাক্ষম ইহা দেখান না গেলে যে ব্যক্তির প্রতি উক্ত আজ্ঞা করা যায় আজ্ঞা পালন না করিবার যুক্তিসিদ্ধ কারণ দেখাইতে না পারিলে তাঁহার ৫০ পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

যে ব্যক্তিকে অন্যায়পূর্ব্বক সমন দেওয়া যায়, তাহার খরচাসংক্রান্ত উপবিধান।

কিন্তু উক্ত ব্যক্তিকে অন্যায়পূর্ব্বক তাঁহার সম্মুখে আনা হইয়াছে মাজিষ্ট্রেট যদি এইরূপ বিবেচনা করেন ও ঐ শিশুকে গোবীজের টিকা দানের আজ্ঞা করিতে অস্বীকার করেন, তাহা হইলে তিনি উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি সম্বাদদাতা থাকিলে তাহার নাম প্রকাশ করিবার আদেশ দিতে পারিবেন, ও মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইতে উক্ত ব্যক্তির যে অর্থব্যয় ও সময়ক্ষয় হয় তাহার ক্ষতিপূরণস্বরূপ মাজিষ্ট্রেট যত টাকা ন্যায্য বোধ করেন ঐ ব্যক্তিকে তত টাকা দিবার নিমিত্ত সম্বাদদাতার প্রতি আজ্ঞা করিতে পারিবেন।

পরন্তু আট বৎসরের অধিকবয়স্কা কোন বালিকাকে মাজিষ্ট্রেটের সম্মুখে বলপূর্ব্বক উপস্থিত করা যাইবে এই ধারার কোন কথা ক্রমে এরূপ জ্ঞান হইবে না।

শিশুকে উপস্থিত না করিলে দণ্ডের কথা।

২৭ ধারা। পূর্ব্ব ধারামতে যে শিশুকে উপস্থিত করিবার সমন দেওয়া যায়, কোন জনয়িতা বা অভিভাবক তাহাকে উপস্থিত করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করিলে, তাঁহার ১০০৲ একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ও তদতিরিক্ত যত দিন অপরাধ হইতে থাকে দিন প্রতি ২৫ পঁচিশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

কিন্তু উক্ত অপরাধ জন্য মোট অর্থদণ্ড ১০০০৲ এক হাজার টাকার অধিক হইবে না।

28. Whoever, in contravention of this Act,

(*a*) neglects without reasonable excuse to submit himself within 15 days after the service on him of the notice prescribed by section 11 to a public vaccinator or medical practitioner to be vaccinated, or after vaccination to be inspected, or

Penalty for neglect to be vaccinated.

(*b*) neglects without reasonable excuse to take, or cause a child to be taken to be vaccinated, or after vaccination to be inspected, or

Penalty for neglect to take child to be vaccinated, &c.

(*c*) neglects to fill up and sign and give to any person or to the parent or guardian of any child any certificate which such person, parent or guardian is entitled to receive from him, or to transmit a duplicate of the same to the Registrar of Births,

shall be punished for each such offence with fine which may extend to fifty rupees.

No prosecution under this section shall be instituted after the expiry of twelve months from the date on which the offence has been committed.

29. Whoever wilfully signs or makes, or procures the signing or making of, a false certificate or duplicate certificate under this Act, shall be punished with imprisonment of either description, within the meaning of the Indian Penal Code, for a term which may extend to six months, or with fine which may extend to one hundred rupees, or with both.

Penalty for making or signing false certificate.

30. All offences under this Act shall be cognizable by a Magistrate, subject to the provisions of any law for the time being in force for the trial of offences, but no complaint of any such offences shall be entertained unless the prosecution be instituted by order of, or under authority from, the Lieutenant-Governor or the Superintendent of Vaccination.

Prosecutions to be instituted by Lieutenant-Governor or Superintendent of Vaccination.

31. In any prosecution for neglect to procure the vaccination of a child, it shall not be necessary in support thereof to prove that the defendant had received notice from the Registrar or any other officer of the requirements of the law in this respect; but if the defendant produce any such certificate as hereinbefore described, or the duplicate of the Register of Births or the Register of Postponed Vaccinations kept by the Registrar as hereinbefore provided, in which such certificate

Prosecution for neglect.

২৮ ধারা । এই আইনের বিরুদ্ধে কোন ব্যক্তি (ক) ১১ ধারার নির্দ্দিষ্ট নোটিস পাইয়া, যুক্তিসঙ্গত আপত্তি না থাকিলেও, ১৫ দিনের মধ্যে গোবীজের কোন সরকারী টিকাদারের বা কোন চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হইতে অথবা টিকা হইলে পর দেখাইতে উপেক্ষা করিলে; কিম্বা

গোবীজের টিকা গ্রহণ করিতে উপেক্ষা করিলে দণ্ডের কথা ।

(খ) যুক্তিসঙ্গত আপত্তি না থাকিলেও, টিকা দিবার নিমিত্ত কোন শিশুকে লইয়া যাইতে বা লওয়াইয়া যাইতে অথবা টিকা হইলে পর দেখাইতে উপেক্ষা করিলে; কিম্বা

গোবীজের টিকা দিবার নিমিত্ত শিশুকে লইয়া যাইতে উপেক্ষা করিলে, দণ্ডের কথা ।

(গ) কোন শিশুর জন্মদাতা বা অভিভাবক তাঁহার নিকট যে কোন সর্টিফিকেট পাইবার অধিকারী তাহা লিখিয়া ও স্বাক্ষর করিয়া উক্ত জন্মদাতাকে বা অভিভাবককে দিতে অথবা তাহার দোকর লিপি জন্মের রেজিষ্ট্রারের নিকট পাঠাইতে উপেক্ষা করিলে;

তাঁহার ভক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০৲ পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ।

যে তারিখে অপরাধ করা যায় সেই তারিখ অবধি ১২ মাস গত হইলে পর এই ধারামত কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না ।

২৯ ধারা । কেহ এই আইনমতে মিথ্যা সর্টিফিকেট বা সর্টিফিকেটের দোকর লিপি ইচ্ছা পূর্ব্বক স্বাক্ষরিত করিলে বা লিখিলে অথবা অন্যের দ্বারা স্বাক্ষরিত করাইলে বা লিখাইলে, তাঁহার ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়মত কোন প্রকারের ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড অথবা একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে ।

মিথ্যা সর্টিফিকেট লিখিলে কি স্বাক্ষরিত করিলে, দণ্ডের কথা ।

৩০ ধারা । অপরাধের বিচার সম্বন্ধীয় যৎকালে যে আইন প্রবল থাকে তাহার বিধানের নিয়মাধীনে, এই আইনমত সমুদয় অপরাধ মাজিষ্ট্রেটের বিচার্য্য হইবে; কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বা গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞা বা অনুমতিক্রমে অভিযোগ উপস্থিত করা না গেলে, উক্তরূপ কোন অপরাধের নালিশ গ্রহণ করা যাইবে না ।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বা গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অভিযোগ উপস্থিত করিতে হইবার কথা ।

৩১ ধারা । কোন শিশুকে গোবীজের টিকা দেওয়াইতে উপেক্ষা জন্য যে অভিযোগ উপস্থিত করা যায়, তৎপ্রতিপোষণার্থ প্রতিবাদী রেজিষ্ট্রারের বা অন্য কোন কার্য্যকারকের নিকট এতৎসম্বন্ধে আইনের আদেশের নোটিস পাইয়াছেন, ইহা প্রমাণ করা আবশ্যক হইবে না । কিন্তু প্রতিবাদী পূর্ব্বোক্ত প্রকারের সর্টিফিকেট উপস্থিত করিলে, অথবা উক্ত সর্টিফিকেট রেজিষ্ট্রারের রক্ষিত পূর্ব্বনির্দ্দিষ্ট জন্মের যে রেজিষ্টরে বা গোবীজে টিকাদান স্থগিত রাখিবার যে রেজিষ্টরে নিয়মিতরূপে লিপিবদ্ধ থাকে

উপেক্ষা জন্য অভিযোগের কথা ।

shall be duly entered, the same shall be a sufficient defence for him, except in regard to the certificate according to the form of the said Schedule A, when the time specified therein for the postponement of the vaccination shall have expired before the time when the information shall have been laid.

Miscellaneous.

Annual return to be made of the number of children vaccinated, &c.

32. It shall be the duty of the Superintendent of Vaccination to show in an Annual Return the number of children successfully vaccinated, the number whose vaccination has been postponed, and the number certified to be insusceptible of successful vaccination during the year; and generally to fill up any forms that may be prescribed from time to time by the Lieutenant-Governor or the Corporation.

Lieutenant-Governor to make rules.

33. The Lieutenant-Governor may from time to time make rules or issue orders consistent with this Act—

(*a*) determining the qualifications to be required of public vaccinators;

(*b*) regulating the scale of fees to be paid outside the Town of Calcutta;

(*c*) regulating the gratuitous vaccination of such females as are by the custom of the country unable to attend at the public vaccine stations and are too poor to pay fees;

(*d*) providing for the supply of lymph;

(*e*) regulating the books and forms to be kept by the public vaccinators or by registrars, and also such forms as shall be required for the signature of medical practitioners under the provisions of this Act; and generally

(*f*) for the guidance of public vaccinators and others in all matters connected with the working of this Act.

All such rules or orders shall be published in the *Calcutta Gazette*.

SCHEDULE A.

(*See Section* 5.)

I, the undersigned, hereby certify that in my opinion , the child of , resident at , is not now in

তাহার লোকর লিপি উপস্থিত করিলে, তাহাই আত্মসমর্থনার্থ তাঁহার পক্ষে যথেষ্ট হইবে। কিন্তু উক্ত A তফসীলের পাঠের সর্টিফিকেটে গোবীজে টিকাদান স্থগিত রাখিবার যে সময় নির্দ্দিষ্ট থাকে, নালিশ করিবার পূর্ব্বে সেই সময় অতীত হইয়া থাকিলে, ঐ সর্টিফিকেটে কোন ফল হইবে না।

বিবিধ বিধি।

যতগুলি শিশুর গোবীজের টিকা প্রভৃতি হইয়াছে তাহার বার্ষিক রিটর্ণ দিবার কথা।

৩২ ধারা। বৎসরের মধ্যে গোবীজে টিকাদান যতগুলি শিশুর পক্ষে সফল হইয়াছে, যতগুলির স্থগিত রাখা গিয়াছে, এবং যতগুলি সফলরূপে উক্ত টিকা গ্রহণাক্ষম বলিয়া সর্টিফিকেট দেওয়া গিয়াছে, গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব একখান বার্ষিক রিটর্ণে তাহা দেখাইবেন; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বা সংবাদিত সমাজ সময়েং যে কোন পাঠ নির্দ্দেশ করেন, সাধারণতঃ তাহাও পূরণ করিয়া দিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিধি প্রণয়ন করিবার কথা।

৩৩ ধারা। নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং এই আইন সঙ্গত বিধি প্রণয়ন ও আজ্ঞা প্রচার করিতে পারিবেন;—

(ক) গোবীজের সরকারী টিকাদারের যোগ্যতা নিরূপণের নিমিত্ত।

(খ) কলিকাতা নগরের বাহিরে যে হারে ফী দিতে হইবে, তাহার বিধান করিবার নিমিত্ত।

(গ) যে সকল স্ত্রীলোক দেশাচারমতে গোবীজ টিকাদানের সরকারী ষ্টেশনে উপস্থিত হইতে পারে না অথচ নির্দ্ধন বলিয়া ফীও দিতে পারে না, বিনা মূল্যে গোবীজে তাহাদের টিকাদানের বিধান করিবার নিমিত্ত।

(ঘ) বীজ যোগাইবার বিধান করিবার নিমিত্ত।

(ঙ) গোবীজের সরকারী টিকাদারেরা ও রেজিষ্ট্রেরা যে বহী ও পাঠ রাখিবেন তাহার বিধান করিবার নিমিত্ত, এবং এই আইনের বিধানমতে চিকিৎসকদের স্বাক্ষর করিবার নিমিত্ত যেং পাঠ আবশ্যক হইবে সেইং পাঠের বিধান করিবার নিমিত্ত। ও সাধারণতঃ

(চ) এই আইনের কার্য্যসংক্রান্ত সকল বিষয়ে গোবীজের সরকারী টিকাদার ও অন্যান্য ব্যক্তিদের কার্য্যপদ্ধতি প্রদর্শন নিমিত্ত।

এই সকল বিধি ও আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

A তফসীল।

(৫ ধারা দেখ।)

নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, আমার মতে, অমুক স্থানবাসি শ্রীঅমুকের শিশুসন্তান শ্রীঅমুক এক্ষণে গোবীজের টিকা দিবার

a fit and proper state to be vaccinated, and I do hereby recommend that the vaccination be postponed for the period of three months from this date.—Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

SCHEDULE B.

(*See Section* 6.)

I, the undersigned, hereby certify that I have three times unsuccessfully vaccinated , the child of , residing at
(*or* that the child has already had small-pox, *as the case may be*), and I am of opinion that the said child is insusceptible of successful vaccination.—Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

(Endorsement by Superintendent of Vaccination.)

SCHEDULE C.

(*See Section* 7.)

I, the undersigned, hereby certify that the child of , age , resident at, , has been successfully vaccinated by me.—Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

SCHEDULE D.

(*See Section* 11.)

To

Take notice that you are hereby required under the provisions of the Bengal Vaccination Act, 1880, to submit yourself to a public vaccinator or medical practitioner within fifteen days from the service of this notice for vaccination, and that in default of so doing you will be liable to a fine which may amount to Rs. 50.

The public vaccine station nearest your house is at . The days and hours for vaccination at that station are as follows :—

(*Here insert the days and hours when the public vaccinator is in attendance.*)

On your attending before a public vaccinator at the said station within the said hours on any

যোগ্য অবস্থায় নাই, এবং আমি এই তারিখ অবধি তিন মাস তাহার টিকা দেওয়া স্থগিত রাখিতে পরামর্শ দিতেছি।

১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

B তফসীল।

(৬ ধারা দেখ।)

নিম্ন স্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, অমুক স্থানবাসি শ্রীঅমুকের শিশুসন্তান শ্রীঅমুককে তিনবার গোবীজে টিকা দিয়া সফল হই নাই (অথবা, স্থলবিশেষে, ঐ শিশুর বসন্ত হইয়াছিল), এবং আমার মত এই যে উক্ত শিশু সফলরূপে গোবীজের টিকা গ্রহণাক্ষম।

১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

(গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পৃষ্ঠলিপি।)

C তফসীল।

(৭ ধারা দেখ।)

নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, অমুক স্থান বাসি শ্রীঅমুকের এত বৎসর বয়স্ক শিশুসন্তান শ্রীঅমুককে আমি গোবীজের যে টিকা দিয়াছিলাম তাহা সফল হইয়াছে।

১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

D তফসীল।

(১১ ধারা দেখ।)

শ্রীঅমুক সমীপেষু।

তোমাকে নোটিস দেওয়া যাইতেছে যে বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে তোমার প্রতি এই আদেশ হইল যে তুমি এই নোটিস পাইবার পর পনের দিনের মধ্যে গোবীজের টিকা গ্রহণার্থে গোবীজের কোন সরকারী টিকাদারের নিকট অথবা কোন চিকিৎসকের নিকট উপস্থিত হইবে, এবং তাহা না করিলে তোমার ৫০৲ পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

অমুক স্থানে তোমার বাটীর অতি নিকটবর্ত্তী গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন আছে। সেই ষ্টেশনে টিকাদানের দিন ও ঘণ্টা নিম্নলিখিত রূপ:—

(যেং দিন যেং ঘণ্টায় গোবীজের সরকারী টিকাদার উপস্থিত থাকেন, সেইং দিন ও ঘণ্টা এই খানে লিখ।)

উক্ত কোন দিনে ঐং ঘণ্টার মধ্যে উক্ত ষ্টেশনে, কিম্বা নগরস্থ গোবীজে টিকাদানের অন্য কোন সর-

of the said days, or at any other public vaccine station in the town on the days and within the hours prescribed for public vaccination at such station, you will be vaccinated free of charge.

If you wish to be vaccinated at your own house the public vaccinator will attend there upon payment of a fee of

Dated the of 18 .

Superintendent of Vaccination,
or Civil Surgeon, as the case may be.

SCHEDULE E.

(*See Section* 18.)

To

(*Here insert the name of the parent, guardian, or other person who gives information of the child's birth.*)

Take notice that the child of (*here enter the mother's name*), whose birth has this day been registered, must be vaccinated under the provisions of the Bengal Vaccination Act, 1880, within one year from the date of its birth, under penalty.

The public vaccine station nearest to the house in which the child was born is at No.
The days and hours for vaccination at that station are as follows :—

(*Here insert the days and the hours when the Public Vaccinator is in attendance.*)

On your taking, or causing the child to be taken, to the public vaccinator at the said station within the said hours on any of the said days, or at any other public vaccine station in the city on the days and within the hours prescribed for public vaccination at such station, it will be vaccinated free of charge.

If you wish to have the child vaccinated at your own house the public vaccinator will attend there upon payment of a fee of

You should be careful to have one of the annexed forms of certificates filled in by the public vaccinator, or if you employ a private medical practitioner to vaccinate the child, by such medical practitioner, and to keep the same in your possession. Any such certificate will be granted to you by a public vaccinator free of charge.

Dated the of 18 .

Registrar of Births.

[*Government Gazette*, 8*th June* 1880.]

কারী ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদানের যেং দিন ও ঘন্টা নির্দ্দিষ্ট থাকে তৎকালে তথায় গোবীজের কোন সরকারী টিকাদারের নিকটে উপস্থিত হইলে, বিনা মূল্যে তোমাকে গোবীজের টিকা দেওয়া যাইবে।

তুমি আপন গৃহে গোবীজের টিকা গ্রহণ করিতে চাহিলে, এত ফী দিলে গোবীজের সরকারী টিকাদার তথায় উপস্থিত হইবেন।

১৮ সাল তাং

গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব,
অথবা, স্থলবিশেষে, সিবিল সর্জ্জন।

E তফসীল ।

(১৮ ধারা দেখ।)

শ্রী অমুক সমীপেষু।

(যে জনয়িতা, অভিভাবক, বা অন্য ব্যক্তি শিশুর জন্মের সংবাদ দেন, এই খানে তাঁহার নাম দিবে।)

তোমাকে নোটিস দেওয়া যাইতেছে যে শ্রীমতী অমুকের (এই খানে মাতার নাম দিবে) যে শিশু সন্তানের জন্ম অদ্য রেজিষ্টরী করা গেল, তাহাকে বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে জন্মের তারিখ অবধি এক বৎসর মধ্যে গোবীজের টিকা দিতে হইবে, না দিলে দণ্ড হইবে।

যে গৃহে শিশুর জন্ম হইয়াছে তাহার অতি নিকটবর্ত্তী গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন অমুক রাস্তার এত নং বাটীতে আছে। ঐ ষ্টেশনে টিকাদানের দিন ও ঘন্টা নিম্নলিখিতমত।—

(যেং দিনে যেং ঘণ্টায় গোবীজের সরকারী টিকাদার উপস্থিত থাকেন এখানে তাহা লিখ।)

উক্ত কোন দিনে ঐ ২ ঘন্টার মধ্যে উক্ত ষ্টেশনে কিম্বা নগরস্থ গোবীজে টিকাদানের অন্য কোন সরকারী ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদানের যেং দিন ও ঘন্টা নির্দ্দিষ্ট থাকে তৎকালে তথায় ঐ শিশুকে গোবীজের সরকারী টিকাদারের নিকট লইয়া বা লওয়াইয়া গেলে, বিনা মূল্যে গোবীজে তাহার টিকা দেওয়া যাইবে।

তুমি আপন গৃহে গোবীজে ঐ শিশুর টিকা দিতে চাহিলে, এত ফী দিলে গোবীজের সরকারী টিকাদার তথায় উপস্থিত হইবেন।

তুমি গোবীজের সরকারী টিকাদারের দ্বারা, কিম্বা উক্ত শিশুকে গোবীজের টিকা দিবার নিমিত্ত যদি তুমি কোন সামান্য চিকিৎসককে নিযুক্ত কর, ঐ চিকিৎসকের দ্বারা এতৎসংযুক্ত সর্টিফিকেটের এক খান পাঠ সাবধানে পূরণ করাইয়া লইয়া আপনার নিকটে রাখিবে। গোবীজের কোন সরকারী টিকাদার বিনা মূল্যে তোমাকে ঐ সর্টিফিকেট দিবেন।

১৮ সাল তাং

জন্মের রেজিষ্ট্রার।

SCHEDULE F.

(*See Section* 22.)

Register of Postponed Vaccinations for the District of

Consecutive number.	NAME OF CHILD.	BIRTH.		Date of certificate of postponement.		Signature of Registrar.
		Year.	Number of entry in register.	1878.		
1	Ram Chunder Dass.	1878	12	May ...	10	H. O.

W. E. H. FORSYTH,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

F তফসীল।

(২২ ধারা দেখ।)

অমুক পল্লীর টিকাদান স্থগিত রাখিবার রেজিষ্টর।

ক্রমিক নম্বর।	শিশুর নাম।	জন্ম।		স্থগিত রাখিবার সর্টিফিকেটের তারিখ।	রেজিষ্ট্রারের স্বাক্ষর।
		বৎসর	রেজিষ্টরে লিখিত কথার নম্বর		
১	শ্রীরামচন্দ্র দাস	১৮৭৮	১২	১৮৭৮ মে। ১০	ক, চ

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,

Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 8, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৮ জুন।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নিলামের ইস্তাহার।

জিলে ত্রিপুরা ইস্তাহারনামা কালেক্টরি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎলিখিত মহালের গবর্ণমেণ্টের জমীদারী স্বত্ব ইংরেজি ১৮৮০ সনের ২৮ জুন মোতাবেক ১২৮৭ বাং ১৫ আষাঢ় সোমবার ত্রিপুরা জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম অনুসারে বাধ্য হইবেক।

বিক্রয়ের নিয়ম।

১। মহালের নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহার নিকট বিক্রয় করা যাইবেক ক্রেতাকে মহালের ভূম্যধিকারী বলিয়া গণ্য করা যাইবেক এবং চিরস্থায়ী নির্দ্দিষ্ট রাজস্ব দিবার নিয়মে ঐ মহালে গবর্ণমেণ্টের যে জমিদারী স্বত্ব আছে তাহা সমুদয় হস্তান্তর হইয়া ক্রেতাকে সম্পূর্ণরূপে বর্ত্তিবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রচলিত আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বাহাল থাকিবে, রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ বসতি রায়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতাকে তাহাদিগের স্বত্ব মানিতে হইবেক।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দাখীল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপর প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে ঐ মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে ইতি ১৮৮০ ইং ৫ আপ্রিল।

সেটেলমেণ্টের নম্বর	জিলার বহীতে নম্বর	মাহাল ও পরগনার নাম	ন্যূনাধিক যত একর পরিমাণ এঃ রুড, পে ল, গজ	ধার্য্যকরা রাজস্ব	নিলামের প্রথমডাক	মন্তব্য।
২৩৭	১০২৬	তং করকাবাদ তালুক মনোওর হোসন	২ । ১ । ৯ । ১২;	২১৶৯	৮৪॥৶	সন ১২৮৭ সনের ১ বৈশাখ হইতে নিলাম গণ্য হইবেক।

F. JONES, *Collector*.

জিলা বৰ্দ্ধমান।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা বৰ্দ্ধমান।

এতদ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের শরত্ত অনুসারে বৰ্দ্ধমান জেলার স্থিত নিম্নের লিখিত মহালে গবর্ণমেন্টের যে মালিকী স্বত্ব আছে তাহা বৰ্দ্ধমানের কালেক্টরিতে ইংরাজি ১৮৮০ সালের ২৮ জুন মোতাবক বাঙ্গলা সন ১২৮৭ সালের ১৫ আষাঢ় সোমবার নিলামে বিক্রয় হইবে খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বাপেক্ষায় অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাঁহাকে বিক্রয় করা যাইবে। খরিদারকে সেই মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবে। এই মহালে গবর্ণমেন্টের যে মালিকান্স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবলমাত্র তিনি ধার্য্য রাজস্ব আদায়দিতে থাকিবেন।

২। মহালের প্রজাদিগের পাট্টার শরত্ত এবং বন্দবস্তের কাগজাতে ও প্রচলিত আইনানুসারে যাহার যে স্বত্ব স্বীকার করা হইয়াছে তাহা বজায় রাখিয়া এই বিক্রয় করা যাইবে খরিদার খোদকস্ত রাইয়তদিগের যে রাইয়তেরা রিভিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দিতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। যদি খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হয় তবে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে। বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা ২প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও অগ্রিম দেয় টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহাল ত্রুটিকারি খরিদারের ঝুকিতে পুনরায় নীলাম করা যাইবে ইতি।

খাসমহালের লিষ্টির নম্বর।	তৌজির নম্বর।	মাহালের ও পরগনার নাম।	ভূমির পরিমাণ একরের হিসাব।			ধার্য্য রাজস্ব।	নির্দ্ধারিত মূল্য।	মন্তব্য।
			একর	রোড	পোল			
৫৮ নং	২৬০৫ নং	নিমদহ পং সাতসৈকা।	২	৩	১৬	২৲	৬০৲	

F. WYER, *Collector.*

বিজ্ঞাপন।

এতদ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত ১।২।৭ পোল সিঃ চিহ্নিত জমি যাহা রেইলওয়ে কোম্পানি ত্যাগ করিয়াছে তাহা ১৮৮০ সালের ২৮ জুন মোং ১২৮৭। ১৫ আষাঢ় সোমবার তারিখে মোং রাণীগঞ্জের সবডিবিজানের কাছারিতে নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে বিক্রয় হইবেক আর খরিদারকে নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে হইবেক।

১। খরিদের মূল্য ১০০৲ টাকার কম হইলে তাহা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক। বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা ২ প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে; ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে ২ প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে; দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথমস্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহল ত্রুটিকারী খরিদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবে ইতি।

উল্লেখিত জমি নির্দ্ধারিত মূল্যের উচ্চ মূল্যে লাখেরাজস্বরূপ বিক্রয় করা যাইবেক এবং খরিদারকে আইনানুসারে সার্টিফিকেট দেওয়া যাইবে ইতি।

খাসমহালের রেজিষ্টরির নম্বর।	জেলার রোলের নম্বর।	পরগনা ও মহালের নাম	ন্যূনাধিক পরিমাণ।	নির্দ্ধারিত মূল্য	মন্তব্য।
৫১	১	কুওয়ার বাজার পং সেরগড়।	এঃ রোঃ পোঃ ১-২-৭	১,০৮০৲	নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত নিষ্কর বিক্রীত হইবে।

F. WYER, *Collector.*

Government Gazette, 8th June 1880.]

জিলা নদীয়া।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহালসকল ১৮৮০ সালের ২৯ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৫ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। সন ১৮৮০ সাল ৬ মে।

১৭ নং তৌজির মহল ডিঃ আলফা পং বাগরান রেজিষ্টরীর লিখিত মালিক শান্তিরাম রায় দিগরের নামে ৮৬৭০।/৩ টাকা ও পুলিস ৯৬৶৭ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইন-মতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ১৭।০ নং তৌজির মহল মালিক শান্তিরাম রায় দিঃ নামে ৪০৪৬৵৩ টাকা ও পুলিস ৪৪ ৶৶৮ টাকা সদর জমা লেখা যায় তাহার মধ্যে বাকী ৯।।/৩ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

২২ নং তৌজির মহল বেলগাঁ পং বেলগাঁ রেজষ্টরীর লিখিত মালিক কেদারনাথ ঘোষ দিগর নামে ৬০৫৪৶৪ টাকা ও পুলিস ৭৩।।৶১১ টাকা সদর জমা লেখা যায় তাহার বাকী খাজানা ২৪৶৭ টাকার জন্যে নিলাম হইবেক।

৫১৭৩ নং তৌজিভুক্ত মহাল চান্দুটে পরগণে সাহাবাদ মালিক সৈএদ মহামুদ এহিয়া, আতাওর রহমান, সৈএদ আবদুল সেলাম, নাবালগের তরফ মেনেজার শ্রীমন্নারায়ণ মুখোপাধ্যায়, আবদুল ফর্জা, খবিরা বিবি, সৈদা বিবি, সৈএদ মহামুদ মুছা সদরজমা ৯০৮॥/১ টাকা বাকী ৫০৩৶৯ টাকা।

৬২৩৭ নং তৌজিভুক্ত মহাল কল্যাণপুর পরগণে অম্বিকা মালিক সৈএদ হামেদল হক, আবদুল সাদেক, আবদুল অদুদ, খোদেজা বিবি, যদুনাথ পাল, এনাজআলি, মফিজদ্দীন, কাঙ্গুনু বিবি বাঙ্গুনু বিবি, কাঙ্গনু বিবি, ফজলে রহমান ওরফে আল্লারাখা, আয়মননেছা বিবি, সৈএদ তোফজল আলি, হামেদল হক, তফীএতননেছা বিবি ওরফে আফজলল হক সদরজমা ৮৬৩। ৶৪ টাকা বাকী ১৸/১০ টাকা।

F. Wyer, *Collector.*

জিলা ত্রিপুরা।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহ দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা ত্রিপুরার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবি ১৮৮০ ইং সালের ২৮ মার্চ রবিবার থাকাহেতু ২৯ মার্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ ইং সালের ২৩ জুন মোং ১২৮৭ বাং ১০ আষাঢ় বুধবার দিবসে প্রকাশ নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৮০ ইং সাল তারিখ ৪ মেই।

তফসিল।

তৌজি নম্বর।	এরেজেষ্টরের নম্বর।	মহালের নাম।	মালিকের নাম ও ধাম ও স্বত্বের বিবরণ এবং সীমা।	সদর জমা।	বাকী।	
২৫	৪৯৬	দুর্গাপুর তপা তং দুর্গাপুর।	আলম রাজা ওরফে ইধন গাজী চৌধুরি পিং আহম্মদ রাজা চৌধুরী সাং ওলচাপ তং পং সরাইল হাল সাং বারপাইকা কাছারি তং ফরকাবাদ ষ্টেশন টুবগী বাগরা ভূম্যধিকারি .. ।/৩।=	৮২৮৸/১১৲৬৩		এই দুই অংশ নিলাম হইবেক না।
			মাহাম্মদ গাজী চৌধুরী সাং রূপসা পং সিংহের গাও সতকার্য্যে নির্ব্বাহার্থে কর্ম্মাধ্যক্ষ ... ।/৩॥=	৮২৮॥০		
			॥৶১৩।—	১৬৫৬৸/১১৲৬৩		
			উমেদরাজা চৌধুরি পিং মৃত আহাম্মদ রাজা চৌধুরী সাং পং তথা ভূম্যধিকারি ... ।/৩॥=	৮২৮৸/১১ ৲১৩। ক্রান্ত	১৯৮/৬	এই অংশ নিলাম হইবেক।
			১	২৪৮৫।/১১	১৯৮/৬	

প্রকাশ থাকে যে উক্ত মহালের ।/৩॥= ক্রান্ত অংশ মালিক উমেদ রাজা চৌধুরী রাজস্ব মং ৮২৮।৶১১৲১৩। ক্রান্তের হিসাব যে ১৮৫৯ ইং ১১ আইনের ১০ ধারামুযায়ী পৃথক হইয়াছে ঐ অংশের বাকী পড়াতে তাহা নিলাম হইবেক।

F. Jones, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

জিলা হুগলি।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তর্গত নিম্ন লিখিত মহাল সন ১৮৮০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবি বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্তে সন ১৮৮০। ২৫ জুন মোতাবেক বাঙ্গালা সন ১২৮৭ সালের ১২ আষাঢ় শুক্রবার দিবসে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে ইতি সন ১৮৮০। ১৫ মে—

মহালের নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার তাইন।	বাকীর পরিমাণ।	কৈফিয়ত।
২০৭৪ নং	চর জিরাট পং হাতিকান্দা মালিকী মহাল মালিকের সহিত মেয়াদী বন্দবস্ত	পূর্ণচন্দ্র রায় ও গিরীন্দ্রচন্দ্র রায় ও রাণী লালমণী	১৪০৬৲ রোডকণ্ড ১৪৲ ১৪২০৲	২৭৫৲ ১৪৲ ২৮৯৲	
৩৮০৭ নং	প্রথম শ্রেণীর ইস্তমুরারি বন্দবস্তী মহাল পরিয়ারপুর পং ভুরশীট।	সৈয়দ সাহা দিগর ... বাদ সৈয়দ সাহা ও আবদুল্লা ও আবদুল রহিম ও উম্মতন কতেমা-বিবি রকম ৸০ আনার সদর জমা ইহার পৃথক হিসাব হয় নাই বাকি যজ্ঞেশ্বর মুখোপাধ্যায় রকম ।০ আনা সদর জমা ইহার সন ১৮৫৯। ১১ আং মত পৃথক হিসাব হইয়াছে।	১৫৫৯৸/১১ ১১৬৯৸৴২ ৩৮৯৸৶৯	৶৩ পাই	

J. BEAMES, *Collector.*

বিজ্ঞাপন।

ভারতবর্ষীয় পোতধন বিষয়ক ১৮৭৮ সালের ৬ আইনের ৫ ধারার বিধানমত এতদ্দ্বারায় জানান যাইতেছে যে জেলা হুগলীর অন্তর্গত গোঘাট পোলীস থানার অধীন কলাগেছীয়া গ্রামে রাজনারায়ণ চক্রবর্ত্তীর একটী ক্ষুদ্র পুষ্করীর কিনারা হইতে কুলী লোকের দ্বারা মৃত্তিকা খনন কালীন ১২৮৬ সালের ৭ চৈত্র ইংরাজী ১৮৮০ সালের ১৯ মার্চ তারিখে পুরাতন রৌপ্য মুদ্রা ৩০৲ত্রিশটী পাওয়া গিয়াছে ও তাহার মূল্য ন্যূনাধিক ৩০ টাকা।

উক্ত সমুদয় বা তাহার কোন অংশ ধনে যাহাদিগের দাওয়া থাকে এই বিজ্ঞাপন প্রকাশ হইবার তারিখ অবধি চারি মাসের পর ও ছয় মাসের মধ্যে উক্ত আইনের বিধানমতে উক্ত বিষয়ের অনুসন্ধান ও নিষ্পত্তি হইবার জন্য জেলা হুগলীর কালেক্টর সাহেবের আপীসে ও তৎ সমক্ষে তাহাদিগকে স্বয়ং বা মোক্তারের দ্বারা উপস্থিত হইবার আদেশ করা গেল ইতি ১৮৮০। ২৮ মে।

JOHN BEAMES, *Collector.*
জেলা হুগলীর কালেক্টর।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাণ যাইতেছে জেলা ঢাকার অধীন মুনশীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতি বৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরেজি ১৮৮০ সনের ১৬ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২ অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ঐ সনের ২৭ ডিসেম্বর তারিখে ভঙ্গ হইবেক। বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ ছয় সপ্তাহের মধ্যে ক্রয় বিক্রয় সমাধা করিবেক ইতি।

T. E COXHEAD,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

اشتہار

بذریعہ اسکے عامہ خلایق کو واقف کروایا جاتا ہے کہ ضلع ڈہاکا کے ماتحت محکمہ منشیگنج کے متصل دہلسري دریا کے کنارے جو مشہور کارتک بارني کا میلا ہوا کرتي ہے وہ میلا سنہ ۱۸۸۰ عیسوي ۱۶ سولہوین نومبر مطابق سنہ ۱۲۸۷ بنگلہ ۲ دوسري اگھن سے شروع ہو کر وہي سنہ کا ۲۷ ستائیسوین ڈسمبر کو شکست ہوگي تجارت پیشہ لوگ وہي ۶ چھہ ہفتے کي اندر خرید فروخت آخر کرینگے ●

T. E. COXHEAD.
مجسٹریٹ ضلع ڈہاکا

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA

The 19th February 1878. *Asst. Secy. to the Govt. of Bengal.*

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি। বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০
আধ পৃষ্ঠা ,, ,, ...	১০
কখনং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে এক২ পঁক্তি	।০

[*Government Gazette*, 15*th June* 1880.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 969—750—15-6-80.

Numb. 2134 ২১৩৪

[REGISTERED No 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 22, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২২ জুন।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATIONS.—ESTABLISHMENTS.

Simla, the 10th June 1880.

No. 245.—Colonel the Honorable Sir Andrew Clarke, R.E., C.B., K.C.M.G., C.I.E., an Ordinary Member of the Council of the Governor-General of India, returned to India from the leave of absence granted to him in Notification No. 68, dated the 14th February 1880, and resumed his seat on the afternoon of the 8th instant.

The 11th June 1880.

No. 248.—His Excellency the Viceroy and Governor-General has been pleased to make the following appointments on His Excellency's personal staff, with effect from the 9th June 1880:—

Mr. Henry Mortimer Durand, C.S., Under-Secretary to the Government of India, Foreign Department, to officiate as Private Secretary.

Surgeon-Major John Anderson, I.S., Army Medical Department, to be Surgeon.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE AND COMMERCE.

NOTIFICATIONS.

Simla, the 12th June 1880.

No. 1055.—The Governor-General in Council has empowered Baboo Ishan Chandra Basu, M.A., Assistant to the Comptroller-General, to sign promissory notes for the Secretary to the Government of India.

No. 1190.—In exercise of the powers conferred by Section 22 of the Sea Customs Act, 1878, the Governor-General in Council has fixed for iron rice bowls on import into British India the following valuation in lieu of the valuation fixed by Notification No. 71C, dated 6th March 1880, *viz.* Rs 4 per set of ten; Rs. 2 per set of six.

This Notification shall have effect from and after the 15th instant.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিবিলসর্ভিস বিষয়ক।—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৮০ সাল ১০ জুন।

২৩৫ নম্বর।—ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার মেম্বর কর্ণেল অনরবিল শ্রীযুত সর আন্দ্রু ক্লার্ক, আর, ই, ও সি, বি, ও কে, সি, এম, জি, ও সি, আই, ই, সাহেব ১৮৮০ সালের ফেব্রুয়ারি মাসের ১৪ তারিখের ৬৮ নং বিজ্ঞাপনক্রমে যে ছুটী পান তাহাহইতে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়া এই মাসের ৮ তারিখের অপরাহ্নে স্বীয় আসন পুনর্গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ১১ জুন।

২৪৮ নম্বর।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব ১৮৮০ সালের জুন মাসের ৯ তারিখ অবধি স্বকীয় ষ্টাফে নিম্নলিখিত নিয়োগ করিলেন।

ফরিন্ ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত হেনরি মর্টিমর ডুরাণ্ড, সি, এস, সাহেব প্রাইবেট সেক্রেটরীর কর্ম্ম করিবেন।

সৈন্য সংক্রান্ত চিকিৎসা কার্য বিভাগের সর্জন মেজর শ্রীযুত জান আণ্ডরসন সাহেব এল, এস সর্জন হইবেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৮০ সাল ১২ জুন।

১০৫৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কণ্ট্রোলর জেনরল সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু ঈশান চন্দ্র বসু, এম, এ, কে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরীর পক্ষে প্রমিসরী নোটে স্বাক্ষর করিবার ক্ষমতা দিলেন।

১১৭০ নম্বর।—১৮৮০ সালের মার্চ মাসের ৬ তারিখের ৭১ C নম্বর বিজ্ঞাপনক্রমে ব্রিটিষ ভারতবর্ষে আমদানী করা লৌহময় তণ্ডুলাধারের অবধারিত মূল্যের অর্থাৎ দশ২ টার সেটপ্রতি ৪ চারি টাকা মূল্যের পরিবর্ত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ২২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি ছয়২ টার সেট প্রতি ২৲ দুই টাকা মূল্য ধার্য্য করিলেন।

এই বিজ্ঞাপন এই মাসের ১৫ তারিখ অবধি ফলবৎ হইবে।

আর, বি, চাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 22, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২২ জুন।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3160A.

GENERAL.—*The 4th June* 1880.—Mr. A. Smith, Commissioner of the Orissa Division and Superintendent of the Tributary Mehals, Cuttack, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 7th July next, or from any subsequent date on which he may avail himself of it.

Mr. C. T. Metcalfe, C.S.I., Officiating Commissioner of the Bhagulpore Division, is appointed to act as Commissioner of the Orissa Division and Superintendent of the Tributary Mehals, Cuttack, during the absence, on leave, of Mr. A Smith, or until further orders.

Baboo Nobin Krishna Sircar, Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad, is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code.

Baboo Tarini Coomar Ghose, Deputy Magistrate and Deputy Collector, Maldah, is transferred to Moorshedabad, and is posted to the Sudder Station of that district.

Baboo Sreenath Gupta, Officiating Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is transferred to the district of Maldah.

Baboo Gobind Prosad Sookool is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Julpigoree.

Baboo Poorno Chunder Mitter is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Midnapore.

Moonshi Nundjee, Sub-Deputy Collector on special duty, is appointed to the Chota Nagpore Division, and is posted to the district of Lohardugga.

Moulvi Mahomed 'Subhan' Hyder, a Sub-Deputy Collector in the Chota Nagpore Division, is transferred to the Chittagong Division.

The 5th June 1880.—Mr. C. H. Swinden, Officiating Deputy Magistrate and Deputy Collector of Rajmehal in the Sonthal Pergunnahs, is transferred to the Chittagong Hill Tracts, and is appointed to have charge of the Sungoo division of that district.

Mr. W. Rattray, Deputy Magistrate and Deputy Collector, Gya, is transferred to the Sonthal Pergunnahs district.

The 7th June 1880.—Mr. R. H. Greaves, Assistant Magistrate and Collector, has been allowed an extension of leave for four months on medical certificate by the Right Hon'ble the Secretary of State for India.

Mr. W. H. Grimley, Magistrate and Collector, has been granted an extension of furlough for two months and nineteen days by the Right Hon'ble the Secretary of State for India.

The 8th June 1880.—Baboo Bhoobunnessur Sing, Deputy Magistrate and Deputy Collector of Gya, is transferred to Durbhunga, and is posted to the Sudder Station of that district.

The orders of the 18th ultimo, transferring Baboo Ashootosh Sircar, Officiating Deputy Magistrate and Deputy Collector of Gya, to the Durbhunga district, are cancelled.

Mr. H. Lee, Officiating Joint-Magistrate and Deputy Collector of the Durbhunga district, is transferred to the 24-Pergunnahs, and is appointed to the Sudder Station of that district.

Mr. T. L. L. Jenkins, Assistant Magistrate and Collector of Pachumba in the Hazareebagh district, is transferred to Durbhunga, and is appointed to the Sudder Station of that district.

The 9th June 1880.—Mr. C. E. Buckland, Officiating Magistrate and Deputy Collector of Howrah, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land required for public purposes in that district.

Baboo Peary Mohun Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, on leave, is posted to the district of Midnapore.

Mr. Urick Cockburn is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the Sudder Station of the Pubna district.

[*Government Gazette, 22nd June* 1880.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩১১০ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ৪ জুন।—উড়িষ্যা খণ্ডের কমিশনর ও কটকের পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, স্মিথ সাহেব আগামি জুলাই মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এ, স্মিথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুর খণ্ডের একটিং কমিশনর শ্রীযুত সি, টি, মেটকাফ সাহেব, সি, এস, আই, উড়িষ্যা খণ্ডের কমিশনরের ও কটকের পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারিণীকুমার ঘোষ মুরশিদাবাদে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

নদীয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্রীনাথ গুপ্ত মালদহ জিলায় প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ শুকুল যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া জলপাইগুড়িতে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া মেদিনীপুরে অবস্থাপিত হইলেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী নন্দশী ছোট নাগপুর খণ্ডে নিযুক্ত হইয়া লোহারডাগা জিলায় অবস্থাপিত হইলেন।

ছোট নাগপুর খণ্ডের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ শোভান হায়দর চট্টগ্রাম খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ৫ জুন।—সাঁওতাল পরগনার অন্তর্গত রাজমহলের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এচ, হুইণ্ডেন সাহেব, চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশে প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত সজু মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, রাট্রে সাহেব সাঁওতাল পরগনা জিলায় প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ৭ জুন।—ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এচ, গ্রাবস সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর চারি মাসের ছুটী দিয়াছেন।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, গ্রিমলী সাহেবকে আর দুই মাস ঊনিশ দিনের ছুটী দিয়াছেন।

১৮৮০ সাল ৮ জুন।—গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ দ্বারভঙ্গায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

গয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আশুতোষ সরকারকে দ্বারভঙ্গা জিলায় প্রেরণ বিষয়ক গতমাসের ১৮ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

দ্বারভঙ্গা জিলার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, লী সাহেব ২৪ পরগনায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

হাজারীবাগ জিলার অন্তর্গত পচম্বার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, এস, এস, জেমৃকিন্স সাহেব, দ্বারভঙ্গায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ৯ জুন।—হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ই, বকলাণ্ড সাহেব, সেই জিলার রাজকার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ছুটী প্রাপ্ত দ্বারভঙ্গার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পিয়ারীমোহন বন্দ্যোপাধ্যায় মেদিনীপুর জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত ইউ, লিকরোবর্ণ সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া পাবনা জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

Baboo Protap Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Perozepore, Backergunge, is allowed leave for one year, under Section 4, Supplement F to the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 20th December 1879.

Captain H. Boileau, Cantonment Magistrate of Dinapore, is allowed leave for twenty-seven days, under the Rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

Mr. C. F Magrath, Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to have charge of the Dinapore Cantonment Magistracy, in addition to his own duties, during the absence, on leave, of Captain H. Boileau, or until further orders.

The 10*th June* 1880.—Baboo Peary Mohun Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, on leave, is transferred to the district of Midnapore, and is posted to the Sudder Station of that district.

The 11*th June* 1880.—Mr. F. E. Pargiter, Officiating Commissioner, Sunderbuns, is allowed leave for one day, to enable him to attend the Higher Standard examination in Sanskrit to be held in Calcutta in July next.

Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with the powers of a Collector under Act VII (B C.) of 1868.

Baboo Sheo Nundun Lal Roy, B.A., Sub-Deputy Collector, First Grade, on special duty in the Gya district, is appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in the Patna Division, but will continue to be employed, until further orders, on special duty as at present.

Baboo Dwarkanath Mookerjee, Sub-Deputy Collector, Jungypore, in the district of Moorshedabad, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Tipperah.

The 12*th June* 1880.—Baboo Atul Behary Moitra, B.L., is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Durbhunga.

Mr. Stephen Ulfat Hossain is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Chumparun.

The 15*th June* 1880.—Mr. T. D. Beighton, Officiating District and Sessions Judge, Shahabad, is appointed to act as District and Sessions Judge, Rungpore, during the absence, on deputation, of Mr. H. Beveridge, or until further orders.

POLICE.—*The* 5*th June* 1880.—Mr. C. P. Crouch, District Superintendent of Police, Chittagong Hill Tracts, is allowed furlough for one year, under Section 8, Supplement F to the Civil Leave Code, with effect from the day he makes over charge of his duties.

Mr. G. W. S. Cox, Officiating Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts, is appointed to have temporary charge of the Office of District Superintendent of Police of that district, with effect from the date on which he receives charge from Mr. C. P. Crouch.

ECCLESIASTICAL.—*The* 9*th June* 1880.—Baboo Kristochit Nondiroyun, of Ranikatanga, is authorized, under clause 5, Section 5, Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians.

The Revd. J. A. Dyer, Medical Missionary at Pachumba, in the district of Hazaribagh, is authorized, under clause 5, Section 5, Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians.

The 10*th June* 1880.—The Revd. O. W. Gemsky, of the G. E. L. Mission, at Ranchee, is authorized, under clause 5, Section 5 of Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians.

REGISTRATION.—*The* 7*th June* 1880.—Baboo Nil Rutton Mookerjee is appointed to act as Sub-Registrar of Howrah, during the absence, on leave, of Baboo Nitto Lall Dey.

The 8*th June* 1880.—Moonshi Dedar Bux, Sub-Deputy Collector of Jajpore, in the district of Cuttack, is appointed to be *ex-officio* Sub-Registrar of that station with retrospective effect from the 20th December 1877.

[*Government Gazette,* 22*nd June* 1880.]

বাকরগঞ্জের অন্তর্গত পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র-চট্টোপাধ্যায়, গত ডিসেম্বর মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

দানাপুর সেনানীবেশের মাজিষ্ট্রেট কাপ্তান শ্রীযুত এচ, বরলু সাহেব যে তারিখে ছুটীগ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে সাতাইশ দিনের ছুটী পাইলেন।

কাপ্তান শ্রীযুত এচ, বরলু সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব, আপন কর্ম্মাতিরিক্ত দানাপুর সেনানীবেশের মাজিষ্ট্রেটী কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১০ জুন।—ছুটী প্রাপ্ত দ্বারভঙ্গার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু পিয়ারীমোহন বন্দ্যোপাধ্যায় মেদিনীপুর জিলায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১১ জুন।—আগামি জুলাই মাসে কলিকাতায় সংস্কৃত ভাষায় যে উচ্চতম কক্ষের পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার জন্যে সুন্দরবনের একটিং কমিশ্যনর শ্রীযুত এফ, ই, পরগিটর সাহেব এক দিনের ছুটী পাইলেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরদাস বসাক ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

গয়া জিলার বিশেষ কার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর সব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবনন্দন লাল রায়, বি, এ, পাটনা খণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, এইক্ষণে যে বিশেষ কর্ম্মে আছেন তাহাতেই নিযুক্ত থাকিবেন।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুরের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায়, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ত্রিপুরা জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১২ জুন।—শ্রীযুত বাবু অটলবিহারী মৈত্র, বি, এল, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া দ্বারভঙ্গা জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত ষ্টীফন উলফং হুসেন, যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া চম্পারণ জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১৫ জুন।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এস, বেবরিজ সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শাহাবাদের একটিং ডিষ্ট্রিকট ও সেশন জজ শ্রীযুত টি, ডি, বেটন সাহেব রঙ্গপুরের ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮০ সাল ৫ জুন।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রোচ সাহেব যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, ডবলিউ, এস, কল্প সাহেব যে তারিখে শ্রীযুত সি, পি, ক্রোচ সাহেবের স্থানে কর্ম্মের ভারগ্রহণ করেন তদবধি উক্ত জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কার্য্যের কিয়ৎকালীন ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ধর্ম্মকার্য্য সম্পর্কীয়।—১৮৮০ সাল ৯ জুন।—রাণীকতজার শ্রীযুত বাবু কৃষ্ণচিৎ নন্দীরেয়ম খ্রীষ্ট-ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণ মতে ক্ষমতা পাইলেন।

হাজারীবাগ জিলার অন্তর্গত পচম্বার মেডিকাল মিশনরি পাদরী শ্রীযুত জে, এ, ডায়র সাহেব, খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১০ জুন।—রাঞ্চিস্থ জি, ই, এল, মিশনের পাদরী শ্রীযুত ও, ডবলিউ, জে মস্কী সাহেব খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮০ সাল ৭ জুন।—শ্রীযুত বাবু নৃত্য লাল দের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে শ্রীযুত বাবু নীলরত্ন মুখোপাধ্যায়, হাবড়ার সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ৮ জুন।—কটক জিলার অন্তর্গত যাজপুরের সব-ডেপুটী কালেকটর শ্রীযুত মুনশী দেদারবক্স, স্বীয় পদোপলক্ষে জরুকাল সম্পর্কে ১৮৭৭ সালের ২০ ডিসেম্বর অবধি সেই ষ্টেশনের সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

EDUCATION.—*The* 11*th June* 1880.—In supersession of all previous orders, the following gentlemen are appointed to be members of the District School Committee of Sarun :—

The Commissioner of Patna,
Magistrate of Sarun,
Inspector of Schools, Behar Circle, } *ex officio.*

Mr. G. Field.	Baboo Kali Prosonno Mookerjee, B.L.
,, R. Ghose.	Moulvi Mekdum Hossein.
,, H. F. Mathews, Secretary.	,, Mobaruk Hossein.
Dr. C. M. Russel, M.D.	Rai Mohabeer Prosad Sha, Bahadoor.
Mr. E. R. J. Tiery, B.A.	Baboo Norendro Nath Chowdry, B.L.
Baboo Dev Coomar Sing.	,, Nursingh Chandra Mittra, B.L.
Moulvi Doste Mohomed.	,, Ram Prokash Lal.
Baboo Grish Chundra Chowdry, B.L.	,, Roghubuns Sahai, B.L.
,, Jodu Nath Mitter, B.L.	,, Sheo Protap Narain, B.L.

MEDICAL.—*The* 5*th June* 1880.—Dr. V. Richards, Civil Medical Officer, Goalundo and Kooshtea, and Medical Inspector of Emigrants, is allowed furlough for one year, under Section 21 of the Civil Leave Code, with effect from such date in July next as he may avail himself of it.

The 9*th June* 1880.—The following gentlemen are appointed to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Jhenidah, in the district of Jessore :—

Baboo Kally Kinker Banerjee, Pleader and Honorary Magistrate in the district of Jessore.

Baboo Nogendra Lall Mitter, Officiating Sub-Deputy Collector.

The 10*th June* 1880.—Dr. A. E. Procter is appointed to act as Medical Officer, Kooshtea and Goalundo, during the absence, on leave, of Dr. V. Richards, or until further orders.

EMIGRATION.—*The* 10*th June* 1880 —Dr. A. E. Procter is appointed to act as Embarkation Agent and Medical Inspector of Emigrants, *vice* Dr V. Richards.

MUNICIPAL.—*The* 4*th June* 1880.—Moonshi Abdur Raffi is appointed to be a Commissioner of the Municipality of Baraset in the district of the 24-Pergunnahs, *vice* Moonshi Abdul Hadi, retired.

The 9*th June* 1880.—The Lieutenant-Governor approves the re election, by the Commissioners of the Bydobatty Municipality, of Baboo Gobinda Chunder Mookerjee to be their Vice-Chairman for the year 1880-81.

The following gentlemen are appointed to be Commissioners of the North Barrackpore Municipality in the district of the 24-Pergunnahs :—

Baboo Bhola Nath Gangoly, Pensioner.	Baboo Obhoy Charan Soor, Pensioner.
,, Grish Chunder Basu, Trader.	,, Saroda Pershad Soor, Trader.

ROAD CESS.—*The* 10*th June* 1880.—The undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Chowddagram, in the district of Tipperah :—

Baboo Banga Chandra Rudra, Sheristadar of the Moonsif's Court, *vice* Munshi Ashanullah.

Baboo Rash Mohan Chakravarti, Nazir of the Moonsif's Court, *vice* Munshi Gozanfur Alli.

The Deputy Collector in charge of the Road Cess Department, Cuttack, is appointed to be an *ex-officio* member of the Road Cess Committee of that district.

The 12*th June* 1880.—In supersession of previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Brahmunberiah, in the district of Tipperah :—

The Sub-divisional Officer of Brahmunberiah, *ex-officio* Chairman.
The First Moonsif of Brahmunberiah, Vice-Chairman.
The Executive Engineer of the Dacca Division,
The District Engineer of Tipperah,
The Sub-divisional Police Inspector,
Ditto Native Doctor, } *ex-officio* members.

[*Government Gazette*, 22*nd June* 1880.]

শিক্ষা বিষয়ক।—১৮৮০ সাল ১১ জুন।—পূর্ব্বের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা সারণ জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাটনার কমিশ্যনর সাহেব।
সারণের মাজিষ্ট্রেট সাহেব।
বিহার চক্রের স্কুল সমূহের ইনিস্পেক্টর।
} স্বং পদোপলক্ষে।

শ্রীযুত জি, ফিল্ড সাহেব।
" আর, ঘোষ।
" এচ, এফ, মাথিউস সাহেব সেক্রেটরী।
ডাক্তর শ্রীযুত সি, এ, রসল সাহেব এম, ডি।
শ্রীযুত ই, আর, জে, টাইরী সাহেব বি, এ।
" বাবু দেবকুমার সিংহ।
" মৌলবী দোস্ত মহম্মদ।
" বাবু গিরীশচন্দ্র চৌধুরী, বি, এল।
" বাবু যদুনাথ মিত্র, বি, এল।
শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, বি, এল।
" মৌলবী মেকদম হুসেন।
" মবারক হুসেন।
" রায় মহাবীরপ্রসাদ শা বাহাদুর।
" বাবু নরেন্দ্রনাথ চৌধুরী, বি, এল।
" বাবু নরসিংহচন্দ্র মিত্র, বি, এল।
" বাবু রামপ্রকাশ লাল।
" বাবু রঘুবংশ সহায় বি, এল।
" বাবু শিবপ্রতাপ নারায়ণ, বি, এল।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ৫ জুন।—গোয়ালন্দ ও কুষ্টার সিবিল চিকিৎসক এবং বিদেশগামিদের পরিদর্শনকারি চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেব, আগামি জুলাই মাসের যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৯ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত ঝিনিদহস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

উকীল ও যশোহর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু কালীকিঙ্কর বন্দ্যোপাধ্যায়।
একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নগেন্দ্রলাল মিত্র।

১৮৮০ সাল ১০ জুন।—ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ডাক্তর শ্রীযুত এ, ই, প্রেক্টর সাহেব, কুষ্টিয়া ও গোয়ালন্দের চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বিদেশগামিবিষয়ক—১৮৮০ সাল ১০ জুন।—ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেবের পরিবর্ত্তে ডাক্তর শ্রীযুত এ, ই, প্রেক্টর সাহেব বিদেশগামিদিগকে নৌকাদিতে উঠাইয়া দিবার এজেন্টের ও তাহাদের পরিদর্শনকারি চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন

মুনিসিপল বিষয়ক।—১৮৮০ সাল ৪ জুন।—শ্রীযুত মুনশী আবদুল হাদি কর্ম্ম হইতে অপসর গ্রহণ করাতে শ্রীযুত মুনশী আবদুর রহিম ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসৎ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ৯ জুন।—বৈদ্যবাটী মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায়কে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত উত্তর বারাকপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পেনশ্যান ভোগি শ্রীযুত বাবু ভোলানাথ গঙ্গোপাধ্যায়।
ব্যবসায়ি শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সুর
পেনশ্যান ভোগি শ্রীযুত বাবু অভয়াচরণ সুর।
ব্যবসায়ি শ্রীযুত বাবু শারদাপ্রসাদ সুর।

পথকর বিষয়ক ১৮৮০ সাল ১০ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত চৌদ্দগ্রামের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী আশাদুল্লার পরিবর্ত্তে মুনসেফের আদালতের সিরিশতাদার শ্রীযুত বাবু বসন্তচন্দ্র রুদ্র।
" মুনশী গজফর আলির পরিবর্ত্তে মুনসেফের আদালতের নাজীর শ্রীযুত বাবু রাসমোহন চক্রবর্ত্তী।

কটকের পথকর কার্য্যবিভাগের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টর স্বীয় পদোপলক্ষে সেই জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১২ জুন—পূর্ব্বের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবেড়িয়ার শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

ব্রাহ্মণবেড়িয়া মহকুমার কর্ত্তৃপক্ষ স্বীয়পদোপলক্ষে সভাপতি।
ব্রাহ্মণবেড়িয়ার প্রথম মুনসেফ, প্রতিনিধি সভাপতি।

ঢাকাখণ্ডের এক্‌সিকিটিব ইঞ্জিনিয়র সাহেব,
ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেব,
মহকুমার পোলীস ইনস্পেকটর,
ঐ নেটিব ডাক্তর,
} স্বং পদোপলক্ষে মেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

Baboo Nobin Chundra Mookerjee, Naib of pergunnah Sarail.

" Krishna Mohun Chowdry, of Nobinagur, Zemindar.

" Hari Kisor Roy, of Syamagram, Ditto.

" Guru Das Chakrobarty (Mohurir), of Bidyokut, Talookdar.

" Har Kisar Chakrabarty, of Srighur, Ditto.

" Kumud Chandra Pal, of Ibrahimpore, Ditto.

Munshi Abdul Ali, of Ibrahimpore, Ditto.

Baboo Saday Chandra Roy of Kalekochha, Putnidar.

" Petambar Dutt, of Sultanpore, Ditto.

Kazi Asabuddin of Gopinathpore, Ijaradar.

Baboo Padma Lochun Naur of Krishnanaghur, Zemindar's Manager.

Zainuddin Sarkar of Birgaon, Ryot.

The following notification is republished from the *Assam Gazette:—*

No. 40.—*The* 1*st June* 1880.—Privilege leave of absence for three months, under the Rules in Chapter VII of the Civil Leave Code, is granted to Mr. R. B. McCabe, C.S., Officiating Assistant Commissioner, Second Grade, Golaghat, with effect from the 4th July 1880, or from the subsequent date on which he may avail himself of the same.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14*th June* 1880.—It is hereby notified for general information under Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor vests in the Commissioners of the Cuttack Municipality the Cuttack Branch Dispensary situated within that municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 22*nd June* 1880.]

সাদিয়াল পরগনার নাএব শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র মুখোপাধ্যায় ।

নবীনগঞ্জের জমীদার শ্রীযুক্ত বাবু কৃষ্ণমোহন চৌধুরী ।

শ্যাম গ্রামের ঐ ,, বাবু হরিকিশোর রায় ।

বিদ্যাকণ্ঠের তালুকদার মুহুরীর শ্রীযুক্ত বাবু গুরুদাস চক্রবর্ত্তী ।

শ্রীগড়ের ঐ শ্রীযুক্ত বাবু হরকিশোর চক্রবর্ত্তী ।

ইব্রাহিমপুরের ঐ ,, বাবু কুমুদচন্দ্র পাল ।

,, ঐ ,, মুন্সী আবদুল আলী ।

কালীকোচার পত্তনীদার শ্রীযুক্ত বাবু সময়চন্দ্র রায় ।

দুলজামপুরের ঐ ,, বাবু পীতাম্বর দত্ত ।

গোপীনাথপুরের ইজারদার শ্রীযুক্ত কাজী আশাবদ্দীন ।

কৃষ্ণনগরের জমীদারের নাএব শ্রীযুক্তবাবু পদ্মলোচন নাজির ।

বীরগাঁয়ের মাতবর শ্রীযুক্ত জৈমুদ্দীন সরকার ।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল ।

৪০ নম্বর ।—১৮৮০ সাল ১ জুন ।—গোলাঘাটের দ্বিতীয় শ্রেণীর একটিং আসিষ্টান্ট কমিশানর শ্রীযুক্ত আর. বি, মাকেব সাহেব, সি, এস, ১৮৮০ সালের জুলাই মাসের ৪ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন ।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৮০ সাল ১৪ জুন ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, কটক মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তি বিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন ।

কোলমান মেকালে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ২৯ জুন ।]

NOTIFICATION.

The 5th June 1880.—The following arrangement of zillah and thana boundaries in district Howrah is hereby notified for general information :—

Boundaries of District Howrah.

Commencing from village Bhatra on the Roopnarain river, the northern boundary runs conterminous with the southern boundary of district Hooghly.

The eastern boundary follows the western bank of the Hooghly river southwards to the village of Gadeeara at the junction of river Roopnarain with the Hooghly river.

The southern and western boundary follows the Roopnarain river northwards to the village of Bhatra.

Thana Boundaries.

Zillah.	Thanas.	Description of boundaries.
Howrah	Bally	*On the North.*—The boundary of the zillah. *On the West.*—The East Indian Railway line southwards till it reaches the southern boundary of village Lallooah. *On the South.*—Thence crossing to the eastern side of the East Indian Railway line, the boundaries of villages Laloоah, Malee Pachghora, and Ghoosry as far as Grand Trunk Road; thence the Grand Trunk Road northwards to its junction with the Moonshee Bazar Road; thence the Moonshee Bazar Road eastwards to the Hooghly river. *On the East.*—The zillah boundary along the Hooghly river.
	Golabari	*On the North.*—The southern boundary of the Bally thana. *On the West.*—The East Indian Railway line to the Benares road line crossing; thence along the northern side of the Benares road to the western boundary of Bamungachi; thence southwards along that boundary. *On the South.*—The southern boundary of Baimungachi to the East Indian Railway line; thence the Punjab line as far as Hooghly river. *On the East.*—The zillah boundary along the Hooghly river.
	Howrah	*On the North.*—The southern boundary of Golabari thana and the Benares road from the western boundary of Bamungachi westwards to the junction with the Belgachi road. *On the West.*—Along the western side of the Belgachi road for a distance of 3,500 feet to the south-east corner of Dinu Sen's garden; thence in a direct line across the paddy fields to a point on the Makurdah road 424 feet west of the Peary Mohan Dhar's Garden House gate; thence across that road; thence in a direct line to the north-east corner of the Domorar jollah; thence along the eastern and southern edges of that jollah across Kedar Bhuttacharjee's Lane in a direct line to Dina Nath Sankra's house on the Shakair Bazar Road. *On the South.*—From Dina Nauth Sankra's house along the Khooroot road till it meets the Grand Trunk Road; thence the Grand Trunk Road southwards to Telkulghat Road; thence the Telkulghat Road as far as Hooghly river. *On the East*—The zillah boundary along the Hooghly river.
	Seebpore	*On the North.*—The southern boundary of Howrah thana and from Dina Nath Sankra's house on the Shakair Bazar Road; thence along the northern side of that road to its junction with Borroj Mat Lane. *On the West.*—The western side of Borroj Mat Lane to its junction with the Buxarah Road; thence along the northern side of that road to the culvert on the Buxarah khal; thence along the western and northern bank of that khal and along the western and northern edges of Puddapuker jollah to the Belliah khal; thence along the western bank of that khal to the bridge over the same on the Andool Road; thence along the northern and eastern boundary of the Botanical Garden to the river. *On the South and East.*—The zillah boundary along the Hooghly river.
	Doomjore ...	*On the North.*—The zillah boundary from the north-west corner of thana Bally as far west as the village of Khasmara. *On the West.*—The boundaries of the following villages, viz., Khasmara, Oadpore, Jamdundo, Luteebpore, Kolora, Dhoolaguree, Shooltee, Shondeepore, Kanda, Nabaghora, Paniara kismut, Koolsee, Dhamsa, Belkoolae, Khosjapore, Shahapore, Khas Khamar, Alee Chuck, and Madhoo Chuck. *On the South and East*—The zillah boundary along the Hooghly river from the village of Madhoo Chuck northwards to the south-eastern corner of the Botanical Garden; thence the thanas of Seebpore, Howrah, Golabari, and Bally above described.
	Juggutbullubpore	*On the North.*—The zillah boundary from the village of Shontoshpore westwards to the village of Echanugguree. *On the West.*—The boundaries of the following villages, viz., Echanugguree, Sadut Chuck, Bhooputteepore, Norindropore, Shampore Part I, again Norendropore, Dipa, Poolgooshtee, Jalalshee, Ismailpore, and Majookhetro.

[*Government Gazette*, 22*nd June* 1880.]

Zillah.	Thanas.	Description of boundaries.
HOWRAH—*continued.*	Juggutbullubpore —*continued.*	*On the South.*—The boundaries of the following villages, viz., Majookhetro, Sham Chuck, Horishpore Bon, Julla-Bishonathpore, Dhunkee-Pachla puschim, Pachla-dukhin, Bicharghat, and Pachla. *On the East.*—The Domejore thana.
	Amta ...	*On the North and North-West.*—The zillah boundary from the village of Mookteegurhee westwards to the village of Bhatra. *On the West.*—The zillah boundary along the Roopnarain river from the village of Bhatra southwards to Bukshee Chuck. *On the South.*—The boundaries of the following villages, viz., Bukshee Chuck, Kootabariah, Hiop, Khalla, Sharoda, Pansheela, and Banoora; thence the west bank of the Damoodar river as far north as the village of Sharoda; thence, across the Damoodar river, the boundaries of the following villages, viz., Sharoda, Futtehpore, Udang, Khardoho, Gobindo Chuck, Kooar Chuck, Bhogobutteepore or Hafez Chuck, Khas Chuck, Jungalee Chuck, and Bhandargacha-Sherpore. *On the East.*—The Juggutbullubpore Thana and the zillah boundary northwards to the village of Mookteegurhee.
	Bagnan ...	*On the North.*—The thana of Amta. *On the West.*—The zillah boundary along the Roopnarain river from the village of Bakshee southwards to that of Benapore. *On the South.*—The boundaries of the following villages, viz., Benapore, Chundunaparah, Khajoorun Nij, Sheora, Holan, Bashoodebpore, Roynugger, and Gujratdoaneegurtolee. *On the East.*—The Damoodar river from the village of Gujratdoaneegurtolee northwards to that of Chandpore; thence, across the Damoodar river, the boundaries of the following villages, viz., Murgoberia, Monohur Chuck, Shiarah, Nutibpore, Kandarpopore, Khanpore, and Beereshur
	Oolaberiah ...	*On the North.*—The thanas of Domejore, Juggutbullubpore, and Amta *On the West.*—The Bagnan thana and the Damoodar river southwards to the village of Bauria. *On the South.*—The boundaries of the following villages, viz., Bauria, Gajeepore, Bhekootal, Amritshalee, Runmahal, Palparah, and Teorparah. *On the East.*—The zillah boundary along the Hooghly river from the village of Teorparah northwards to that of Radhabullubpore.
	Shampore ...	*On the North.*—The thanas of Oolaberiah and Bagnan. *On the West and South.*—The zillah boundary along the Roopnarain river from the village of Gopinathpore southwards to that of Gadeearah. *On the East.*—The zillah boundary along the Hooghly river from the village of Gadeearan northwards to that of Kumarkhalee.

NOTE.—In the above description all villages named as situated along the boundaries are included within the limits of the zillah and thanas to which reference is being made.

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৫ জুন।—হাবড়া জিলার ও তদন্তর্গত থানার নিম্নলিখিত বন্দোবস্ত সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

হাবড়া জিলার সীমা।

উত্তর সীমা রূপনারায়ণ নদের তটস্থ ভাট্রা গ্রাম আরম্ভ হইয়া হুগলী জিলার দক্ষিণ সীমার সঙ্গে মিলিয়া চলে।

পূর্ব্ব সীমা হুগলী নদীর পশ্চিম তটের সঙ্গে২ দক্ষিণ মুখে হুগলী নদীর সহিত রূপনারায়ন নদের সংযোগ স্থানে গাদিয়াড়া গ্রামপর্য্যন্ত যায়।

দক্ষিণ ও পশ্চিম সীমা রূপনারায়ণ নদের সঙ্গে২ উত্তর মুখে ভাট্রা গ্রামপর্য্যন্ত যায়।

থানার সীমা।

জিলা।	থানা।	সীমা।
হাবড়া...	বালী ...	উত্তর সীমা,—জিলার সীমা। পশ্চিম সীমা,—লালুয়া গ্রামের দক্ষিণ সীমার মাঝিলন পর্য্যন্ত দক্ষিণ ইষ্ট ইণ্ডিয়ান রেল পথ। দক্ষিণ সীমা;—তথাহইতে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে পথের পূর্ব্ব দগে পার হইয়া উত্তর পশ্চিম দেশে যাইবার পথপর্য্যন্ত লালুয়া ও মালিপাঁচঘরা ও ঘুষুড়ি গ্রামের সীমা, তথা হইতে মুনশী বাজার পথের সঙ্গে উত্তর পশ্চিম দেশে যাইবার পথের সংযোগ স্থান পর্য্যন্ত উত্তর মুখে উত্তর পশ্চিম দেশে যাইবার পথ, তথাহইতে পূর্ব্ব মুখে হুগলী নদী পর্য্যন্ত মুনশী বাজার পথ। পূর্ব্ব সীমা,—হুগলী নদীর সঙ্গে২ জিলার সীমা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১২ জুন।]

জিলা।	থানা।	সীমা।
হাবড়া—(উপবিভাগ)	গোলাবাড়ী…	উত্তর সীমা,—বালী থানার দক্ষিণ সীমা। পশ্চিম সীমা,—কাশীগমনের পথের চৌমাথা পর্য্যন্ত ইষ্ট ইণ্ডিয়ান্ রেল পথ তথাহইতে কাশীর পথের উত্তরদিগের সঙ্গে২ বামুনগাছীর পশ্চিম সীমা পর্য্যন্ত যায়, তথাহইতে দক্ষিণ মুখে ঐ সীমা ধরিয়া যায়। দক্ষিণ সীমা,—ইষ্ট ইণ্ডিয়ান রেল পথের পূর্ব্ব বামুনগাছীর দক্ষিণ সীমা, তথাহইতে হুগলী নদী পর্য্যন্ত পঞ্জাব রেল পথ। পূর্ব্ব সীমা,—হুগলী নদীর সঙ্গে২ জিলার সীমা।
	হাবড়া …	উত্তর সীমা,—গোলাবাড়ী থানার দক্ষিণ সীমা এবং বামুনগাছীর পশ্চিম সীমা হইতে পশ্চিম মুখে বেলগাছী পথের সহিত কাশীর পথের সংযোগ স্থান পর্য্যন্ত কাশীর পথ। পশ্চিম সীমা,—বেলগাছী পথের পশ্চিম ধারের সঙ্গে২ দীন সেনের বাগানের দক্ষিণ পূর্ব্ব কোণ পর্য্যন্ত ৩,৫০০ ফুট যায়, তথাহইতে সরল রেখায় ধান্যের ক্ষেত পার হইয়া মাকড়দা পথের ধারে পেরারীমোহন ধরের বাগান বাড়ীর ফটকের পশ্চিম ৫২৪ ফুট পর্য্যন্ত যায়, তথাহইতে ঐ পথ পার হয়, তথাহইতে সরল রেখায় ডোমরার জলার উত্তর-পূর্ব্ব কোণ পর্য্যন্ত যায়; তথাহইতে ঐ জলার পূর্ব্ব ও দক্ষিণ ধারের সঙ্গে২ সরল রেখায় কেদার ভট্টাচার্য্যের লেন পার হইয়া সাঁতরার বাজার পথের ধারে দীননাথ সাঁকরার বাড়ী পর্য্যন্ত যায়। দক্ষিণ সীমা,—দীননাথ সাঁকরার বাটীহইতে উত্তর পশ্চিম দেশে গমনের পথের সহিত না মিলন পর্য্যন্ত থুরুট পথের সঙ্গে২ যায়, তথাহইতে তেলকল ঘাট পর্য্যন্ত দক্ষিণ মুখে উত্তর পশ্চিম দেশে যাইবার পথ, তথাহইতে হুগলী নদী পর্য্যন্ত তেলকল ঘাটের পথ। পূর্ব্ব সীমা,—হুগলী নদীর সঙ্গে২ জিলার সীমা।
	শিবপুর …	উত্তর সীমা,—হাবড়া থানার দক্ষিণ সীমা, ও সাঁতরার বাজার পথের ধারে দীননাথ সাঁকরার বাড়ী অবধি, তথাহইতে ঐ পথের উত্তর ধারের সঙ্গে২ বরজ মাঠ লেনের সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত যায়। পশ্চিম সীমা,—বাকসাড়া পথের সহিত বরজ মাঠ লেনের সংযোগ স্থান পর্য্যন্ত বরজ মাঠ লেনের পশ্চিম ধার তথাহইতে উক্ত পথের উত্তর ধারের সঙ্গে২ বাকসাড়া খালের সাঁকো পর্য্যন্ত যায়, তথাহইতে উক্ত খালের পশ্চিম ও উত্তর ধারের সঙ্গে২ পদ্মপুকুর জলার পশ্চিম ও উত্তর ধারের সঙ্গে২ বেলিয়া খাল পর্য্যন্ত যায়, তথাহইতে উক্ত খালের পশ্চিম তটের সঙ্গে২ আন্দুল পথে ঐ খালের সাঁকো পর্য্যন্ত যায়, তথাহইতে কোম্পানির বাগানের উত্তর ও পূর্ব্ব সীমার সঙ্গে২ নদী পর্য্যন্ত যায়। দক্ষিণ ও পূর্ব্ব সীমা,—হুগলী নদীর সঙ্গে২ জিলার সীমা।
	ডোমজুড় …	উত্তর সীমা,—বালী থানার উত্তর-পশ্চিম কোণ হইতে পশ্চিম দিগে খাসমারা গ্রাম পর্য্যন্ত জিলার সীমা। পশ্চিম সীমা,—খাসমারা ও ওয়াদপুর ও আবদ ও নতীবপুর ও কলোরা ও ধুলাগড়ি ও গুলতা ও শশীপুর ও কাঁদা ও নব-ঘোরা ও পানিয়াড়া ও কিসমৎ ও কুলাই ও ধাবসা ও বেলকুলাই ও খোয়াজাপুর ও শাহপুর ও খাসখামার ও আলীচক ও মধুচক গ্রামের সীমা। দক্ষিণ ও পূর্ব্ব সীমা,—মধুচক গ্রামহইতে উত্তরমুখে হুগলী নদীর সঙ্গে২ কোম্পানির বাগানের দক্ষিণ-পূর্ব্ব কোণ পর্য্যন্ত জিলার সীমা, তথাহইতে উপরের লিখিত শিবপুর ও হাবড়া ও গোলাবাড়ী থানা।

জিলা।	থানা।	সীমা।
হাবড়া—(উলুবেড়িয়া)	জগদ্বল্লভপুর ...	উত্তর সীমা—সন্তোষপুর গ্রাম অবধি পশ্চিম মুখে ইন্দ্রনগরী গ্রাম পর্য্যন্ত জিলার সীমা। পশ্চিম সীমা,—ইন্দ্রনগরী ও সাহচক ও ভূপতিপুর ও নরেন্দ্রপুর ও শ্যামপুর প্রথমভাগ, ও আবার নরেন্দ্রপুর ও দিপা ও পুলগুশতি ও জালালশী ও স্মাইলপুর ও মাজুক্ষেত্র গ্রামের সীমা। দক্ষিণ সীমা,—মাজুক্ষেত্র ও শামচক ও হরিশপুর বন ও জলা বিশ্বনাথপুর ও ধুঁকিপাড়া পশ্চিম, ও পাচলা দক্ষিণ ও বিচারঘাট ও পাচলা গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—ডোমজুড় থানা।
	আমতা ...	উত্তর ও উত্তর-পশ্চিম সীমা,—মুক্তিগর্হি গ্রাম হইতে পশ্চিম মুখে ভাট্রা-গ্রাম পর্য্যন্ত জিলার সীমা। পশ্চিম সীমা,—ভাট্রা গ্রাম হইতে দক্ষিণমুখে বকশী চক গ্রাম পর্য্যন্ত রূপনারায়ণ নদের সঙ্গে২ জিলার সীমা। দক্ষিণ সীমা,—বকশীচক ও কুটাবেড়িয়া ও হিওপ ও খাল্লা ও শারদা ও পানশিলা ও বাঁকুড়া গ্রামের সীমা, তথাহইতে উত্তর দিগে শারদা গ্রা পর্য্যন্ত দামোদর নদের পশ্চিম তট, তথাহইতে দামোদর নদ পার হইয়া শারদা ও ফতেপুর ও উদাঙ্গ ও খারদহ ও গোবিন্দচক ও কুয়ারচক ও ভগবতীপুর বা হাফের্জ চক ও খাস চক ও জঙ্গলী চক ও ভাণ্ডারগাছা শেরপুর গ্রামের সীমা। পূর্ব্ব সীমা —জগদ্বল্লভপুর থানা ও মুক্তিগর্হি গ্রাম পর্য্যন্ত উত্তরমুখে জিলার সীমা।
	বাগনান ...	উত্তর সীমা,—আমতা থানা। পশ্চিম সীমা,—কুশীগ্রামহইতে দক্ষিণ মুখে রূপনারায়ণ নদের সঙ্গে২ বেণাপুর গ্রাম পর্য্যন্ত জিলার সীমা। দক্ষিণ সীমা,—বেণাপুর ও চন্দনাপাড়া ও খাজুরা মিজ ও গেওড়া ও হোশাম ও বসুদেবপুর ও রাম নগর ও গুজর টদোয়ানী গড়টুলী গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—গুজরাটদোয়ানী গড়টুলী গ্রামহইতে উত্তরমুখে চাঁদপুর গ্রাম পর্য্যন্ত দামোদর নদ, তথাহইতে দামোদর নদ পার হইয়া মর্গোবেরয়া ও মনোহর চক ও শিয়ারা ও লাউবপুর ও কন্দর্প পুর ও খাঁপুর ও বীরেশ্বর গ্রামের সীমা।
২৫৮ নং তৌজির মহল কিঃ জায়পুর পং জায়পুর রেজস্টরীর লিখিত মালিক কাশীনাথ ও উমানাথ রায় চৌধুরী দিগরের নামে ৭৪০৬।৭ টাকা ও পুলিস ৮৩৮৶ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ২৫৮।০ নং তৌজির মহল মালিক কাশীনাথ ও উমানাথ রায় চৌধুরী দিঃ নামে ১৪৮১।/১ টাকা ও পুলিস ১২৬৭ টাকা সদর জমার মধ্যে বাকী ৪৮২৶১ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

২৬৪ নং তৌজির মহল ডিঃ জুড়ানপুর ডিঃ বেতাই রেজস্টরীর লিখিত মালিক ব্রজদুল্লভ মুখোপাধ্যায় দিগরের নামে ১৭৮৯৶৮ টাকা ও পুলিস ২১৷/৮ টাকা সদর জমা লেখা যায় তাহার বাকী ৫/১০ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৩৩৮ নং তৌজির মহল মাজহাদে পং সাহাউজিয়াল রেজস্টরীর লিখিত মালিক গোলোকচন্দ্র মুখোপাধ্যায় দিগরের নামে ২৯৫১।৶৩ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৩৩৮।২ নং তৌজির মহল মালিক জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায়ের নামে ১১০৬৶৪ টাকা সদর জমা লেখা যায় তাহার বাকী ২৶৩ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৩৭১ নং তৌজির মহল ডিঃ নাকাশিপাড়া পং বাগয়ান রেজস্টরীর লিখিত মালিক শান্তিরাম রায় দিগরের নামে ৬০৪৫।।৶৮ টাকা ও পুলিস ৩৭।৶৮ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৩৭১।০ নং তৌজির মহল মালিক শান্তিরাম রায় দিঃ নামে ৩৮২৯৶ টাকা ও পুলিস ৪১৶৯ টাকা সদর জমা লেখা যায় তাহার বাকী ২৶১১ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

৩৯৯ নং তৌজির মহল পং উখাড়া ওগায়রহ পং উখাড়া ওঃ রেজষ্টরীর লিখিত মালিক পদ্ম- মণী ও জগদম্বা দাসী দিগরের নামে ৬১৫৪৬।২ টাকা ও পুলিস ৩২৬।৮ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৩৯৯।০ নং তৌজির মহল মালিক বেঙ্গল ইণ্ডিগো কোং নামে ৮৯৫৫।।/৭ টাকা ও পুলিস ৪৬।৶/৪ টাকা সদর জমা লেখা যা তাহার মধ্যে বাকী ৮৪৭৸২ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৩৯৯ নং তৌজির মহল পং উখাড়া ওঃ পং উখাড়া ওঃ রেজষ্টরীর লিখিত মালিক পদ্মমণী ও জগদম্বা দাসী দিগর নামে ৬১৫৪৬।২ টাকা ও পুলিস ৩২৬।৮ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৩৯৯।৩।১ নং তৌজির মহল মালিক বৃন্দা- বনচন্দ্র সরকার চৌধুরী নামে ৪৩২৯৸৶/১০টাকা ও পুলিস ২২৸৶২ টাকা সদর জমা লেখা যায় তাহার মধ্যে বাকী ৭৪৫/০ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪২৩ নং তৌজির মহল ডিঃ পিরপুর পং মুনশীবপুর রেজষ্টরীর লিখিত মালিক মুনশী ফজলল করিম ও আরকান নেছা বিবি দিগরের নামে ৪৪৬৩॥/২ টাকা ও পুলিস ৪৮৸/১ টাকা সদরজমা লেখা যায় তন্মধ্যে সন১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪২৩।০ নং তৌজির মহল মালিক ফজলল করিম দিঃ নামে ৬০৯৶/৮ টাকা ও পুলিস ৬৸/৪ টাকার মধ্যে বাকী ২৫৶৪ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪৩২ নং তৌজির মহল মৌং রাজনগর পং বাগয়ান রেজষ্টরীর লিখিত মালিক স্বরূপচন্দ্র পাল ও দীননাথ মুখোপাধ্যায় দিগরের নামে ৫৭৯৶/২ টাকা ও পুলিস ৬॥/১ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪৩২। ১ নং তৌজির মহল মালিক সখীমণী দেব্যার নামে ২৮৯॥/৭ টাকা ও পুলিস ৩।৬।। টাকার মধ্যে বাকী ॥৶১১ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪৩৩ নং তৌজির মহল মৌং রায়বাদি পং কুরেজপুর রেজষ্টরীর লিখিত মালিক খুদিরাম রায় দিগরের নামে ৭৪৭।৶৯ টাকা ও পুলিস ১৭/১ টাকা সদরজমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪৩৩।০ নং তৌজির মহল মালিক খুদিরাম রায় দিগরের নামে ৭৫।।৶/ টাকা ও পুলিস ৸৶৬ টাকার মধ্যে ।।৫ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪৩৮ নং তৌজির মহল ডিঃ রাণাঘাট পং রাণাঘাট রেজষ্টরীর লিখিত মালিক ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগরের নামে ১৩৫৯৬৶৩ টাকা ও পুলিস ১৩॥৶৩ টাকা সদরজমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪৩৮।০ নং তৌজির মহল মালিক ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগরের নামে ২২৩।৪ টাকা ও পুলিস ২৶০ টাকার মধ্যে বাকী ৭৮৸৶১ টাকা ও পুলিস ১৶৫ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪৪২ নং তৌজির মহল ডিঃ বামুনপাড়া পং উখাড়া রেজষ্টরীর, লিখিত মালিক কাশীনাথ রায় চৌধুরী দিগরের নামে ৫৩৫২॥৯ টাকা ও পুলিস ৩।।৪ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪৪২।০ নং তৌজির মহল মালিক কাশীনাথ, উমা- নাথ রায় চৌধুরী দিঃ নামে ১০৭০।।৪ টাকা ও পুলিস ৬৸৶২ টাকার মধ্যে বাকী ২৭।।।০ টাকা ও পুলিস ৩।৶১ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৪৭৬ নং তৌজির মহল ডিঃ শম্ভুনগর পং রাজনগর রেজষ্টরীর লিখিত মালিক দুর্গাপ্রসাদ রায় দিগরের নামে ১২০১ ৸৶/১১ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৪৭৬।১ নং তৌজির মহল মালিক দুর্গাপ্রসাদ রায় দিঃ নামে ৪০০।।৶৪ টাকার মধ্যে বাকী ।৶ ৬ আনা বাকীর জন্যে নিলাম হইবেক।

২৭৬৯ নং তৌজির মহল মতিডাঙ্গা পং রাজপুর রেজষ্টরীর লিখিত মালিক বৈদ্যনাথ মুখো- পাধ্যায় দিগর নামে ৭৩৮৶ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ২৭৬৯।০ নং তৌজির মহল মালিক দিননাথ মুখোপাধ্যায় দিঃ নামে ৫৩৭৶/১১ টাকার মধ্যে বাকী ৬।৶১ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

৩২১২ নং তৌজির মহল মৌং হরিপুর পং তারাগুনিয়া রেজষ্টরীর লিখিত মালিক পদ্মলোচন মজুমদার দিগরের নামে ৬৯০৲৩ টাকা সদর জমা লেখা যায় তাহার মধ্যে বাকী ৩৸৶৶৬ বাকীর জন্যে নিলাম হইবেক।

৩২১৩ নং তৌজির মহল মৌং ক্রিয়ারাখি পং ক্রিয়ারাখি রেজষ্টরীর লিখিত মালিক শ্রীকান্ত উমাকান্ত রায় দিগরের নামে ৫৫৯৸/৪ টাকা সদর জমা লেখা যায় তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইন- মতে স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট ৩২১৩।০ নং তৌজির মহল মালিক শ্রীকান্ত রায় দিঃ নামে ২৬১৶১০ টাকার মধ্যে বাকী ১৬৶২ টাকা বাকীর জন্যে নিলাম হইবেক।

W. V. G. Tayler, *Collector.*

[*Government Gazette, 22nd June* 1880.]

জিলা হুগলি।

১ জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তর্গত নিম্নলিখিত মহাল সন ১৮৮০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবি বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্তে সন ১৮৮০ । ২৫ জুন মোতাবেক বাঙ্গালা সন ১২৮৭ সালের ১২ আষাঢ় শুক্রবার দিবসে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে ইতি সন ১৮৮০ । ১৫ মে—

মহালের নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার তাইদ।	বাকীর পরিমাণ।	কৈফিয়ত.
২০৭৪ নং	চর জিরাট পং হাতিকান্দা মালিকী মহাল মালিকের সহিত মেয়াদী বন্দবস্ত	পূর্ণচন্দ্র রায় ও গিরীন্দ্রচন্দ্র রায় ও রাণী লালন মণী	১৪০৬৲ রোডকশু ১৪৲ ১৪২০৲	২৭৫৲ ১৪৲ ২৮৯৲	
৩৮০৭ নং	প্রথম শ্রেণীর ইস্তমুরারি বন্দবস্তী মহাল পরিয়ারপুর পং ভুরশীট।	সৈয়দ শাহা দিগর ... বাদ সৈয়দ শাহা ও আবদুল্লা ও আবদুল রহিম ও উম্মতন কতেমা-বিবি রকম ৸০ আনার সদর জমা ইহার পৃথক হিসাব হয় নাই বাকী যজ্ঞেশ্বর মুখোপাধ্যায় রকম ।০ আনা সদর জমা ইহার সন ১৮৫৯। ১১ আংমত পৃথক হিসাব হইয়াছে।	১৫৫৯৸৴১১ ১১৬৯৸৴২ ৩৮৯৸৶৯	৲৩ পাই	

J. BEAMES, *Colleetor.*

INSOLVENCY NOTICE.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of SOONDERLALL, an Insolvent.

NOTICE is hereby given that Tuesday the 6th day of July next is appointed for the further Hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Official Assignee from the 17th day of August 1878 until the 31st day of May last has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

The like Notice. In the matter of RAMGOPAUL PAUL, an Insolvent. Wherein the account of the Official Assignee from 14th March 1879 to 31st May last has been filed in the Chief Clerk's Office.

The like Notice. In the matter of KULLIANJEE SOONDERJEE, (SOONDERJEE WALLJEE & Co.) an Insolvent. Wherein the account of the Official Assignee from 24th November 1879 to 31st May last has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE, *Calcutta, 16th June* 1880. }

A. B. MILLER, *Official Assignee.* (11—1)

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ২২ জুন ।]

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাণ যাইতেছে জেলা ঢাকার অধীন মুনসীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতি বৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরেজি ১৮৮০ সনের ১৬ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২ অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ঐ সনের ২৭ ডিসেম্বর তারিখে ভঙ্গ হইবেক। বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ ছয় সপ্তাহের মধ্যে ক্রয় বিক্রয় সমাধা করিবেক ইতি।

T. E. Coxhead,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

اشتہار

بذریعہ اسکے عامہ خلایق کو واقف کروایا جاتا ہے کہ ضلع ڈہاکا کے ماتحت محکمہ منشیگنج کے متصل دہلسري دریا کے کنارے جو مشہور کارتک بارني کا میلا ہوا کرتي ہے وہ میلا سنہ ۱۸۸۰ عیسوي ۱۶ سولہین نومبر مطابق سنہ ۱۲۸۷ بنگلہ ۲ دوسري اگہن سے شروع ہو کر وہي سنہ کا ۲۷ ستائیسوین ڈسمبر کو شکست ہوگي تجارت پیشہ لوگ وہي ۶ چھہ ہفتے کي اندر خرید فروخت آخر کرینگے•

T. E. Coxhead.
مجسٹریت ضلع ڈہاکا

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F. Max Muller, M. A., in two Volumes. *Price Rs 24 ; packing and postage, Re. 1-12.*

⁎ The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions translations grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country —*Extract from Preface*

Office of Supdt., Govt Printing No 8, Hastings Street, Calcutta.

গবর্ণমেণ্টদ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেন্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়

উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C D. Field, M A, LL D., of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল,এল,ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী, ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

[*Government Gazette*, *22nd June* 1880.]

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage ... ... Rs. 10 0 0
Ditto, with postage ... ... „ 12 8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের ... ... ১০৲
ডাকমাসুল যুক্ত ঐ ১২৷৷০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একখান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA.

The 19th February 1878. *Asst. Secy. to the Govt. of Bengal.*

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি। বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	২০৲
অর্দ্ধ পৃষ্ঠা „ „	১০৲
কখনং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 1002—754—22-6-80.

Numb. 2135 ২১৩৫ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 29, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৯ জুন।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3195A.

GENERAL.—*The 9th June* 1880.—Baboo Ananta Lall Chatterjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in the district of Nuddea, *vice* Baboo Hem Chunder Mitter, appointed an Assessor under the Bengal License Act of 1880, and is posted to the Bongong division of that district.

Baboo Suchita Nund Mookerjee, Sub-Deputy Collector, Second Grade, in the 24-Pergunnahs district, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Juggut Chunder Roy, appointed an Assessor under the Bengal License Act of 1880.

Baboo Poorno Chunder Bysack is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, and is posted to the district of Moorshedabad, *vice* Baboo Suchita Nund Mookerjee, promoted.

Baboo Brojo Nath Bhuttacharjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, in the Jessore district, *vice* Baboo Baroda Das Bose, appointed an Assessor under the Bengal License Act of 1880, and is posted to the Narail division of that district.

Baboo Kally Prasanna Dey is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, and is posted to the Hazaribagh district, *vice* Baboo Gogan Chunder Banerjee, appointed an Assessor under the Bengal License Act of 1880.

Baboo Tarini Das Banerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, and is posted to the Hazaribagh district, *vice* Baboo Bhoobendro Nath Roy, appointed an Assessor under the Bengal License Act of 1880.

The 11th June 1880.—Mr. F. H. Harding, Officiating Joint-Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for fourteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Denonath Dey, Sub-Deputy Collector of Contai, in the district of Midnapore, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Bankoora.

The 12th June 1880.—Shaik Mahomed Abdurrauf is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in the Burdwan Division, during the absence, on deputation, of Baboo Deno Nath Dey, or until further orders.

The 14th June 1880.—Baboo Radha Shyam Sing, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

Baboo Bhoobun Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector of Chandpore, in the Tipperah district, is appointed to have charge of the Brahmunboriah division of that district, with effect from the date on which he took charge.

In supersession of the orders of the 19th April last, Baboo Rojoni Coomar Dutt, Deputy Magistrate and Deputy Collector of the Tipperah district, is appointed to have charge of the Chandpore division of that district with effect from the date on which he took charge.

Baboo Hurrish Chundra Banerjee, Special Deputy Collector in charge of the land acquisition work in the Northern Bengal State Railway, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring lands for the Darjeeling Steam Tramway Company at Darjeeling, and for the Tramway at Rungpore.

Baboo Jodu Nath Sircar, Sub-Deputy Collector, Second Grade, Nowada, in the district of Gya, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, during the absence, on deputation, of Baboo Ram Churn Lall, or until further orders.

Baboo Burhandeo Narain, Sub-Deputy Collector, Second Grade, in the district of Gya, on special duty, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, during the absence, on deputation, of Baboo Raj Kishore Narain, or until further orders.

[*Government Gazette*, 29*th June* 1880.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩১৯৫ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ৯ জুন।—শ্রীযুত বাবু হেমচন্দ্র মিত্র বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত বাবু অনন্তলাল চট্টোপাধ্যায় নদীয়া জিলার কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া উক্ত জিলার অন্তর্গত বনগাঁ মহকুমায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু জগচ্চন্দ্র রায় বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে ২৪ পরগণা জিলার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সচ্চিদানন্দ মুখোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সচ্চিদানন্দ মুখোপাধ্যায়ের পদ বৃদ্ধি হওয়াতে শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বসাক কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া মুরশিদাবাদ জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু বরদা দাস বসু বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত বাবু ব্রজনাথ ভট্টাচার্য্য কিয়ৎকালের নিমিত্তে যশোহর জিলায় দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া উক্ত জিলার অন্তর্গত নড়াইলে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু গগনচন্দ্র বন্দ্যোপাধ্যায় বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত বাবু কালীপ্রসন্ন দে কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া হাজারিবাগ জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু ভুবনেন্দ্রনাথ রায় বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত বাবু তারিণী দাস বন্দ্যোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া হাজারীবাগ জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১১ জুন।—শাহাবাদের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এচ, কার্ডিং সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে চৌদ্দ দিনের ছুটী পাইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁতির সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ দে, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া বাঁকুড়া জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১২ জুন—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু দীননাথ দের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত শেখ মহম্মদ আবদুর রৌফ কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমান খণ্ডে দ্বিতীয় শ্রেণীর সব ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৪ জুন—দ্বারভঙ্গার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাশ্যাম সিংহ যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রায়, যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন তদবধি উক্ত জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

গত আপ্রিল মাসের ১৯ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ত্রিপুরা জিলার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রজনীকুমার দত্ত, যে তারিখে কর্ম্মেরভার গ্রহণ করেন তদবধি উক্ত জিলার অন্তর্গত চাঁদপুর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের নিমিত্ত ভূমি গ্রহণ কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত বিশেষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়, দার্জিলিঙস্থ দার্জিলিং ষ্টীম ট্রামওয়ে কোম্পানির নিমিত্তে ও রঙ্গপুরের ট্রামওয়ের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু রামচরণ লালের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, গয়া জিলার অন্তর্গত নবদহের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ সরকার কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু রাজকিশোর নারায়ণের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বিশেষ কার্য্যে নিযুক্ত গয়া জিলার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বর্দ্ধনের নারায়ণ কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

Baboo Sree Nath Chatterjee, temporary Sub-Deputy Collector, Second Grade, Hajeepore, in the district of Mozufferpore, on special duty, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade.

Baboo Bepin Behary Paramanick, Sub-Deputy Collector, Second Grade, Barh, in the district of Patna, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Jogendro Nath Sen, appointed an Assessor under the Bengal License Act of 1880.

Baboo Ishree Prosad, Sub-Deputy Collector, Second Grade, Bettiah, in the district of Chumparun, on leave, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Burhandeo Narain, appointed an Assessor under the Bengal License Act of 1880.

Syed Wajid Hossein is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice*, Baboo Sreenath Chatterjee, appointed an Assessor under the Bengal License Act of 1880. Syed Wajid Hossein is posted to Seetamurhee, in the district of Mozufferpore.

Moonshee Kotub-ood-deen is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Ishree Prosad promoted, and is posted to Hajeepore in the district of Mozufferpore.

Moonshee Husmut Hossein is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Nowringee Lal, appointed an Assessor under the Bengal License Act of 1880. Moonshee Husmut Hossein is posted to the district of Gya.

Moonshee Anwar Ahmad is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Peary Mohun Bose, appointed an Assessor under the Bengal License Act of 1880. Moonshee Anwar Ahmad is posted to Tajpore in the district of Durbhunga.

Mr. T. F. Carter is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Kedar Nath Mookerjee, appointed an Assessor under the Bengal License Act of 1880. Mr. Carter is posted to Sasseram in the district of Shahabad.

Syed Waris Ali is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in the district of Sarun, *vice* Baboo Bepin Behary Paramanick, promoted.

The 15th June 1880.—Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The services of Mr. C. D. Field, District and Sessions Judge, Burdwan, on special duty, are placed at the disposal of the Government of India in the Home, Revenue, and Agricultural Department.

Mr. C. H. Vowell, Officiating Magistrate and Collector, Durbhunga, is allowed leave for two months and twenty-six days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 13th proximo.

Mr. F. H. Barrow, Officiating Joint-Magistrate and Deputy Collector, Shahabad, on leave, is appointed to act as Magistrate and Collector of Durbhunga, during the absence, on leave, of Mr. C. H. Vowell, or until further orders.

Mr. W. C. Muller, Deputy Magistrate and Deputy Collector, Nattore, in the Rajshahye district, is transferred to the Rungpore district, and is appointed to have charge of the Bagdogra division of the latter district.

Mr. G. K. Lyon, Assistant Magistrate and Collector of Bagdogra, in the Rungpore district, is transferred to the district of Rajshahye, and is appointed to have charge of the Nattore division of the latter district.

Mr. W. H. M. Gun, Officiating Joint-Magistrate and Deputy Collector, Nuddea, is appointed to act as Magistrate and Collector of Rungpore, during the absence, on leave, of Mr. J. J. Livesay, or until further orders.

Mr. F. F. Handley, Officiating Joint Magistrate and Deputy Collector, Gya, is appointed to act as Magistrate and Collector of Mozufferpore, during the absence, on leave, of Mr. C. F. Worsley, or until further orders.

The 16th June 1880.—Mr. H. Cox, Assistant Magistrate and Collector of Nowada, in the Gya district, is allowed leave for fourteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date he may avail himself of it.

[*Government Gazette, 29th June* 1880.]

বিশেষ কার্য্যে নিযুক্ত মজফরপুর জিলার অন্তর্গত হাজিপুরের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীনাথ চট্টোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ সেন, বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে পাটনা জিলার অন্তর্গত বাড়ের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিপিন বিহারী প্রামাণিক কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বইনদেব নরায়ণ বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে চাম্পারণ জিলার অন্তর্গত বেত্তিয়ার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত ঈশ্বরীপ্রসাদ বাবু কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন ইনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ চট্টোপাধ্যায়, বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত সৈয়দ ওয়াজিদ হুসেন, কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। তিনি মজফরপুর জিলার অন্তর্গত সীতামঢ়ীতে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত ঈশ্বরীপ্রসাদ বাবুর পদ বৃদ্ধি হওয়াতে শ্রীযুত মুনশী কুতবদ্দীন কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া মজফরপুর জিলার অন্তর্গত হাজিপুরে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু নবরঙ্গীলাল বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে, শ্রীযুত মুনশী হসমৎ হুসেন, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত মুনশী হসমৎ হুসেন গয়া জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু পেয়ারীমোহন বসু বঙ্গদেশের লাইসেন্সবিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত মুনশী আনওয়ার আহম্মদ কিয়ৎকালের নিমিত্ত দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত মুনশী আনওয়ার আহম্মদ দ্বারভঙ্গা জিলার অন্তর্গত তাজপুরে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু কেদার নাথ মুখোপাধ্যায় বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত টি, এফ, কার্টর সাহেব, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণির সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত কার্টর সাহেব শাহাবাদ. জিলার অন্তর্গত শাসিরামে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু বিপিন বিহারী প্রামাণিকের পদবৃদ্ধি হওয়াতে শ্রীযুত সৈয়দ ওয়ারিস আলি সারণ জিলায় কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৫ জুন।—রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত সি, ডি, ফিলড সাহেব, হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

দ্বারভঙ্গার একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, এচ, বৌয়েল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামী মাসের ১৩ তারিখ অবধি দুই মাস ছাব্বিশ দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত সি, এচ, বৌয়েল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটীপ্রাপ্ত শাহাবাদের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এফ, এচ, বারো সাহেব, দ্বারভঙ্গার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজশাহী জিলার অন্তর্গত নাটোরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ,-সি, মলর সাহেব, রঙ্গপুর জিলায় প্রেরিত হইয়া এই জিলার অন্তর্গত বাগদোগরা মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রঙ্গপুরের অন্তর্গত বাগদোগরার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জি, কে, লিওন সাহেব রাজশাহী জিলায় প্রেরিত হইয়া এই জিলার অন্তর্গত নাটোর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, জে, লাইবসে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, নদীয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ, এচ, এম, গন্ সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, এফ, ওর্সলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় গয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এফ, এফ, হাণ্ডলী সাহেব মজফরপুরের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৬ জুন।—গয়া জিলার অন্তর্গত নবদহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ কক্স সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি-পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে চৌদ্দ দিনের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

Mōulvie Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Gya, is appointed to have temporary charge of the Nowada division of that district during the absence, on leave, of Mr. H. Cox, or until further orders.

The 17th June 1880.—Mr. A. C. Tute, B.A., Officiating Joint-Magistrate and Deputy Collector, Dacca, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The 22nd June 1880.—Mr. J. Kennedy, Officiating Joint-Magistrate and Deputy Collector, Monghyr, having rejoined his appointment on the forenoon of the 25th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 22nd March 1880, is cancelled.

Baboo Gopal Chandra Banerjee, Sub-Deputy Collector of Ranaghat, in the district of Nuddea, is allowed leave for six weeks, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

POLICE.—*The 16th June* 1880.—Mr. H. V. H. Roberts, Assistant Superintendent of Police, on leave, is posted to the 24-Pergunnahs district.

The 21st June 1880.—Baboo Bani Madhub Mookerjee, Third Grade Inspector of Police, Balasore, is promoted to the Second Grade of Inspectors of Police, with effect from the 1st instant *vice* Baboo Gunga Dhur Ghose, transferred to the Excise Department.

ECCLESIASTICAL.—*The 15th June* 1880.—Mr. Hugh Patterson, a Baptist Missionary, is authorized, under Section 47, Part V of Act V of 1865, to grant certificates of marriage between Native Christians in the Sonthal Pergunnahs.

REGISTRATION.—*The 8th June* 1880.—Moulvi Ishan Ali Khan, Rural Sub-Registrar of Rowserah, is appointed to act temporarily as Special Sub-Registrar of Durbhunga, with effect from the 25th May 1880 until further orders.

The 9th June 1880.—Baboo Russick Chunder Sen is appointed to be Sub-Registrar of Palong, in the district of Furreedpore, with effect from the 15th May 1880, *vice* Baboo Raj Kumar Sen, transferred.

The orders of the 17th April 1880, transferring Baboo Nil Rutton Roy Chowdhry, Sub-Registrar of Muksadpore, to Palong, and appointing Baboo Russick Chunder Sen to be Sub-Registrar of Muksadpore, are cancelled.

The 14th June 1880.—Moulvi Mahommed Serajul Huq, Officiating Deputy Magistrate and Deputy Collector, is also appointed to be Sub-Registrar of Rampore Beauleah, in the district of Rajshahye, with effect from the 29th May last.

JAILS.—*The 10th June* 1880.—Mr. H. H. Watson is appointed to be Personal Assistant to the Inspector-General of Jails, *vice* Mr. H. Tucker, resigned.

The 22nd June 1880.—Mr. H. Tucker acted as Superintendent of Jail Manufactures from the 5th to the 12th June 1880, both days inclusive, *vice* Mr. P. Donaldson.

EDUCATION.—*The 17th June* 1880 —Dr. J. A. Greene, Officiating Civil Medical Officer, is appointed to be a member of the Committee of District School, Tipperah.

OPIUM.—*The 17th June* 1880.—Mr. R. W. Blair, an Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, is allowed leave for one month, under Section 10, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Mr. A. B. Kennedy is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent in the Benares Agency during the absence, on leave, of Mr. R. W. Blair, or until further orders.

MARINE.—*The 22nd June* 1880.—Mr. J. C. Hunton, Assistant Shipping Master, Calcutta, acted, in addition to his own duties, as Deputy Shipping Master from the 19th February to the 20th April 1880, *vice* Mr. H. W. W. Ellis, on leave.

[*Government Gazette*, 29*th June* 1880.]

শ্রীযুত এচ, কল্প সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, গয়ার ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আহম্মদ, সেই জিলার অন্তর্গত নবদহ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৭ জুন।—ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, সি, টুট সাহেব, বি, এ, ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২২ জুন।—মুঙ্গেরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, কেনেডি সাহেব, গত মাসের ২৫ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ১৮৮০ সালের মার্চ মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাটের সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮০ সাল ১৬ জুন।—ছুটী প্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, বি, এচ, রবর্টস সাহেব, ২৪ পরগনায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২১ জুন।—শ্রীযুত বাবু গঙ্গাধর ঘোষ আবকারী কার্য্য বিভাগে প্রেরিত হওয়াতে বালেশ্বরের পোলীসের তৃতীয় শ্রেণীর ইনস্পেক্টর শ্রীযুত বাবু বেণীমাধব মুখোপাধ্যায় এই মাসের ১ তারিখ অবধি পোলীসের ইনস্পেক্টরদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

ধর্ম্ম কার্য্য সম্পর্কীয়।—১৮৮০ সাল ১৫ জুন।—বাপ্টিষ্ট মিশনরি পাদরী শ্রীযুত হিউ পাটরসন সাহেব, সাঁওতাল পরগনায় খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের ১৮৭২ সালের ৫ আইনের ৫ খণ্ডের ৪৭ ধারামতে বিবাহের সার্টিফিকট দিবার ক্ষমতা পাইলেন।

রেজিষ্টরীকরণবিষয়ক।—১৮৮০ সাল ৮ জুন।—রসেড়ার প্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী ইশানআলি খাঁ ১৮৮০ সালের মে মাসের ২৫ তারিখ অবধি অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, কিয়ৎকালের নিমিত্তে দ্বারভঙ্গার বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু রাজকুমার সেন স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত বাবু রসিকচন্দ্র সেন ১৮৮০ সালের মে মাসের ১৫ তারিখ অবধি ফরিদপুর জিলার অন্তর্গত পালঙ্গের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

মুকন্দপুরের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু নীলরতন রায় চৌধুরীকে পালঙ্গে প্রেরণ বিষয়ক ও মুকন্দপুরের সব-রেজিষ্ট্রারের পদে শ্রীযুত বাবু রসিকচন্দ্র সেনকে নিযুক্ত করণবিষয়ক ১৮৮০ সালের ১৭ আপ্রিলের আজ্ঞা রহিত করা গেল।

১৮৮০ সাল ১৪ জুন।—একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সেরাজুল হক গত মে মাসের ২৯ তারিখ অবধি রাজশাহী জিলার অন্তর্গত রামপুর বোয়ালিয়ার সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

জেলবিষয়ক।—১৮৮০ সাল ১০ জুন।—শ্রীযুত এচ, টকর সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত এচ, এচ ওয়াটসন সাহেব জেল সমূহের ইনস্পেক্টর জেনরল সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২২ জুন।—শ্রীযুত পি, ডোনাল্ডসন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ, টকর সাহেব, ১৮৮০ সালের জুন মাসের ৫ তারিখ অবধি ১২ তারিখ পর্য্যন্ত জেলে প্রস্তুত দ্রব্যের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিয়াছেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮০ সাল ১৭ জুন।—একটিং সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, এ, গ্রীন সাহেব, ত্রিপুরা জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৮০ সাল ১৭ জুন।—বাণারস এজেন্সীর আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর, ডবলিউ, ব্রের সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত আর, ডবলিউ, ব্রের সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত এ, বি, কেনেডি সাহেব বাণারস এজেন্সীতে আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সমুদ্র সম্পর্কীয়।—১৮৮০ সাল ২২ জুন।—শ্রীযুত এচ, ডবলিউ, ডবলিউ, এলিস সাহেব, ছুটী লওয়াতে কলিকাতার আসিষ্টাণ্ট শিপিং মাষ্টর শ্রীযুত জে, সি, হটন সাহেব আপন কর্ম্মাতিরিক্ত ১৮৮০ সালের ১৯ ফেব্রুয়ারি অবধি ২০ আপ্রিল পর্য্যন্ত ডেপুটী শিপিং মাষ্টরের কর্ম্ম করিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

MEDICAL.—*The 11th June* 1880.—Mr. F. Wilcox, District Superintendent of Police, Midnapore, is appointed to be a member of the Committee for the management of the Pierce Charitable Dispensary in that district.

The 14th June 1880.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Semolia, in the district of Dacca:—

Baboo Bhagaban Chandra Chakravarti, Banker.
,, Gobinda Chandra Gangoli, Head Pundit, Semolia School.
,, Hari Das Kunda, Trader.
,, Hari Mohun Gangoli, Head Master, Semolia School.
,, Syama Charan Shome, Talookdar.
,, Krishna Kishore Datta, Manager and Secretary.

The undermentioned gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Kooshtea, in the district of Nuddea:—

Baboo Grindra Nath Chatterjea, Sub-Deputy Collector.
,, Behari Lall Banerjea, Second Moonsif, Kooshtea.

Th 15th June 1880.—Baboo Shyama Churn Chatterjea, Head Clerk, Sub-divisional Office, Narail, is appointed to be a member of the Committee for the management of the Dispensary at Narail, in the district of Jessore.

The 22nd June 1880.—Assistant Surgeon Nritto Gopal Mittra, a Supernumerary at the Presidency, is appointed to have medical charge of the Charitable Dispensary at Shahabad, *vice* Assistant Surgeon Hari Mohun Bose, deceased.

MUNICIPAL.—*The 9th June* 1880.—The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the South Suburban Municipality in the district of the 24-Pergunnahs:—

Baboo Bacharam Chatterjea.
,, Bacharam Banerjea.
,, Tarini Charun Pal.
Shahebzada Nuradin Khan.
Rev. Tara Pershad Chatterjea.

Baboo Uma Charun Chuckerbarti, a pensioner, is appointed to be a Commissioner of the above Municipality, *vice* Baboo Pitambar Mookerjee.

The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the Municipality of Deoghur, in the district of the Southal Pergunnahs:—

Baboo Jai Kumar Dutt Jha.
,, Khusi Dutt Dewan.
Baboo Russik Lal Tewary.
,, Prossono Chunder Deb.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the above Municipality:—

Baboo Girja Nund Dutt Jha, *vice* Baboo Mohanund Dutt Jha.
,, Ashutosh Bhugut, *vice* Baboo Nara Chand Dutt Jha.

The Lieutenant-Governor approves the election of Baboo Chunder Narain Gupta, Deputy Magistrate and Deputy Collector, to be Vice-Chairman of the above Municipality for the year 1880-81.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Joynuggur, in the district of the 24-Pergunnahs:—

Baboo Baikunt Nath Dutt, Zemindar.
,, Romanauth Banerjea, Zemindar.
,, Bhupendro Narain Dutt, Zemindar.
The Rural Sub-Registrar of Joynuggur, *ex-officio*.

Baboo Hari Das Dutt is re-appointed to be a Commissioner of the above Municipality.

[*Government Gazette, 29th June* 1880.]

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ১১ জুন।—মেদিনীপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, উইলকন্স সাহেব উক্ত জিলার অন্তর্গত পিংলা নামক দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৪ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অন্তর্গত সেমোলিয়াস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

বাঙ্কার শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী।
সেমোলিয়া স্কুলের প্রধান পণ্ডিত শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র গঙ্গোপাধ্যায়।
ব্যবসায়ী শ্রীযুত বাবু হরিদাস কুণ্ডু।
সেমোলিয়া স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু হরিমোহন গঙ্গোপাধ্যায়।
তালুকদার শ্রীযুত বাবু শ্যামাচরণ সোম।
শ্রীযুত বাবু কৃষ্ণকিশোর দত্ত, কার্য্যাধ্যক্ষ ও সেক্রেটরী।

নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গিরীন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
কুষ্টিয়ার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু বিহারীলাল বন্দ্যোপাধ্যায়।

১৮৮০ সাল ১৫ জুন।—নড়াইল মহকুমার আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায়, যশোহর জিলার অন্তর্গত নড়াইলের দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২১ জুন।—আসিষ্টান্ট সর্জন হরিমোহন বসুর মৃত্যু হওয়াতে, রাজধানীতে অতিরিক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত নৃত্যগোপাল মিত্র, শাহাবাদস্থ দাতব্য ঔষধালয়ের চিকিৎসাকার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৮০ সাল ৯ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত দক্ষিণ শাখানগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বেচারাম চট্টোপাধ্যায়।	শ্রীযুত সাহেবজাদা নরুদ্দীন খাঁ।
,, ,, বেচারাম বন্দ্যোপাধ্যায়।	পাদরী শ্রীযুত তারাপ্রসাদ চট্টোপাধ্যায়।
,, ,, তারিণীচরণ পাল।	

শ্রীযুত বাবু পীতাম্বর মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে পেনশানভোগি শ্রীযুত বাবু উমাচরণ চক্রবর্ত্তী উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা সাঁওতাল পরগনার অন্তর্গত দেবগড় মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জয়কুমার দত্ত ঝা।	শ্রীযুত বাবু রসিকলাল তেওয়ারী।
,, ,, খুসি দত্ত দেওয়ান।	,, বাবু প্রসন্নচন্দ্র দেব।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু মহানন্দ দত্ত ঝার পরিবর্ত্তে শ্রীযুত বাবু গিরিজানন্দ দত্ত ঝা।
,, বাবু নরচাঁদ দত্ত ঝার পরিবর্ত্তে শ্রীযুত বাবু আশুতোষ গুপ্ত।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ গুপ্তকে ১৮৮০।৮১ সালের নিমিত্ত উক্ত মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করণ অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত জয়নগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

জমীদার শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ দত্ত।
,, ,, বাবু রমানাথ বন্দ্যোপাধ্যায়।
,, ,, বাবু ভূপেন্দ্রনারায়ণ দত্ত।
জয় নগরের প্রাথ্য সব-রেজিষ্ট্রার স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত বাবু হরিদাস দত্ত উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।
[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Jamalpore Municipality, of Baboo Mohima Chandra Ghose to be their Vice-Chairman for the year 1880-81.

The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Kotrung Municipality, of Baboo Woomesh Chunder Bose to be their Vice-Chairman for the year 1880-81.

The 11th June 1880.—The following gentlemen are appointed to be Commissioners of the Nyehatty Municipality, in the district of the 24-Pergunnahs :—

Mr. A. Macdonald, Manager, Govindpore Factory.
Baboo Hara Persad Bhattacharjee, Teacher, Hare School, Calcutta.

The 11th June 1880.—The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Colgong, in the district of Bhagulpore :—

Baboo Bany Nath Sircar, *vice* Baboo Fakir Chand Jha.
,, Hurdea Das Marwari, *vice* Baboo Poorno Chunder Gangooly.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Satkhira, in the district of the 24-Pergunnahs :—

Baboo Boroda Charan Banerjee, Gantidar.
,, Annoda Pershad Sen, Manager, Satkhira Ward's Estate.
Mr. J. Diverinne is re-appointed to be a Commissioner of the above Municipality.

ROAD CESS.—*The 14th June 1880.*—Mr. D. J. Macpherson, Assistant Magistrate and Collector, Backergunge, is appointed to be a Member of the Road Cess Committee of that district.

The following notification is republished from the *Assam Gazette* :—

No. 146.—The 3rd June 1880.—Privilege leave of absence for three months, under Section 13, Supplement F of the Civil Leave Code, is granted to Mr. W. H. Cornish, District Superintendent of Police, Darrang, with effect from the 2nd July 1880, or from the subsequent date on which he may avail himself of the same.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd June 1880.—The report of the Central Examination Committee having been received, the result of the half-yearly examination of Assistant Magistrates and others, held on the 10th May 1880 and following days, is published for general information :—

I.—HIGHER STANDARD.

(1)—The following officer has passed completely :—

Civil Officer.

1. Mr. K. J. Badshah.

(2)—The following officers, who had passed partially at previous examinations, have now passed in the remaining subjects as mentioned opposite their names :—

(a)—Civil Officers.

1.	Mr. A. H. Collins	Bengali and Hindustani.
2.	Baboo Norendra Nath Chowdry	Hindustani.
3.	Moulvie Buzlal Karim	Ditto.
4.	Baboo Abinash Churn Mullick	Ditto.
5.	,, Umesh Chunder Banerjee	Ditto.
6.	,, Kumad Nath Mukerjee	Law and Hindustani.

[*Government Gazette, 29th June* 1880.]

জামালপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

কোতরঙ্গ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু উমেশচন্দ্র বসুকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮০ সাল ১১ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত নৈহাটী মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

গোবিন্দপুরের কুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এ, মাকডনালড সাহেব।
কলিকাতার হেয়র স্কুলের শিক্ষক শ্রীযুত বাবু হরপ্রসাদ ভট্টাচার্য্য।

১৮৮০ সাল ১৪ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ভাগলপুর জিলার অন্তর্গত কাহালগাঁ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ফকীরচাঁদ ঝার পরিবর্ত্তে শ্রীযুত বাবু বাণীনাথ সরকার।
,, বাবু পূর্ণচন্দ্র গঙ্গোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু হরদিয়াল দাস মাড়ওয়ারী।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

গাঁতিদার শ্রীযুত বাবু বরদাচরণ বন্দ্যোপাধ্যায়।
সাতক্ষীরার নাবালকের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ সেন।
শ্রীযুত জে, ডেবেরিনু সাহেব উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ১৪ জুন।—বাখরগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, জে, মাকফরসন সাহেব, সেই জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

And whereas by the same Act it was further provided that whenever it should be made to appear to Her Majesty that the Government of any foreign country was willing that the Regulations for preventing collisions contained in Table C in the schedule to the said Act, or such other Regulations for preventing collisions as are for the time being in force under the said Act, should apply to the ships of such country when beyond the limits of British jurisdiction, Her Majesty might, by Order in Council, direct that such Regulations should apply to the ships of the said foreign country, whether within British jurisdiction or not; and it was further provided by the said Act that whenever an Order in Council had been issued applying any Regulation made by, or in pursuance of, the said Act to the ships of any foreign country, such ships should in all cases arising in any British court, be deemed to be subject to such Regulation, and should, for the purpose of such Regulation, be treated as if they were British ships;

And whereas by an Order in Council made in pursuance of the said recited Act, and dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, Her Majesty was pleased to direct:—First, that the Regulations contained in the schedule to the said Act should be modified by the substitution for such Regulations of certain Regulations appended to the said Order;

Secondly, that the said Regulations appended to the said Order should, on and after the first day of June one thousand eight hundred and sixty-three, apply to French ships, whether within British jurisdiction or not:

And whereas by several Orders in Council subsequently made, Her Majesty was pleased to direct that the Regulations appended to the said Order of the ninth of January one thousand eight hundred and sixty-three, should apply to ships of the countries specified in the said Orders, whether within British jurisdiction or not:

And whereas by Order in Council, dated the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, Her Majesty, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, was pleased to make certain additions to the Regulations appended to the said first-recited Order in Council, for the purpose of explaining Articles 11 and 13 of the said Regulations, and of removing doubt and misapprehension concerning the effect of the said two Articles:

And whereas the Admiralty and the Board of Trade have jointly recommended to Her Majesty that the Regulations contained in the Order in Council dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled from the first day of September one thousand eight hundred and eighty, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations hereinafter set forth:

And whereas it has been made to appear to Her Majesty that the governments of the several foreign countries mentioned in the second schedule hereto are respectively willing that the Regulations contained in the first schedule hereto shall apply to ships of the said countries respectively, whether within British jurisdiction or not:

Now therefore Her Majesty, by virtue of the powers vested in Her by the said recited Act, and by and with the advice of Her Privy Council, is pleased to direct:—

First, that on and after the first day of September one thousand eight hundred and eighty, the Regulations appended to the said Order in Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations contained in the first schedule hereto.

Second, that the said Regulations contained in the said first schedule hereto shall, from and after the first day of September one thousand eight hundred and eighty, apply to ships of the countries mentioned in the said second schedule hereto, whether within British jurisdiction or not.

C. L. PEEL.

[*Government Gazette*, 29*th June* 1880.]

ঐ আইনে আরো বিধান ছিল যে, ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনের তফসীলের C চিহ্নিত বিধি অথবা ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনমত অন্য যে বিধি যৎকালে বলবৎ থাকে তাহা ব্রিটিষ বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানে কোন ভিন্নদেশীয় জাহাজের প্রতি বর্ত্তে, উক্ত দেশের গবর্ণমেণ্টের ইহাতে সম্মতি আছে বলিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মাল গেলে শ্রীশ্রীমতী মহারাণী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া আদেশ করিতে পারিবেন যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, উক্ত ভিন্নদেশীয় জাহাজের প্রতি উক্ত বিধি বর্ত্তিবে; উক্ত আইনে আরো বিধান ছিল যে, উক্ত আইনের নির্দ্দিষ্ট কিম্বা তৎক্রমে প্রণীত কোন বিধি কোন ভিন্নদেশের জাহাজের প্রতি বর্ত্তাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রচার করা গেলে, কোন ব্রিটিষ বিচারালয়ে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তৎসম্বন্ধে উক্ত জাহাজ উক্ত বিধির নিয়মাধীন বলিয়া জ্ঞান করা যাইবে এবং উক্ত বিধির কার্য্যপক্ষে ব্রিটিষ জাহাজ হইলে যেরূপ হইত ঐ জাহাজের প্রতি তদ্রূপ ব্যবহার করা যাইবে।

পূর্ব্বোল্লিখিত আইনক্রমে কৃত ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দ্বারা শ্রীশ্রীমতী মহারাণী এই আদেশ করেন;—প্রথমতঃ উক্ত আইনের তফসীলের বিধি পরিবর্জ্জিত করিয়া তাহার স্থানে উক্ত আজ্ঞা সংযুক্ত একটি বিধি দেওয়া যায়।

দ্বিতীয়তঃ ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ১৮৬৩ সালের ১ জুন তারিখ অবধি উক্ত আজ্ঞা সংযুক্ত উক্ত বিধি ফরাসী জাহাজের প্রতি বর্ত্তিবে।

পরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর কএক আজ্ঞাদ্বারা শ্রীশ্রীমতী মহারাণী আদেশ করেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের উক্ত আজ্ঞা সংযুক্ত বিধি, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ঐ২ আজ্ঞার নির্দ্দিষ্ট দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দেওয়াতে শ্রীশ্রীমতী মহারাণী ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া, উক্ত প্রথমোল্লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সংযুক্ত বিধির ১১ ও ১৩ ধারার ব্যাখ্যা করণার্থ ও উক্ত দুই ধারার মর্ম্ম সংক্রান্ত সন্দেহ ও ভ্রান্তি দূর করণার্থ উক্ত বিধিতে কোন২ কথা সংযোগ করেন।

উক্ত যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্য বিষয়ক বোর্ড একমত হইয়া এক্ষণে পরামর্শ দিয়াছেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার অন্তর্গত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত নূতন বিধি দেওয়া যায়।

আর শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মিয়াছে যে এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত ভিন্ন২ দেশের গবর্ণমেণ্টের ইচ্ছা এই যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানেই হউক বা না হউক এতৎসংযুক্ত প্রথম তফসীলের বিধি ঐ২ দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

এই নিমিত্ত পূর্ব্বোল্লিখিত আইনে শ্রীশ্রীমতীর প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি এক্ষণে স্বীয় মন্ত্রিসভার উপদেশক্রমে এই আদেশ করিতেছেন;

(১) ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞাসংযুক্ত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধি দেওয়া যাইবে।

(২) এতৎ সংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত উক্ত বিধি, ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

সি, এল, পীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

FIRST SCHEDULE.

Regulations for Preventing Collisions at Sea.

Preliminary.

Art. 1. In the following rules every steam-ship which is under sail and not under steam is to be considered a sailing ship; and every steam-ship which is under steam, whether under sail or not, is to be considered a ship under steam.

Rules Concerning Lights.

Art. 2. The lights mentioned in the following Articles, numbered 3, 4, 5, 6, 7, 8, 9, 10, and 11, and no others, shall be carried in all weathers, from sunset to sunrise.

Art. 3. A sea-going steam-ship when under way shall carry—

(*a.*) On or in front of the foremast, at a height above the hull of not less than 20 feet, and if the breadth of the ship exceeds 20 feet then at a height above the hull not less than such breadth, a bright white light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 20 points of the compass; so fixed as to throw the light 10 points on each side of the ship, viz. from right ahead to 2 points abaft the beam on either side; and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least five miles.

(*b.*) On the starboard side, a green light so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass; so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the starboard side; and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles.

(*c.*) On the port side, a red light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass; so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the port side; and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles.

(*d.*) The said green and red side lights shall be fitted with inboard screens projecting at least three feet forward from the light, so as to prevent these lights from being seen across the bow.

Art. 4. A steam-ship, when towing another ship, shall, in addition to her side lights carry two bright white lights in a vertical line one over the other, not less than three feet apart, so as to distinguish her from other steam-ships. Each of these lights shall be of the same construction and character, and shall be carried in the same position, as the white light which other steam-ships are required to carry.

Art. 5. A ship, whether a steam-ship or a sailing ship, when employed either in laying or in picking up a telegraph cable, or which from any accident is not under command, shall at night carry in the same position as the white light which steam-ships are required to carry, and, if a steam-ship, in place of that light, three red lights in globular lanterns, each not less than 10 inches in diameter, in a vertical line one over the other, not less than three feet apart: and shall by day carry in a vertical line one over the other, not less than three feet apart, in front of, but not lower than, her foremast head, three black balls or shapes, each two feet in diameter.

These shapes and lights are to be taken by approaching ships as signals that the ship using them is not under command, and cannot therefore get out of the way.

The above ships when not making any way through the water, shall not carry the side lights, but when making way shall carry them.

Art. 6. A sailing ship under way, or being towed, shall carry the same lights as are provided by Article 3 for a steam-ship under way, with the exception of the white light, which she shall never carry.

Art. 7. Whenever, as in the case of small vessels during bad weather, the green and red side lights cannot be fixed, these lights shall be kept on deck, on their respective sides of the vessel, ready for use: and shall, on the approach of or to other vessels, be exhibited on their

প্রথম তফসীল ।

সমুদ্রপথে জাহাজে২ ধাক্কা লাগা নিবারণার্থ বিধি ।

উপক্রমণিকা ।

১ ধারা। নিম্নলিখিত বিধিতে কোন কলের জাহাজ বাষ্পের বলে না যাইয়া পাইল ভরে গেলে পাইল ভরে গামী জাহাজ বলিয়া গণ্য হইবে, এবং কোন কলের জাহাজ বাষ্পের বলে গেলে, পাইলভরে যাউক বা না যাউক, বাষ্পের বলে গামী বা কলের জাহাজ বলিয়া গণ্য হইবে ।

আলোক সংক্রান্ত বিধি ।

২ ধারা। ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ চিহ্নিত নিম্নলিখিত কএক ধারায় যেই২ আলোকের উল্লেখ আছে, আকাশের সকল অবস্থায় সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত সময়ে সেই ২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে, অন্য আলোক নহে ।

৩ ধারা। সমুদ্রগামী কলের জাহাজ চালাইবার সময়ে

(ক) অগ্রস্থ মাস্তুলের উপরে বা সম্মুখভাগে খোল হইতে অন্যূন বিশ ফুট ঊর্দ্ধে, এবং জাহাজ বিশ ফুট অপেক্ষা চৌড়া হইলে, খোল হইতে অন্যূন ঐ চৌড়ামত ঊর্দ্ধে একটী উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ২০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে জাহাজের প্রত্যেক পার্শ্বে ১০ পাইণ্ট পরিমিত আলোক পড়ে, অর্থাৎ ঠিক সম্মুখ দিক্ হইতে প্রত্যেক পার্শ্বে ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন পাঁচ মাইল দূর হইতে দেখা যায় ।

(খ) ডাইন পার্শ্বে সবুজ রঙ্গের আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক্ হইতে ডাইন পার্শ্বে ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায় ।

(গ) বাম পার্শ্বে লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক্ হইতে বামপার্শ্বে ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায় ।

(ঘ) আলোক হইতে সম্মুখ দিকে অন্যূন ৩ ফুট দূরে জাহাজের উপর পর্দ্দা দিয়া উক্ত সবুজ ও লাল আলোক এরূপে রাখিতে হইবে যে পুরোভাগ দিয়া এই আলোক দেখা না যায় ।

৪ ধারা। কলের জাহাজ যখন অন্য জাহাজ টানিয়া লইয়া যায়, তখন পার্শ্বের আলোকের অতিরিক্ত অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে; ইহাতে অন্য কলের জাহাজ হইতে ঐ জাহাজটি বিশেষ করিয়া জানা যাইবে এই দুইটি আলোক একই রূপে প্রস্তুত ও একই প্রকারের হইবে, এবং অন্য কলের জাহাজে শাদা আলোক যে স্থানে জ্বালিয়া রাখিবার আদেশ আছে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে ।

৫ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, টেলিগ্রাফের তার বসাইতে বা কুড়াইয়া লইতে নিযুক্ত থাকিলে, কিম্বা কোন দুর্ঘটনা বশতঃ অধ্যক্ষশূন্য হইলে কলের জাহাজের যে স্থানে শাদা আলোক জ্বালিয়া রাখিবার আদেশ আছে রাত্রিকালে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে, ও কলের জাহাজ হইলে, ঐ আলোকের পরিবর্ত্তে গোলাকার লাণ্ঠনের মধ্যে তিনটি রাঙ্গা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। প্রত্যেক লাণ্ঠনের ব্যাস অন্যূন ১০ ইঞ্চি পরিমিত হইবে, এবং ঐ গুলি একটির উপর একটি করিয়া অন্যূন তিন২ ফুট অন্তর ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে। দিবসে অগ্র মাস্তুলের মাথার নীচে না পড়ে এরূপে তাহার সম্মুখভাগে অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ২ ফুট ব্যাস বিশিষ্ট তিনটি কাল বর্ত্তুল বা পুত্তলিকা ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে ।

এই সকল পুত্তলিকা ও আলোক যে জাহাজে ব্যবহৃত হয় সেই জাহাজ অধ্যক্ষশূন্য ও তন্নিমিত্ত রাস্তা হইতে সরিয়া যাইতে পারে না, উক্ত পুত্তলিকা ও আলোক সমীপগামি জাহাজ গুলিতে এইরূপ সিকনেল বলিয়া বিবেচিত হইবে ।

জলপথে না চলিবার সময়ে উক্ত জাহাজে পার্শ্বালোক দিতে হইবে না, কিন্তু চলিবার সময়ে দিতে হইবে ।

৬ ধারা। পাইলভরে গামী কোন জাহাজ যখন চলিতে থাকে অথবা যখন তাহা অন্য জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া যায়, তখন চলিবার সময়ে কলের জাহাজের নিমিত্ত ৩ ধারায় যে ২ আলোকের বিধান আছে তাহাতেও সেই২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে। কিন্তু তাহাতে শাদা আলোক কখনও জ্বালিয়া রাখিতে হইবে না ।

৭ ধারা। ঝড় বৃষ্টির সময়ে ক্ষুদ্র জাহাজের সম্বন্ধে যেরূপ ঘটে, সেইরূপ যখন সবুজ ও লাল পার্শ্বালোক স্থির করিয়া রাখিতে পারা যায় না, ঐ ২ আলোক জাহাজের যথাযোগ্য পার্শ্বে ব্যবহারার্থ প্রস্তুত করিয়া ডেকের উপর রাখিতে হইবে; এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা

respective sides in sufficient time to prevent collision, in such manner as to make them most visible, and so that the green light shall not be seen on the port side nor the red light on the starboard side.

To make the use of these portable lights more certain and easy, the lanterns containing them shall each be painted outside with the colour of the light they respectively contain, and shall be provided with proper screens.

ART. 8. A ship, whether a steam-ship or a sailing ship, when at anchor, shall carry, where it can best be seen, but at a height not exceeding 20 feet above the hull, a white light, in a globular lantern of not less than eight inches in diameter, and so constructed as to show a clear uniform and unbroken light visible all round the horizon, at a distance of at least one mile.

ART. 9. A pilot vessel, when engaged on her station on pilotage duty, shall not carry the lights required for other vessels, but shall carry a white light at the mast head visible all round the horizon, and shall also exhibit a flare-up light or flare-up lights at short intervals which shall never exceed fifteen minutes.

A pilot vessel, when not engaged on her station on pilotage duty, shall carry lights similar to those of other ships.

ART. 10. (*a*)—Open fishing boats and other open boats when under way shall not be obliged to carry the side lights required for other vessels; but every such boat shall in lieu thereof have ready at hand a lantern with a green glass on the one side and a red glass on the other side; and on the approach of or to other vessels such lantern shall be exhibited in sufficient time to prevent collision, so that the green light shall not be seen on the port side nor the red light on the starboard side.

(*b*)—A fishing vessel and an open boat when at anchor shall exhibit a bright white light.

(*c*)—A fishing vessel when employed in drift net fishing, shall carry on one of her masts two red lights in a vertical line one over the other, not less than three feet apart.

(*d*)—A trawler at work shall carry on one of her masts two lights in a vertical line one over the other, not less than three feet apart, the upper light red and the lower green, and shall also either carry the side lights required for other vessels, or if the side lights cannot be carried, have ready at hand the coloured lights as provided in Article 7, or a lantern with a red and a green glass as described in paragraph (*a*) of this Article.

(*e*)—Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition if they desire to do so.

(*f*)—The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England scheduled to the British Sea Fisheries Act, 1868.

(*g*)—All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon.

ART. 11. A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light.

Sound Signals for Fog, &c.

ART. 12. A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell. A sailing ship shall be provided with a similar fog horn and bell.

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(*a*)—A steam-ship under way shall make with her steam whistle, or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast.

(*b*)—A sailing ship under way shall make with her fog horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and when with the wind abaft the beam three blasts in succession.

[*Government Gazette*, 29*th June* 1880.]

নিবারণার্থে যথাকালে যথাযোগ্য পার্শ্বে এরূপে দেখাইতে হইবে যে ঐ আলোক অত্যুৎকৃষ্টরূপে দেখা যায় ও সবুজ আলোক বাম পার্শ্বে দেখা না যায় ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা না যায়।

সহজে সঞ্চালনযোগ্য ঐ আলোকের ব্যবহার অধিকতর ফলবৎ ও সহজ করিবার নিমিত্ত, ঐ আলোক যে লাণ্ঠনে থাকে তাহার বহির্ভাগে উক্ত আলোকের রং লাগাইতে হইবে, এবং ঐ লাণ্ঠনে যথা-যোগ্য আবরণ দিতে হইবে।

৮ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, যখন লঙ্গর ফেলিয়া থাকে, খোল হইতে ২০ ফুটের অনধিক উর্দ্ধে যেখানে বড় ভাল দেখা যায় একটি শাদা আলোক জ্বালিয়া রাখিবে। অন্যূন ৮ ইঞ্চি ব্যাসবিশিষ্ট গোলাকার লাণ্ঠনে ঐ আলোক রাখিতে হইবে ও উহা এরূপে প্রস্তুত করিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে অন্যূন এক মাইল দূরে পরিষ্কার সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়।

৯ ধারা। আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যেং আলোক জ্বালিয়া রাখিতে হয় সেইং আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্মণ্ডলের সকল দিক্ হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ ধারা। মৎস্য ধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না; কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে; এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখা-ইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রুলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোক ও রাখিতে হইবে; অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঞ্জিণ আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গ-লণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে, তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে দেখা যায়।

১১ ধারা। পশ্চাদ্দিক্ হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন বাধা দ্বারা শব্দ বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে, আর একটি কার্য্যকর ঘণ্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘণ্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেলগুলি পশ্চাল্লিখিত মতে ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তর দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কালান্তর, ডাইন দিকে গমন কালে একটিশব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুপ্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

(c)—A steam-ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell.

Speed of Ships to be moderate in Fog, &c.

ART. 13. Every ship, whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow go at a moderate speed.

Steering and Sailing Rules.

ART. 14. When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz :—

(a)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled.

(b)—A ship which is close-hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack.

(c)—When both are running free with the wind on different sides, the ship which has the wind on the port side shall keep out of the way of the other.

(d)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward.

(e)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship.

ART. 15. If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other.

This Article only applies to cases where ships are meeting end on or nearly end on, in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must, if both keep on their respective courses, pass clear of each other.

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words, to cases in which by day each ship sees the mast of the other in a line, or nearly in a line, with her own; and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other.

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course; or by night, to cases where the red light of one ship is opposed to the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead.

ART. 16. If two ships under steam are crossing so as to involve risk of collision, the ship which has the other on her own starboard side shall keep out of the way of the other.

ART. 17. If two ships, one of which is a sailing ship and the other a steam-ship, are proceeding in such directions as to involve risk of collision, the steam-ship shall keep out of the way of the sailing ship.

ART. 18. Every steam-ship when approaching another ship, so as to involve risk of collision, shall slacken her speed, or stop and reverse if necessary.

ART. 19. In taking any course authorized or required by these Regulations a steam-ship under way may indicate that course to any other ship which she has in sight by the following signals on her steam whistle, viz :—

One short blast to mean—"I am directing my course to starboard."

Two short blasts to mean—"I am directing my course to port."

Three short blasts to mean—"I am going full speed astern."

The use of these signals is optional; but if they are used, the course of the ship must be in accordance with the signal made.

ART. 20. Notwithstanding anything contained in any preceding Article every ship, whether a sailing ship or steam-ship, overtaking any other, shall keep out of the way of the overtaken ship.

ART. 21. In narrow channels every steam-ship shall, when it is safe and practicable, keep to that side of the fair way or midchannel which lies on the starboard side of such ship.

[*Government Gazette, 29th June* 1880.]

(গ) কলের জাহাজ ও পাইলভরে গামি জাহাজ যৎকালে না চলে, দুই মিনিটের অনধিক কালান্তর ঘণ্টা বাজাইবে।

কুয়াসা প্রভৃতিতে জাহাজের বেগ অল্প হইবার বিধি।

১৩ ধারা। কোন জাহাজ পাইলভরে গামি জাহাজই হউক বা কলের জাহাজই হউক, অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়ে অল্পবেগে চলিবে।

দূর হইতে দেখিবার ও পাইল তুলিয়া যাইবার বিধি।

১৪ ধারা। পাইলভরে গামি দুইখান জাহাজ যদি এরূপে পরস্পরের নিকটবর্ত্তী হইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে তন্মধ্যে একখান নিম্নলিখিত মতে অন্য খানির পথহইতে সরিয়া যাইবে, যথা,

(ক) কোন জাহাজ অনুকূল বায়ু পাইয়া চলিতে থাকিলে, বায়ুর প্রতিকূলগামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(খ) যে জাহাজ বায়ুর প্রতিকূলে বাম দিকে যাইতেছে, তাহা বায়ুর প্রতিকূলে ডাইন দিক্‌গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(গ) ভিন্ন২ পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, যে জাহাজের বাম পার্শ্ব হইতে বায়ু বহে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঘ) একই পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, বাতাসের দিকে যে জাহাজ থাকে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঙ) যে জাহাজের পিছে বাতাস লাগে, তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৫ ধারা। বাষ্পবলে গামি দুইখান জাহাজ যদি এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে প্রত্যেক জাহাজই এরূপে ডাইনে সরিয়া যাইবে যে একটি অন্যটির বাম দিকে চলিয়া যাইতে পারে।

যে স্থলে জাহাজদ্বয় এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কেবল সেই স্থলে এই ধারার বিধান খাটে; এবং যে স্থলে দুইখান জাহাজ আপন২ পথে থাকিলে পাশ দিয়া চলিয়া যাইবে, সেই স্থলে খাটে না।

যে স্থলে একখান জাহাজ অন্য আর একখান জাহাজের সহিত প্রান্তে২ অথবা প্রায় প্রান্তে২ মিলে অর্থাৎ যে স্থলে দিবাভাগে এক জাহাজের লোক অপর জাহাজের মাস্তুল আপন জাহাজের মাস্তুলের সহিত সমসূত্রে বা প্রায় সমসূত্রে দেখিতে পায়, এবং যে স্থলে রাত্রি কালে প্রত্যেক জাহাজ এরূপ স্থানে আইসে যে তাহাহইতে অন্য জাহাজের উভয় পার্শ্বালোক দেখা যায়, কেবল সেই স্থলেই এই ধারার বিধান খাটে।

দিবাভাগে যে স্থলে এক জাহাজ হইতে দেখা যায় যে সম্মুখদিকে তাহার পথ পার হইয়া অন্য জাহাজ যাইতেছে; অথবা রাত্রিকালে যে স্থলে এক জাহাজের লাল আলোক অন্য জাহাজের লাল আলোকের সম্মুখে পড়ে, কিম্বা এক জাহাজের সবুজ আলোক অন্য জাহাজের সবুজ আলোকের সম্মুখে পড়ে, কিম্বা সবুজ আলোক বিনা লাল আলোক বা লাল আলোক বিনা সবুজ আলোক সম্মুখ দিকে দেখা যায়, কিম্বা সম্মুখ দিকে না হইয়া অন্যত্র সবুজ ও লাল উভয় আলোকই দেখা যায়, সেই স্থলে এই ধারার বিধান খাটে না।

১৬ ধারা। যদি বাষ্পবলে গামি দুইখান জাহাজ পরস্পরের পথ এরূপে কাটিয়া যায় যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে যে জাহাজের ডাইন দিকে অন্য জাহাজ থাকে সেই জাহাজ সেই অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৭ ধারা। যদি এক খান পাইলভরে গামি জাহাজ ও এক খান কলের জাহাজ এরূপে কোন দিকে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কলের জাহাজ পাইলভরে গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৮ ধারা। কোন কলের জাহাজ যখন এরূপে অন্য কোন জাহাজের নিকটে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয় তখন আপন বেগ কমাইবে অথবা আবশ্যক হইলে বেগ বন্ধ করিবে ও উল্টা টান দিবে।

১৯ ধারা। এই বিধিমতে যে পথে যাইবার অনুমতি বা আদেশ আছে সেই পথে যাইবার সময়ে কোন কলের জাহাজ হইতে অন্য যে জাহাজ দেখা যায় সেই জাহাজের লোকদিগকে উক্ত পথ জ্ঞাপন করিবার নিমিত্ত বাষ্পঘটিত বাঁশীতে নিম্নলিখিত সিকনেল দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ,

একবার শব্দ করিবার অর্থ এই—"আমি ডাইন দিকে যাইতেছি।"

দুইবার শব্দ করিবার অর্থ এই—"আমি বাম দিকে যাইতেছি।"

তিনবার শব্দ করিবার অর্থ এই—"আমি পূর্ণবেগে পশ্চাদ্দিকে যাইতেছি।"

এই সকল সিকনেল ব্যবহার করা স্বেচ্ছাধীন। কিন্তু সিকনেল ব্যবহার করা গেলে, ঐ সিকনেল অনুসারে জাহাজ চালাইতে হইবে।

২০ ধারা। পূর্ব্ব কোন ধারায় ভাবান্তরের কথা থাকিলেও পাইলভরে গামী জাহাজই হউক বা কলের জাহাজই হউক, যে জাহাজ অন্য কোন জাহাজকে যাইয়া ধরে, সেই জাহাজ ধৃত জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

২১ ধারা। সঙ্কীর্ণ জলপ্রণালীতে নির্বিঘ্ন ও সাধ্য হইলে, কলের জাহাজের ডাইন দিকে জলপথের বা মধ্যনালার যে পার্শ্ব পড়ে, উক্ত জাহাজ সেই পার্শ্ব দিয়া চলিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

Art. 22. Where by the above rules one of two ships is to keep out of the way the other shall keep her course.

Art. 23. In obeying and construing these rules due regard shall be had to all dangers of navigation, and to any special circumstances which may render a departure from the above rules necessary in order to avoid immediate danger.

No Ship under any circumstances to neglect proper precautions.

Art. 24. Nothing in these rules shall exonerate any ship, or the owner, or master, or crew thereof, from the consequences of any neglect to carry lights or signals, or of any neglect to keep a proper look-out, or of the neglect of any precaution which may be required by the ordinary practice of seamen, or by the special circumstances of the case.

Reservation of Rules for Harbours and Inland Navigation.

Art. 25. Nothing in these rules shall interfere with the operation of a special rule duly made by local authority relative to the navigation of any harbour, river, or inland navigation.

Special Lights for Squadrons and Convoys.

Art. 26. Nothing in these rules shall interfere with the operation of any special rules made by the Government of any nation with respect to additional station and signal lights for two or more ships of war, or for ships sailing under convoy.

SECOND SCHEDULE.

Austria-Hungary.	Italy.
Belgium.	Netherlands.
Chili.	Norway.
Denmark.	Portugal.
France.	Russia.
Germany.	Spain.
Great Britain.	Sweden.
Greece.	United States.

JUDICIAL DEPARTMENT.

No. 3196A.

The 10th June 1880.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bench at Sealdah, in the district of the 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the third class:—

Kumar Surindro Krishna, Zemindar.

Baboo Boykunto Nath Bose, Deputy Bullion-keeper, Calcutta Mint.

„ Dowlut Chand Roy, Landholder.

„ Durga Prossunno Ghose, Zemindar.

„ Shumbu Nath Roy, Ditto.

The 11th June 1880.—Mr. W. Rattray, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, is vested with the powers of a Magistrate of the Second Class.

Baboo Denonath Dey, who has, under separate orders of this date, been appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in the district of Bankoora, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 19th June 1880.—Baboo Kedaressur Roy, Subordinate Judge, Jessore, is allowed leave for two months, under Section 4, Supplement F of the Civil Leave Code, with effect from the 15th instant.

Baboo Mohendro Nath Mitter, Officiating Subordinate Judge, Rungpore, is appointed to act as Subordinate Judge of Jessore, during the absence, on leave, of Baboo Kedaressur Roy, or until further orders, with effect from the 15th instant.

[*Government Gazette, 29th June* 1880.]

২২ ধারা। উপরি লিখিত বিধানক্রমে যে স্থলে দুইখান জাহাজের মধ্যে এক খানের পথ হইতে সরিয়া যাইতে হইবে, অপর খান আপন পথে চলিতে থাকিবে।

২৩ ধারা। এই বিধি পালন করিবার ও তাহার অর্থ করিবার সময়ে নৌযাত্রার সমুদয় বিপদের প্রতি ও উপস্থিত বিপদ এড়াইবার নিমিত্ত যেং বিশেষ অবস্থায় উপরি লিখিত বিধান লংঘন করা আবশ্যক হয় সেই অবস্থার প্রতি যথোচিত মনোযোগ দিতে হইবে।

কোন অবস্থায় কোন জাহাজের যথোচিত সাবধান হইতে উপেক্ষা না করিবার কথা।

২৪ ধারা। আলোক বা সিকনেল লইতে উপেক্ষা করাতে, কিম্বা উপযুক্ত দৃষ্টি রাখিতে উপেক্ষা করাতে, কিম্বা নাবিকদের প্রচলিত রীতিক্রমে বা বিশেষ অবস্থানুসারে যেরূপ সাবধানতা আবশ্যক হয় তৎপ্রতি উপেক্ষা করাতে, যে ফলভোগ হয়, এই বিধির কোন কথায় কোন জাহাজ বা তাহার স্বামী বা কাপ্তান বা মাল্লারা সেই ফলভোগ হইতে মুক্ত হইবে না।

বন্দরের ও আভ্যন্তরিক নৌযাত্রার বিধি সংরক্ষণের কথা।

২৫ ধারা। কোন বন্দরে বা নদীতে জল পথে গমনাগমন বা আভ্যন্তরিক নৌযাত্রা সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষ নিয়মিতরূপে যে বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

যুদ্ধ জাহাজের বহরে ও রক্ষিত জাহাজে বিশেষ আলোক দিবার বিধি।

২৬ ধারা। দুই কিম্বা তদধিক যুদ্ধ জাহাজের নিমিত্ত কিম্বা নৌসেনা রক্ষিত পাইলতরে গামী জাহাজের নিমিত্ত কোন দেশের গবর্ণমেণ্ট অতিরিক্ত ষ্টেশন ও সিকনেল আলোক সম্পর্কীয় যে কোন বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

দ্বিতীয় তফসীল।

অষ্ট্রিয়া হঙ্গেরী	ইতালী।
বেলজিয়ম।	নেদরলণ্ড।
চিলি।	নরওয়ে।
ডেনমার্ক।	পর্তুগাল।
ফ্রান্স।	রুসিয়া।
জর্ম্মনি।	স্পেন।
গ্রেটব্রিটেন।	সুইডেন।
গ্রীস।	ইউনাইটেড ষ্টেটস্।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৩১৯৬ A নম্বর।

১৮৮০ সাল ১০ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত শিয়ালদহ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদার শ্রীযুত কুমার শৌরীন্দ্র কৃষ্ণ।
কলিকাতার টাকসালের ডেপুটী বুলিয়ন কিপর শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ বসু।
ভূম্যধিকারী শ্রীযুত বাবু দৌলৎচাঁদ বায়।
জমীদার শ্রীযুত বাবু দুর্গাপ্রসন্ন ঘোষ।
ঐ ,, বাবু শম্ভুনাথ রায়।

১৮৮০ সাল ১১ জুন।—সাঁওতাল পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, বার্ট্রে সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে, বাঁকুড়া জিলার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত বাবু দীননাথ দে, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১৯ জুন।—যশোরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এই মাসের ১৫ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু কেদারেশ্বর রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রঙ্গপুরের একটিং সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র, এই মাসের ১৫ তারিখ অবধি যশোরের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

The 21st June 1880.—Baboo Jogendra Chandra Bhonjo, temporary Sub-Deputy Collector of Maldah, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Behari Lall Mookerjee, M.A. and B.L., is appointed to act as a Moonsiff in the district of the 24-Pergunnahs, during the absence, on leave, of Baboo Krishna Chandra Das, or until further orders. Baboo Behari Lall Mookerjee will be ordinarily stationed at Alipore.

The 22nd June 1880.—Major C. W. Campbell, 2nd Bengal Cavalry, Commanding at Segowlee, is vested, under Section 28 of Act III of 1880, with powers to try breaches of rules under Section 25 of the said Act in the Cantonment of Segowlee.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14th June 1880.—It is hereby notified that Moulvie Naimuddin, late Mahomedan Registrar of Serajgunge, in the district of Pubna, who has been sentenced to eighteen months' rigorous imprisonment and to pay a fine of Rs. (300) three hundred, or, in default, to six months' further imprisonment, on conviction of extortion, is declared incapable of serving Government again in any capacity. The following descriptive roll of the prisoner is published for general information :—

Descriptive Roll of a Prisoner in the Jail at Pubna.

1	2	3	4	5	6	7	8	9	10	11			12
										SENTENCE			
Register number of prisoner	Class of prisoner	Name	Height, description and other distinguishing marks	Age	Sex	Religion, caste, and race	Residence	Crime with Section of Penal Code	Occupation prior to imprisonment	Date	Nature	Period	District in which and authority by whom sentenced
												Y. M. D.	
6775	A	Naimuddin	Height 5 feet 2 inches, black complexion, a large ulcer mark on the side of the left knee, a scald on the right arm just below the elbow	41	Male	Mahomedan	Sooraj Police station Lingail, zillah Mymensing	Extortion section 384, Indian Penal Code	Government service	18th June 1879	Rigorous imprisonment and fine Rs 300, or, in default, a further period of rigorous imprisonment for 6 months	1 6 0	Joint Magistrate of Serajgunge

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

The 15th June 1880.—It is hereby notified that the Lieutenant-Governor directs the extension of the provisions of Section 34, Act V of 1861, to the bazar at Assensole, with its four adjacent mohullahs, viz., the old Station, Sahebtolah, Budherdanga, and Eeldanga, in the sub-division of Raneegunge, in the district of Burdwan, bounded respectively as follows :—

Assensole Bazar.—On the north by the Grand Trunk Road; on the south by the village of Assensole; on the east by a tank called Talpokur and some *sali* lands known as Piroobad; and on the west by the East Indian Railway Guards' Bungalow compound and the Protestant church.

The Old Station.—On the north by the Coal Depôts of Messrs. Apcar & Co. and Srikrishna Dun; on the south by the Grand Trunk Road; on the east by a tank, the property of the East Indian Railway Company, and the road to the Railway Station; and on the west by the East Indian Railway Company's premises.

Sahebtolah.—On the north by the rail-road; on the south by the Grand Trunk Road and the danga lands known as Budhor Nagar Bagan; on the east by a tank, the property of Narani Roy, and the road leading to it; and on the west by a tank called Kolband, the Roman Catholic compound, and the European Cemetery.

[*Government Gazette, 29th June* 1880.]

১৮৮০ সাল ২১ জুন।—মালদহের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র গুপ্ত, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাসের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু বিহারীলাল মুখোপাধ্যায়, এম, এ, ও বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

১৮৮০ সাল ২২ জুন।—সেগৌলীতে বঙ্গদেশের ২য় অশ্বারোহি দলের মেজর শ্রীযুত সি, ডবলিউ, কাম্বেল সাহেব, সেগৌলী সেনানীবেশে ১৮৮০ সালের ৩ আইনের ২৫ ধারামতে প্রণীত বিধি লঙ্ঘনের বিচার করিতে উক্ত আইনের ২৮ ধারামত ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৪ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জের ভূত পূর্ব্ব মুসলমান রেজিষ্ট্রার শ্রী মৌলবী নৈমুদ্দীন বলপূর্ব্বক অর্থ গ্রহনের অপরাধি প্রমাণ হওয়াতে তাঁহার কঠিন পরিশ্রম সহিত আঠার মাস কারা দণ্ডের ও ৩০০৲ টাকা অর্থ দণ্ডের কিম্বা দণ্ডের টাকা না দিলে আর ছয় মাস কারা দণ্ডের আজ্ঞা হওয়াতে সে আর কখন কোনরূপে গবর্ণমেন্টের কর্ম্ম করিতে পারিবে না বলিয়া প্রকাশ করা গেল। বন্দীর নিম্নলিখিত বিবরণ সাধারণের অবগতার্থে প্রকাশ করা যাইতেছে।

পাবনা জেলে বদ্ধ বন্দীর বিবরণ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১			১২
[illegible]	বন্দীর রেজিষ্টরী [illegible]	নাম।	উচ্চতা, বিব ণ ও শরীরের অন্যান্য বিশেষ চিহ্ন।	বয়স।	পুরুষ কি স্ত্রী।	ধর্ম্ম, জাতি ও বংশ।	বাসস্থান।	দণ্ডবিধি আইনের ধারা-সুদ্ধ অপরাধ।	কারাদণ্ডের পূর্ব্বে ব্যবসায়।	দণ্ডাজ্ঞা। তারিখ	প্রকার	কাল	কিরূপে ও কে কর্তৃক [illegible]
২২৮	A	শ্রী নৈমুদ্দীন।	৫ফুট ২ ইঞ্চি উচ্চ, কৃষ্ণবর্ণ, বাম হাঁটুর পার্শ্বে ক্ষতের বড় দাগ, ডাইন হাতের কনুইর নীচেই পোড়ার দাগ।	৪১	পুরুষ	মুসলমান	ময়মনসিংহ জিলার অন্তর্গত তাজৈল পোলীস থানার সামিল সুরাজ।	বলপূর্ব্বক গ্রহণ, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৮৪ ধারা।	গবর্ণমেন্টের কর্ম্ম।	১৮৭৯ সাল ১৮ জুন।	কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড, ৩০০৲ টাকা অর্থদণ্ড, অর্থদণ্ডের টাকা না দিলে আর ছয় মাস কারাদণ্ড।	এক বৎসর ছয়মাস	[illegible]

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৫ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার সামিল আসেনসোল বাজারের সন্নিহিত পুরাতন ষ্টেশন ও সাহেবটোলা ও বুধেরডাঙ্গা ও বেলডাঙ্গা এই চারি মহল্লা সুদ্ধ আসেনসোল বাজারে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান প্রচলিত করিলেন। তাহার সীমা এইং,।

আসেনসোল বাজার—উত্তর সীমা উত্তর-পশ্চিমদেশে যাইবার পথ; দক্ষিণ সীমা ও আসেনসোল গ্রাম, পূর্ব্ব সীমা তালপুকুর নামে পুষ্করিণী ও পিরবাদ নামে কতক সালিজমি, ও পশ্চিম সীমা ইষ্ট ইণ্ডিয়ান রেওলের গার্ডের বাঙ্গলা ঘরের হাতা ও প্রোটেষ্টাণ্টদের গির্জ্জা।

পুরাতন ষ্টেশন।—উত্তর সীমা আপকার কোম্পানির ও শ্রীকৃষ্ণ দাঁর কয়লার ডেপো, দক্ষিণ সীমা উত্তর পশ্চিমদেশে যাইবার পথ, পূর্ব্ব সীমা পুষ্করিণী ইহা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির সম্পত্তি, ও রেলওয়ে ষ্টেশনে যাইবার পথ ও পশ্চিম সীমা ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির বাড়ী।

সাহেবটোলা।—উত্তর সীমা রেলরোড, দক্ষিণ সীমা উত্তর-পশ্চিমদেশে যাইবার পথ, ও বুধর নগরে বাগান নামে ডাঙ্গা জমী, পূর্ব্ব সীমা পুষ্করিণী, ইহা নারায়ণী রায়ের সম্পত্তি ও তথায় যাইবার পথ ও পশ্চিম সীমা কোলবাঁধ নামে পুষ্করিণী ইহা রোমান কাথলিকদের ভূমি ও ইউপীয়দের কবরস্থান

Budherdanga.—On the north by the Railway Hospital compound and the bazar tank, the property of the East Indian Railway Company; on the south by the village of Budha; on the east by the village of Assensole; and on the west by the road to Budha.

Beldanga and Railpur.—On the north by a khal called Garnijor; on the south by the rail-road; on the east by the road to Dhadka; and on the west by a drain carrying off the water of the Rolbund tank.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st June 1880.—Under the provisions of section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the removal of the head-quarters of the office of the Joint Sub-Registrar of Kaliyaganj, in the district of Jessore, from Kaliyaganj to Barabazar The change will take effect from the 1st July 1880

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT
The 21st June 1880.

No. 111 —*Notification* —Mr. A. Wilson, Deputy Examiner, Second Grade, rejoined the Central Office of Accounts, Bengal, on the forenoon of the 5th June 1880 on return from the privilege leave granted* to him.

* Bengal Government (Public Works Department) Notification No 89 of the 18th May 1880.

LOCAL COMMUNICATIONS.
The 21st June 1880

No. 112 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the extension of the Bahadoorpore road, in the village of Panchar, pergunnah Jelalpore, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less 2 biggahs 11 cottahs 11 chittacks of standard measurement, and bounded on the north by the Bandarkhola road, south by the existing Bahadoorpore road and by the land of Prasanna Kumar Sen and others and west and east by the land of Prasanna Kumar Sen, Haridhar Sen and others, is required within the aforesaid village of Panchar

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

ESTABLISHMENT.
The 22nd June 1880.

No. 113 *Notifications.*—With reference to the Notification of this Department, No 217 of the 7th October 1879, the retirement of Mr. J S Heyman, Executive Engineer, First Grade, will have effect from the afternoon of the 15th Novemoer 1879.

T H. WICKES,
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.
The 21st June 1880.

